Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

Δ22x4,1
157NA

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

△22x4,1 8007
157NA
Chattopadhyay, Rasik Mohan, Ed.
Hatyos pradi-
Pika.

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

Bengali
Δ22x4,1
1.157NA

8007

SHRI JAGADGURU VISHWARADHYA JNANAMANDIR
(LIBRARY)
JANGAMAWADIMATH, VARANASI

Please return this volume on or before the date last stamped
Overdue volume will be charged 1/- per day.

2/—

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

0-6-0
0-6-0
0-12-0

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

△22x4,1
157 NA

SRI JAGADGURU VISHWARADHYA
JNANA SIMHASAN JNANAMANDIR
LIBRARY
Jangamawadi Math, Varanasi
Acc. No. .....8607.....

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

শ্রীশ্রীগুরবে নমঃ।

হঠযোগপ্রদীপিকা।

প্রথমোদেশঃ।

শ্রীআদিনাথায় নমোঽস্তু তস্মৈ যেনোপদিষ্টা হঠযোগবিদ্যা। বিভ্রাজতে প্রোন্নতরাজযোগমারোঢুমিচ্ছোরধিরোহিণীব ॥ ১ ॥

গুরুং নত্বা শিবং সাক্ষাদ্ব্রহ্মানন্দেন তন্যতে।
হঠপ্রদীপিকা জ্যোৎস্না যোগমার্গপ্রকাশিকা ॥ ১ ॥

ইদানীন্তনানাং সুবোধার্থমস্যাঃ সুবিজ্ঞায় গোরক্ষসিদ্ধান্তহার্দ্দম্।
যথা মেরুশাস্ত্রিপ্রমুখ্যাভিযোগাৎ স্ফুটং কথ্যতেঽত্যন্তগূঢ়োপি ভাবঃ ॥২॥

মুমুক্ষুজনহিতার্থং রাজযোগদ্বারা কৈবল্যফলাং হঠপ্রদীপিকাং বিধিৎসুঃ পরমদারুণিকঃ স্বাত্মরামযোগীন্দ্রস্তৎপ্রত্যূহনিবৃত্তয়ে হঠযোগপ্রবর্ত্তকশ্রীমদাদিনাথনমস্কারলক্ষণং মঙ্গলং তাবদাচরতি। শ্রীআদিনাথায়েত্যাদিনা। তস্মৈ শ্রীআদিনাথায় নমোঽস্ত্বিত্যন্বয়ঃ। আদিশ্চাসৌ নাথশ্চ আদিনাথঃ সর্ব্বেশ্বরঃ শিব ইত্যর্থঃ। শ্রীমান্ আদিনাথঃ তস্মৈ শ্রীআদিনাথায়। শ্রীশব্দ আদির্যস্য সঃ শ্রীআদিঃ শ্রীআদিশ্চাসৌ নাথশ্চ শ্রীআদিনাথঃ তস্মৈ শ্রীআদিনাথায় শ্রীনাথায় বিষ্ণবে ইতি বার্থঃ। শ্রীআদিনাথায়েত্যত্র যণাভাবস্তু অপি মাসমঘং কুর্য্যাচ্ছন্দোভঙ্গং ত্যজেদ্গিরামিতি চ্ছন্দোবিদাং সম্প্রদায়াদুচ্চারণসৌষ্ঠবাচ্চেতি বোধ্যং। বস্তুতস্তু অসংহিতপাঠস্বীকারোপক্ষয়া শ্রীআদিনাথায়েতি পাঠস্বীকারেঽপ্রবৃত্তনিত্যবিধ্যুদ্দেশ্যতাবচ্ছেদকানাক্রান্তত্বেনপরিনিষ্ঠিতত্বসম্ভবাৎ। সম্প্রত্যুদাহৃতদৃষ্টান্তদ্বয়স্যাপীদৃগ্বিষয়বৈষম্যান্নিত্যসাহিত্যভঙ্গজনিতদোষস্য শাব্দিকাননুমতত্বাচ্চাসংমৃষ্টবিধেয়াংশতারূপদোষস্যসাহিত্যকারৈরুক্তত্বেঽপি কচিত্তৈরপি স্বীকৃতত্বেনশাব্দিকাচর্য্যৈরেকাজিত্যাদৌ কর্ম্মধারয়স্বীকারেণ সর্ব্বথানাদৃতত্বাচ্চ লাঘবাতিশয় ইতি সুধিয়ো বিভাবয়ন্তু। নমঃ প্রহ্বীভাবোঽস্তু। প্রার্থনায়াং লোট্। তস্মৈ কস্মৈ ইত্যপেক্ষায়ামাহ যেনেতি। যেন আদিনাথেন উপদিষ্টা গিরিজায়ৈ হঠযোগবিদ্যা হশ্চ ঠশ্চ হঠৌ সূর্য্যচন্দ্রৌ তয়ো র্যোগো হঠযোগঃ এতেন হঠশব্দবাচ্যয়োঃ সূর্য্যচন্দ্রাখ্যয়োঃ প্রাণাপানয়োরৈক্যলক্ষণঃ প্রাণায়ামো হঠযোগ ইতি হঠযোগ লক্ষণং সিদ্ধং। তথাচোক্তং গোরক্ষনাথেন সিদ্ধসিদ্ধান্তপদ্ধতৌ। হকারঃ কীর্ত্তিতঃ সূর্য্যষ্ঠকারশ্চন্দ্র উচ্যতে। সূর্য্যাচন্দ্রমসোর্যোগাদ্ধঠযোগো নিগদ্যত ইতি। তৎপ্রতিপাদিকা বিদ্যা হঠযোগবিদ্যা হঠযোগশাস্ত্রমিতি যাবৎ। গিরিজায়ৈ আদিনাথকৃতো হঠবিদ্যাপদেশো মহাকালযোগশাস্ত্রাদৌ প্রসিদ্ধঃ। প্রকর্ষেণ উন্নতঃ প্রোন্নতঃ মন্ত্রযোগহঠযোগাদীনামধরভূমিনামুত্তরভূমিত্বাদ্রাজযোগস্যপ্রোন্নতত্বং। রাজযোগশ্চ সর্ব্ববৃত্তিনিরোধলক্ষণোঽসম্প্রজ্ঞাতযোগঃ। তমিচ্ছোর্ম্মুমুক্ষোরধিরোহিণীব অধিরুহ্যতেঽনয়েত্যধিরোহিণী নিঃশ্রেণীব বিভ্রাজতে বিশেষেণ ভ্রাজতে শোভতে। যথা প্রোন্নতসৌধমারোঢুমিচ্ছোরধিরোহিণ্যনায়াসেন সৌধপ্রাপিকা ভবতি এবং হঠদীপিকাপি প্রোন্নত রাজযোগমারোঢুমিচ্ছোরনায়াসেন রাজযোগপ্রাপিকা ভবতীতি। উপমালঙ্কারঃ। ইন্দ্রবজ্রাখ্যং বৃত্তম্ ॥ ১ ॥

অভিলষিত কার্য্যের প্রারম্ভে কার্য্যসমাপ্তির প্রতিবন্ধকীভূত দুরদৃষ্ট বিনাশ ও নির্ব্বিঘ্নে কার্য্যসিদ্ধির নিমিত্ত অভীষ্টদেবতার নমস্কারাদি মঙ্গলাচরণ কর্ত্তব্য, এই প্রাচীন পদ্ধতির অনুবর্ত্তী হইয়া গ্রন্থকার নমস্কাররূপ মঙ্গলাচরণ করিতেছেন। আত্মারাম যোগীন্দ্র মুক্তিকামিদিগের হিতসাধনার্থ কৈবল্য ফলপ্রদ হঠযোগ প্রদীপিকা নামক গ্রন্থপ্রণয়ন কামনায় হঠযোগের আদি গুরু শ্রীমদাদিনাথ শঙ্করকে নমস্কারকরিতেছেন। ভগবান্ ত্রিলোচন পার্ব্বতীকে হঠযোগ উপদেশ করিয়াছিলেন এবং শঙ্করই হঠযোগের আদি গুরু, অতএব হঠযোগবিদ্যা প্রকাশের আদিতে মহাদেবের নমস্কারই বিধেয়। এই হঠযোগপ্রদীপিকা যোগশিক্ষার্থীদিগের পক্ষে সোপানস্বরূপ। যেমন উচ্চ প্রাসাদিতে আরোহণ করিতে হইলে সোপানশ্রেণী অবলম্বন করিয়া অনায়াসে সেই প্রাসাদিতে আরোহণ করা যায়, সেইরূপ যোগশৈলের শিখরদেশে আরোহণ করিতে হইলে এই হঠযোগ প্রদীপিকা আশ্রয় করিলে অনায়াসে যোগসাধন শিক্ষা করিতে পারে ॥ ১ ॥

প্রণম্য শ্রীগুরুং নাথং স্বাত্মারামেণ যোগিনা।
কেবলং রাজযোগায় হঠবিদ্যোপদিশ্যতে ॥ ২ ॥

এবং পরমগুরুনমস্কারলক্ষণং মঙ্গলং কৃত্বা বিঘ্নবাহুল্যে মঙ্গলবাহুল্যস্যাপ্যপেক্ষিতত্বাৎ স্বগুরুনমস্কারাত্মকং মঙ্গলমাচরন্নস্য গ্রন্থস্য বিষয়প্রয়োজনাদীন্ প্রদর্শয়তি। শ্রীমন্তং গুরুং শ্রীগুরুং নাথং শ্রীগুরুনাথং স্বগুরুমিতি যাবৎ। প্রণম্য প্রকর্ষেণ ভক্তিপূর্ব্বকং নত্বা স্বাত্মারামেণ যোগিনা যোগোঽস্যস্তীতি তেন। কেবলং রাজযোগায় কেবলং রাজযোগার্থং হঠবিদ্যোপদিশ্যত ইত্যন্বয়ঃ। হঠবিদ্যায়া রাজযোগ এব মুখ্যং ফলং ন সিদ্ধয় ইতি কেবলপদস্যাভিপ্রায়ঃ। সিদ্ধয়স্ত্বানুষঙ্গিক্যঃ। এতেন রাজযোগফলসহিতো হঠযোগোঽস্য গ্রন্থস্য বিষয়ঃ। রাজযোগদ্বারা কৈবল্যং চাস্য ফলং। তৎকামশ্চাধিকারী। গ্রন্থবিষয়য়োঃ প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ গ্রন্থস্য কৈবল্যস্য চ প্রয়োজ্যপ্রয়োজকভাবঃ সম্বন্ধঃ। গ্রন্থাভিধেয়স্য সফলযোগস্য কৈবল্যস্য চ সাধ্যসাধনভাবঃ সম্বন্ধ ইত্যুক্তম্ ॥ ২ ॥

বিঘ্নবাহুল্যের আশঙ্কা করিয়া মঙ্গলাচরণের আতিশয্যপ্রযুক্ত পুনর্ব্বার নিজ গুরুর নমস্কাররূপ মঙ্গলাচরণ করিতেছেন। স্বাত্মারামযোগী নিজ গুরুকে প্রকৃষ্টরূপ নমস্কার করিয়া রাজযোগ নিরূপণার্থ হঠযোগ বিদ্যার উপদেশ করিতেছেন। যাহারা রাজযোগ সাধন করিয়া যুক্তিফল আকাঙ্খা

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

করে, তাহারাই হঠযোগবিদ্যার অধিকারী আর এই হঠযোগ অভ্যাস করিলে সেই যোগীর মুক্তিফল সাধিত হয়। ইহাতে গ্রন্থের বিষয় ও প্রয়োজন প্রদর্শিত হইল॥ ২॥

ভ্রান্ত্যা বহুমতধ্বান্তে রাজযোগমজানতাম্।
হঠপ্রদীপিকাং ধত্তে স্বাত্মারামঃ কৃপাকরঃ॥ ৩

নন্থ মন্ত্রযোগসগুণধ্যাননির্গুণধ্যানমুদ্রাদিভিরেব রাজযোগসিদ্ধৌ কিং হঠবিদ্যোপদেশেনেত্যাশঙ্ক্য ব্যুত্থিতচিত্তানাং মন্ত্রযোগাদিভী রাজযোগাসিদ্ধের্হঠযোগাদেব রাজযোগসিদ্ধিং বদন্ গ্রন্থং প্রতিজানীতে। ভ্রান্ত্যেতি। মন্ত্রযোগাদিবহুমতরূপে ধ্বান্তে গাঢ়ান্ধকারে যা ভ্রান্তির্ভ্রমস্তথা। তৈস্তৈরূপায়ৈ রাজযোগার্থং প্রবৃত্তস্য তত্র তত্র তদলাভৎ। বক্ষ্যতি চ বিনা রাজযোগ ইত্যাদি না। তথা রাজযোগং অজানতাং ন জানন্তীত্যজানন্তঃ তেষাং অজানতাং পুংসাং রাজযোগজ্ঞানমিতি শেষঃ। করোতীতি করঃ কৃপায়াঃ করঃ কৃপাকরঃ কৃপায়া আকর ইতি বা তাদৃশঃ। অনেন হঠপ্রদীপিকাকরণে অজ্ঞানুকম্পৈব হেতুরিত্যুক্তং। স্বাত্মন্যারামতে ইতি স্বাত্মারামঃ হঠস্য হঠযোগস্য প্রদীপিকেব প্রকাশকত্বাৎ হঠপ্রদীপিকা তাং। অথবা হঠ এব প্রদীপিকা রাজযোগ প্রকাশকত্বাৎ তাং ধত্তে বিধত্তে করোতীতি যাবৎ। স্বাত্মারাম ইত্যনেন জ্ঞানস্য সপ্তমভূমিকাং প্রাপ্তোব্রহ্মবিদ্বরিষ্ঠ ইত্যুক্তং। তথা চ শ্রুতিঃ। আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবানেষ ব্রহ্মবিদাং বরিষ্ঠ ইতি। সপ্তভূময়শ্চোক্তা যোগবাশিষ্ঠে। জ্ঞানভূমিঃ শুভেচ্ছাখ্যা প্রথমা সমুদাহৃতা। বিচারণা দ্বিতীয়া স্যাত্তৃতীয়া তনুমানসা। সত্যাপত্তিশ্চতুর্থী স্যাত্ততোঽসংসক্তিনামিকা। পরার্থাভাবিনী ষষ্ঠী সপ্তমী তুর্য্যগা স্মৃতা। অস্যার্থঃ। শুভেচ্ছা ইত্যাখ্যা যস্যাঃ সা শুভেচ্ছাখ্যা। বিবেকবৈরাগ্যযুতা শমাদিপূর্ব্বিকা তীব্রমুমুক্ষা প্রথমা জ্ঞানস্য ভূমিঃ ভূমিকা যোগিভিরিতি শেষঃ। ১। বিচারণা শ্রবণমননাত্মিকা দ্বিতীয়া জ্ঞানভূমিঃ স্যাৎ। ২। অনেকার্থগ্রাহকং মনো যদাঽনেকার্থান্ পরিত্যজ্য সদেকার্থবৃত্তিপ্রবাহবদ্ভবতি তদা তনুমানসে যস্যাং সা তনুমানসা নিদিধ্যাসনরূপা তৃতীয়া জ্ঞানভূমিঃ স্যাদিতি শেষঃ। ৩। ইমাস্তিস্রঃ সাধনভূমিকাঃ। আসু ভূমিষু সাধক ইত্যুচ্যতে। তিস্রভির্ভূমিকাভিঃ শুদ্ধসত্ত্বেঽন্তঃকরণেঽহং ব্রহ্মাঽস্মীত্যাকারিকাঽপরোক্ষবৃত্তিরূপা সত্ত্বাপত্তিনামিকা চতুর্থী জ্ঞানভূমিঃ স্যাৎ। চতুর্থীয়ং ফলভূমিঃ অস্যাং যোগী ব্রহ্মবিদিত্যুচ্যতে। ইয়ং সম্প্রজ্ঞাতযোগভূমিকা। ৪। বক্ষ্যমাণাস্তিস্রোঽসম্প্রজ্ঞাতযোগভূময়ঃ। সত্ত্বাপত্তিসংজ্ঞিকায়াং ভূমাবুপস্থিতাসু সিদ্ধিষু অসংশক্তস্যাসংশক্তিনামিকা পঞ্চমী জ্ঞানভূমিঃ স্যাৎ। অস্যাং যোগী স্বয়মেব ব্যুত্তিষ্ঠতে। এতাং ভূমিং প্রাপ্তো ব্রহ্মবিদ্বর ইত্যুচ্যতে। ৫। পরব্রহ্মাতিরিক্তমর্থং ন ভাবয়তি যস্যাং সা পরার্থাভাবিনী ষষ্ঠী জ্ঞানভূমিঃ স্যাৎ অস্যাং যোগী পরপ্রবোধিত এব ব্যুত্থিতো ভবতি। এতাং প্রাপ্তো ব্রহ্মবিদ্বরীয়ানিত্যুচ্যতে। ৬। তুর্য্যগা নাম সপ্তমী ভূমিঃ স্মৃতা। অস্যাং যোগী স্বতঃ পরতো বা ন ব্যুত্থানং প্রাপ্নোতি এতাং প্রাপ্তো ব্রহ্মবিদ্বরিষ্ঠ ইত্যুচ্যতে। তত্র প্রমাণভূতা শ্রুতিরত্রৈবোক্তা। পূর্ব্বময়মেব জীবন্মুক্ত ইত্যুচ্যতে স এবাঽত্র স্বাত্মারামপদেনোক্ত ইত্যলং বহূক্তেন॥ ৩॥

হঠযোগ রাজযোগের উপযোগী, এই নিমিত্তই হঠযোগের উপদেশ আবশ্যক। যদি মন্ত্রযোগ, সগুণ নির্গুণ ধ্যান ও মুদ্রাদি এই সকলদ্বারা রাজযোগ সিদ্ধ হইতে পারে তাহা হইলে হঠযোগোপদেশের প্রয়োজন কি? এই আশঙ্কায় বলিতেছেন। যাহাদিগের চিত্ত শান্ত হয় নাই, মন্ত্রযোগাদিদ্বারা তাহাদিগের রাজযোগ সিদ্ধ হইতে পারে না, হঠযোগদ্বারা চিত্তের শান্তি হইলে তাহাদিগের রাজযোগসিদ্ধি হইয়া থাকে, এই নিমিত্ত হঠযোগপ্রদীপিকাকার স্বীয় গ্রন্থের প্রারম্ভে প্রতিজ্ঞা করিতেছেন, মুক্তি সাধনের কারণীভূত মন্ত্রযোগাদি বহুবিধ পন্থা বিদ্যমান আছে, ঐ সকল পন্থা গাঢ় অন্ধকারাবৃত, অর্থাৎ ঐ পন্থা অবলম্বন করিলে সাধারণের ভ্রান্তি হইয়া থাকে, সুতরাং মন্ত্রযোগাদিদ্বারা মুক্তিলাভের কামনা করিলে প্রকৃত ফল লাভের প্রত্যাশা নাই। অতএব যাহারা রাজযোগে অনভিজ্ঞ সেই সকল সাধকদিগের নিমিত্ত কৃপালুহৃদয় স্বাত্মারাম যোগী এই হঠযোগপ্রদীপিকা নামক গ্রন্থপ্রণয়ন করিতেছেন। এই গ্রন্থ রাজযোগপ্রকাশে প্রদীপস্বরূপ, এইহেতু ইহার নাম হঠযোগপ্রদীপিকা হইল। যোগবাশিষ্ঠে লিখিত আছে যে, জ্ঞানভূমি অর্থাৎ জ্ঞানের কারণ সপ্তবিধ যথা—প্রথম শুভেচ্ছা, দ্বিতীয় বিচারণা, তৃতীয় তনুমানসা, চতুর্থ সত্তাপত্তি, পঞ্চম অসংশক্তিকা, ষষ্ঠ পরার্থাভাবী এবং সপ্তম তুর্য্যগ। যাহারা জ্ঞানলাভে সমুৎসুক হয়, তাহাদিগের প্রথমত শুভেচ্ছা অর্থাৎ শমদমাদিসাধনপূর্ব্বক বিবেক ও বৈরাগ্য উপস্থিত হইয়া মুক্তিলাভের কামনা জন্মে, এই নিমিত্ত প্রথম জ্ঞানভূমিকে শুভেচ্ছা বলা যায়। ইহার পর শ্রবণমননাদিদ্বারা বিচার শক্তি উপস্থিত হয়, সুতরাং দ্বিতীয় জ্ঞান ভূমির নাম বিচারণা হইয়াছে। সর্ব্বদা মন বিবিধবিষয়ে আশক্ত থাকে, যখন ঐ মন সেই সকল বিষয় পরিত্যাগ করিয়া একমাত্র সৎস্বরূপে অনুরক্ত হয়, তখনই নিদিধ্যাসনাদি হইয়া থাকে, এই অবস্থাকে তনুমানসানাম্নী তৃতীয় জ্ঞানভূমি বলা যায়। এই ত্রিবিধ অবস্থা-সাধনভূমিস্বরূপ, যাঁহারা উক্তরূপ সাধন করিতে প্রবৃত্ত হন, তাঁহাদিগকেই সাধক বলা যায়। পূর্ব্বোক্ত অবস্থাত্রয়দ্বারা অন্তঃকরণ পরিশুদ্ধ হইলে "আমিই ব্রহ্ম" এইরূপ অপরোক্ষ জ্ঞান জন্মিয়া থাকে, ইহারই নাম সত্ত্বাপত্তি নাম্নী চতুর্থ জ্ঞানভূমি। যাহারা এই অবস্থাতে অবস্থিত হয়, তাহাদিগকে ব্রহ্মবিদ্ যোগী বলা যায়। বক্ষ্যমাণ ত্রিবিধ জ্ঞানভূমিতে অসংপ্রাজ্ঞাত সমাধি হয়, পরে সত্ত্বাপত্তিনাম্নী চতুর্থী জ্ঞানভূমিতে সিদ্ধ হইলে সাধক সর্ব্ববিষয়ে আশক্তি রহিত হইয়া থাকে, ইহারই নাম অসংশক্তিকা নাম্নী পঞ্চমী জ্ঞানভূমি। যোগিগণ এই অবস্থাতে অবস্থিত হইলে স্বয়ং উত্থিত হয়। যাঁহারা এই অবস্থা প্রাপ্ত হইয়াছেন, তাহাদিগকেই ব্রহ্মবিদ্ বলিয়া থাকে। যে অবস্থা উপস্থিত হইলে পরব্রহ্ম চিন্তারিক্ত অন্য বিষয়ে ভাবনা হয় না, তাহারই নাম পরার্থাভাবিনী ষষ্ঠ জ্ঞানভূমি। এই অবস্থাতেই যোগিগণের পরব্রহ্মের বোধ হইয়া থাকে। যাহার এইরূপ অবস্থা উপস্থিত হয়, তাহাকে জ্ঞানিগণের শ্রেষ্ঠ বলা যায়। তুর্য্যগানামক সপ্তম জ্ঞান ভূমিতে অবস্থিত যোগীর স্বত কিম্বা পরত কোনরূপেও চিত্তচাঞ্চল্য হয় না। যে যোগী এইরূপ অবস্থাতে অবস্থিত হন, তিনিই স্বাত্মারাম শব্দে অভিহিত হইয়া থাকেন॥ ৩॥

হঠবিদ্যাং হি মৎস্যেন্দ্রগোরক্ষাদ্যা বিজানতে।
স্বাত্মারামোঽথবা যোগী জানীতে তৎ প্রসাদতঃ॥ ৪॥

মহৎসেবিতত্বাদ্ধঠবিদ্যাং প্রশংসন্ স্বস্যাপি মহৎসকাশাদ্ধঠবিদ্যালাভাদ্গৌরবং দ্যোতয়তি। হঠবিদ্যাং হীতি। হীতি প্রসিদ্ধঃ মৎস্যেন্দ্রশ্চ গোরক্ষশ্চ তৌ আদ্যৌ যেষাং তে মৎস্যেন্দ্রগোরক্ষাদ্যাঃ আদ্যশব্দেন জালন্ধরনাথ-

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

ভর্ত্তৃহরিগোপীচন্দ্রপ্রভৃতয়ো গ্রাহ্যাঃ। তে হঠবিদ্যাং হঠযোগবিদ্যাং বিজানতে বিশেষেণ সাধনলক্ষণভেদফলৈর্জ্জানন্তীত্যন্বয়ঃ। স্বাত্মারামঃ স্বাত্মারামনামা। অথবাশব্দঃ সমুচ্চয়ে। যোগী যোগবান্ তৎপ্রসাদতঃ গোরক্ষপ্রসাদাজ্জানীত ইত্যন্বয়ঃ। পরমমহতা ব্রহ্মণাপীয়ং বিদ্যা সেবিতেত্যত্র যোগিযাজ্ঞবল্ক্যস্মৃতিঃ। হিরণ্যগর্ভো যোগস্য বক্তা নান্যঃ পুরাতনঃ। বক্তৃত্বঞ্চ মানসব্যাপারপূর্ব্বকং ভবতীতি মানসো ব্যাপারোঽর্থাদাগমঃ। তথা চ শ্রুতিঃ। যন্মনসা ধ্যায়তি তদ্বাচা বদতীতি। ভগবতেয়ং বিদ্যা ভাগবতানুদ্ধবাদীন্ প্রত্যুক্তা। শিবস্তু যোগী প্রসিদ্ধ এব এবঞ্চ সর্ব্বোত্তমৈর্ব্রহ্মবিষ্ণুশিবৈঃ সেবিতেয়ং বিদ্যা। ন চ ব্রহ্মসূত্রকৃতা ব্যাসেন যোগো নিরাকৃত ইতি শঙ্কনীয়ং। প্রকৃতিস্বাতন্ত্র্যবিষ্টির্ভেদাংশমাত্রস্য নিরাকরণাৎ। ন তু ভাবনাবিশেষরূপযোগস্য। ভাবনায়াশ্চ সর্ব্বসম্মতত্বাত্তাং বিনা সুখস্যাপ্যসম্ভাৎ তথোক্তং ভগবদ্গীতাসু নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা। ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখমিতি। নারায়ণতীর্থৈরপ্যুক্তং। স্বাতন্ত্র্যসত্যত্বমুখং প্রধানে সত্যঞ্চ চিদ্ভেদগতং চ বাক্যৈঃ। ব্যাসো নিরাচষ্ট ন ভাবনাখ্যং যোগং স্বয়ং নির্ম্মিতব্রহ্মসূত্রৈঃ। অপি চাত্মপ্রদং যোগং ব্যাকরোন্মতিমান্ স্বয়ং। ভাষ্যাদিষু ততস্তত্র আচার্য্যপ্রমুখৈর্ম্মতঃ। মতো যোগো ভবতা গীতায়ামধিকোঽন্যতঃ। কৃতঃ শুকাদিভিস্তস্মাদত্র সন্তোঽতিসাদরা ইতি। বেদেষু যজ্ঞেষু তপঃসু চৈব দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টং। অত্যেতি তৎসর্ব্বমিদং বিদিত্বা যোগী পরং স্থানমুপৈতি চাদ্য মিতি ভগবদুক্তেঃ। কিং বহুনা জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্তত ইতি বদতা ভগবতা যোগজিজ্ঞাসোরপ্যৌৎকৃষ্টং বর্ণিতং কিমুত যোগিনঃ নারদাদিভক্তশ্রেষ্ঠৈর্যাজ্ঞবল্ক্যাদিজ্ঞানিমুখ্যৈশ্চাস্যাঃ সেবনাদ্ভক্তজ্ঞানিনামপ্যবিরুদ্ধেত্যুপরম্যতে ॥ ৪ ॥

পূর্ব্বকালে পুরাতন যোগিগণ এই হঠযোগ বিদ্যার সেবা করিতেন, এই নিমিত্ত এই হঠযোগবিদ্যাই সর্ব্ববিদ্যা প্রধান বলিয়া গণ্য হইয়াছে। মৎস্যেন্দ্র, গোরক্ষ, জালন্ধরনাথ, ভর্ত্তৃহরি, গোপীচন্দ্র প্রভৃতি মহামহা যোগিগণ এই হঠযোগবিদ্যার সাধন, লক্ষণ ও ফলাদি সম্যক্ বিদিত আছেন। স্বাত্মারাম নামক যোগিপ্রবর গোরক্ষের প্রসাদেই এই হঠযোগ জানিয়াছেন, পরমযোগী ব্রহ্মাও এই হঠযোগবিদ্যার সেবা করিতেন, যোগীযাজ্ঞবল্ক্য স্মৃতিতে লিখিত আছে যে, স্বয়ং হিরণ্যগর্ভ এই যোগশাস্ত্রের বক্তা। ভগবান্ বিষ্ণু উদ্ধবাদি নিজ ভক্তগণকে এই হঠযোগবিদ্যার উপদেশ করিয়াছিলেন। শিব যে পরমযোগী ইহা প্রসিদ্ধই আছে, সুতরাং ব্রহ্মা, বিষ্ণু ও শিব ইহারাই যোগবিদ্যার সেবা করিতেন জানা যাইতেছে। ব্রহ্মসূত্রকার বেদব্যাস যে যোগ স্বীকার করিতেন না, এমত আশঙ্কা করা যায় না, কারণ যাঁহারা প্রকৃতির স্বাতন্ত্র্যবাদী তাঁহারা ভেদাংশমাত্র অস্বীকার করেন, কিন্তু ভাবনাবিশেষরূপ যোগ অস্বীকার করেন না এবং ভাবনা যে সর্ব্বসম্মত, তাহার সংশয়নাই, যেহেতু ভাবনা ব্যতিরেকে সুখের সম্ভব হইতে পারে না। ভগবদ্গীতায় উক্ত আছে যে, যাহারা যোগবিহীন তাহাদিগের বুদ্ধি ও ভাবনা নাই এবং ভাবনাবিহীন ব্যক্তির শান্তিলাভ হয় না ও অশান্ত ব্যক্তির সুখ হইতে পারে না। মহামতি ব্যাস প্রকৃতির স্বাতন্ত্র্য খণ্ডন করিয়া ব্রহ্মসূত্রে স্বয়ং যোগনিরূপণ করিয়াছেন। ব্যাসদেব স্বীয় গ্রন্থে আত্মজ্ঞানপ্রদ যোগ বিবৃত করিয়াছেন এবং আচার্য্যগণও ভাষ্যাদিগ্রন্থে তাহাই স্বীকার করিয়া গিয়াছেন। আর ভগবান্ বিষ্ণু যে স্বয়ং যোগ স্বীকার করিয়াছেন, তাহা ভগবদ্গীতাতে ব্যক্ত আছে এবং পরমজ্ঞানী শুকাদিরাও যোগসাধনে তৎপর ছিলেন। ভগবান নারায়ণ আর বলিয়াছেন যে, বেদাধ্যয়নে, যজ্ঞানুষ্ঠানে, তপস্যাচরণে ও দানে যে সকল পুণ্যসঞ্চয় হয়, যোগিগণ সেই সকল পুণ্য অতিক্রম করিয়া পরমপদলাভ করিয়া থাকেন। বিশেষতঃ ভগবান্ নারায়ণ যোগজিজ্ঞাসুর উৎকর্ষ বর্ণন করিয়াছেন, সুতরাং যোগসাধনে তৎপর সাধকদিগের প্রাধান্যের বর্ণনা নিষ্প্রয়োজন। নারদাদি ও যোগিযাজ্ঞবল্ক্য প্রভৃতি মহাত্মারাও যোগসাধনবলেই ভক্তপ্রাধান বলিয়া গণ্য হইয়া গিয়াছেন ॥ ৪ ॥

শ্রীআদিনাথমৎস্যেন্দ্রশাবরানন্দভৈরবাঃ।
চৌরঙ্গী-মীন-গোরক্ষ-বিরূপাক্ষ-বিলেশয়াঃ ॥ ৫ ॥

হঠযোগপ্রবৃত্তিং জনয়িতুং হঠবিদ্যয়া প্রাপ্তৈশ্বর্য্যান্ সিদ্ধানাহ। আদিনাথেত্যাদিনা। আদিনাথঃ শিবঃ সর্ব্বেষাং নাথানাং প্রথমো নাথঃ। ততো নাথসম্প্রদায়ঃ প্রবৃত্ত ইতি নাথসম্প্রদায়িনো বদন্তি। মৎস্যেন্দ্রাখ্যশ্চ আদিনাথশিষ্যঃ। অত্রৈবং কিংবদন্তী। কদাচিদাদিনাথঃ কস্মিংশ্চিদ্দ্বীপে স্থিতঃ। তত্র বিজনমিতি মত্বা গিরিজায়ৈ যোগমুপদিষ্টবান্। তীরসমীপনীরস্থঃ কশ্চন মৎস্যঃ তং যোগোপদেশং শ্রুত্বা একাগ্রচিত্তো নিশ্চলকায়োঽবতস্থে। তং তাদৃশং দৃষ্ট্বানেন যোগঃ শ্রুত ইতি তং মত্বা কৃপালুরাদিনাথো জলেন প্রোক্ষিতবান্। স চ প্রোক্ষণমাত্রাদ্দিব্যকায়ো মৎস্যেন্দ্রঃ সিদ্ধোঽভূৎ। তমেব মৎস্যেন্দ্রনাথ ইতি বদন্তি। শাবরনামা কশ্চিৎ সিদ্ধঃ আনন্দভৈরবনামান্যঃ। এতেষামিতরেতরদ্বন্দ্বঃ। ছিন্নহস্তপাদং পুংস্ত্বং হিন্দুস্থানভাষায়াং চৌরঙ্গীতি বদন্তি। কদাচিদাদিনাথাল্লব্ধযোগস্য ভুবং পর্য্যটতো মৎস্যেন্দ্রনাথস্য কৃপাবলোকনমাত্রাৎ কুত্রচিদরণ্যে স্থিতশ্চৌরঙ্গ্যস্ফুরিতহস্তপাদো বভূব। স চ তৎকৃপয়া সংজাতহস্তপাদোঽহমিতি মত্বা তৎপাদয়োঃ প্রণিপত্য মমানুগ্রহং কুর্ব্বিতি প্রার্থিতবান্। মৎস্যেন্দ্রোঽপি তমনুগৃহীতবান্ তস্যানুগ্রহাচ্চৌরঙ্গীতি প্রসিদ্ধঃ সিদ্ধঃ সোঽভূৎ। মীনো মীননাথঃ গোরক্ষো গোরক্ষনাথঃ বিরূপাক্ষনামা বিলেশয়নামা চ। চৌরঙ্গীপ্রভৃতীনাং দ্বন্দ্বসমাসঃ ॥ ৫ ॥

মন্থানো ভৈরবো যোগী সিদ্ধির্ব্বুদ্ধশ্চ কন্থড়িঃ।
কোরণ্টকঃ সুরানন্দঃ সিদ্ধপাদশ্চ চর্পটিঃ ॥ ৬ ॥

মন্থানঃ ভৈরবঃ যোগীতি মন্থানপ্রভৃতীনাং সর্ব্বেষাং বিশেষণং ॥ ৬ ॥

কানেরী পূজ্যপাদশ্চ নিত্যনাথো নিরঞ্জনঃ।
কপালী বিন্দুনাথশ্চ কাকচণ্ডীশ্বরাহ্বয়ঃ ॥ ৭ ॥

কাকচণ্ডীশ্বর ইত্যাহ্বয়ো নাম যস্য চ তথা অন্যে স্পষ্টাঃ ॥ ৭ ॥

আল্লামঃ পণ্ডদেবশ্চ ঘোড়া চোলী চ টিণ্টিণীঃ।
ভানুকো নারদেবশ্চ খণ্ডঃ কাপালিকস্তথা ॥ ৮ ॥

তথাশব্দঃ সমুচ্চয়ে ॥ ৮ ॥

ইত্যাদয়ো মহাসিদ্ধা হঠযোগপ্রভাবতঃ।
খণ্ডয়িত্বা কালদণ্ডং ব্রহ্মাণ্ডে বিচরন্তি তে ॥ ৯ ॥

ইতি পূর্ব্বোক্তা আদয়ো যেষাং তে তথা। আদিশব্দেন তারানাথাদয়ো

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

গ্রাহ্যাঃ। মহান্তশ্চ তে সিদ্ধাশ্চ অপ্রতিহতৈশ্বর্য্যা ইত্যর্থঃ। হঠযোগস্য প্রভাবাৎ সামর্থ্যাদিতি হঠযোগপ্রভাবতঃ। পঞ্চম্যাস্তসিল। কালে মৃত্যুঃ তস্য দণ্ডনং দণ্ডঃ দেহপ্রাণবিয়োগানুকূলো ব্যাপারঃ তং খণ্ডয়িত্বা ছিত্বা মৃত্যুং জিত্বেত্যর্থঃ। ব্রহ্মাণ্ডমধ্যে বিচরন্তি বিশেষেণাব্যাহতগত্যা চরন্তীত্যর্থঃ। তদুক্তং ভাগবতে যোগেশ্বরাণাং গতিমাহুরন্তর্ব্বহিস্ত্রিলোক্যাঃ পবনান্তরাত্মনামিতি ॥ ৯ ॥

যোগসাধনে সাধারণ লোকের প্রবৃত্তি হউক, এই নিমিত্ত যাহারা হঠযোগ সাধন করিয়া ঐশ্বর্য্যলাভ করিয়াছেন, সেই সকল সিদ্ধপুরুষদিগের উদাহরণ প্রদর্শন করিতেছেন। স্বয়ং শিবই আদিনাথ নামে অবতীর্ণ হইয়াছিলেন, ইনিই নাথসম্প্রদায়ের আদি। নাথসম্প্রদায়ীরা বলিয়া থাকেন, শিব হইতে নাথসম্প্রদায়ের আরম্ভ হয়। আর যোগিপ্রবর মৎস্যেন্দ্রনাথ এই আদিনাথের শিষ্য, এই বিষয়ে, কিং বদন্তী আছে যে, কোন এক সময়ে আদিনাথ কোন এক দ্বিপে অবস্থিতছিলেন, তিনি ঐ স্থানকে নির্জ্জন জ্ঞান করিয়া গিরিজাকে যোগ উপদেশ দিতে লাগিলেন। উক্ত দ্বিপের তীরসমীপে জলমধ্যে এক মৎস্য বাস করিত, ঐ মৎস্য উক্ত যোগোপদেশ শ্রবণ করিয়া একাগ্রচিত্তে নিশ্চলভাবে অবস্থানপূর্ব্বক সেই যোগ শ্রবণ করিতে লাগিল। আদিনাথ সেই মৎস্যকে তদবস্থান্বিত দেখিয়া বুঝিতে পারিলেন, এই মৎস্য আমার উপদিষ্ট যোগ শ্রবণ করিতেছে। তখন কৃপাবান আদিনাথ সেই মৎস্যকে জলপ্রোক্ষণ করিলেন, তৎক্ষণাৎ সেই মৎস্য দিব্যপুরুষ হইয়া যোগসাধনপূর্ব্বক সিদ্ধিলাভ করিল, এই নিমিত্ত তাহার নাম মৎস্যেন্দ্র হইল। আদিনাথ, মৎস্যেন্দ্র, শাবর, আনন্দভৈরব, চৌরঙ্গী * মীননাথ, গোরক্ষনাথ, বিরূপাক্ষ, বিলেশয়, মন্থান, ভৈরব, সিদ্ধ, বুদ্ধ, কন্থড়ি, কোরণ্টক, সুরানন্দ, সিদ্ধপাদ, চর্পটি, কানেরী, পূজ্যপাদ, নিত্যনাথ, নিরঞ্জন, কপালী, বিন্দুনাথ, কাকচণ্ডীশ্বর, অল্লাম, প্রভুদেব, ঘোড়া, চোলী, টিনটিনিঃ, ভানুসী, নারদ, খণ্ড, কপালিক প্রভৃতি সিদ্ধপুরুষ সকল এই হঠযোগের সাধনবলে অপ্রতিহতপ্রভাব ও অলৌকিক ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়া যমশাসন খণ্ডনপূর্ব্বক, ব্রহ্মাণ্ডমধ্যে অব্যাহত গতিতে বিচরণ করেন। ভাগবতে লিখিত আছে যে, যোগেশ্বরেরা অন্তরে ও বাহ্যে সর্ব্বত্র বিচরণ করিতে পারেন ॥ ৫—৯ ॥

অশেষতাপতপ্তানাং সমাশ্রয়মঠো হঠঃ।
অশেষযোগযুক্তানামাধারকমঠো হঠঃ ॥ ১০ ॥

হঠস্যাশেষতাপনাশকত্বমশেষযোগসাধকত্বঞ্চ মঠকমঠরূপকেণাহ। অশেষেতি। অশেষাঃ আধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিকভেদেন ত্রিবিধাঃ। তত্রাধ্যাত্মিকং দ্বিবিধং শারীরং মানসঞ্চ। তত্র শারীরং দুঃখং ব্যাধিজং মানসং দুঃখং কামাদিজং। আধিভৌতিকং ব্যাঘ্রসর্পাদিজনিতং আধিদৈবিকং গ্রহাদিজনিতং। তে চ তে তাপাশ্চ তৈস্তপ্তানাং পুংসাং হঠো হঠযোগঃ সম্যগাশ্রয়ত ইতি সমাশ্রয়ঃ আশ্রয়ঃ আশ্রয়ভূতো মঠঃ মঠ এব। তথা হঠঃ অশেষযোগযুক্তানাং অশেষযোগযুক্তাঃ মন্ত্রযোগকর্ম্মযোগাদি যুক্তাস্তেষামাধারভূতঃ কমঠঃ এবং ত্রিবিধতাপতপ্তানাং পুংসাং আশ্রয়ো হঠঃ। যথা চ বিশ্বাধারঃ কমঠঃ এবং নিখিলযোগিনামাধারো হঠ ইত্যর্থঃ ॥ ১০ ॥

হঠবিদ্যা অশেষ তাপসন্তপ্ত মানবগণের আশ্রয়ীভূত মঠস্বরূপ এবং যোগিগণের আধারভূত কূর্ম্মস্বরূপ। এই জগতে ত্রিবিধ তাপ আছে, যথা আধ্যাত্মিক, আধিভৌতিক ও অধিদৈবিক। শারীরিক ও মানসিকভেদে আধ্যাত্মিক তাপ আবার দ্বিবিধ। রোগাদিদ্বারা শারীর তাপ এবং কামাদিদ্বারা, মানসিক তাপ জন্মে। ব্যাঘ্র সর্পাদিজনিত যে তাপ, তাহাকেই আধিভৌতিক তাপ এবং গ্রহাদিজনিত তাপকে অধিদৈবিক তাপ বলা যায়। যাহারা উক্ত ত্রিবিধতাপে অভিভূত, তাহারা হঠযোগ সাধন করিলে উক্ত ত্রিবিধ দুঃখ হইতে নিষ্কৃতি পাইতে পারে। আর মন্ত্রযোগ কর্ম্মযোগ প্রভৃতি অনেক প্রকার যোগ আছে, কিন্তু যাহারা মন্ত্রযোগাদি সাধন করেন, তাহাদিগের পক্ষে এই হঠযোগ সর্ব্বাধারভূত কূর্ম্মস্বরূপ ॥ ১০ ॥

হঠবিদ্যা পরং গোপ্যা যোগিনা সিদ্ধিমিচ্ছতা।
ভবেদ্বীর্য্যবতী গুপ্তা নির্ব্বীর্য্যা তু প্রকাশিতা ॥ ১১ ॥

অথাখিলবিদ্যাপেক্ষয়া হঠবিদ্যায়া অতিগোপ্যত্বমাহ হঠবিদ্যেতি সিদ্ধিমণিমাদ্যৈশ্বর্য্যমিচ্ছতা যদ্বা সিদ্ধিং কৈবল্যসিদ্ধিমিচ্ছতা বাঞ্ছতা যোগিনা হঠযোগবিদ্যা পরমত্যন্তং গোপ্যা গোপনীয়া গোপনার্হাস্তীতি। তত্র হেতুমাহ। যতো গুপ্তা হঠবিদ্যা বীর্য্যবত্যপ্রতিহতৈশ্বর্য্যজননসমর্থা স্যাৎ। কৈবল্যজনসমর্থা কৈবল্যসিদ্ধিজননসমর্থা স্যাৎ। অথ যোগাধিকারী। জিতাক্ষায় শান্তায় শক্তায় মুক্তৌ বিহীনায় দোষৈরশক্তায় মুক্তৌ। অহীনায় দোষৈরেতৈরুক্তকর্ত্রে প্রদেয়ো ন দেয়ো হঠশ্চেতরস্মৈ। যাজ্ঞবল্ক্যঃ বিধ্যুক্তকর্ম্মসংযুক্তঃ কামসংকল্পবর্জ্জিতঃ। যমৈশ্চ নিয়মৈর্যুক্তঃ সর্ব্বসঙ্গবিবর্জ্জিতঃ। কৃতবিদ্যো জিতক্রোধঃ সত্যধর্ম্মপরায়ণঃ। গুরুশুশ্রূষণরতঃ পিতৃমাতৃপরায়ণঃ। স্বাশ্রমস্থঃ সদাচারো বিদ্বদ্ভিশ্চ সুশিক্ষিত ইতি। শিশ্নোদররতায়ৈব ন দেয়ং বেষধারিণ ইতি কুত্রচিৎ। অত্র যোগচিন্তামণিকারাঃ যদ্যপি ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং স্ত্রীশূদ্রাণাং চ পাবনং। শান্তয়ে কর্ম্মণামন্যদ্যোগান্নাস্তি বিমুক্তয় ইত্যাদি পুরাণবাক্যেষু প্রাণিমাত্রস্য যোগেঽধিকার উপলভ্যতে। তথাপি মোক্ষরূপকং ফলং যোগে বিরক্তস্যৈব ভবতি। অতস্তস্যৈব যোগাধিকার উচিতঃ। তথা চ বায়ুসংহিতায়াং। দৃষ্টে তথানুশ্রবিকে বিরক্তং বিষয়ে মনঃ। যস্য তস্যাধিকারোঽস্মিন্ যোগে নান্যস্য কস্যচিৎ। সুরেশ্বরাচার্য্যাঃ। ইহামুত্র বিরক্তস্য সংসারং প্রজিহাসতঃ। জিজ্ঞাসোরেব কস্যাপি যোগেঽস্মিন্নধিকারিতেত্যাহুঃ। বৃদ্ধৈরপ্যুক্তং নৈতদ্দেয়ং দুর্ব্বিনীতায় জাতু জ্ঞানং গুপ্তং তদ্ধি সম্যক্‌ফলায়। অস্থানে হি স্থাপ্যমানৈব বাচাং দেবী কোপাগ্নির্দ্দহেন্নো চিরায়েতি ॥ ১১ ॥

যে সকল মানব অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য কিম্বা মুক্তিলাভ কামনা করেন, তাঁহারা এই হঠযোগ বিদ্যা অতি গোপন করিয়া রাখিবেন। কারণ এই বিদ্যা গোপনে থাকিলেই সমধিক ফলপ্রদান করিতে পারে, আর হঠযোগ বিদ্যা প্রকাশ পাইলে ইহার বীর্য্যহানি হয়। যাহারা জিতেন্দ্রিয়, প্রশান্ত-

* হিন্দিভাষাতে ছিন্নহস্তপাদ মনুষ্যকে চৌরঙ্গী বলে। কোন সময়ে মৎস্যেন্দ্র আদিনাথের নিকট যোগাভ্যাস করিয়া পৃথিবীর সর্ব্বত্র বিচরণ করিতে করিতে কোন এক অরণ্যমধ্যে ছিন্নহস্তপাদ এক ব্যক্তিকে দেখিতে পাইয়া তাহার প্রতি কৃপাবলোকন করিলেন। অনন্তর তাহার কৃপাদৃষ্টিতে চৌরঙ্গীর হস্তপাদ অঙ্কুরিত হইল। তৎপর চৌরঙ্গী মৎস্যেন্দ্রের কৃপাতে আমার হস্তপাদ উৎপন্ন হইয়াছে, ইহা জানিতে পারিয়া মৎস্যেন্দ্রের পাদদ্বয়ে প্রণিপাতপূর্ব্বক প্রার্থনা করিলেন। প্রভো! আপনি এ অধমের প্রতি অনুকম্পা করুন, তখন মৎস্যেন্দ্র চৌরঙ্গীর প্রতি অনুগ্রহ করিয়া তাহাকে যোগশিক্ষা প্রদান করিলেন এবং সেই যোগশিক্ষাবলেই চৌরঙ্গী প্রসিদ্ধ যোগী হইয়াছিলেন।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

চিত্ত, মুক্তিকামী ও সর্ব্বপ্রকার দোষসম্পর্করহিত, সেই সকল ব্যক্তিকেই এই যোগবিদ্যা প্রদান করিবে। এতদ্ভিন্ন অর্থাৎ ইন্দ্রিয়পরায়ণাদিদোষবান্ ব্যক্তিদিগকে হঠযোগ প্রদান করিবে না। হঠযোগবিদ্যার অধিকারিবিষয়ে যাজ্ঞবল্ক্যঋষি বলিয়াছেন, যাঁহারা সর্ব্বদা শাস্ত্রোক্ত কর্ম্মের অনুষ্ঠান করেন, যাঁহাদিগের কোনরূপ কামনা বা কর্ম্ম-মানস নাই, যাঁহারা যমাদিনিয়মযুক্ত, সংসারসম্পর্করহিত, বিদ্বান্, দোষশূন্য, সত্যধর্ম্ম পালনে একান্ত অনুরক্ত, গুরুশুশ্রূষাপরায়ণ, পিতৃমাতৃভক্ত, স্বাশ্রমস্থিত, সদাচারনিরত এবং সুশিক্ষিত, এইরূপ ব্যক্তিই হঠযোগবিদ্যার যথার্থ অধিকারী। আর যাঁহারা বেশধারী অর্থাৎ গৈরিকবসন ও জটাবল্কলাদি বাহ্যিক আড়ম্বর প্রদর্শন করেন ও শিশ্নোদরপরায়ণ, তাহাদিগকে হঠযোগবিদ্যা প্রদান করিবে না। যোগচিন্তামণিকার লিখিয়াছেন যে, যদিও হঠযোগ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, স্ত্রী ও শূদ্র ইত্যাদি সকলকেই পবিত্র করে এবং যোগ ব্যতিরেকে অন্য কিছুতেই কর্ম্মক্ষয় হয় না, ইত্যাদি পৌরাণিক বাক্যে প্রাণিমাত্রেরই যোগসাধনে অধিকার আছে, তথাপি যাহারা সংসারে বিরক্ত, তাহারাই মোক্ষলাভ করিতে পারে, অতএব বিরাগী ব্যক্তিরাই যোগসাধনের প্রকৃত অধিকারী। বায়ুসংহিতা প্রমাণে জানা যায় যে, যাহার মন্ বিষয়ে অনাশক্ত, তাহারাই যোগসাধনে অধিকারী, বিষয়াশক্তচিত্ত ব্যক্তির যোগাধিকার নাই। সুরেশ্বরাচার্য্য বলেন যে, ইহকালে বা পরকালে যাহার ভোগাভিলাষ নাই এবং যে ব্যক্তি সংসার পরিত্যাগ করিয়াছেন, তিনি যদি ব্রহ্মবিজ্ঞান ইচ্ছা করেন, তাহা হইলে সেই ব্যক্তিকেই যোগসাধনের প্রকৃত অধিকারী পাত্র বলিয়া জানিবে ॥ ১১ ॥

সুরাজ্যে ধার্ম্মিকে দেশে সুভিক্ষে নিরুপদ্রবে। ধনুঃপ্রমাণপর্য্যন্তং শিলাগ্নিজলবর্জ্জিতে। একান্তে মঠিকামধ্যে স্থাতব্যং হঠযোগিনা ॥ ১২ ॥

অথ হঠাভ্যাসযোগ্যং দেশমাহ সার্দ্ধেন সুরাজ্য ইতি। রাজ্ঞাং কর্ম্মভাবো বা রাজ্যং তচ্ছোভনং যস্মিন্ স সুরাজ্যস্তস্মিন্ সুরাজ্যে। যথা রাজা তথা প্রজেতি মহদুক্তেঃ। রাজ্ঞঃ শোভনত্বাৎ প্রজানামপি শোভনত্বং সূচিতং। ধার্ম্মিকে ধর্ম্মবতি অনেন হঠাভ্যাসিনোঽনুকূলাহারাদিলাভঃ সূচিতঃ। সুভিক্ষ ইত্যনেনানায়াসেন তল্লাভঃ সূচিতঃ। নিরুপদ্রবে চৌরব্যাঘ্রাদ্যুপদ্রবরহিতে। এতেন দেশস্য দীর্ঘকালবাসযোগ্যতা সূচিতা। ধনুষঃ প্রমাণং ধনুঃপ্রমাণঃ চতুর্হস্তমাত্রং তৎপর্য্যন্তং শিলাগ্নিজলবর্জ্জিতে শিলা প্রস্তরঃ অগ্নির্ব্বহ্নিঃ জলং তোয়ং তৈর্ব্বর্জ্জিতে রহিতে। যত্রাসনং ততশ্চতুর্হস্তমাত্রে শিলাগ্নিজলানি ন স্যুরিত্যর্থঃ। তেন শীতোষ্ণবিকারাভাবঃ সূচিতঃ। একান্তে বিজনে। অনেন জনসমাগমাভাবাৎ কলহাদ্যভাবঃ সূচিতঃ। জনসম্বন্ধে তু কলহাদিকং স্যাদেব। তদুক্তং ভাগবতে বাসে বহূনাং কলহো ভবেদ্বার্ত্তাদ্বয়োরপীতি। তাদৃশে মঠিকামধ্যে। অল্পো মঠো মঠিকা অল্পীয়সি কন্ তস্যাঃ মধ্যে হঠযোগিনা হঠাভ্যাসী যোগী হঠযোগী তেন। শাকপার্থিবাদিবৎ সমাসঃ স্থাতব্যং স্থাতুং যোগ্যং। মঠিকামধ্য ইত্যনেন শীতাতপাদিজনিতক্লেশাভাবঃ সূচিতঃ। অত্র যুক্তাহারবিহারেণ হঠযোগস্য সিদ্ধয়ে। ইত্যর্থং কেনচিৎ ক্ষিপ্তত্বান্ন ব্যাখ্যাতং। মূলশ্লোকানামেব ব্যাখ্যানং। এবমগ্রেঽপি যে ময়া ন ব্যাখ্যাতাঃ শ্লোকা হঠপ্রদীপিকায়ামুপলভ্যেরংস্তে সর্ব্বে ক্ষিপ্তা ইতি বোদ্ধব্যং ॥ ১২ ॥

এইক্ষণ কিরূপ স্থানে হঠযোগসাধন করিবে, তাহাই বলিতেছি। যে দেশে রাজা ও প্রজা সুশীল, সর্ব্বপ্রকার ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান হয়, ভক্ষ্যদ্রব্য দুষ্প্রাপ্য নহে, চৌরব্যাঘ্রাদির উপদ্রব নাই, অথচ সর্ব্বদা সুখস্বচ্ছন্দে বহুকাল বাস করা যায়, এইরূপ সুশোভন দেশের মধ্যে কোন নির্জ্জনস্থানে ক্ষুদ্র মঠ নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে উপবেশন করত হঠযোগীরা যোগসাধন করিবে। যেস্থানে উপবেশন করিয়া হঠযোগ সাধন করিবে, তাহার চারি হস্তপ্রমাণ স্থানের মধ্যে শিলা, অগ্নি ও জল না থাকে, এইরূপ করিবে, অর্থাৎ যে স্থানে বসিয়া যোগসাধন করিতে শীতোষ্ণাদি কোনরূপ বাধা দিতে না পারে, এইরূপ স্থানই হঠযোগীরা মনোনীত করিবে। ভাগবতে লিখিত আছে যে, জনাকীর্ণস্থানে যোগ অভ্যাস করিতে গেলে কলহ উপস্থিত হইয়া যোগসিদ্ধির বাধা দিতে পারে, অতএব নির্জ্জনস্থানই যোগাভ্যাসের পক্ষে প্রশস্ত। অনাবৃতস্থানে শীতাতপাদিতে সাধকের ক্লেশ হইতে পারে, এই নিমিত্ত মঠমধ্যে যোগসাধন করাই বিধেয় ॥ ১২ ॥

অল্পদ্বারমরন্ধ্রগর্ত্তবিবরং নাত্যুচ্চনীচায়তং সম্য[illegible] গোময়সান্দ্রলিপ্তমমলং নিঃশেষজন্তূজ্ঝিতং। ব[illegible] মণ্ডপবেদিকূপরুচিরং প্রাকারসংবেষ্টিতং প্রোক্তং [illegible] মঠস্য লক্ষণমিদং সিদ্ধৈর্হঠাভ্যাসিভিঃ ॥ ১৩ ॥

অথ মঠলক্ষণমাহ অল্পদ্বারমিতি। অল্পদ্বারং যস্মিংস্তত্তদ্দেশং রন্ধ্রো-গবাক্ষাদিঃ গর্ত্তো নিম্নপ্রদেশঃ বিবরো মূষকাদিবিলং তে ন সন্তি যস্মিংস্তত্তদ্দেশং। অত্যুচ্চঞ্চ তন্নীচং চাত্যুচ্চনীচং তচ্চ তদায়তং চাত্যুচ্চনীচায়তং। বিশেষণং বিশেষ্যেণ বহুলমিত্যত্র বহুলগ্রহণাদ্বিশেষণানাং কর্ম্মধারয়ঃ। ননূচ্চনীচায়তশব্দানাং ভিন্নার্থকানাং কথং কর্ম্মধারয়ঃ। তৎ পুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয় ইতি তল্লক্ষণাদিতি চেন্ন। মঠে তেষাং সামানাধিকরণ্যাসম্ভবাৎ ন চাত্যুচ্চনীচায়তং নাত্যুচ্চনীচায়তং ন শব্দেন সমাসান্নলোপাভাবঃ নেতি পৃথক্পদং বা। অত্যুচ্চ আরোহণে শ্রমঃ স্যাদতিনীচেঽবরোহণে শ্রমো ভবেৎ। অত্যায়তে দূরং দৃষ্টির্গচ্ছেত্তন্নিরাকরণার্থমুক্তং নাত্যুচ্চনীচায়তমিতি। সম্যক্ সমীচীনতয়া গোময়েন গোপুরীষেণ সান্দ্রং যথা ভবতি তথা লিপ্ত[illegible]মলং নির্ম্মলং নিঃশেষা নিখিলা যে জন্তবো মশকমৎকুণাদ্যাস্তৈরুজ্ঝিতং ত্যক্তং রহিতং বাহ্যে মঠাদ্বহিঃ প্রদেশে মণ্ডপঃ শালাবিশেষঃ বেদিঃ পরিষ্কৃতা ভূমিঃ কূপো জলাশয়বিশেষঃ তৈ রুচিরং রমণীয়ং প্রাকারেণ বরণেন সম্যগ্বেষ্টিতং পরিতো ভিত্তিযুক্তমিত্যর্থঃ। হঠাভ্যাসিভিঃ হঠযোগাভ্যসনশীলৈঃ সিদ্ধৈঃ। ইদং পূর্ব্বোক্তমল্পদ্বারাদিকং যোগমঠস্য লক্ষণং স্বরূপং প্রোক্তং কথিতং। নন্দিকেশ্বরপুরাণে প্যেবং মঠলক্ষণমুক্তং। মন্দিরং রম্যবিন্যাসং মনোজ্ঞং গন্ধবাসিতং ধূপামোদাদিসুরভি কুসুমোৎকরমণ্ডিতং। মুনিতীর্থনদীবৃক্ষপদ্মিনীশৈলশোভিতং। চিত্রকর্ম্মনিবদ্ধং চ চিত্রভেদ বিচিত্রিতং। কুর্য্যাদ্যোগগৃহং ধীমান্ সুরম্যং শুভবর্ত্মনা। দৃষ্ট্বা চিত্রগতাঞ্চান্তান্মুনীন্ যাতি মনঃ শমং। সিদ্ধান্ দৃষ্ট্বা চিত্রগতান্মতিরত্যুদ্যমে ভবেৎ। মধ্যে যোগ-

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

গৃহস্তাথ লিখেৎ সংসারমণ্ডলং। শ্মশানং চ মহাঘোরং নরকাংশ্চ লিখেৎ-কচিৎ। তান্ দৃষ্ট্বা ভীষণাকারান্ সংসারে সারবর্জ্জিতে। অনবসাদে ভবতি যোগী সিদ্ধ্যভিলাষুকঃ। পশুংশ্চ ব্যাধিতান্ জন্তূন্মতান্মত্তাংশ্চলদ্ ব্রণান্ ॥ ১৩ ॥

হঠযোগসাধনের মঠ কিরূপ করিতে হইবে, এইক্ষণ তাহাই কথিত হইতেছে। মঠের দ্বার অল্প প্রশস্ত হওয়া আবশ্যক, হঠযোগসাধনের মঠে গবাক্ষাদি কোনপ্রকার রন্ধ্র থাকিবে না। মঠ অতি উচ্চ হইলে তাহাতে আরোহণ করিতে এবং অতি নিম্ন হইলে সেই মঠে অবরোহণ করিতে সমধিক পরিশ্রম হয়, অতএব সমভূমিতে মঠ করিবে, অতি উচ্চ বা অতি নিম্নস্থানে মঠ করিবে না, যাহাতে যোগমন্দিরের মধ্যে মূষিকাদির গর্ত্ত না থাকে তাহা করিবে। মঠের মধ্যভাগে গাঢ়রূপে গোময়-দ্বারা লেপন করিবে, কোনপ্রকার মল সম্পর্ক থাকিতে দিবে না এবং যাহাতে সেই মঠে অন্য কোন জন্তু থাকিতে না পারে তাহাই করিবে। মঠের বহির্ভাগ, মণ্ডপ, বেদি ও কূপদ্বারা পরিশোভিত করিবে এবং চতুর্দ্দিকে প্রাচীরদ্বারা বেষ্টন করিয়া লইবে। হঠযোগসাধনে তৎপর যোগিগণ উক্তরূপ মঠলক্ষণ নির্দ্দেশ করিয়াছেন। নন্দিকেশ্বরপুরাণে লিখিত আছে যে, যোগসাধনের মঠটি অতি মনোহর করিবে, আর জলপ্রোক্ষণ মঠ নানাপ্রকার সুগন্ধিদ্রব্য ও ধূপাদিদ্বারা সুগন্ধপূর্ণ এবং অগন্ধ পূর্ব্বক সিদ্ধমালায় সুশোভিত করিয়া লইবে। ঐ মঠের চতুষ্পার্শ্বে যাহাতে গঙ্গাদিনাতীর্থ, নদী, বৃক্ষ, পর্ব্বত ও পদ্মবন থাকে, এইরূপ করিতে হইবে। আর উহা বিবিধ চিত্রকর্ম্মদ্বারা চিত্রিত করিবে, অর্থাৎ যোগমন্দিরটি যাহাতে সর্ব্বপ্রকার রমণীয় হয়, এইরূপ করিতে হইবে, কিন্তু উহার পথটি গোপনীয় রাখিবে। মনোহর মন্দির দেখিলে মুনিগণের চিত্তের শান্তি হইয়া থাকে এবং সিদ্ধপুরুষেরা যদি উহা দর্শন করেন, তাহা হইলে তাহাদিগের জ্ঞানোৎপন্ন হয়, অতএব যোগমঠ মনোহর করিয়া প্রস্তুত করিয়া তাহা সুসজ্জিত করিবে। আর ঐ যোগমন্দিরের মধ্যভাগে মণ্ডলাদি চিত্র করিবে এবং কোন কোন স্থানে ভয়ঙ্কর শ্মশান ও ঘোরতর নরক চিত্রিত করিবে। এইরূপে মঠ নির্ম্মাণ করিলে সাধারণ জন্তুগণ সেই স্থানে গমন করিতে পারে না ॥ ১৩ ॥

এবম্বিধে মঠে স্থিত্বা সর্ব্বচিন্তাবিবর্জ্জিতঃ।
গুরূপদিষ্টমার্গেণ যোগমেব সমভ্যসেৎ ॥ ১৪ ॥

মঠলক্ষণমুক্ত্বা মঠে যথানিবাসং তদাহ এবম্বিধ ইতি। এবং পূর্ব্বোক্তা বিধা প্রকারো যস্য স তথা ভূতোক্তলক্ষণ ইত্যর্থঃ। তস্মিন্ স্থিত্বা স্থিতিং কৃত্বা সর্ব্বা যাশ্চিন্তাস্তাভির্ব্বিশেষেণ বর্জ্জিতো রহিতোঽশেষচিন্তারহিতঃ। গুরুণোপদিষ্টো যো মার্গঃ হঠাভ্যাসপ্রকাররূপস্তেন সদা নিত্যং যোগমেবাভ্যসেৎ। এবশব্দেনাভ্যাসান্তরস্য যোগে বিঘ্নকরত্বং সূচিতং। তদুক্তং যোগবীজে—মরুজ্জয়ো যস্য সিদ্ধস্তং সেবেত গুরুং সদা। গুরুবক্ত্র-প্রসাদেন কুর্য্যাৎ প্রাণজয়ং বুধঃ। রাজযোগে—বেদান্ততর্কোক্তিভিরাগমৈশ্চ নানাবিধৈঃ শাস্ত্রকদম্বকৈশ্চ। ধ্যানাদিভিঃ সৎকরণৈর্নগম্যশ্চিন্তামণির্হ্যেকগুরুং বিহায়। স্কন্দপুরাণে—আচার্য্যাদ্যোগসর্ব্বস্বমবাপ্য স্থিরধীঃ স্বয়ং। যথোক্তং লভতে তেন প্রাপ্নোত্যপি চ নির্বৃতিং। সুরেশ্বরাচার্য্যঃ—গুরুপ্রসাদাল্লভতে যোগমষ্টাঙ্গসংযুতং শিবপ্রসাদাল্লভতে যোগসিদ্ধিঞ্চ শাশ্বতীং। শ্রুতিশ্চ—যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ইতি। আচার্য্যবান্ পুরুষো বেদেতি চ ॥ ১৪ ॥

ইতিপূর্ব্বে যেরূপ যোগসাধনের মন্দিরের লক্ষণ নির্দ্দিষ্ট হইয়াছে, সেইরূপ মন্দিরমধ্যে অবস্থান করিয়া সর্ব্বপ্রকার বৈষয়িকচিন্তা পরিত্যাগ পূর্ব্বক গুরূপদিষ্ট নিয়মানুসারে যোগসাধন করিবে। যোগসাধনকালে অন্য কোন কর্ম্ম করিবে না, কারণ যোগাভ্যাসকালে যদি সাধক অন্য কার্য্যে আশক্ত হয়, তাহা হইলে যোগসিদ্ধির ব্যাঘাত হইতে পারে। যোগবীজগ্রন্থে লিখিত আছে যে, যে যোগীর যোগসিদ্ধি হইয়াছে, তিনিই যোগসিদ্ধির গুরু, সেই গুরুর প্রসাদেই যোগীরা বায়ুবিজয় করিতে পারেন, অতএব উক্তরূপ গুরুর সেবা করিবে। রাজযোগগ্রন্থে লিখিত আছে যে, সদ্গুরুর উপদেশ ব্যতিরেকে বেদান্তবিচার, তার্কিক-যুক্তি, আগমশাস্ত্র ও ধ্যানাদিদ্বারা কেহ পরমাত্মজ্ঞান লাভ করিতে পারে না। স্কন্দপুরাণে লিখিত আছে যে, প্রশান্তচিত্ত সাধক সদ্গুরুর নিকট যোগসাধনের নিয়ম শিক্ষা করিয়া যথোক্ত নিয়মে কার্য্য করিলে যোগ-সিদ্ধ হইয়া নিবৃত্তি লাভ করিতে পারে। সুরেশ্বরাচার্য্য বলেন যে, কেবল শ্রীগুরুর প্রসাদেই অষ্টাঙ্গযোগ লাভ করিতে পারে। শ্রুতি-প্রমাণে জানা যায় যে, যাহার দেবতা ও গুরুতে পরমভক্তি আছে, তাহার নিমিত্তই যোগসাধনের প্রণালী কথিত হইল, আর যিনি গুরুর নিকট যথাবিধি উপদেশ গ্রহণ করিয়াছেন, তিনিই প্রকৃত তত্ত্বজ্ঞান লাভের পাত্র ॥ ১৪ ॥

অত্যাহারঃ প্রয়াসশ্চ প্রজল্পো নিয়মগ্রহঃ।
জনসঙ্গশ্চ লৌল্যঞ্চ ষড়্ভির্যোগো বিনশ্যতি ॥ ১৫ ॥

অথ যোগাভ্যাসপ্রতিবন্ধকানাহ অত্যাহার ইতি। অতিশয়িত আহারোঽত্যাহারঃ ক্ষুধাপেক্ষয়াধিকভোজনং। প্রয়াসঃ শ্রমজননানুকূলো ব্যাপারঃ প্রকৃষ্টোজল্পঃ প্রজল্পো বহুভাষণং। শীতোদকেন প্রাতঃস্নানক্ত-ভোজনফলাহারাদিরূপনিয়মস্য গ্রহণং নিয়মগ্রহঃ। জনানাং সঙ্গো জন-সঙ্গঃ। কামাদিজনকত্বাৎ। লোলস্য ভাবঃ লৌল্যং চাঞ্চল্যং। ষড়্-ভিরত্যাহারাদিভিরভ্যাসপ্রতিবন্ধাৎ। যোগো বিনশ্যতি বিশেষেণ নশ্যতি ॥ ১৫ ॥

কি কি কারণে যোগসাধনের ব্যাঘাত হয়, এইক্ষণ সেই সকল যোগ-সিদ্ধির প্রতিবন্ধক কথিত হইতেছে। অধিক ভোজন, শ্রান্তিজনককার্য্য, বহুভাষণ, নিয়মগ্রহ অর্থাৎ আহারবিহারাদির বিশেষ নিয়ম, বন্ধুজন-সংসর্গ ও চাঞ্চল্য এই সকল কারণে যোগসিদ্ধির ব্যাঘাত হয়, অতএব অতি ভোজনাদিকে যোগসিদ্ধির প্রতিবন্ধক বলা যায় ॥ ১৫ ॥

উৎসাহাৎ সাহসাদ্ধৈর্য্যাত্তত্ত্বজ্ঞানাচ্চ নিশ্চয়াৎ।
জনসঙ্গপরিত্যাগাৎ ষড়্ভির্যোগঃ প্রসিদ্ধ্যতি ॥ ১৬ ॥

অথ যোগসিদ্ধিকারকানাহ উৎসাহাদিতি। বিষয়প্রবণং চিত্তং নিরোৎ-স্যাম্যেবেত্যুদ্যম উৎসাহঃ। সাধ্যত্বাসাধ্যত্বেঽপরিভাব্য সহসা প্রবৃত্তিঃ

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

সাহসং। যাবজ্জীবনং সেৎস্যতোবেত্যথেদো ধৈর্য্যং। বিষয়া মৃগতৃষ্ণাজলবদসন্তঃ ব্রহ্মৈব সত্যমিতি বাস্তবিকং জ্ঞানং তত্ত্বজ্ঞানং যোগানাং বাস্তবিকং জ্ঞানং বা। শাস্ত্রগুরুবাক্যেষু বিশ্বাসো নিশ্চয়ঃ শ্রদ্ধেতি যাবৎ। জনানাং যোগাভ্যাসপ্রতিকূলানাং যঃ সঙ্গস্তস্য পরিত্যাগাৎ। ষড়্ভিরেভির্যোগঃ প্রকর্ষেণাবিলম্বেন সিদ্ধ্যতীত্যর্থঃ॥ ১৬॥

কিরূপে যোগাভ্যাস করিলে তাহা সিদ্ধি হয়, সেই উপায় বলিতেছি। উৎসাহ (আমি বিষয়াশক্তচিত্তকে নিরুদ্ধ করিব এইরূপ উদ্যম) সাহস (সাধ্যাসাধ্যবিবেচনা না করিয়া কার্যে প্রবৃত্তি) ধৈর্য্য অর্থাৎ শীঘ্র কার্য্যসিদ্ধি না হইলেও কার্য্য ত্যাগ না করিয়া যাবজ্জীবন কার্য্য সাধন করিব, এইরূপ দৃঢ় অধ্যবসায়, তত্ত্বজ্ঞান অর্থাৎ বিষয় সকল মৃগতৃষ্ণিকাবৎ অনিত্য, একমাত্র ব্রহ্মই সত্য, এইরূপ নিশ্চয়, শাস্ত্র ও গুরুবাক্যে শ্রদ্ধা এবং যোগসিদ্ধির, বিরোধী জনসংসর্গ পরিত্যাগ এই ষড়্বিধ কারণেই শীঘ্র যোগসিদ্ধি হইয়া থাকে॥ ১৬॥

অথ যমনিয়মাঃ।

অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যং ক্ষমা ধৃতিঃ।
দয়ার্জ্জবং মিতাহারঃ শৌচং চৈব যমা দশ॥ ১৭॥

অতঃপর যম ও নিয়ম কথিত হইতেছে। অহিংসা, সত্যপালন, অস্তেয়, ব্রহ্মচর্য্য, ক্ষমা, ধৈর্য্য, দয়া, সরলতা, মিত ভোজন ও শৌচ, এই দশবিধ কার্য্যকে যম বলা যায়॥ ১৭॥

তপঃ সন্তোষ আস্তিক্যং দানমীশ্বরপূজনম্। সিদ্ধান্তবাক্যশ্রবণং হ্রীমতী চ তপোহুতম্। নিয়মা দশ সংপ্রোক্তা যোগশাস্ত্রবিশারদৈঃ॥ ১৮॥

তপস্যা, সন্তোষ, ঈশ্বরের অস্তিত্বজ্ঞান, দান, ঈশ্বরসেবা, সিদ্ধান্তবাক্য শ্রবণ, লজ্জা, বুদ্ধি, তাপসহিষ্ণুতা ও হোম, এই দশপ্রকার কার্য্যের নাম নিয়ম। যোগশাস্ত্রপারগ পণ্ডিতগণ এই সকলকে নিয়ম বলিয়া থাকেন॥ ১৮॥

হঠস্য প্রথমাঙ্গত্বাদাসনং পূর্ব্বমুচ্যতে।
কুর্য্যাত্তদাসনস্থৈর্য্যমারোগ্যং চাঙ্গলাঘবম্॥ ১৯॥

আদাবাসনকথনে সঙ্গতিং সামান্যতস্তৎফলং আহ হঠস্যেতি। হঠস্য আসনং কুম্ভকং চিত্রং মুদ্রাখ্যং করণং তথা। অথ নাদানুসন্ধানমিতি বক্ষ্যমাণানি চত্বার্যঙ্গানি। প্রত্যাহারাদিসমাধ্যন্তানাং নাদানুসন্ধানেঽন্তর্ভাবঃ। তন্মধ্যে আসনস্য প্রথমাঙ্গত্বাৎ পূর্ব্বমাসনমুচ্যত ইতি সম্বন্ধঃ। তদাসনস্থৈর্য্যং দেহস্য মনসশ্চাঞ্চল্যরূপরজোধর্ম্মনাশকত্বেন স্থিরতাং কুর্য্যাৎ। আসনেন রজো হন্তীতি বাক্যাৎ। আরোগ্যং চিত্তবিক্ষেপকরোগাভাবঃ। রোগস্য চিত্তবিক্ষেপকত্বমুক্তং পাতঞ্জলসূত্রে। ব্যাধিস্ত্যানসংশয়প্রমাদালস্যাবিরতিভ্রান্তিদর্শনালব্ধভূমিকত্বানবস্থিতত্বানি চিত্তবিক্ষেপাস্তেঽন্তরায়া ইতি। অঙ্গানাং লাঘবং লঘুত্বং গৌরবরূপতমোধর্ম্মনাশকত্বমপ্যেতেনোক্তং। চকারাৎ ক্ষুদ্বৃদ্ধ্যাদিকমপি বোধ্যং॥ ১৯॥

প্রথমত আসন কথনের উপযোগিতা ও সামান্যত তাহার ফল বলিতেছেন। আসন, কুম্ভক, মুদ্রা ও নাদানুসন্ধান এই চারিটিই যোগসাধনের প্রধান অঙ্গ এবং প্রত্যাহারাদিসমাধিপর্য্যন্ত যোগাঙ্গ সকল নাদানুসন্ধানের অন্তর্গত, এই সকল যতপ্রকার যোগাঙ্গ আছে তাহাদিগের মধ্যে আসনই প্রথমাঙ্গ, অতএব প্রথমেই আসন কথিত হইতেছে। আসনের স্থৈর্য্য হইলে দেহ ও মনের চাঞ্চল্য থাকে না, এই নিমিত্ত আসনের স্থিরতা আবশ্যক। আসন স্থির হইলে শরীর লঘু হয় এবং শরীরের লাঘব হইলে চিত্তবিক্ষেপকর রোগসমূহ বিনাশ পায়। পাতঞ্জলসূত্রেও রোগের চিত্তবিক্ষেপকভাশক্তি উক্ত আছে; পরন্তু অঙ্গের গুরুতা থাকিলে তপঃসিদ্ধির ব্যাঘাত হয়॥ ১৯॥

বশিষ্ঠাদ্যৈশ্চ মুনিভির্ম্মৎস্যেন্দ্রাদ্যৈশ্চ যোগিভিঃ।
অঙ্গীকৃতান্যাসনানি কথ্যন্তে কানিচিন্ময়া॥ ২০॥

বশিষ্ঠাদিসম্মতাসনমধ্যে শ্রেষ্ঠানি ময়োচ্যন্ত ইত্যাহ বশিষ্ঠাদ্যৈরিতি। বশিষ্ঠ আদ্যো যেষাং যাজ্ঞবল্ক্যাদীনাং তৈর্ম্মুনিভির্ম্মননশীলৈঃ। চকারান্মন্ত্রাদিপরৈঃ। মৎস্যেন্দ্র আদ্যো যেষাং জালন্ধরনাথাদীনাং তৈঃ। যোগিভিঃ হঠাভ্যাসিভিঃ। চকারান্মুদ্রাদিপরৈঃ। অঙ্গীকৃতানি চতুরশীত্যাসনানি তন্মধ্যে কানিচিৎ শ্রেষ্ঠানি ময়া কথ্যন্তে। যদ্যপ্যুভয়োরপি মননহটাভ্যাসৌ স্তস্তথাপি বশিষ্ঠাদীনাং মননং মুখ্যং মৎস্যেন্দ্রাদীনাং হঠাভ্যাসো মুখ্য ইতি পৃথগ্ গ্রহণং॥ ২০॥

মননশীল মন্ত্রাভিজ্ঞ বশিষ্ঠাদি মুনিগণ এবং হঠযোগ ও মুদ্রাভিজ্ঞ মৎস্যেন্দ্রাদি যোগিগণ চতুরশীতিপ্রকার আসন নির্ণয় করিয়াছেন, আমি এই স্থলে সেই চতুরশীতিপ্রকার আসনের মধ্যে স্বস্তিকাসন পদ্মাসন প্রভৃতি কতিপয় আসন বর্ণন করিতেছি॥ ২০॥

জানূর্ব্বোরন্তরে সম্যক্কৃত্বা পাদতলে উভে।
ঋজুকায়ঃ সমাসীনঃ স্বস্তিকং তৎপ্রচক্ষতে॥ ২১॥

তত্র সুকরত্বাৎ প্রথমং স্বস্তিকাসনমাহ। জানূর্ব্বোরিতি। জানু চ উরুশ্চ। অত্র জানুশব্দেন জানুসন্নিহিতো জঙ্ঘাপ্রদেশো গ্রাহ্যঃ। জঙ্ঘোর্ব্বোরিতি পাঠস্তু সাধীয়ান্। তয়োরন্তরে মধ্যে উভে পাদয়োস্তলে তলপ্রদেশৌ কৃত্বা ঋজুকায়ঃ সমকায়ঃ যত্র সমাসীনো ভবেত্তদাসনং স্বস্তিকং স্বস্তিকাখ্যং প্রচক্ষতে বদন্তি যোগিন ইতি শেষঃ। শ্রীধরেণোক্তং—উরুজঙ্ঘান্তরাধায় প্রপদে জানুমধ্যগে। যোগিনো যদবস্থানং স্বস্তিকং তদ্বিদুর্বুধাঃ॥ ২১॥

যোগশাস্ত্রে যতপ্রকার আসন উক্ত আছে, তাহাদিগের মধ্যে স্বস্তিকাসন অতি সুখকর, অতএব প্রথমে স্বস্তিকাসন বলিতেছেন। জঙ্ঘা ও উরু এই উভয়ের মধ্যে উভয়পাদতল স্থাপন করিয়া সরলশরীরে উপবেশন করিবে। এইরূপে উপবেশন করিলেই স্বস্তিকাসন হয়॥ ২১॥

সব্যে দক্ষিণগুল্ফং তু পৃষ্ঠপার্শ্বে নিয়োজয়েৎ।
দক্ষিণেঽপি তথা সব্যং গোমুখং গোমুখাকৃতি॥ ২২॥

গোমুখাসনমাহ সব্য ইতি। সব্যে বামে পৃষ্ঠস্য পার্শ্বে সম্প্রদায়াৎ কটেরধোভাগে দক্ষিণং গুল্ফং নিতরাং যোজয়েৎ। গোমুখস্যাকৃতির্যস্য তত্তাদৃশং গোমুখসংজ্ঞকমাসনং ভবেৎ॥ ২২॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

এইক্ষণ গোমুখাসন কথিত হইতেছে। বামপার্শ্বে দক্ষিণ গুল্ফ এবং দক্ষিণপার্শ্বে বামগুল্ফ ন্যস্ত করিয়া উপবেশন করিবে। এইরূপ উপবেশন করিলে গোমুখাকার হয়, অতএব এইরূপ আসনকে যোগিগণ গোমুখাসন বলিয়া থাকেন। কটির অধোভাগে পৃষ্ঠ ও গুল্ফ বিন্যস্ত করিতে হইবে ॥ ২২ ॥

একং পাদং তথৈকস্মিন্ বিন্যসেদূরুণি স্থিতম্।
ইতরস্মিংস্তথা চোরুং বীরাসনমিতীরিতম্ ॥ ২৩ ॥

বীরাসনমাহ। একমিতি একং দক্ষিণং পাদং। তথা পাদপূরণে একস্মিন্ বামোরুণি স্থিতং বিন্যসেৎ। ইতরস্মিন্ বামে পাদে উরুং দক্ষিণং বিন্যসেৎ। তদ্বীরাসনমিতীরিতং কথিতং ॥ ২৩ ॥

অতঃপর বীরাসন বলিতেছেন, বাম উরুতে দক্ষিণপাদ এবং দক্ষিণ উরুতে বামপাদ নিয়োজিত করিয়া উপবেশন করিলে বীরাসন হয় এবং যোগিগণ এই আসনকে বীরাসন বলিয়া থাকেন ॥ ২৩ ॥

গুদং নিরুধ্য গুল্ফাভ্যাং ব্যুৎক্রমেণ সমাহিতঃ।
কূর্ম্মাসনং ভবেদেতদিতি যোগবিদো বিদুঃ ॥ ২৪ ॥

কূর্ম্মাসনমাহ গুদমিতি। গুল্ফাভ্যাং গুদং নিরুধ্য নিয়ম্য ব্যুৎক্রমেণ যত্র সম্যগাহিতঃ [illegible] ভবেৎ। এতৎ কূর্ম্মাসনং ভবেৎ ইতি যোগবিদো বিদুরিতি [illegible] ॥ ২৪ ॥

অনন্তর কূর্ম্মাসন কথিত হইতেছে। উভয় গুল্ফদ্বারা গুহ্যদ্বার নিরোধ করিয়া সাবধানে পূর্ব্বের বিপরীতভাবে অবস্থিতি করিবে, এইরূপ অবস্থান করিলেই কূর্ম্মাসন হয় এবং যোগিগণ ইহাকে কূর্ম্মাসন বলেন ॥ ২৪ ॥

পদ্মাসনন্তু সংস্থাপ্য জানূর্ব্বোরন্তরে করৌ।
নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য ব্যোমস্থং কুক্কুটাসনম্ ॥ ২৫ ॥

কুক্কুটাসনমাহ পদ্মাসনমিতি। পদ্মাসনং তু উর্ব্বোরুপরি উত্তানচরণস্থাপনরূপং সম্যক্ স্থাপয়িত্বা। জানুপদেন জানুসন্নিহিতো জঙ্ঘাপ্রদেশঃ। তচ্চ উরুশ্চ জানূরু তয়োরন্তরে মধ্যে করৌ নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য। করাবিত্যত্রাপি সম্বধ্যতে। ব্যোমস্থং খস্থং পদ্মাসনসদৃশং যত্তৎকুক্কুটাসনং ॥ ২৫ ॥

এইক্ষণ কুক্কুটাসন নিরূপণ করিতেছেন। উভয় উরুর উপরি উত্তান চরণদ্বয় স্থাপনপূর্ব্বক পদ্মাসনবৎ আসন বদ্ধ করিবে এবং উরুদ্বয় ও জানুদ্বয়ের মধ্যে করদ্বয় প্রবেশিত করিয়া সেই করদ্বয় ভূমিতে স্থাপনপূর্ব্বক সেই ভূমিগত করদ্বয়ের উপরি নির্ভর করিয়া শূন্যে অবস্থিতি করিবে, এইরূপ অবস্থান করিলেই কুক্কুটাসন হয় ॥ ২৫ ॥

কুক্কুটাসনবন্ধস্থো দোর্ভ্যাং সম্বধ্য কন্ধরাম্।
ভবেৎ কূর্ম্মবদুত্তান এতদুত্তানকূর্ম্মকম্ ॥ ২৬ ॥

উত্তানকূর্ম্মাসনমাহ। কুক্কুটাসনেতি কুক্কুটাসনস্য যো বন্ধঃ পূর্ব্বশ্লোকোক্তস্তস্মিন্ স্থিতঃ দোর্ভ্যাং বাহুভ্যাং কন্ধরাং গ্রীবাং সম্বধ্য কূর্ম্মবদুত্তানো যস্মিন্ ভবেদেতদাসনমুত্তানকূর্ম্মকং নাম ॥ ২৬ ॥

অনন্তর উত্তানকুক্কুটাসনের লক্ষণ কথিত হইতেছে। পূর্ব্ববৎ কুক্কুটাসনে অবস্থিতি করিয়া বাহুদ্বয়দ্বারা গ্রীবাদেশ আবদ্ধ করিবে। এইরূপ করিয়া কূর্ম্মের ন্যায় উত্তানভাবে অবস্থিত হইলেই উত্তানকুক্কুটাসন হয় ॥ ২৬ ॥

পাদাঙ্গুষ্ঠৌ তু পাণিভ্যাং গৃহীত্বা শ্রবণাবধি।
ধনুরাকর্ষণং কুর্য্যাদ্ধনুরাসনমুচ্যতে ॥ ২৭ ॥

ধনুরাসনমাহ পাদাঙ্গুষ্ঠৌ ত্বিতি। পাণিভ্যাং পাদয়োরঙ্গুষ্ঠৌ গৃহীত্বা শ্রবণাবধি কর্ণপর্য্যন্তং ধনুষ আকর্ষণং যথা ভবতি তথা কুর্য্যাৎ। গৃহীতাঙ্গুষ্ঠমেকং পাণিং প্রসারিতং কৃত্বা গৃহীতাঙ্গুষ্ঠমিতরং পাণিং কুর্য্যাদিত্যর্থঃ। এতদ্ধনুরাসনমুচ্যতে ॥ ২৭ ॥

অতঃপর ধনুরাসন নিরূপণ করিতেছেন. দুই হস্তদ্বারা দুই পাদের অঙ্গুষ্ঠ গ্রহণ করিয়া কর্ণপর্য্যন্ত আকুঞ্চিত করিবে, এইরূপ করিলে ধনুরাকার হয়, অতএব এইরূপ আসনকে ধনুরাসন কহে ॥ ২৭ ॥

বামোরুমূলার্পিতদক্ষপাদং জানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাদম্। প্রগৃহ্য তিষ্ঠেৎ পরিবর্ত্তিতাঙ্গঃ শ্রীমৎস্যনাথোদিতমাসনং স্যাৎ ॥ ২৮ ॥

মৎস্যেন্দ্রাসনমাহ। বামোরুমূলেঽর্পিতঃ স্থাপিতো যো দক্ষপাদঃ তৎসংপ্রদায়াৎ পৃষ্ঠদেশগতবামপাণিনা গুল্ফস্যোপরিভাগে পরিগৃহ্য। জানোর্দ্দক্ষিণপাদজানোর্ব্বহিঃপ্রদেশে বেষ্টিতবামপাদস্তং বামপাদজানোর্ব্বহির্ব্বেষ্টিতদক্ষিণপাণিনাঙ্গুষ্ঠে প্রগৃহ্য পরিবর্ত্তিতাঙ্গঃ বামভাগেন পৃষ্ঠতো মুখং যথা স্যাদেবং পরিবর্ত্তিতং পরাবর্ত্তিতমঙ্গং যেন স তথা তাদৃশো যত্র তিষ্ঠেৎ স্থিতিং কুর্য্যাত্তদাসনং মৎস্যেন্দ্রনাথোদিতং কথিতং স্যাৎ। তদুদিতত্বাত্তন্নামকমেব বদন্তি। এবং দক্ষোরুমূলার্পিতবামপাদং পৃষ্ঠতোগতদক্ষিণপাণিনা প্রগৃহ্য বামজানোর্ব্বহির্ব্বেষ্টিতদক্ষপাদং দক্ষিণপাদজানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাণিনা প্রগৃহ্য দক্ষভাগেন পৃষ্ঠতো মুখং যথা স্যাদেবং পরিবর্ত্তিতাঙ্গশ্চাভ্যসেৎ ॥ ২৮ ॥

এইক্ষণ মৎস্যেন্দ্রাসন কথিত হইতেছে। বামোরুর মূলদেশে দক্ষিণপাদমূল স্থাপনপূর্ব্বক পৃষ্ঠদেশগত দক্ষিণ হস্তদ্বারা দক্ষিণপাদের গুল্ফের উপরিভাগ ধারণ করিবে, অনন্তর দক্ষিণপাদ জানুর বাহ্যপ্রদেশে বামপাদ বেষ্টিত করিয়া বামজানুর বামপাদের বহিঃপ্রদেশে বেষ্টিত দক্ষিণ হস্তদ্বারা পূর্ব্ব পরিবেষ্টিত বামপাদের অঙ্গুষ্ঠপ্রদেশ গ্রহণপূর্ব্বক বামভাগে মুখ পরিবর্ত্তন করিয়া পৃষ্ঠদেশে স্থাপন করিবে। এইরূপে অবস্থিত হইলে যে আসন হয়, তাহাকে যোগিগণ মৎস্যেন্দ্রাসন বলেন। পরমযোগী মৎস্যেন্দ্রনাথ এই আসন আবিষ্কার করিয়াছিলেন, এইনিমিত্ত এই আসনকে মৎস্যেন্দ্রাসন বলা যায়, এইরূপে দক্ষিণ উরুর মূলদেশে বামপাদ স্থাপন করিয়া পৃষ্ঠদেশগত বামহস্তদ্বারা সেই বামপাদের গুল্ফের উপরিভাগ ধারণ করিবে এবং বামজানুর বহিঃপ্রদেশে দক্ষিণপাদ পরিবেষ্টিত করিয়া দক্ষিণজানুর বহিঃপ্রদেশে পরিবেষ্টিত বাম হস্তদ্বারা পূর্ব্ব পরিবেষ্টিত দক্ষিণপাদের অঙ্গুষ্ঠ ধারণপূর্ব্বক দক্ষিণভাগে মুখপরিবর্ত্তিত করিয়া পৃষ্ঠভাগে স্থাপন করিতে হইবে। এইরূপ আসনকে মৎস্যেন্দ্রাসন বলা যায় ॥ ২৮ ॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

মৎস্যেন্দ্রপীঠং জঠরপ্রদীপ্তিং প্রচণ্ডরুগ্মণ্ডলখণ্ডনাস্ত্রম্। অভ্যাসতঃ কুণ্ডলিনীপ্রবোধং চন্দ্রস্থিরত্বঞ্চ দদাতি পুংসাম্ ॥ ২৯ ॥

মৎস্যেন্দ্রাসনস্য ফলমাহ। মৎস্যেন্দ্রেতি প্রচণ্ডং দুঃসহং রুজাং রোগাণাং মণ্ডলং সমূহঃ তস্য খণ্ডনে ছেদনে অস্ত্রমস্ত্রমিব তাদৃশং মৎস্যেন্দ্রপীঠং মৎস্যেন্দ্রাসনং অভ্যাসতঃ প্রত্যহমাবর্ত্তনরূপাদভ্যাসাৎ পুংসাং জঠরস্য জঠরাগ্নেঃ প্রকৃষ্টাং দীপ্তিং বৃদ্ধিং দদাতি। তথা কুণ্ডলিন্যা আধারশক্তেঃ প্রবোধং নিদ্রাভাবং তথা চন্দ্রস্য তালুন উপরিভাগে স্থিতস্য নিত্যং ক্ষরতঃ স্থিরত্বং ক্ষরণাভাবঞ্চ দদাতীত্যর্থঃ ॥ ২৯ ॥

যে যোগসাধক ব্যক্তি প্রতিদিন পূর্ব্বোক্ত মৎস্যেন্দ্রাসন অভ্যাস করে, তাহার জঠরাগ্নি প্রদীপ্ত হয়, দুঃসহ রোগসকল শীঘ্র বিনাশ পায়, কুণ্ডলিনী শক্তির প্রবোধ জন্মে এবং সেই সাধকের কখনও নিদ্রার আবির্ভাব হয় না, আর চন্দ্র যে তালুর উপরি থাকিয়া নিয়ত অমৃতক্ষরণ করিয়া থাকেন, উক্ত সাধকের পক্ষে তাহাও নিবারিত হইয়া যায় ॥ ২৯ ॥

প্রসার্য্য পাদৌ ভুবি দণ্ডরূপৌ দোর্ভ্যাং পদাগ্রদ্বিতয়ং গৃহীত্বা। জানূপরি ন্যস্তললাটদেশো বসেদিদং পশ্চিমতানমাহুঃ ॥ ৩০ ॥

পশ্চিমতানাসনমাহ—প্রসার্য্যেতি। ভুবি ভূমৌ দণ্ডস্য রূপমিব রূপং যয়োস্তৌ দণ্ডাকারৌ শ্লিষ্টগুল্ফৌ প্রসার্য্য প্রসারিতৌ কৃত্বা দোর্ভ্যামাকুঞ্চিততর্জ্জনীভ্যাং ভুজাভ্যাং পদোঃ পাদয়োশ্চাগ্রেঽগ্রভাগৌ তয়োর্দ্বিতয়ং দ্বয়মঙ্গুষ্ঠপ্রদেশযুগ্মং বলাদাকর্ষণপূর্ব্বকং যথা জান্বধোভাগস্য ভূমেরুত্থানং ন স্যাত্তথা গৃহীত্বা জানোরুপরি ন্যস্তো ললাটদেশো যেন তাদৃশো যত্র বসেৎ। ইদং পশ্চিমতাননামকমাসনমাহুঃ ॥ ৩০ ॥

এইক্ষণ পশ্চিমতানাসন কহিতেছেন। পাদদ্বয়কে ভূমিতে দণ্ডাকারে স্থাপন করিয়া হস্তদ্বয়ের উভয় তর্জনী আকুঞ্চিত করত তদ্দ্বারা পাদদ্বয়ের অগ্রভাগ অর্থাৎ অঙ্গুষ্ঠদ্বয় ধারণ করিবে এবং জানুর উপরি ললাট স্থাপন করিতে হইবে। এইরূপ আসনকে পশ্চিমতানাসন কহে ॥ ৩০ ॥

ইতি পশ্চিমতানমাসনাগ্র্যং পবনং পশ্চিমবাহিনং করোতি। উদয়ং জঠরানলস্য কুর্য্যাদুদরে কার্য্যমরোগতাঞ্চ পুংসাম্ ॥ ৩১ ॥

অথ তৎফলমাহ ইতীতি। ইতি পূর্ব্বোক্তমাসনেষ্বগ্র্যং মুখ্যং পশ্চিমতানং পবনং প্রাণং পশ্চিমবাহিনং পশ্চিমেন পশ্চিমমার্গেণ সুষুম্নামার্গেণ বহতীতি পশ্চিমবাহী তং তাদৃশং করোতি। জঠরানলস্য জঠরে যোঽনলোঽগ্নিস্তস্যোদয়ং বৃদ্ধিং কুর্য্যাৎ। উদরে মধ্যপ্রদেশে কার্শ্যং কৃশত্বং কুর্য্যাৎ অরোগতামারোগ্যং চকারান্নাড়ীবলনাদিসাম্যং কুর্য্যাৎ ॥ ৩১ ॥

পশ্চিমতানাসন অভ্যাসকরিলে সাধকের যেরূপ ফল হয়, এইক্ষণ তাহাই কথিত হইতেছে। যে ব্যক্তি পশ্চিমতাননামক আসন অভ্যাস করে, তাহার প্রাণবায়ু সুষুম্না নাড়ীদ্বারা প্রবাহিত হইতে থাকে, উদরস্থিত অগ্নি বৃদ্ধি পায়, উদরের মধ্যভাগ কৃশ হয় এবং সর্ব্বপ্রকার রোগের বিনাশ হইয়া থাকে ॥ ৩১ ॥

ধরামবষ্টভ্য করদ্বয়েন তৎকূর্পরস্থাপিতনাভিপার্শ্বঃ। উচ্চাসনো দণ্ডবদুত্থিতঃ স্যান্ময়ূরমেতৎ প্রবদন্তি পীঠম্ ॥ ৩২ ॥

অথ ময়ূরাসনমাহ—ধরামিতি। করদ্বয়েন করয়োর্দ্বয়ং যুগ্মং তেন ধরাং ভূমিং অবষ্টভ্যাবলম্ব্য প্রসারিতাঙ্গুলী ভূমিসংলগ্নতলৌ সন্নিহিতৌ করৌ কৃত্বেত্যর্থঃ। তস্য করদ্বয়স্য কূর্পরয়োর্ভুজমধ্যসন্ধিভাগয়োঃ স্থাপিতে ধৃতে নাভেঃ পার্শ্বে পার্শ্বভাগৌ যেন সঃ। উচ্চাসনঃ উচ্চমুন্নতমাসনং যস্যৈতাদৃশঃ থে শূন্যে দণ্ডবদ্দণ্ডেন তুল্যমুত্থিত ঊর্দ্ধং স্থিতো যত্র ভবতি। তন্ময়ূরং ময়ূরস্যেদং তৎসম্বন্ধিত্বাত্তন্নামকং প্রবদন্তি যোগিনঃ ইতি শেষঃ ॥ ৩২ ॥

এইক্ষণ ময়ূরাসন কথিত হইতেছে। হস্তদ্বয়ের অঙ্গুলিসকল প্রসারণ করিয়া সেই সকল অঙ্গুলি দ্বারা ভূমি অবলম্বনপূর্ব্বক সেই হস্তদ্বয়ের মধ্য সন্ধিভাগ (কনুই) নাভিকূপের উভয় পার্শ্বে স্থাপন করিবে এবং দণ্ডবদ্ভাবে উত্থিত হইয়া উচ্চাসনে উপবেশ করিবে। যোগিগণ এইরূপ আসনকে ময়ূরাসন বলিয়া থাকেন ॥ ৩২ ॥

হরতি সকলরোগানাশু গুল্মোদরাদীনভিভবতি চ দোষানাসনং শ্রীময়ূরম্। বহু কদশনভুক্তং ভস্ম কুর্য্যাদশেষং জনয়তি জঠরাগ্নিং জারয়েৎকালকূটম্ ॥ ৩৩ ॥

ময়ূরাসনগুণানাহ—হরতীতি। গুল্মো রোগবিশেষঃ উদরং জলোদরং তে আদী যেষাং প্লীহাদীনাং তে তথা তান্ সকলরোগান্ সকলা যে রোগাস্তানাশু ঝটিতি হরতি নাশয়তি। শ্রীময়ূরমাসনমিতি সর্ব্বত্র সম্বধ্যতে। দোষান্ বাতপিত্তকফানালস্যাদীংশ্চাভিভবতি তিরস্করোতি বহ্বতিশয়িতং কদশনং কদন্নং যদ্ভুক্তং তদশেষং সমস্তং ভস্ম কুর্য্যাৎ পাচয়েদিত্যর্থঃ। জঠরাগ্নিং জঠরানলং জনয়তি প্রাদুর্ভাবয়তি। কালকূটং বিষং কালকূটবদপকারকান্নং পরস্তং জারয়েজ্জীর্ণং কুর্য্যাৎ পাচয়েদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

ময়ূরাসন অভ্যাস করিলে সাধকের অনেক প্রকার ফল হইয়া থাকে, যথা—যে সাধক ময়ূরাসন অভ্যাস করে, তাহার গুল্ম, জলোদর, প্লীহা প্রভৃতি সকলপ্রকার ঔদরিক রোগ শীঘ্র বিনাশ পায়, বায়ু, পিত্ত ও কফদোষ বিনষ্ট হয় ও শরীরে আলস্য থাকে না। আর ময়ূরাসন সাধন করিয়া সাধক বহুপরিমাণে কদন্ন ভোজন করিলেও তাহা সম্যক্ পরিপাক হইয়া থাকে, উদরাগ্নির প্রাদুর্ভাব বৃদ্ধি পায়, সেই ব্যক্তি কালকূট অর্থাৎ বিষবৎ অনিষ্টকর দ্রব্য ভোজন করিলেও তাহা জীর্ণ হইয়া যায় ॥ ৩৩ ॥

উত্তানং শববদ্ভূমৌ শয়নং তচ্ছবাসনম্।
শবাসনং শ্রান্তিহরং চিত্তবিশ্রান্তিকারকম্ ॥ ৩৪ ॥

শবাসনমাহার্দ্ধেন উত্তানমিতি। শবেন মৃতশরীরেণ তুল্যং শববদুত্তানং ভূমিসংলগ্নং পৃষ্ঠং যথা স্যাত্তথা শয়নং নিদ্রায়ামিব সন্নিবেশো যত্তচ্ছবাসনং শবাখ্যমাসনং। শবাসনপ্রয়োজনমাহ উত্তরার্দ্ধেন শবাসনং শ্রান্তিহরং হঠাভ্যাসশ্রমং হরতীতি শ্রান্তিহরং চিত্তস্য বিশ্রান্তির্ব্বিশ্রামস্তস্যাঃ কারকং ॥ ৩৪ ॥

এইক্ষণ শবাসন কথিত হইতেছে। উত্তানভাবে ভূতলে শবের ন্যায়

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

শয়ন করিয়া থাকিলেই শবাসন হয়, অর্থাৎ উক্তরূপ শয়নকেই শবাসন বলা যায়। এই আসন সাধন করিয়া সিদ্ধ হইলে হঠযোগ সাধনে সাধকের যে পরিশ্রম হয়, তাহা নিবৃত্তি পায় এবং চিত্তে বিশ্রামজনিত সুখলাভ হইতে থাকে॥ ৩৪॥

চতুরশীত্যাসনানি শিবেন কথিতানি চ।
তেভ্যশ্চতুষ্কমাদায় সারভূতং ব্রবীম্যহম্॥ ৩৫॥

বক্ষ্যমাণাসনচতুষ্টয়স্য শ্রেষ্ঠত্বং বদন্নাহ চতুরশীতীতি। শিবেনেশ্বরেণ চতুরধিকাশীতিসংখ্যকান্যাসনানি কথিতানি চকারাচ্চতুরশীতিলক্ষণানি চ। তদুক্তং গোরক্ষনাথেন। আসনানি চ তাবন্তি যাবন্তো জীবজাতয়ঃ। এতেষামখিলান্ ভেদান্ বিজানাতি মহেশ্বরঃ। চতুরশীতিলক্ষাণি একৈকং সমুদাহৃতং। ততঃ শিবেন পীঠানাং ষোড়শোনং শতং কৃতমিতি। তেভ্যঃ শিবোক্তচতুরশীতিলক্ষাসনানাং মধ্যে প্রশস্তানি যানি চতুরশীত্যাসনানি তেভ্য আদায় গৃহীত্বা সারভূতং শ্রেষ্ঠভূতং চতুষ্কমহং ব্রবীমীত্যন্বয়ঃ॥ ৩৫॥

পরে সিদ্ধাসনাদি চতুর্ব্বিধ আসন কথিত হইবে, এই শ্লোকে সেই আসন চতুষ্টয়ের শ্রেষ্ঠতা বলিতেছেন। পরম যোগী শিব চতুরশীতি প্রকার আসন ও তাহাদিগের লক্ষণ কহিয়াছেন। আর শিব যে চতুরশী লক্ষ সংখ্যক আসন বলিয়াছেন, তাহারও প্রমাণ আছে। গোরক্ষ সংহিতার লিখিত প্রমাণে জানা যায় যে, জগতে জীবের সংখ্যা যত, আসনের সংখ্যাও তত। একমাত্র শিবই ঐ সকল আসনের ভেদ জানেন। ঐ চতুশীতি লক্ষ আসনের মধ্যে চতুরশীতি আসন প্রশস্ত, ইহাদিগের মধ্যে আবার আসন-চতুষ্টয় সর্ব্বপ্রধান। সেই সারভূত চারিপ্রকার আসনেরই লক্ষণ কথিত হইবে॥ ৩৫॥

সিদ্ধং পদ্মং তথা সিংহং ভদ্রং চেতি চতুষ্টয়ম্।
শ্রেষ্ঠং তত্রাপি চ সুখে তিষ্ঠেৎ সিদ্ধাসনে সদা॥ ৩৬॥

তদেব চতুষ্কং নাম্না নির্দ্দিশতি সিদ্ধমিতি। সিদ্ধং সিদ্ধাসনং পদ্মং পদ্মাসনং সিংহং সিংহাসনং ভদ্রং ভদ্রাসনং ইতি চতুষ্টয়ং শ্রেষ্ঠমতিশয়েন প্রশস্তং। তত্রাপি চতুষ্টয়ে সুখে সুখকরে সিদ্ধাসনে সদা তিষ্ঠেৎ। এতেন সিদ্ধাসনং চতুষ্টয়েপ্যুৎকৃষ্টমিতি সূচিতং॥ ৩৬॥

পূর্ব্বে যে আসনচতুষ্টয়ের শ্রেষ্ঠতা বলিয়াছেন, এইক্ষণ সেই সকল আসনের নাম নির্দ্দেশ করিতেছেন। সিদ্ধাসন, পদ্মাসন, সিংহাসন ও ভদ্রাসন। এই চারিপ্রকার আসনই সর্ব্বশ্রেষ্ঠ, এই চারি প্রকার আসনের মধ্যেও আবার সিদ্ধাসন সাধকের পক্ষে অতি সুখকর; এই নিমিত্ত যোগসাধনকামী ব্যক্তি সদাকাল সিদ্ধাসনে উপবেশন করিবে, ইহাতেই সিদ্ধাসনের সর্ব্বপ্রধান্য জানা যাইতেছে॥ ৩৬॥

যোনিস্থানকমঙ্ঘ্রিমূলঘটিতং কৃত্বা দৃঢ়ং বিন্যসেন্মেঢ্রে পাদমথৈকমেব হৃদয়ে কৃত্বা হনুং সুস্থিরম্। স্থাণুঃ সংযমিতেন্দ্রিয়োঽচলদৃশা পশ্যেদ্ভ্রুবোরন্তরং হ্যেতন্মোক্ষকপাটভেদজনকং সিদ্ধাসনং প্রোচ্যতে॥ ৩৭॥

আসনচতুষ্টয়েপ্যুৎকৃষ্টত্বাৎ প্রথমং সিদ্ধাসনমাহ যোনিস্থানকমিতি। যোনিস্থানমেব যোনিস্থানকং স্বার্থে কপ্রত্যয়ঃ। গুদোপস্থয়োর্ম্মধ্যপ্রদেশে পদং যোনিস্থানকং তৎ। অঙ্ঘ্রির্ব্বামশ্চণস্তস্য মূলেন পার্ষ্ণিভাগেন ঘটিতং সংলগ্নং কৃত্বা স্থানান্তরং একং পাদং দক্ষিণং পাদং মেঢ্রেন্দ্রিয়স্যোপরিভাগে দৃঢ়ং যথা স্যাত্তথা বিন্যসেৎ। হৃদয়ে হৃদয়সমীপে হনুং চিবুকং সুস্থিরং সম্যক্ স্থিরং কৃত্বা হনুহৃদয়য়োশ্চতুরঙ্গুলমন্তরং যথা ভবতি তথা কৃত্বেতি রহস্যং। সংযমিতানি বিষয়েভ্যঃ পরাবৃত্তানীন্দ্রিয়াণি যেন স তথা। অচলা যা দৃক্ দৃষ্টিস্তথা ভ্রুবোরন্তরং মধ্যং পশ্যেৎ। হি প্রসিদ্ধং মোক্ষস্য যৎ-কপাটং প্রতিবন্ধকং তস্য ভেদং নাশং জনয়তীতি তাদৃশং সিদ্ধানাং যোগিনাং। আস্তেঽত্রাস্যতেঽনেনেতি বা আসনং সিদ্ধাসননামকমিদং ভবেদিত্যর্থঃ॥ ৩৭॥

পূর্ব্বে যে চারিপ্রকার আসনের নাম উল্লেখ করা হইয়াছে, তাহাদিগের মধ্যে সিদ্ধাসনই শ্রেষ্ঠ, অতএব প্রথমে সিদ্ধাসন কথিত হইতেছে। গুহ্য-দ্বার ও উপস্থ এই দুইস্থানের মধ্যভাগের নাম যোনিদেশ, এই যোনিদেশে বাম পাদ সংলগ্ন করিয়া মেঢ্রদেশের উপরিভাগে দৃঢ়রূপে সংযুক্ত করিবে। তৎপরে চিবুক হৃদয়ের উপরি সুস্থির করিয়া রাখিবে, অর্থাৎ চিবুক ও হৃদয় ইহাদিগের মধ্যে যেন চারি অঙ্গুলি অন্তর থাকে এইরূপ করিতে হইবে। পরে ইন্দ্রিয় সকলকে আপন আপন বিষয় হইতে নিবারিত করিয়া নিশ্চল নেত্রে ভ্রূদ্বয়ের মধ্যভাগ অবলোকন করিতে থাকিবে। যোগিগণ এইরূপ উপবেশনকে সিদ্ধাসন বলিয়া থাকেন। এই আসন সাধন করিলে মোক্ষ লাভের প্রতিবন্ধক সকল বিনাশ পায়॥ ৩৭॥

মতান্তরেতু—
মেঢ্রাদুপরি বিন্যস্য সব্যং গুল্ফং তথোপরি।
গুল্ফান্তরঞ্চ নিক্ষিপ্য সিদ্ধাসনমিদং ভবেৎ॥ ৩৮॥

মৎস্যেন্দ্রসম্মতং সিদ্ধাসনমুক্ত্বান্যসম্মতং বক্তুমাহ মতান্তরে ত্বিতি। তদেব দর্শয়তি মেঢ্রাদিতি। মেঢ্রাদুপস্থাদুপর্যূর্দ্ধভাগে সব্যং বামগুল্ফং। চ বিন্যস্য তথা সব্যবদুপরি মুখ্যপাদস্যোপরি ন তু সব্যগুল্ফস্য। গুল্ফান্তরং দক্ষিণগুল্ফং চ নিক্ষিপ্য বসেদিতি শেষঃ। ইদং সিদ্ধাসনং মতান্তরাভিমতমিত্যভেদ ইত্যর্থঃ॥ ৩৮॥

পূর্ব্বে যে সিদ্ধাসন উক্ত হইল, এইরূপ সিদ্ধাসন মৎস্যেন্দ্রসম্মত। অপর প্রকার সিদ্ধাসন এই;— উপস্থ দেশের উপরিভাগে বামপাদের মূল স্থাপন করিয়া বামপাদের উপরি দক্ষিণপাদের মূল স্থাপনকরিবে। এইরূপ আসনের নাম সিদ্ধাসন॥ ৩৮॥

এতৎসিদ্ধাসনং প্রাহুরন্যে বজ্রাসনং বিদুঃ।
মুক্তাসনং বদন্ত্যেকে প্রাহুর্গুপ্তাসনং পরে॥ ৩৯॥

তত্র প্রথমং মহাসিদ্ধসম্মতমিতি স্পষ্টীকর্ত্তুমস্যৈব মতভেদান্নামভেদানাহ এতদিতি। এতৎ পূর্ব্বোক্তং সিদ্ধাসনং সিদ্ধাসননামকং প্রাহুঃ। কেচিদিত্যধ্যাহারঃ। অন্যে বজ্রাসনং বজ্রাসনসংজ্ঞকং বিদুঃ জানন্তি। একে মুক্তাসনং মুক্তাসনাভিধং বদন্তি। পরে গুপ্তাসনং গুপ্তাসনাখ্যং প্রাহুঃ। অত্রাসনাভিজ্ঞাঃ। যত্র বামপাদপার্ষ্ণিং যোনিস্থানে নিযোজ্য দক্ষিণপাদপার্ষ্ণিং মেঢ্রাদুপরি স্থাপ্যতে তৎ সিদ্ধাসনং। যত্র বামপাদপার্ষ্ণিং

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যোনিস্থানে নিযোজ্য দক্ষিণপাদপার্ষ্ণিং মেঢ্রাদুপরি স্থাপ্যতে তদ্বজ্রাসনং যত্র তু দক্ষিণসব্যপার্ষ্ণিদ্বয়মুপর্য্যধোভাগেন সংযোজ্য যোনিস্থানে সংযোজ্যতে তন্মুক্তাসনং। যত্র চ পূর্ব্ববৎ সংযুক্তং পার্ষ্ণিদ্বয়ং মেঢ্রাদুপরি নিধীয়তে তদ্‌গুপ্তাসনমিতি ॥ ৩৯ ॥

পূর্ব্বোক্ত সিদ্ধাসনের নানাপ্রকার নাম আছে, কেহ কেহ এই আসনকে সিদ্ধাসন বলে, অপর কেহ বা বজ্রাসন বলিয়া থাকেন, কোন কোন যোগীর মতে ইহার নাম মুক্তাসন, অন্য যোগিগণ এই আসনকে গুপ্তাসন বলিয়া থাকেন। উক্ত চারি প্রকার নামের বিশেষ আছে, যখন বামপাদমূল যোনিস্থানে স্থাপন করিয়া দক্ষিণপাদমূল উপস্থের উপরি স্থাপন করা যায়, তখনই ইহার সিদ্ধাসন নাম হয়। যখন দক্ষিণ পাদমূল যোনিস্থানে স্থাপন করিয়া বাম পাদমূল মেঢ্রদেশে রাখা যায়, তখন এই আসনকে বজ্রাসন বলিয়া থাকে। যখন উভয় পাদের মূলদেশ মেঢ্রের উপরি ও অধোভাগে স্থাপন করা যায়, তখন ইহাকে মুক্তাসন নামে কীর্ত্তন করে, আর যখন উভয় পাদমূল সংযুক্ত করিয়া মেঢ্রের উপরি স্থাপন করা যায়, তখন এই আসনকে গুপ্তাসন বলে ॥ ৩৯ ॥

যমেষ্বিব মিতাহারমহিংসাং নিয়মেষ্বিব।
মুখ্যং সর্ব্বাসনেষ্বেকং সিদ্ধাঃ সিদ্ধাসনং বিদুঃ ॥ ৪০ ॥

অথ সপ্তভিঃ শ্লোকৈঃ সিদ্ধাসনং প্রশংসন্তি। যমেষ্বিত্যাদিভিঃ। যমেষু মিতাহারমিব মিতাহারো বক্ষ্যমাণঃ সুস্নিগ্ধমধুরাহার ইত্যাদিনা। নিয়মেষু অহিংসামিব। সর্ব্বাণি যান্যাসনানি তেষু সিদ্ধাঃ একং সিদ্ধাসনং মুখ্যং বিদুরিতি সম্বন্ধঃ ॥ ৪০ ॥

সিদ্ধাসনসিদ্ধ যোগীর কি কি ইষ্ট সাধন হয়, পরবর্ত্তী সপ্তলোকে সেই সকল ফল বর্ণন করিতেছেন। যেমন সংযমের মধ্যে পরিতাহার এবং নিয়মের মধ্যে অহিংসা শ্রেষ্ঠ, সেইরূপ সকলপ্রকার আসনের মধ্যে সিদ্ধাসনকে শ্রেষ্ঠ বলিয়া জানিবে ॥ ৪০ ॥

চতুরশীতিপীঠেষু সিদ্ধমেব সদাভ্যসেৎ।
দ্বাসপ্ততিসহস্রাণাং নাড়ীনাং মলশোধনম্ ॥ ৪১ ॥

চতুরশীতীতি। চতুরধিকাশীতিসংখ্যকানি যানি পীঠানি তেষু সিদ্ধমেব সিদ্ধাসনমেব সদা সর্ব্বদা অভ্যসেৎ। সিদ্ধাসনস্য সদাভ্যাসে হেতুগর্ভং বিশেষণং দ্বাসপ্ততিসহস্রাণাং নাড়ীনাং মলশোধনং শোধকং ॥ ৪১ ॥

চতুরশীতি প্রকার আসনের মধ্যে এই সিদ্ধাসনের অভ্যাসকরা যোগিগণের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। সর্ব্বদা যাহারা সিদ্ধাসন অভ্যাসকরে, তাহাদিগের শরীরস্থ দ্বিসপ্ততি সহস্র নাড়ীর মলবিশোধন হইয়া থাকে ॥ ৪১ ॥

আত্মধ্যায়ী মিতাহারী যাবৎ দ্বাদশবৎসরম্।
সদা সিদ্ধাসনাভ্যাসাদ্‌যোগী নিষ্পত্তিমাপ্নুয়াৎ ॥ ৪২ ॥

আত্মধ্যায়ীতি। আত্মানং ধ্যায়তীত্যাত্মধ্যায়ী মিতাহারোঽস্যাস্তীতি মীতাহারী যাবন্তো দ্বাদশবৎসরাঃ যাবদ্দ্বাদশবৎসরং। যাবদবধারণ ইত্যব্যয়ীভাবঃ সমাসঃ। দ্বাদশবৎসরপর্য্যন্তমিত্যর্থঃ। সদা সর্ব্বদা সিদ্ধাসনস্যাভ্যাসাদ্‌যোগী যোগাভ্যাসী নিষ্পত্তিং যোগসিদ্ধিমাপ্নুয়াৎ প্রাপ্নুয়াৎ যোগান্তরাভ্যাসমন্তরেণ সিদ্ধাসনাভ্যাসমাত্রেণ সিদ্ধিং প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ৪২ ॥

যে কোন যোগী পরিমিত আহার করিয়া পরমাত্মচিন্তনপুরঃসর দ্বাদশ বৎসর এই সিদ্ধাসন অভ্যাস করে, তাহার যোগসিদ্ধি হইয়া থাকে। সিদ্ধাসন অভ্যাস করিলে অন্য কোন যোগ সাধন না করিলেও তাহার যোগ সাধনের ফললাভ হয় ॥ ৪২ ॥

কিমন্যৈর্ব্বহুভিঃ পীঠৈঃ সিদ্ধে সিদ্ধাসনে সতি।
প্রাণানিলে সাবধানে বদ্ধে কেবলকুম্ভকে ॥ ৪৩ ॥

কিমন্যৈরিতি। সিদ্ধাসনে সিদ্ধে সত্যন্যৈর্ব্বহুভিঃ পীঠৈরাসনৈঃ কিং ন কিমপীত্যর্থঃ সাবধানে প্রাণানিলে প্রাণবায়ৌ কেবলকুম্ভকে বদ্ধে সতি ॥ ৪৩ ॥

যাহাঁরা সিদ্ধাসন সাধনকরিয়া সিদ্ধি লাভ করিয়াছেন, তাঁহাদের অন্য কোন আসন সাধন করিতে হয় না। পূরক ও রেচক না করিয়া কেবল কুম্ভক সাধনপূর্ব্বক, প্রাণবায়ু ধারণ করিতে পারিলেই সর্ব্বকার্য্য সুসিদ্ধ হয় ॥ ৪৩ ॥

উৎপদ্যতে নিরায়াসাৎ স্বয়মেবোন্মনী কলা।
তথৈকস্মিন্নেব দৃঢ়ে সিদ্ধে সিদ্ধাসনে সতি।
বন্ধত্রয়মনায়াসাৎ স্বয়মেবোপজায়তে ॥ ৪৪ ॥

উন্মনী উন্মন্যবস্থা সা কলেবাহ্লাদকত্বাচ্চন্দ্রলেখেব নিরায়াসাদনায়াসাৎ স্বয়মেবোৎপদ্যত উদেতি। তথেতি। তথোক্তপ্রকারেণৈকস্মিন্নেব সিদ্ধে দৃঢ়ে বদ্ধে সতি বন্ধত্রয়ং মূলবন্ধোড্ডীয়ানবন্ধজালন্ধরবন্ধরূপমনায়াসাৎ। পার্ষ্ণির্মার্গেণ সম্পীড্য যোনিমাকুঞ্চয়েদ্রুতমিত্যাদিবক্ষ্যমাণমূলবন্ধাদিদ্বারাসন্তং বিনৈব স্বয়মেবোপজায়তে স্বত এবোৎপদ্যত ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

যে যোগী কেবল সিদ্ধাসন মাত্র সাধন করিয়া সিদ্ধিলাভ করিয়াছেন, তাঁহার আহ্লাদ দায়িনী উন্মনী অবস্থা উপস্থিত হয়, অর্থাৎ, তাঁহার চিত্তে সর্ব্বদাই সন্তোষ থাকে, কখনও তাহার কোন অসুখ বোধ হয় না, আর এই সিদ্ধাসনে সিদ্ধ হইতে পারিলে তাহার অনায়াসে মূলবন্ধ, জালন্ধর বন্ধ ও উড্ডীয়ান বন্ধ এই ত্রিবিধ বন্ধ সিদ্ধ হয় ॥ ৪৪ ॥

নাসনং সিদ্ধসদৃশং ন কুম্ভঃ কেবলোপমঃ।
ন খেচরী সমা মুদ্রা ন নাদসদৃশো লয়ঃ ॥ ৪৫ ॥

নাসনমিতি। সিদ্ধেন সিদ্ধাসনেন সদৃশমাসনং নাস্তীতি শেষঃ। কেবলেন কেবলকুম্ভকেনোপমীয়ত ইতি কেবলোপমঃ কুম্ভকো নাস্তি। খেচরীমুদ্রাসমা মুদ্রা নাস্তি নাদসদৃশো লয়ো লয়হেতুর্নাস্তি ॥ ৪৫ ॥

সিদ্ধাসন সকলপ্রকার আসনের মধ্যে প্রধান, ঐরূপ আসন আর নাই। কেবল কুম্ভক সর্ব্ববিধ কুম্ভকের শ্রেষ্ঠ, ইহার তুল্য কুম্ভক নাই, খেচরীমুদ্রাই মুদ্রা প্রধান, এই মুদ্রার তুল্য মুদ্রা নাই এবং নাদের মধ্যে লয়ই সর্ব্বপ্রধান এইরূপ লয় অর্থাৎ পরমাত্মাতে লয় হইবার অন্য কারণ নাই ॥ ৪৫ ॥

অথ পদ্মাসনং।

বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামং তথা
দক্ষোরূপরি পশ্চিমেন বিধিনা ধৃত্বা করাভ্যাং দৃঢ়ম্।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

অঙ্গুষ্ঠৌ হৃদয়ে নিধায় চিবুকং নাসাগ্রমালোকয়েদেতদ্ব্যাধি-বিনাশকারি যমিনাং পদ্মাসনং প্রোচ্যতে ॥ ৪৬ ॥

যমাসনং বক্তুমুপক্রমতে। অথেতি পদ্মাসনমাহ বামোরূপরীতি। বামো য উরুস্তস্যোপরি দক্ষিণং। চকারঃ পাদপূরণে। সংস্থাপ্য সম্যগুত্তানং স্থাপয়িত্বা বামং সব্যং চরণং তথা দক্ষিণচরণবদ্দক্ষো দক্ষিণো য উরুস্তস্যোপরি সংস্থাপ্য পশ্চিমেন ভাগেন পৃষ্ঠভাগেনেতি। বিধির্ব্বিধানং করয়োরিত্যর্থাৎ। তেন করাভ্যাং হস্তাভ্যাং দৃঢ়ং যথা স্যাত্তথা পাদাঙ্গুষ্ঠৌ ধৃত্বা গৃহীত্বা। দক্ষিণং করং পৃষ্ঠতঃ কৃত্বা। বামোরুস্থিতদক্ষিণচরণাঙ্গুষ্ঠং গৃহীত্বা বামকরং পৃষ্ঠতঃ কৃত্বা। দক্ষিণোরুস্থিতবামচরণাঙ্গুষ্ঠং গৃহীত্বেত্যর্থঃ। হৃদয়ে হৃদয়সমীপে। সামীপিকাধারে সপ্তমী। চিবুকং হনুং নিধায়োরসশ্চতুরঙ্গুলান্তরে চিবুকং নিধায়েতি রহস্যং। নাসাগ্রং নাসিকাগ্রমালোকয়েৎ পশ্যেদ্যত্রৈতদ্যমিনাং যোগিনাং ব্যাধেব্বিনাশং করোতীতি ব্যাধিবিনাশকারি পদ্মাসনমেতন্নামকং প্রোচ্যতে সিদ্ধৈরিতি শেষঃ ॥ ৪৬ ॥

কিরূপে পদ্মাসন করিতে হয়, তাহা কহিতেছেন। বাম উরুর উপরি দক্ষিণপাদ উত্তানভাবে স্থাপনকরিয়া দক্ষিণ উরুর উপরি সেইরূপে বামপাদ স্থাপন করিতে হইবে। অনন্তর দক্ষিণহস্ত দক্ষিণভাগে পৃষ্ঠোপরি পরিবর্ত্তন করিয়া বামোরুর উপরিস্থ দক্ষিণপাদের অঙ্গুষ্ঠাগ্র গ্রহণ করিবে। এইরূপে বামহস্ত বামভাগে পৃষ্ঠোপরি পরিবর্ত্তন করিয়া বামপাদের অঙ্গুষ্ঠাগ্র ধারণ করিবে। তৎপরে বক্ষঃস্থলে চিবুক স্থাপন করিয়া অর্থাৎ বক্ষঃস্থল ও চিবুক ইহাদিগের মধ্যে চারি অঙ্গুল অন্তর থাকে, এইরূপে চিবুক রাখিয়া নিশ্চল নয়নে নাসিকার অগ্রভাগ দৃষ্টিকরিবে। এইরূপ করিলেই পদ্মাসন হয়। এই আসন সাধনকরিলে সাধকের সর্ব্বপ্রকার রোগ বিনাশ পায় ॥ ৪৬ ॥

উত্তানৌ চরণৌ কৃত্বা উরুসংস্থৌ প্রযত্নতঃ।
উরুমধ্যে তথোত্তানৌ পাণী কৃত্বা ততো দৃশৌ ॥৪৭॥
নাসাগ্রে বিন্যসেদ্রাজদন্তমূলে তু জিহ্বয়া।
উত্তম্ভ্য চিবুকং বক্ষস্যুত্থাপ্য পবনং শনৈঃ ॥ ৪৮ ॥

মৎস্যেন্দ্রনাথাভিমতং পদ্মাসনমাহ। উত্তানাবিতি। উত্তানৌ উরুসংলগ্নপৃষ্ঠভাগৌ চরণৌ পাদৌ প্রযত্নতঃ প্রকৃষ্টাদ্যত্নাদুরুসংস্থাবুর্ব্বোঃ সম্যক্ তিষ্ঠিত ইত্যুরুসংস্থৌ তাদৃশৌ কৃত্বা। উর্ব্বোর্ম্মধ্যে উরুমধ্যে। তথা চার্থে পাণী করাবুত্তানৌ কৃত্বা। উরুসংস্থোত্তানপাদোভয়পার্ষ্ণিসংলগ্নপৃষ্ঠং সব্যং পাণিমুত্তানং কৃত্বা তদুপরি দক্ষিণং পাণিং চোত্তানং কৃত্বেত্যর্থঃ। ততস্তদনন্তরং দৃশৌ দৃষ্টী ॥ ৪৭ ॥

নাসাগ্রে নাসিকাগ্রে বিন্যসেদ্বিশেষেণ নিশ্চলতয়া ন্যসেদিত্যর্থঃ। রাজদন্তানাং দংষ্ট্রানাং সব্যদক্ষিণভাগে স্থিতানাং মূলে উভে মূলস্থানে জিহ্বয়া উত্তম্ভ্য ঊর্দ্ধং স্তম্ভয়িত্বা। গুরুমুখাদবগন্তব্যোঽয়ং জিহ্বাবন্ধঃ চিবুকং বক্ষসি নিধায়েতি শেষঃ। শনৈর্ম্মন্দং মন্দং পবনং বায়ুমুত্থাপ্য। অনেন মূলবন্ধঃ প্রোক্তঃ। মূলবন্ধোঽপি গুরুমুখাদেবাবগন্তব্যঃ। বস্তুতস্তু জিহ্বাবন্ধেনৈবায়ং চরিতার্থ ইতি হঠরহস্যবিদঃ ॥ ৪৮ ॥

মৎস্যেন্দ্রনাথ যেরূপ পদ্মাসন নিরূপণ করিয়াছেন, তাহা এই—উত্তান পদদ্বয়কে উরুদ্বয়ের উপরি যত্নপূর্ব্বক স্থাপন করিয়া অর্থাৎ চরণদ্বয়ের পৃষ্ঠভাগ যেন উভয় উরুর উপরি সংলগ্ন হয়, এইরূপে পাদদ্বয় স্থাপনকরিয়া উভয় উরুর মধ্যভাগে উত্তান করদ্বয় স্থাপন করিতে হইবে। অর্থাৎ উভয় উরুর উপরি সংস্থাপিত পাদদ্বয়ের উভয় পার্ষ্ণিদেশে উত্তানভাবে বামহস্তের অঙ্গুলি সংযোজনপূর্ব্বক তদুপরি উত্তানভাবে দক্ষিণহস্ত স্থাপন করিবে, অনন্তর নেত্রদ্বয়কে অন্যান্য অবলম্বনভাবে নাসিকাগ্রে স্থাপন করিবে। তৎপর বামদক্ষিণভাগে অবস্থিত দন্তসকলের মূলে জিহ্বাদ্বারা ঊর্দ্ধস্তম্ভন করিয়া * বক্ষঃস্থলে চিবুক স্থাপনপূর্ব্বক ক্রমে ক্রমে বায়ু উত্থাপন করিবে †। ইহাকেই মৎস্যেন্দ্রসম্মত পদ্মাসন কহে ॥ ৪৭—৪৮ ॥

ইদং পদ্মাসনং প্রোক্তং সর্ব্বব্যাধিবিনাশনম্।
দুর্লভং যেন কেনাপি ধীমতা লভ্যতে ভুবি ॥ ৪৯ ॥

এবং যত্রাস্যতে তদিদং পদ্মাসনং পদ্মাসনাভিধানং প্রোক্তং। আসনজ্ঞৈরিতি শেষঃ। কীদৃশং সর্ব্বেষাং ব্যাধীনাং বিশেষণ নাশনং যেন কেনাপি ভাগ্যহীনেন দুর্লভং। ধীমতা ভুবি ভূমৌ লভ্যতে প্রাপ্যতে ॥৪৯॥

পূর্ব্বোক্তপ্রকারে উপবেশন করিলেই মৎস্যেন্দ্রসম্মত পদ্মাসন হইয়া থাকে। এই পদ্মাসন অভ্যাস করিলে সাধকের সর্ব্বপ্রকার রোগ বিনাশ পায়। ইহা সাধারণের পক্ষে অতি দুর্লভ, সুধীর সাধকেরাই এই আসন সাধনকরিয়া তাহার ফলভোগ করিয়া থাকেন ॥ ৪৯ ॥

কৃত্বা সংপুটিতৌ করৌ দৃঢ়তরং বদ্ধা তু পদ্মাসনং গাঢ়ং বক্ষসি সন্নিধায় চিবুকং ধ্যায়ংশ্চ তচ্চেতসি। বারং বারমপানমূর্দ্ধমনিলং প্রোৎসারয়ন্ পূজিতন্যঞ্চন্ প্রাণমুপৈতি বোধমতুলং শক্তিপ্রভাবান্নরঃ ॥ ৫০ ॥

এতচ্চ মহাযোগিসম্মতমিতি স্পষ্টয়িতুমন্যদপি পদ্মাসনে কৃত্যবিশেষমাহ। কৃত্বেতি। সংপুটিতৌ সংপুটীকৃতৌ করাবুৎসঙ্গস্থাবিতি শেষঃ। দৃঢ়তরমতিশয়েন দৃঢ়ং সুস্থিরং পদ্মাসনং বদ্ধা কৃত্বেত্যর্থঃ। চিবুকং হনুং গাঢ়ং দৃঢ়ং যথা স্যাত্তথা বক্ষসি বক্ষঃসমীপে সন্নিধায় সন্নিহিতং কৃত্বা চতুরঙ্গুলান্তরেণেতি যোগিসম্প্রদায়াজ্জ্ঞেয়ং। জালন্ধরবন্ধং কৃত্বেত্যর্থঃ। তৎস্বস্বেষ্টদেবতারূপং ব্রহ্ম বা। ওম তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃত ইতি ভগবদুক্তেঃ। চেতসি চিত্তে ধ্যায়ন্ চিন্তয়ন্। অপানমনিলং অপানবায়ুং ঊর্দ্ধং প্রোৎসারয়ন্মূলবন্ধং কৃত্বা সুষুম্নামার্গেণ প্রাণমূর্দ্ধং নয়ন্ পূরিতং পূরকেণ অন্তর্ধারিতং প্রাণং ন্যঞ্চন্নীচৈরধোঽঞ্চন্ গময়ন্। অন্তর্ভাবিতণ্যর্থেঽঞ্চতিঃ। প্রাণাপানয়োরৈক্যং কৃত্বেত্যর্থঃ নরঃ পুমানতুলং বোধং নিরুপমজ্ঞানং শক্তিপ্রভাবাচ্ছক্তিরাধারশক্তিঃ কুণ্ডলিনী তস্যাঃ প্রভাবাৎ সামর্থ্যাদুপৈতি প্রাপ্নোতি। প্রাণাপানয়োরৈক্যে কুণ্ডলিনীবোধো ভবতি। কুণ্ডলিনীবোধে সুষুম্নামার্গেণ প্রাণো ব্রহ্মরন্ধ্রং গচ্ছতি। তত্র গতে চিত্তস্থৈর্য্যং ভবতি। চিত্তস্থৈর্য্যে সংযমাদাত্মসাক্ষাৎকারো ভবতীত্যর্থঃ ॥ ৫০ ॥

* গুরুর নিকট এইরূপ জিহ্বাস্তম্ভন অভ্যাস করিয়া কার্য্য করিবে।

† ইহাতে একপ্রকার মূলবন্ধ কথিত হইল, এই মূলবন্ধও গুরুর নিকট জানিতে হইবে। বাস্তবিক জিহ্বা বন্ধনেই উক্ত কার্য্য সাধিত হইয়া থাকে।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized by Siddhanta eGangotri Gyaan Kosha

পূর্ব্বোক্ত পদ্মাসনই প্রধান প্রধান যোগিদিগের সম্মত। উক্ত পদ্মাসনের যে যে বিশেষ কার্য্য আছে, এই ক্ষণ তাহাই নিরূপণ করিতেছেন। পূর্ব্বোক্ত পদ্মাসনে উপবেশন করিয়া হস্তদ্বয় সংপুটিত করিবে এবং ঐ হস্তদ্বয় ক্রোড়দেশে স্থাপনপূর্ব্বক দৃঢ়রূপে পদ্মাসন বদ্ধ করিবে। অনন্তর চিবুকদেশ বক্ষঃস্থলের সমীপে অর্থাৎ চতুরঙ্গুলি অন্তরে স্থাপিত করিয়া জালন্ধর বন্ধ সাধনপূর্ব্বক ইষ্টদেবতারূপী ব্রহ্মকে স্থিরমনে ধ্যান করিতে করিতে পুনঃপুনঃ অপান বায়ুকে উর্দ্ধে আনয়ন করিবে। অনন্তর প্রাণায়ামদ্বারা পূরণ করিয়া ঐ প্রাণ বায়ু ও আপন বায়ুর ঐক্য সম্পাদন পুরঃসর ঐ বায়ুকে অধোদেশ দিয়া নিঃসারিত করিবে। এইরূপ কার্য্য করিলে যোগসাধক ব্যক্তি কুণ্ডলিনীর প্রভাবে অতুল জ্ঞান লাভ করিতে পারে, অর্থাৎ প্রাণ বায়ু ও অপান বায়ুর ঐক্য সাধিত হইলেই কুণ্ডলিনীর চৈতন্য হয়, তাহা হইলেই প্রাণ বায়ু সুষুম্না মার্গদ্বারা ব্রহ্মরন্ধ্রে গমন করিতে থাকে, প্রাণ বায়ু ব্রহ্মরন্ধ্রে গমন করিলেই চিত্তের স্থৈর্য্য জন্মে এবং চিত্ত স্থির হইলেই সংযম হইয়া ব্রহ্ম সাক্ষাৎকার লাভ হয়॥ ৫০॥

পদ্মাসনে স্থিতো যোগী নাড়ীদ্বারেণ পূরিতম্।
মারুতং ধারয়েদ্যস্তু স মুক্তো নাত্র সংশয়ঃ॥ ৫১॥

পদ্মাসন ইতি। পদ্মাসনে স্থিতো যোগী যোগাভ্যাসী পূরিতং পূরকেণান্তর্নীতং মারুতং বায়ুং সুষুম্নামার্গেণ মূর্দ্ধানং নীত্বেতি শেষঃ। ধারয়েৎ স্থিরীকুর্য্যাৎ স মুক্তঃ অত্র সংশয়ো নাস্তীত্যন্বয়ঃ॥ ৫১॥

যোগসাধনতৎপর সাধক পূর্ব্বকথিত পদ্মাসনে উপবিষ্ট হইয়া পূরকদ্বারা বায়ুকে অন্তরে বদ্ধ করিবে এবং ঐ বায়ুকে সুষুম্নাদ্বারা মূর্দ্ধাস্থানে আনয়নপূর্ব্বক স্থির করিয়া ধারণ করিবে। এইরূপ বায়ু ধারণ করিতে পারিলে সেই ব্যক্তির নিশ্চয় মুক্তিলাভ হইয়া থাকে॥ ৫১॥

অথ সিংহাসনং।

গুল্ফৌ চ বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ।
দক্ষিণে সব্যগুল্ফন্তু দক্ষগুল্ফন্তু সব্যকে॥ ৫২॥

সিংহাসনমাহ—গুল্ফৌ চেতি। বৃষণস্যাধঃ অধোভাগে সীবন্যাঃ পার্শ্বয়োঃ সীবন্যা উভয়ভাগয়োঃ ক্ষিপেৎ প্রেরয়েৎ স্থাপয়েদিতি যাবৎ। গুল্ফস্থাপনপ্রকারমেবাহ দক্ষিণ ইতি। সীবন্যা দক্ষিণে ভাগে সব্যগুল্ফং স্থাপয়েৎ। সব্যকে সীবন্যাঃ সব্যভাগে দক্ষিণগুল্ফং স্থাপয়েৎ॥ ৫২॥

এই ক্ষণ সিংহাসন বন্ধন কথিত হইতেছে। যোগসাধক ব্যক্তি অণ্ডকোষের অধোভাগে সীবনীর উভয়পার্শ্বে গুল্ফদ্বয় স্থাপন করিবে, অর্থাৎ সীবনীর দক্ষিণপার্শ্বে বামগুল্ফ এবং বামপার্শ্বে দক্ষিণ গুল্ফ নিক্ষেপ করিতে হইবে॥ ৫২॥

হস্তৌ তু জান্বোঃ সংস্থাপ্য স্বাঙ্গুলীঃ সম্প্রসার্য্য চ।
ব্যাত্তবক্ত্রো নিরীক্ষেত নাসাগ্রং সুসমাহিতঃ॥ ৫৩॥

হস্তাবিতি। জান্বোরুপরি হস্তৌ তু সংস্থাপ্য সম্যক্ জানুসংলগ্নতলৌ যথা স্যাতাং তথা স্থাপয়িত্বা। স্বাঙ্গুলীঃ হস্তাঙ্গুলীঃ সংপ্রসার্য্য সম্যক্ প্রসারয়িত্বা। ব্যাত্তবক্ত্রঃ সম্প্রসারিতললজ্জিহ্বমুখঃ সুসমাহিতঃ একাগ্রচিত্তঃ নাসাগ্রং নাসিকাগ্রং যস্মিন্নিরীক্ষেত॥ ৫৩॥

পূর্ব্বে যেরূপ সীবনীর উভয়পার্শ্বে গুল্ফদ্বয় স্থাপনের উল্লেখ আছে, ঐরূপ গুল্ফদ্বয় স্থাপনকরিয়া উভয় জানুর উপরি উভয় হস্ত স্থাপনকরিবে, অর্থাৎ যাহাতে হস্ততল জানুর উপরি সম্যক্ সংলগ্ন হয়, সেইরূপ করিতে হইবে। পরে হস্তের অঙ্গুলিসকল সম্যক্ প্রসারণ করিয়া মুখব্যাদানপূর্ব্বক লোলজিহ্ব হইবে এবং অনন্যমনে নাসিকার অগ্রভাগ দর্শন করিতে থাকিবে॥ ৫৩॥

সিংহাসনং ভবেদেতৎ পূজিতং যোগিপুঙ্গবৈঃ।
বন্ধত্রিতয়সন্ধানং কুরুতে চাসনোত্তমম্॥ ৫৪॥

এতৎ সিংহাসনং ভবেৎ। কীদৃশং যোগিপুঙ্গবৈঃ যোগিশ্রেষ্ঠৈঃ পূজিতং প্রস্তুতমাসনেষূত্তমং সিংহাসনং বন্ধানাং মূলবন্ধাদীনাং ত্রিতয়ং তস্য সন্ধানং সন্নিধানং কুরুতে॥ ৫৪॥

পূর্ব্বে যে আসনবন্ধ উক্ত হইয়াছে, তাহার নাম সিংহাসন। প্রধান প্রধান যোগিগণ এই সিংহাসনকে বারম্বার প্রশংসা করিয়াছেন। এই সিংহাসন সিদ্ধ হইলে মূলবন্ধাদি ত্রিবিধ আসনও সিদ্ধ হইয়া থাকে। যোগিগণ এই আসনকে সর্ব্বপ্রকার আসনের মধ্যে শ্রেষ্ঠ বলিয়াছেন॥ ৫৪॥

অথ ভদ্রাসনং।

গুল্ফৌ চ বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ।
সব্যগুল্ফং তথা সব্যে দক্ষগুল্ফন্তু দক্ষিণে॥ ৫৫॥

ভদ্রাসনমাহ—গুল্ফাবিতি। বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ সীবন্যা উভয়তঃ গুল্ফৌ পাদগ্রন্থী ক্ষিপেৎ। ক্ষেপণপ্রকারমেবাহ—সব্যগুল্ফমিতি। সব্যে সীবন্যাঃ পার্শ্বে সব্যগুল্ফং ক্ষিপেৎ। তথা পাদপূরণে। দক্ষগুল্ফলন্তু দক্ষিণে সীবন্যাঃ পার্শ্বে ক্ষিপেৎ॥ ৫৫॥

এই ক্ষণ ভদ্রাসন কহিতেছেন। যোগসাধক ব্যক্তি আপন অণ্ডকোষের অধোভাগে সীবনীর পার্শ্বদ্বয়ে গুল্ফদ্বয় নিক্ষেপকরিবে, ইহার বিশেষ এই, সীবনীর বামপার্শ্বে বাম গুল্ফ এবং দক্ষিণপার্শ্বে দক্ষিণ গুল্ফ স্থাপনকরিবে॥ ৫৫॥

পার্শ্বপাদৌ চ পাণিভ্যাং দৃঢ়ং বদ্ধা সুনিশ্চলম্।
ভদ্রাসনং ভবেদেতৎ সর্ব্বব্যাধিবিনাশনম্॥ ৫৬॥

পার্শ্বপাদৌ চ পার্শ্বসমীপগতৌ পাদৌ পাণিভ্যাং ভুজাভ্যাং দৃঢ়ং বদ্ধা পরস্পরসংলগ্নাঙ্গুলিভ্যামুদরসংলগ্নতলাভ্যাং পাণিভ্যাং বদ্ধেত্যর্থঃ। এতদ্ভদ্রাসনং ভবেৎ কীদৃশং সর্ব্বেষাং ব্যাধীনাং বিশেষেণ নাশনং॥ ৫৬॥

পূর্ব্বোক্ত প্রকারে সীবনীর পার্শ্বে গুল্ফ স্থাপনকরিয়া পাদদ্বয় পার্শ্বের সমীপে রাখিবে, পরে উভয় হস্তদ্বারা উক্ত পাদদ্বয় বন্ধন করিতে হইবে অর্থাৎ অঙ্গুলি সকলকে পরস্পর সংলগ্ন ও করতলদ্বয়কে উদরসংলগ্ন করিয়া পাদদ্বয় বন্ধন করিবে। এইরূপে সুদৃঢ় বন্ধন করিয়া স্থিরভাবে অবস্থিতি করিবে, ইহাতেই ভদ্রাসন হয়। যোগিগণ এইরূপ আসনকে ভদ্রাসন কহিয়া থাকেন। এই আসনবন্ধ অভ্যাসকরিলে সাধকের সর্ব্ববিধ রোগ বিনাশ পায়। ইহার অন্যথা হয় না॥ ৫৬॥

গোরক্ষাসনমিত্যাহুরিদং বৈ সিদ্ধযোগিনঃ।
এবমাসনবন্ধেষু যোগীন্দ্রো বিগতশ্রমঃ॥ ৫৭॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

গোরক্ষেতি। সিদ্ধাশ্চ তে যোগিনশ্চ সিদ্ধযোগিনঃ ইদং ভদ্রাসনং গোরক্ষাসনমিত্যাহুঃ। গোরক্ষেণ প্রায়শোঽভ্যস্তত্বাদ্গোরক্ষাসনমিতি বদন্তি। যান্যাসনান্যুক্তানি—তেষু যৎ কর্ত্তব্যং তদাহ এবমিতি। এবমুক্তেষ্বাসনবন্ধেষু বন্ধনপ্রকারেষু বিগতঃ শ্রমো যস্য স বিগতশ্রমঃ। আসনানাং বন্ধেষু শ্রমরহিতঃ যোগিনামিন্দ্রো যোগীন্দ্রঃ ॥ ৫৭ ॥

সিদ্ধ যোগিগণ এই আসনকে গোরক্ষাসন বলিয়া থাকেন। অর্থাৎ গোরক্ষনাথ সর্ব্বদা এই আসন অভ্যাসকরিতেন, এই নিমিত্তই এই আসনের গোরক্ষাসন নাম প্রসিদ্ধ হইয়াছে। এই আসনবন্ধ সাধন করিতে পারিলে যোগসাধনে যোগীর কোন পরিশ্রম হয় না ॥ ৫৭ ॥

অভ্যসেন্নাড়িকাশুদ্ধিং মুদ্রাদিপবনক্রিয়াম্।
আসনং কুম্ভকং চিত্রং মুদ্রাখ্যং করণং তথা ॥ ৫৮ ॥

নাড়িকানাং নাড়ীনাং শুদ্ধিং। প্রাণং চেদিড়য়া পিবেন্নিয়মিতমিতি রক্ষ্যমাণরূপা মুদ্রা আদির্যস্যাঃ সূর্য্যভেদাদেস্তাদৃশীং। পবনস্য প্রাণবায়োঃ ক্রিয়াং প্রাণায়ামরূপাং চাভ্যসেৎ। অথ হঠাভ্যসনক্রমমাহ—আসনমিতি। আসনমুক্তলক্ষণং চিত্রং নানাবিধং কুম্ভকং সূর্য্যভেদনমুজ্জায়ীত্যাদিবক্ষ্যমাণং। মুদ্রা ইত্যাখ্যা যস্য তন্মুদ্রাখ্যং মহামুদ্রাদিরূপকরণং হঠসিদ্ধৌ প্রকৃষ্টোপকারকং তথা চার্থে ॥ ৫৮ ॥

সাধকগণ রক্ষ্যমাণ নাড়ীশুদ্ধি, মুদ্রা ও প্রাণায়াম এই সকল যোগ অভ্যাস করিবে। কারণ হঠযোগসাধনের পক্ষে আসন, কুম্ভক ও মুদ্রা এই সকলই প্রধান কারণ বলিয়া নির্দ্দিষ্ট আছে ॥ ৫৮ ॥

অথ নাদানুসন্ধানমভ্যাসানুক্রমো হঠে। ব্রহ্মচারী মিতাহারী ত্যাগী যোগপরায়ণঃ ॥ অব্দাদূর্দ্ধং ভবেৎসিদ্ধো নাত্র কার্য্যা বিচারণা ॥ ৫৯ ॥

অথৈতত্রয়ানুষ্ঠানানন্তরং নাদস্যানাহতধ্বনেরনুসন্ধানমনুচিন্তনং হঠে হঠযোগেঽভ্যাসোঽভ্যসনং তস্যানুক্রমঃ পৌর্ব্বাপর্য্যক্রমঃ। হঠসিদ্ধেরবধিমাহ—ব্রহ্মচারীতি। ব্রহ্মচর্য্যবান্ মিতাহারো বক্ষ্যমাণঃ সোঽস্যাস্তীতি মিতাহারী ত্যাগী দানশীলো বিষয়পরিত্যাগী বা যোগপরায়ণঃ যোগাভ্যসনপরঃ। অব্দাদ্বর্ষাদূর্দ্ধং সিদ্ধঃ সিদ্ধহঠো ভবেৎ। অত্রোক্তেঽর্থে বিচারণা স্যান্ন বেতি সংশয়প্রযুক্তা ন কার্য্যা এতন্নিশ্চিতমেবেত্যর্থঃ ॥ ৫৯ ॥

আসন, কুম্ভক ও মুদ্রা এই ত্রিবিধ যোগ অভ্যাসকরিয়া সাধক নাদানুসন্ধান করিবে, ইহাই হঠযোগসিদ্ধির উপক্রম। আর যোগসাধন কালে যোগীজন এক বৎসর ব্রহ্মচর্য্য করিবে, মিতাহারী হইবে, দান করিবে, বিষয়বাসনা পরিত্যাগকরিবে এবং যোগাভ্যাসে সর্ব্বদা নিরত থাকিবে। এইরূপে এক বৎসর পর্য্যন্ত যোগাভ্যাস করিলে এক বৎসরের পরে সেই যোগী সিদ্ধি লাভ করিতে পারে, ইহাতে কোন সংশয় নাই এবং কদাচ ইহার অন্যথা হয় না ॥ ৫৯ ॥

সুস্নিগ্ধমধুরাহারশ্চতুর্থাংশবিবর্জ্জিতঃ।
ভুজ্যতে শিবসম্প্রীত্যৈ মিতাহারঃ স উচ্যতে ॥ ৬০ ॥

পূর্ব্বশ্লোকে মিতাহারীত্যুক্তং তত্র যোগিনাং কীদৃশো মিতাহার ইত্যপেক্ষায়ামাহ—সুস্নিগ্ধেতি। সুস্নিগ্ধোঽতিস্নিগ্ধঃ স চাসৌ মধুরশ্চ তাদৃশ আহারশ্চতুর্থাংশবিবর্জ্জিতশ্চতুর্থভাগরহিতঃ। তদুক্তমভিযুক্তে—দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈস্তোয়েনৈকং প্রপূরয়েৎ। বায়োঃ সঞ্চরণার্থায় চতুর্থমবশেষয়েদিতি। শিবো জীবঃ ঈশ্বরো বা ভোক্তা দেবো মহেশ্বর ইতি বচনাৎ। তস্য সম্প্রীত্যৈ সম্যক্প্রীত্যর্থং যো ভুজ্যতে স মিতাহার ইত্যুচ্যতে ॥ ৬০ ॥

মিতাহারী কাহাকে বলা যায়? এই আশঙ্কায় বলিতেছেন। যাহার মিতাহার করিবার মানস আছে, সেই ব্যক্তি সুস্নিগ্ধ ও মধুর দ্রব্য ভোজন করিবে, কদাচ উদর পূর্ণ করিয়া আহার করিবে না, উদরের চতুর্থাংশ শূন্য রাখিবে। শাস্ত্রান্তরে কথিত আছে যে, অন্নদ্বারা উদরের দুই ভাগ পরিপূর্ণ করিয়া এক ভাগ জলদ্বারা পূরণ করিবে, অবশিষ্ট চতুর্থ ভাগ বায়ু সঞ্চারণার্থ শূন্য রাখিবে। যে ব্যক্তি জীবের প্রীতির নিমিত্ত উক্তরূপে ভোজন করে তাহাকে মিতাহারী বলা যায় ॥ ৬০ ॥

কট্বম্লতীক্ষ্ণলবণোষ্ণহরীতশাকসৌবীরতৈলতিলসর্ষপমদ্যমৎস্যান্। আজাদিমাংসদধিতক্রকুলত্থকোলপিণ্যাকহিঙ্গুলশুনাদ্যমপথ্যমাহুঃ ॥ ৬১ ॥

অথ যোগিনামপথ্যমাহ দ্বাভ্যাং—কট্বীতি। কটু কারবেল্ল ইত্যাদি অম্লং চিঞ্চাফলাদি তীক্ষ্ণং মরীচাদি লবণং প্রসিদ্ধং উষ্ণং গুড়াদি হরীতশাকং পত্রশাকং সৌবীরং কাঞ্জিকং তৈলং তিলসর্ষপাদিস্নেহঃ তিলাঃ প্রসিদ্ধাঃ সর্ষপাঃ সিদ্ধার্থাঃ মদ্যং সুরা মৎস্যো ঝষঃ। এষামিতরেতরদ্বন্দ্বঃ এতানপথ্যানাহুঃ। অজস্যেদমাজং তদাদির্যস্য শৌকরাদেস্তদাজাদি তচ্চ তন্মাংসং চাজাদিমাংসং। দধি দুগ্ধপরিণামবিশেষঃ তক্রং গৃহীতসারং দধি। কুলত্থাদির্দ্বিদলবিশেষঃ কোলং কোল্যাঃ ফলং বদরং। কর্কন্ধুর্ব্বদরী কোলিরিত্যমরঃ। পিণ্যাকং তিলপিণ্ডং হিঙ্গু রামঠং লশুনং এষামিতরেতরদ্বন্দ্বঃ। এতান্যাদ্যাদি যস্য তত্তথা আদ্যশব্দেন পলাণ্ডুগৃঞ্জনমাদকদ্রব্যমাষান্নাদিকং গ্রাহ্যং। অপথ্যমহিতং যোগিনামিতি শেষঃ আহুর্যোগিন ইত্যধ্যাহারঃ ॥ ৬১ ॥

করলা প্রভৃতি কটু দ্রব্য তেঁতুলাদি অম্ল বস্তু, মরীচাদি তীক্ষ্ণ পদার্থ, গুড়াদি উষ্ণ বস্তু, পত্র, শাক, কাঁজি, তৈল, সর্ষপ, মদ্য, মৎস্য, ছাগাদির মাংস, দধি, ঘোল, কুলত্থাদি দ্বিদল (ডাইল) বদরীফল, তিলপিণ্ড, হিঙ্গু, রসুন, পলাণ্ডু এবং গৃঞ্জনাদি মাদকদ্রব্য এই সকল যোগিদিগের অভক্ষ্য। যোগসিদ্ধিকামী ব্যক্তি যোগসাধনকালে উক্ত দ্রব্যসকল ভোজন করিবে না ॥ ৬১ ॥

ভোজনমহিতং বিদ্যাৎ পুনরস্যোষ্ণীকৃতং রূক্ষম্।
অতিলবণমম্লযুক্তং কদশনশাকোৎকটং বর্জ্জ্যম্ ॥ ৬২ ॥

ভোজনমিতি। পশ্চাদগ্নিসংযোগেনোষ্ণীকৃতং যদ্ভোজনং সূপোদনরোটিকাদিরূক্ষং ঘৃতাদিহীনং অতিশয়িতং লবণং যস্মিংস্তদতিলবণং যদ্বা লবণমতিক্রান্তমতিলবণং চাকূবা ইতি লোকে প্রসিদ্ধং শাকং যবক্ষারাদিকঞ্চ। লবণস্য সর্ব্বথা বর্জ্জনীয়ত্বাদুত্তরঃ পক্ষঃ সাধুঃ। তথাচ দত্তাত্রেয়ঃ—অথ বর্জ্জ্যানি বক্ষ্যামি যোগবিঘ্নকরাণি চ। লবণং সর্ষপং চান্নমুগ্রং তীক্ষ্ণঞ্চ রূক্ষকং। অতীব ভোজনং ত্যাজ্যমতিনিদ্রাতিভাষণমিতি। স্কন্দপুরাণেঽপি—ত্যজেৎ কট্বম্ললবণং ক্ষীরভোজী সদা ভবেদিতি অম্লযুক্তমম্লদ্রব্যেণ

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যুক্তং। অন্নদ্রব্যেণ যুক্তমপি ত্যাজ্যং কিমুত সাক্ষাদন্নং। অত্র তৃতীয়পদং পললং বা তিলপিণ্ডমিতি কেচিৎ পঠন্তি তস্যায়মর্থঃ। পললং মাংসং তিলপিণ্ডং পিণ্যাকং কদশনং কদন্নং যাবনালকোদ্রবাদি। শাকং বিহিতেতরশাকমাত্রং উৎকটং বিদাহি মিরচীতি লোকে প্রসিদ্ধং। মিরচা ইতি হিন্দুস্থানভাষায়াং। কদশনাদীনাং সমাহারদ্বন্দ্বঃ অতিলবণাদিকং বর্জ্জ্যং বর্জ্জনার্হং। দুষ্টমিতি পাঠে দুষ্টং পূতিপর্য্যুষিতাদি অহিতমিতি যোজনীয়ং ॥ ৬২ ॥

যে সকল দ্রব্য পাকের পরে অগ্নিসংযোগে পুনর্ব্বার উষ্ণ করা হইয়াছে, যোগিগণ যোগসাধনকালে সেই সকল দ্রব্যভোজন করিবে না এবং ঘৃতবিহীন সূপাদি, রুটি, অধিক লবণাক্ত দ্রব্য ও যবক্ষারাদি এই সকল দ্রব্য যোগিগণের পক্ষে অহিতকর জানিবে। দত্তাত্রেয় বলিয়াছেন লবণ, সর্ষপ, অম্ল, উগ্র ও তীক্ষ্ণ দ্রব্য ভোজন করিবে না এবং অতিভোজন, অতি নিদ্রা ও অতিভাষণ, যোগিগণ এই সকল পরিবর্জ্জন করিবে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, কটু, অম্ল ও লবণ এই সকল দ্রব্য যোগসাধনকালে পরিত্যাগ করিয়া কেবল দুগ্ধ ভোজন করিবে। আর যোগীরা অম্লযুক্ত দ্রব্য ভোজন করিবে না। কোন কোন যোগীর মতে মাংস ও তিলের তৈল অবশ্য বর্জ্জন করিবে। যাবক (যাউ) কোদ্রবাদি কদন্ন, উৎকট * এবং পূতিগন্ধযুক্ত দ্রব্য, এই সকল অবশ্য বর্জ্জন করা কর্ত্তব্য ॥ ৬২ ॥

বহ্নিস্ত্রীপথিসেবানামাদৌ বর্জ্জনমাচরেৎ। তথাহি গোরক্ষবচনং—বর্জ্জয়েদ্দুর্জ্জনপ্রান্তং বহ্নিস্ত্রীপথিসেবনম্। প্রাতঃস্নানোপবাসাদি কায়ক্লেশবিধিং তথা ॥ ৬৩ ॥

এবং যোগিনাং সদা বর্জ্জ্যান্যুক্ত্বাভ্যাসকালে বর্জ্জ্যান্যাহার্দ্ধেন—বহ্নীতি। বহ্নিশ্চ স্ত্রী চ পন্থাশ্চ তেষাং সেবা বহ্নিসেবনস্ত্রীসঙ্গতীর্থযাত্রাগমনাদিরূপাস্তাসাং বর্জ্জনমাদাবভ্যাসকালে আচরেৎ। সিদ্ধেঽভ্যাসে তু কদাচিৎ শীতে বহ্নিসেবনং গৃহস্থস্য ঋতৌ স্বভার্য্যাগমনং তীর্থযাত্রাদৌ মার্গগমনঞ্চ ন নিষিদ্ধমিত্যাদিপদেন সূচ্যতে। তত্র প্রমাণং গোরক্ষবচনমবতারয়তি। তথাহীতি তৎপঠতি বর্জ্জয়েদিতি। দুর্জ্জনপ্রান্তং দুর্জ্জনসমীপবাসং দুর্জ্জনপ্রীতিমিতি ক্বচিৎ পাঠঃ। বহ্নিস্ত্রীপথিসেবনং ব্যাখ্যাতং প্রাতঃস্নানং উপবাসশ্চাদির্যস্য ফলাহারাদেঃ তচ্চ তয়োঃ সমাহারদ্বন্দ্বঃ। প্রথমাভ্যাসিনঃ প্রাতঃস্নানে শীতবিকারোৎপত্তেঃ। উপবাসাদিনা পিত্তাদ্যুৎপত্তেঃ। কায়ক্লেশবিধিং কায়ক্লেশকরং বিধিং ক্রিয়াং বহুসূর্য্যনমস্কারাদিরূপাং বহুভারোদ্বহনাদিরূপাঞ্চ। তথা সমুচ্চয়ে অত্র প্রতিপদং বর্জয়েদিতি ক্রিয়াসম্বন্ধঃ ॥ ৬৩ ॥

যোগসাধনকালে যে যে কার্য্য পরিত্যাগ করিতে হইবে, তাহাই কথিত হইতেছে। যোগিগণ যোগসাধনকালে অগ্নিসেবা, স্ত্রীসম্ভোগ ও পথপর্য্যটন, এই সকল কার্য্য পরিত্যাগ করিবে। পরন্তু, যোগসাধন শেষ হইলে কখনও কখন শীতকালে অগ্নিসেবা, গৃহস্থের অবশ্য কর্ত্তব্য বলিয়া ঋতুকালে স্বভার্য্যগমন এবং তীর্থযাত্রা উপলক্ষে পথপর্য্যটন করিতে পারে। এই বিষয়ে গোরক্ষনাথ বলিয়াছেন যে, দুর্জ্জনের নিকট বাস, দুর্জ্জনের সহিত প্রণয়, অগ্নিসেবা, স্ত্রীসংসর্গ, পথপর্য্যটন, প্রাতঃস্নান, উপবাস, ফলাহার, সূর্য্যনমস্কার ও অধিক ভারবহনাদি কায়ক্লেশজনক কার্য্য, যোগসাধনকালে যোগিগণ এই সকল ত্যাগ করিবে। যোগসাধনকালে প্রাতঃস্নান করিলে শীতবিকার, উপবাস করিলে পিত্তবৃদ্ধি হইয়া থাকে, অতএব প্রাতঃস্নানাদি অবশ্য বর্জ্জনীয় ॥ ৬৩ ॥

গোধূমশালিযববষ্টিকশোভনান্নং। ক্ষীরাজ্যখণ্ডনবনীতসিতামধূনী। শুণ্ঠী পটোলকফলাদিকপঞ্চশাকং মুদ্রাদিদিব্যমুদকঞ্চ যমীন্দ্রপথ্যম্ ॥ ৬৪ ॥

অথ যোগিপথ্যমাহ—গোধূমেত্যাদিনা। গোধূমাশ্চ শালয়শ্চ যবাশ্চ ষষ্টিকাঃ ষষ্ঠ্যা দিনৈর্যে পচ্যন্তে তণ্ডুলবিশেষাস্তে শোভনমন্নং পবিত্রান্নং শ্যামাকনীবারাদি তচ্চৈতেষাং সমাহারদ্বন্দ্বঃ। ক্ষীরং দুগ্ধমাজ্যং ঘৃতং খণ্ডঃ শর্করা নবনীতং মথিতদধিসারঃ সিতা তীব্রপদী খণ্ডশর্করেতি লোকে প্রসিদ্ধা মিসরীতি হিন্দুস্থানভাষায়াং। মধু ক্ষৌদ্রং এষামিতরেতরদ্বন্দ্বঃ। শুণ্ঠী প্রসিদ্ধা পটোলফলং পরবর ইতি ভাষায়াং প্রসিদ্ধং শাকং তদাদির্যস্য কোষাতক্যাদেস্তৎপটোলকফলাদিকং শেষাদ্বিভাষেতি কপ্রত্যয়ঃ। পাঞ্চানাং শাকানাং সমাহারঃ পঞ্চশাকং। তদুক্তং বৈদ্যকে—সর্ব্বশাকমচাক্ষুষ্যং চাক্ষুষ্যং শাকপঞ্চকং। জীবন্তীবাস্তুমূলাক্ষী সেঘনাদপুনর্নবা ইতি। মুদ্গাদ্বিদলবিশেষা আদির্যস্য তন্মুদ্গাদি। আদিপদেন আঢ়কী গ্রাহ্যা। দিব্যং নির্দ্দোষমুদকং জলং। যম এষামস্তীতি যমিনঃ তেষ্বিন্দ্রো দেবশ্রেষ্ঠো যো যোগীন্দ্রস্তস্য পথ্যং হিতং ॥ ৬৪ ॥

কোন্ কোন্ কার্য্য যোগসিদ্ধির সাধক, এইক্ষণ তাহাই বলিতেছেন। গোধূম, শালিধান্য, যব ও ষষ্টিধান্য † ইহাদিগের পবিত্র অন্ন, শ্যামাকনীবারাদি, দুগ্ধ, ঘৃত, শর্করা, নবনীত, খণ্ডশর্করা (মিছরি) মধু, শুণ্ঠী, পটোলফল, পঞ্চ শাক ‡ এই সকল দ্রব্য যোগীর পক্ষে হিতকর জানিবে। আর কোন সূপ অর্থাৎ অরহড় ডাইল ও নির্দ্দোষ জল এই সকল যোগসাধনকালে যোগীর পক্ষে পথ্য অর্থাৎ হিতকর ভোজ্যদ্রব্য ॥ ৬৪ ॥

পুষ্টং সুমধুরং স্নিগ্ধং গব্যং ধাতুপ্রপোষণম্।
মনোভিলষিতং যোগ্যং যোগী ভোজনমাচরেৎ ॥ ৬৫ ॥

অথ যোগিনো ভোজননিয়মমাহ—পুষ্টমিতি। পুষ্টং দেহপুষ্টিকরমোদনাদিসুমধুরং শর্করাদিসহিতং স্নিগ্ধং সঘৃতং গব্যং গোদুগ্ধঘৃতাদিযুক্তং গব্যালাভে মাহিষং দুগ্ধাদি গ্রাহ্যং। ধাতুপ্রপোষণং লড্ডুকাপূপাদি মনোভিলষিতং পুষ্ট্যাদিষু যন্মনোরুচিকরং তদেব যোগিনা ভোক্তব্যং। মনোভিলষিতমপি কিমবিহিতং ভোক্তব্যং নেত্যাহ। যোগমিতি বিহিতমেবেত্যর্থঃ। যোগী ভোজনং পূর্ব্বোক্তবিশেষণবিশিষ্টমাচরেৎ কুর্য্যাদিত্যর্থঃ। ন তু শক্তুভর্জিতান্নাদিনা নির্ব্বাহং কুর্য্যাদিতি ভাবঃ ॥ ৬৫ ॥

দেহের পুষ্টিকর তণ্ডুলাদি, শর্করাসংযুক্ত ঘৃতমিশ্রিত দ্রব্য, গব্যদুগ্ধ, (গব্যদুগ্ধের অভাবে মহিষদুগ্ধ ও মহিষঘৃত গ্রহণ করা যাইতে পারে) ধাতুপোষণ দ্রব্য, লড্ডুকাপূপাদি মনোভিলষিত দ্রব্য, যোগী এই সকল বস্তু ভোজন করিবে, কিন্তু মনোভিলষিত দ্রব্যের মধ্যেও যাহা হিতকর তাহাই ভোজন করিবে, অহিতকর ও নিষিদ্ধ বস্তু যোগীরা ভোজন করিবে না ॥ ৬৫ ॥

* হিন্দুস্থানীয় ভাষায় ইহাকে মিরচা বলে।

† যাহা ষাইট দিবসে পরিপক্ক হয়।

‡ বৈদ্যশাস্ত্রে লিখিত আছে যে, সকল প্রকার শাকই অহিতকর কিন্তু পঞ্চ শাক অর্থাৎ জীবন্তী (জীয়াশাক) বাস্তুক (বেথোশাক) হিঞ্চাশাক, নটেশাক ও পুনর্নবাশাক এই পঞ্চবিধ শাকই পঞ্চশাক নামে বিখ্যাত, এই পঞ্চ শাক হিতসাধন করিয়া থাকে।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যুবা বৃদ্ধোঽতিবৃদ্ধো বা ব্যাধিতো দুর্ব্বলোঽপি বা।
অভ্যাসাৎ সিদ্ধিমাপ্নোতি সর্ব্বযোগেষ্বতন্দ্রিতঃ ॥৬৬॥

যোগাভ্যাসিনো বয়োবিশেষারোগ্যাদ্যপেক্ষা নাস্তীত্যাহ—যুবেতি। যুবা তরুণঃ বৃদ্ধো বৃদ্ধাবস্থাং প্রাপ্তঃ অতিবৃদ্ধোঽতিবার্দ্ধকং গতো বা। অভ্যাসাদাসনকুম্ভকাদীনামভ্যসনাৎ সিদ্ধিং সমাধিতৎফলরূপামাপ্নোতি। অভ্যাসপ্রকারমেব বদন্ বিশিনষ্টি। সর্ব্বযোগেষ্বিতি সর্ব্বেষু যোগেষু যোগাঙ্গেষ্বতন্দ্রিতোঽনলসঃ। যোগাঙ্গাভ্যাসাৎ সিদ্ধিমাপ্নোতীত্যর্থঃ। জীবনসাধনে কৃষিবাণিজ্যাদৌ জীবনশব্দপ্রয়োগবৎ সাক্ষাৎ পরম্পরয়া বা যোগসাধনেষু যোগশব্দপ্রয়োগঃ ॥ ৬৬ ॥

যোগাভ্যাসকারী ব্যক্তিদিগের বয়সের বিবেচনা কিম্বা শারীরিক আরোগ্যের অপেক্ষা নাই। যুবা, বৃদ্ধ, অতিবৃদ্ধ, ব্যাধিগ্রস্ত ও দুর্ব্বল ইহাদিগের মধ্যে যে কেন হউক না, সকলেই যোগসাধনে অধিকারী এবং আসন কুম্ভকাদি অভ্যাসকরিয়া সিদ্ধিলাভ করিতে পারে। কিন্তু সর্ব্বপ্রকার যোগসাধন কালেই আলস্য পরিত্যাগপূর্ব্বক কার্য্য করিতে হইবে। সাধক অনলস হইয়া যোগাদি সাধন করিলেই যোগসিদ্ধি হইয়া থাকে ॥ ৬৬ ॥

ক্রিয়াযুক্তস্য সিদ্ধিঃ স্যাদক্রিয়স্য কথং ভবেৎ।
ন শাস্ত্রপাঠমাত্রেণ যোগসিদ্ধিঃ প্রজায়তে ॥ ৬৭ ॥

অভ্যাসাদেব সিদ্ধির্ভবতীতি দৃঢ়য়ন্নাহ দ্বাভ্যাং—ক্রিয়াযুক্তস্যেতি। ক্রিয়া যোগাঙ্গানুষ্ঠানরূপা তয়া যুক্তস্য সিদ্ধির্যোগসিদ্ধিঃ স্যাৎ। অক্রিয়স্য যোগাঙ্গানুষ্ঠানরহিতস্য কথং ভবেন্ন কথমপীত্যর্থঃ। ননু যোগশাস্ত্রাধ্যয়নেন যোগসিদ্ধিঃ স্যান্নেত্যাহ নেতি। শাস্ত্রস্য যোগশাস্ত্রস্য পাঠমাত্রেণ কেবলেন পাঠেন যোগস্য সিদ্ধির্ন প্রজায়তে নৈব জায়ত ইত্যর্থঃ ॥ ৬৭ ॥

যোগসাধন অভ্যাসকরিলেই সাধক সিদ্ধি লাভ করিতে পারে, যাহারা যোগানুষ্ঠান করিয়া থাকে, তাহাদিগেরই যোগ সিদ্ধি হয়, যে ব্যক্তি যোগানুষ্ঠান কার্য্যে বিরত থাকে, তাহার কোন রূপেও যোগসিদ্ধি হইতে পারে না। যদি বল যোগশাস্ত্র অধ্যয়ন করিলেই যোগসিদ্ধি হইতে পারে, তাহা হয় না, কারণ, কার্য্য না করিয়া কেবল কার্য্যপ্রণালী অভ্যাস করিলে কোন কার্য্যের ফল লাভের সম্ভব নাই ॥ ৬৭ ॥

ন বেশধারণং সিদ্ধেঃ কারণং ন চ তৎকথা।
ক্রিয়ৈব কারণং সিদ্ধেঃ সত্যমেতন্ন সংশয়ঃ ॥ ৬৮ ॥

নেতি—বেশস্য কষায়বস্ত্রাদেঃ ধারণং সিদ্ধের্যোগসিদ্ধেঃ কারণং ন। তস্য যোগস্য কথা বা কারণং ন। কিং তর্হি সিদ্ধেঃ কারণমিত্যত আহ ক্রিয়ৈবেতি ॥ ৬৮ ॥

কষায় বস্ত্রাদিদ্বারা বেশধারণ করিলে যোগসিদ্ধি হইতে পারে না, অথবা যোগসিদ্ধির কথাপ্রসঙ্গও যোগসিদ্ধির কারণ নহে, কেবল ক্রিয়াই যোগসিদ্ধির কারণ হয়, অর্থাৎ ক্রিয়া করিলেই যোগসিদ্ধি হইতে পারে, অতএব সর্ব্বদা সর্ব্বতোভাবে যোগাঙ্গের অনুষ্ঠান অবশ্য কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জানিবে ॥ ৬৮ ॥

পীঠানি কুম্ভকাশ্চিত্রা দিব্যানি করণানি চ।
সর্ব্বাণ্যপি হঠাভ্যাসে রাজযোগফলাবধি ॥ ৬৯ ॥

ইতি শ্রীসহজানন্দসন্তানচিন্তামণিস্বাত্মারামযোগীন্দ্রবিরচিতায়াং হটপ্রদীপিকায়ামাসনবিধিকথনং নাম প্রথমোপদেশঃ ॥ ১ ॥

যোগাঙ্গানুষ্ঠানস্যাবধিমাহ পীঠমিতি। পীঠান্যাসনাদি চিত্রা অনেকবিধাঃ কুম্ভকাঃ সূর্য্যভেদাদয়ঃ দিব্যান্যুৎকৃষ্টানি কারণানি মহামুদ্রাদীনি হঠসিদ্ধৌ প্রকৃষ্টোপকারকত্বং কারণত্বং হঠাভ্যাসে সর্ব্বাণি পীঠকুম্ভককরণানি রাজযোগফলাবধি রাজযোগ এব ফলং তদবধি তৎপর্য্যন্তং কর্ত্তব্যানীতি শেষঃ ॥ ৬৯ ॥

ইতি হঠপ্রদীপিকায়াং জ্যোৎস্নাভিধায়াং ব্রহ্মানন্দকৃতায়াং প্রথমোপদেশঃ ॥

কতকাল যোগাঙ্গসাধন করিবে, তাহা বলিতেছেন। সর্ব্বপ্রকার আসন, সূর্য্যভেদনাদি বিবিধ কুম্ভক এবং মহামুদ্রাদি মুদ্রা, এই সকলই যোগসিদ্ধির কারণ এবং ইহারাই যোগাঙ্গ বলিয়া কথিত আছে, আর রাজযোগই যোগাঙ্গানুষ্ঠানের ফল, অতএব যে পর্য্যন্ত রাজযোগ না হয়, সে পর্য্যন্ত যোগাঙ্গের অনুষ্ঠান করিতে থাকিবে ॥ ৬৯ ॥

ইতি হঠপ্রদীপিকায় প্রথম উপদেশ ॥

দ্বিতীয়োপদেশঃ।

অথাসনে হঠে যোগী বশো হিতমিতাশনঃ।
গুরূপদিষ্টমার্গেণ প্রণায়ামান্ সমভ্যসেৎ ॥ ১ ॥

অথাসনোপদেশানন্তরং প্রাণায়ামান্ বক্তুমুপক্রমতে—অথেতি মঙ্গলার্থঃ। আসনে দৃঢ়ে সতি বশী জিতাক্ষঃ হিতং পথ্যঞ্চ তন্নিমিত্তঞ্চ পূর্ব্বোপদেশোক্তলক্ষণং তত্তাদৃশমশনং যস্য স হিতমিতাশনঃ। গুরুণোপদিষ্টো যো মার্গঃ প্রাণায়ামাভ্যাসপ্রকারস্তেন প্রাণায়ামান্ বক্ষ্যমাণান্ সম্যগুৎসাহ-সাহসধৈর্য্যাদিভিরভ্যসেৎ। দৃঢ়ে স্থিরে কুক্কুটাদিবিবর্জ্জিতে সিদ্ধাসনাদাবিতি বা যোজনা ॥১॥

পূর্ব্বাধ্যায়ে যোগসাধনের উপযোগী নানাপ্রকার আসনবন্ধের উপদেশ বলিয়া এই ক্ষণ এই অধ্যায়ে প্রাণায়ামের উপদেশ করিতেছেন। জিতেন্দ্রিয় যোগী পূর্ব্বোক্ত প্রকারে আসনবন্ধন অভ্যাসকরিয়া পূর্ব্বাধ্যায়কথিত হিতকর দ্রব্য পরিমিতরূপে ভোজনপূর্ব্বক দৃঢ়রূপে পদ্মাসন বন্ধনকরিয়া গুরুদেবের উপদেশানুসারে বক্ষ্যমাণ প্রাণায়াম অভ্যাস করিবে। আসন স্থির হইলেই প্রাণায়াম অভ্যাস কর্ত্তব্য ॥ ১ ॥

চলে বাতে চলং চিত্তং নিশ্চলে নিশ্চলং ভবেৎ।
যোগী স্থাণুত্বমাপ্নোতি ততো বায়ুং নিরোধয়েৎ ॥২॥

প্রয়োজনমনুদ্দিশ্য ন মন্দোঽপি প্রবর্ত্তত ইতি মহদুক্তেঃ প্রয়োজনাভাবেন প্রবৃত্ত্যভাবাৎ প্রাণায়ামপ্রয়োজনমাহ চলে বাত ইতি। বাতে চলে সতি চিত্তং চলং ভবেৎ। নিশ্চলে বাতে নিশ্চলং ভবেচ্চিত্তমিত্যত্রাপি সম্বধ্যতে। বাতে চিত্তে চ নিশ্চলে যোগী স্থাণুত্বং স্থিরদীর্ঘজীবিত্বমিতি যাবৎ। ঈশত্বং বাপ্নোতি ততস্তস্মাদ্বায়ুং প্রাণং নিরোধয়েৎ কুম্ভয়েৎ ॥ ২ ॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

কার্য্যের ফলোদ্দেশ না করিয়া কোন মন্দবুদ্ধি ব্যক্তিও কার্য্যসাধনে প্রবৃত্ত হয় না, এই মহাজনবাক্যার্থে জানা যায় যে, নিষ্প্রয়োজন কার্য্যে কাহারও প্রবৃত্তি জন্মে না। অতএব প্রাণায়ামসাধনে লোকের প্রবৃত্তি উৎপাদনার্থ প্রথমে প্রাণায়ামের প্রয়োজন নিরূপণ করিতেছেন। শরীরস্থ বায়ুর চঞ্চলতা থাকিলে মানবের চিত্তও চঞ্চল হয়, আর প্রাণবায়ু নিশ্চল-ভাবে থাকিলে চিত্তও সুস্থির হইয়া থাকে। ইহাতে জানা যায় যে, প্রাণ-বায়ু নিশ্চল হইলে যোগিগণ স্থাণুর ন্যায় নিশ্চল হইতে পারে, অতএব যাহা-দিগের যোগাভ্যাসের কামনা আছে, তাহারা বায়ু নিরোধ করিবে ॥ ২ ॥

যাবদ্বায়ুঃ স্থিতো দেহে তাবজ্জীবনমুচ্যতে।
মরণং তস্য নিষ্ক্রান্তিস্ততো বায়ুং নিরোধয়েৎ ॥ ৩ ॥

যাবদিতি। দেহে শরীরে যাবৎকালং বায়ুঃ প্রাণঃ স্থিতঃ তাবৎকাল-পর্য্যন্তং জীবনমুচ্যতে লোকৈঃ। দেহপ্রাণসংযোগস্যৈব জীবনপদার্থত্বাৎ। তস্য প্রাণস্য নিষ্ক্রান্তির্দেহাদ্বিয়োগো মরণমুচ্যতে। ততস্তস্মাদ্বায়ুং নিরোধয়েৎ ॥ ৩ ॥

যাবৎকাল দেহমধ্যে প্রাণবায়ু বিদ্যমান থাকে, তাবৎকাল লোকের জীবন আছে জানা যায়, কারণ প্রাণ ও দেহ এই দুইয়ের সংযোগই জীবন-পদার্থ, আর দেহ হইতে যে প্রাণবায়ুর বিচ্ছেদ, তাহাই মরণ, অতএব অবশ্যই বায়ুধারণে যত্ন করিবে ॥ ৩ ॥

মলাকুলাসু নাড়ীষু মারুতো নৈব মধ্যগঃ।
কথং স্যাদুন্মনীভাবঃ কার্য্যসিদ্ধিঃ কথং ভবেৎ ॥ ৪ ॥

মলশুদ্ধের্হঠসিদ্ধিজনকত্বং ব্যতিরেকেণাহ।—মলাকুলাস্বিতি। নাড়ীষু মলৈরাকুলাসু ব্যাপ্তাসু সতীষু মারুতঃ প্রাণো মধ্যগঃ সুষুম্নামার্গবাহী নৈব স্যাৎ অপি তু শুদ্ধমলাস্বেব মধ্যগো ভবতীত্যর্থঃ। উন্মনীভাবঃ উন্মন্যা ভাবো ভবনং কথং স্যান্ন কথমপীত্যর্থঃ। কার্য্যস্য কৈবল্যরূপস্য সিদ্ধি-র্নিষ্পত্তিঃ কথং ভবেন্ন কথঞ্চিদপীত্যর্থঃ ॥ ৪ ॥

মানবের শরীরমধ্যে যত প্রকার মল আছে, তাহার সংশোধনই যোগ-সাধনের কারণ, ইহাই বিপরীতরূপে প্রদর্শন করিতেছেন। শরীরের মধ্য-গত নাড়ী সকল মলে পরিব্যাপ্ত থাকিলে তাহাদিগের মধ্যে বায়ুর গমনা-গমন হইতে পারে না, বায়ুর গমনাগমন বন্ধ হইলে প্রাণবায়ু সুষুম্নামার্গে প্রবেশ করিতে সমর্থ হয় না. কিন্তু যদি নাড়ীসকল বিশুদ্ধ থাকে, তাহা হইলেই তাহাদিগের মধ্যে বায়ুসঞ্চরণ হইতে পারে। শারীরিক মলশোধন না হইলে কোনরূপেও উন্মনীভাব অর্থাৎ একাগ্রচিত্ততা হয় না এবং চিত্তের একাগ্রতা না হইলে যোগসাধনে কৃতকার্য্য হইতে পারে না ॥ ৪ ॥

শুদ্ধিমেতি যদা সর্ব্বং নাড়ীচক্রং মলাকুলম্।
তদৈব জায়তে যোগী প্রাণসংগ্রহণে ক্ষমঃ ॥ ৫ ॥

অন্বয়েনাপি মলশুদ্ধের্হঠসিদ্ধিহেতুত্বমাহ—শুদ্ধিমেতীতি। যদা যস্মিন্ কালে মলৈরাকুলং ব্যাপ্তং সর্ব্বং সমস্তং নাড়ীনাং চক্রং সমূহঃ শুদ্ধিং মল-রাহিত্যমেতি প্রাপ্নোতি তদৈব তস্মিন্নেব কালে যোগী যোগাভ্যাসী প্রাণস্য গ্রহণে ক্ষমঃ সমর্থো জায়তে ॥ ৫ ॥

শারীরিক মলশোধন অবশ্য কর্ত্তব্য বিধায় পুনর্ব্বার তাহার উপযোগিতা প্রদর্শন করিতেছেন। যে সময়ে মলব্যাপ্ত নাড়ী সকল মলবিহীন হয়, সেই সময়েই যোগসাধনতৎপর সাধক প্রাণবায়ু ধারণকরিতে সমর্থ হয়, অর্থাৎ নাড়ী সকল নির্ম্মল হইলেই যোগী ব্যক্তি প্রাণায়াম করিতে পারে ॥ ৫ ॥

প্রণায়ামং ততঃ কুর্য্যান্নিত্যং সাত্ত্বিকয়া ধিয়া।
যথা সুষুম্নানাড়ীস্থা মলাঃ শুদ্ধিং প্রয়ান্তি চ ॥ ৬ ॥

মলশুদ্ধিঃ কথং ভবতীত্যাকাঙ্ক্ষায়াং তচ্ছোধকং প্রাণায়ামমাহ।—প্রাণা-য়ামমিতি। যতো মলশুদ্ধিং বিনা প্রাণসংগ্রহণে ক্ষমো ন ভবতি ততস্তস্মা-দীশ্বর-প্রণিধানোৎসাহসাদি—প্রযত্নাভিভূত-বিক্ষেপালস্যাদি—রাজসতামসধর্ম্ময়া সাত্ত্বিকয়া প্রকাশপ্রসাদশীলয়া ধিয়া বুদ্ধ্যা নিত্যং প্রাণায়ামং কুর্য্যাৎ। যথা যেন প্রকারেণ সুষুম্নানাড্যাং স্থিতা মলাঃ শুদ্ধিমপগমং প্রয়ান্তি নশ্যন্তীত্যর্থঃ ॥৬॥

কি কি কার্য্য করিলে নাড়ীর মলশোধন হইতে পারে, এই অভিপ্রায়ে মলশোধনের কারণ স্বরূপ প্রাণায়াম কথিত হইতেছে। যেহেতু শারীরিক মলশুদ্ধি না হইলে কোন ব্যক্তিই প্রাণধারণ করিতে পারে না, অতএব ঈশ্বরপ্রণিধানে উৎসাহ ও যত্নসহকারে চিত্তবিক্ষেপ আলস্য প্রভৃতি রাজস তামস ধর্ম্মকে অভিভূত করিয়া সাত্ত্বিক বুদ্ধিতে প্রাণায়াম করিবে। যে প্রকারে প্রাণায়াম করিলে সুষুম্নানাড়ীর মধ্যস্থিত মল সকল নিষ্ক্রান্ত হইয়া নাড়ীগুলি পরিশুদ্ধ হইতে পারে তাহাই করিবে ॥ ৬ ॥

বদ্ধপদ্মাসনো যোগী প্রাণং চন্দ্রেণ পূরয়েৎ।
ধারয়িত্বা যথাশক্তি ভূয়ঃ সূর্য্যেণ রেচয়েৎ ॥ ৭ ॥

মলশোধকপ্রাণায়ামপ্রকারমাহ—দ্বাভ্যাং বদ্ধপদ্মাসন ইতি। বদ্ধং পদ্মাসনং যেন তাদৃশো যোগী প্রাণং প্রাণবায়ুং চন্দ্রেণ চন্দ্রনাড্যেড়য়া পূর-য়েৎ। শক্তিমনতিক্রম্য যথাশক্তি ধারয়িত্বা কুম্ভয়িত্বা। ভূয়ঃ পুনঃ সূর্য্যেণ সূর্য্যনাড্যা পিঙ্গলয়া রেচয়েৎ। বাহ্যবায়োঃ প্রযত্নবিশেষাদুপাদানং পূরকঃ। জালন্ধরাদিবন্ধপূর্ব্বকং প্রাণনিরোধঃ কুম্ভকঃ। কুম্ভিতস্য বায়োঃ প্রযত্ন-বিশেষাদ্গমনং রেচকং। প্রাণায়ামাঙ্গরেচকপূরকয়োরেবেমে লক্ষণে ইতি। ভস্ত্রাবল্লোহকারস্য রেচপূরৌ সসম্ভ্রমাবিতি গৌণরেচকপূরকয়োর্নাব্যাপ্তিঃ তয়োর্লক্ষ্যত্বাভাবাৎ ॥ ৭ ॥

এইক্ষণ শ্লোকদ্বয়ে মলশোধনকারী প্রাণায়ামের প্রকার গত বিশেষ নিরূপণ করিতেছেন। যোগিগণ প্রথমতঃ পদ্মাসনবন্ধনপূর্ব্বক উপবিষ্ট হইয়া বামনাসিকাদ্বারা বায়ু পূরণ করিবে, তৎপরে যথাশক্তি সেই প্রাণ-বায়ুর ধারণস্বরূপ কুম্ভক করিয়া পুনর্ব্বার দক্ষিণনাসিকায় বায়ু রেচন করিবে ॥ ৭ ॥ *

প্রাণং সূর্য্যেণ চাকৃষ্য পূরয়েদুদরং শনৈঃ।
বিধিবৎকুম্ভকং কৃত্বা পুনশ্চন্দ্রেণ রেচয়েৎ ॥ ৮ ॥

প্রাণমিতি—সূর্য্যেণ সূর্য্যনাড্যা পিঙ্গলয়া প্রাণমাকৃষ্য গৃহীত্বা শনৈর্ম্মন্দং মন্দমুদরং জঠরং পূরয়েৎ। বিধিবদ্বন্ধপূর্ব্বকং কুম্ভকং কৃত্বা পুনর্ভূয়শ্চন্দ্রে-ণেড়য়া রেচয়েৎ ॥ ৮ ॥

তৎপরে সূর্য্য নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকাদ্বারা বায়ু গ্রহণ করিতে

* বিশেষ যত্নসহকারে প্রাণবায়ু গ্রহণ করাকে পূরক বলা যায়, জালন্ধর বন্ধ অব লম্বনপূর্ব্বক সেই পূরিত বায়ুধারণকরার নাম কুম্ভক এবং সেই কুম্ভকীকৃত বায়ুর যে নিঃসরণ তাহাকে রেচন বলিয়া থাকে।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

করিতে ক্রমশ উদরপরিপূর্ণ করিবে এবং যথাশক্তি কুম্ভক করিয়া চন্দ্রনাড়ী অর্থাৎ বামনাসিকাদ্বারা বায়ু রেচন করিবে ॥ ৮ ॥

যেন ত্যজেত্তেন পীত্বা ধারয়েদতিরোধতঃ।
রেচয়েচ্চ ততোঽন্যেন শনৈরেব ন বেগতঃ ॥ ৯ ॥

উক্তে প্রাণায়ামে বিশেষমাহ—যেনেতি। যেন চন্দ্রেণ সূর্য্যেণ বা ত্যজেদ্রেরেচয়েত্তেন পীত্বা তেনৈব পূরয়িত্বা। অতিরোধতোঽতিশয়িতেন রোধেন স্বেদকম্পাদিজননপর্য্যন্তেন। সার্ব্ববিভক্তিকস্তসিল্। যেন পূরকস্ততোঽন্যেন শনৈ রেচয়েন্ন তু বেগতঃ। বেগাদ্রেচনে বলহানিঃ স্যাৎ। যেন পূরকঃ কৃতস্তেন রেচকো ন কর্ত্তব্যঃ। যেন রেচকঃ কৃতস্তেনৈব পূরকঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ৯ ॥

এইক্ষণ প্রাণায়ামের বিশেষ নিরূপণ করিতেছেন, বাম অথবা দক্ষিণনাসিকার মধ্যে যে সময় যে নাসিকায় বায়ু রেচন করিবে, সেই সময় সেই নাসিকায় বায়ু পূরণ করিয়া কুম্ভক করিবে। কুম্ভক করিয়া থাকিলে যাবৎ গাত্রকম্প কিম্বা ঘর্ম্মোদ্গম না হয়, তাবৎকাল কুম্ভক করিয়া থাকিবে। পরে যে নাসিকাদ্বারা পূরণ করা হইয়াছিল, তাহার অন্য নাসিকাদ্বারা ক্রমে ক্রমে বায়ু রেচন করিবে, কিন্তু একদা অধিক বেগে বায়ু রেচন করিবে না, তাহা করিলে সাধকের শারীরিক বলহানি হয়। অতএব জানা যাইতেছে যে, যে সময় যে নাসিকাদ্বারা বায়ু পূরণ করিবে, সেই সময় সেই নাসিকাদ্বারা বায়ু রেচন করিবে না। কিন্তু যে সময় যে নাসিকাদ্বারা বায়ু রেচন করা যায়, সেই সময় সেই নাসিকাদ্বারা বায়ু পূরণ করিবে ॥ ৯ ॥

প্রাণং চেদিড়য়া পিবেন্নিয়মিতং ভূয়োঽন্যয়া রেচয়েৎ পীত্বা পিঙ্গলয়া সমীরণমথো বদ্ধা ত্যজেদ্বাময়া। সূর্য্যাচন্দ্রমসোরনেন বিধিনাভ্যাসং সদা তন্বতাং শুদ্ধা নাড়ীগণা ভবন্তি যমিনাং মাসত্রয়াদূর্দ্ধতঃ ॥ ১০ ॥

বদ্ধপদ্মাসন ইত্যাদ্যুক্তমর্থং পিণ্ডীকৃত্যানুবদন্ প্রাণায়ামস্যাবান্তরফলমাহ—প্রাণমিতি। চেদিড়য়া বামনাড্যা প্রাণং পিবেৎ পূরয়েত্তর্হি নিয়মিতং কুম্ভিতং প্রাণং ভূয়ঃ পুনরন্যয়া পিঙ্গলয়া রেচয়েৎ। পিঙ্গলয়া দক্ষনাড্যা সমীরণং বায়ুং পীত্বা পূরয়িত্বাথো পূরণানন্তরং বদ্ধা কুম্ভয়িত্বা বাময়েড়য়া ত্যজেদ্রেরেচয়েৎ। সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ তয়োঃ। দেবতাদ্বন্দ্বেচেত্যানঙ। অনেনোক্তেন বিধিনা প্রকারেণ সদা নিতমভ্যসেৎ। চন্দ্রেণাপূর্য্য কুম্ভয়িত্বা সূর্য্যেণ রেচয়েৎ সূর্য্যেণাপূর্য্য কুম্ভয়িত্বা চন্দ্রেণ রেচয়েদিত্যাকারকং তন্বতাং বিস্তারয়তাং যমিনাং যমবতাং নাড়ীগণা নাড়ীসমূহা মাসত্রয়াদূর্দ্ধতো মাসানাং ত্রয়ং তস্মাদুপরি শুদ্ধা মলরহিতা ভবন্তি ॥ ১০ ॥

অনন্তর প্রাণায়ামের বিশেষ ফল কহিতেছেন। যদি কোন সাধক বামনাসিকাদ্বারা বায়ু পূরণ করিয়া যথাশক্তি কুম্ভকপূর্ব্বক পরে দক্ষিণনাসিকাদ্বারা সেই বায়ু রেচন করে ও পুনর্ব্বার দক্ষিণনাসিকাদ্বারা বায়ু পূরণ করত কুম্ভক করিয়া বামনাসিকাদ্বারা রেচন করে, এইরূপে বামদক্ষিণনাসিকায় বায়ুর পূরণ, কুম্ভক ও রেচনরূপ প্রাণায়াম অভ্যাস করে, তাহা হইলে তিনমাসের পরে অর্থাৎ তিনমাস পর্য্যন্ত এইরূপ প্রাণায়াম অভ্যাস করিলে সেই সাধকের নাড়ী সকল পরিশুদ্ধ হয়, তখন তাহার শরীরস্থ নাড়ীতে কোনরূপ মল থাকিতে পারে না ॥ ১০ ॥

প্রাতর্ম্মধ্যন্দিনে সায়মর্দ্ধরাত্রে চ কুম্ভকান্।
শনৈরশীতিপর্য্যন্তং চতুর্ব্বারং সমভ্যসেৎ ॥ ১১ ॥

অথ প্রাণায়ামাভ্যাসকালঃ তদবধিঞ্চাহ—প্রাতরিতি। প্রাতররুণোদয়মারভ্য সূর্য্যোদয়াদ্ঘটিকাত্রয়পর্য্যন্তে প্রাতঃকালে মধ্যন্দিনে মধ্যাহ্নে পঞ্চধা বিভক্তস্য দিনস্য মধ্যভাগে সায়ং সন্ধ্যাত্রিনাড়ীপ্রমিতকালস্তদধস্তাদূর্দ্ধং চেত্যুক্তলক্ষণে সন্ধ্যাকালে রাত্রেরর্দ্ধরাত্রং তস্মিন্নর্দ্ধরাত্রে রাত্রের্ম্মধ্যে মুহূর্ত্তদ্বয়ে চ শনৈরশীতিপর্য্যন্তমশীতিসংখ্যাবধি চতুর্ব্বারং বারচতুষ্টয়ং কালাধ্বনোরত্যন্তসংযোগে ইতি দ্বিতীয়া। চতুর্ষু কালেষ্বেকৈকস্মিন্ কালেঽশীতিপ্রাণায়ামাঃ কার্য্যাঃ। অর্দ্ধরাত্রে কর্ত্তুমশক্তশ্চেৎত্রিসন্ধ্যং কর্ত্তব্যাঃ ইতি সম্প্রদায়ঃ। চতুর্ব্বারং কৃতাশ্চেদ্দিনে দিনে বিংশত্যধিকশতত্রয়পরিমিতাঃ প্রাণায়ামা ভবন্তি। বারত্রয়ং কৃতাশ্চেচ্চত্বারিংশদধিকশতদ্বয়পরিমিতা ভবন্তি ॥ ১১ ॥

এইক্ষণ প্রাণায়ামের সময় এবং কতকাল প্রাণায়াম করিতে হইবে, তাহাই বলিতেছেন, প্রাতঃকালে সূর্য্যোদয় হইতে তিন ঘটিকা, মধ্যাহ্নে অর্থাৎ পঞ্চভাগে বিভক্ত দিবসের মধ্যভাগে তিন ঘটিকা এবং সায়াহ্নে তিন ঘটিকা ও অর্দ্ধরাত্রি সময়ে তিন ঘটিকাকাল প্রাণায়াম করিবে। সাম্প্রদায়িক মতে অর্দ্ধ রাত্রি সময়ে প্রাণায়াম করিতে অশক্ত হইলে প্রাতঃকালে, মধ্যাহ্ন সময়ে ও সায়ংকালে এই তিন সময়ে প্রাণায়াম করিলেও কার্য্যসিদ্ধি হইবে। এই প্রাণায়ামে প্রত্যেক সময়ে অশীতিবার করিয়া প্রাণায়াম করিতে হইবে, ইহাতে দিবারাত্রির মধ্যে চারি সময়ে প্রাণায়াম করিলে ৩২০ বার আর তিন সময়ে করিলে ২৪০ বার প্রাণায়াম হয় ॥ ১১ ॥

কনীয়সি ভবেৎ স্বেদঃ কম্পো ভবতি মধ্যমে।
উত্তমে স্থানমাপ্নোতি ততো বায়ুং নিবন্ধয়েৎ ॥ ১২ ॥

কনিষ্ঠমধ্যমোত্তমানাং প্রাণায়ামানাং ক্রমেণ ব্যাপকবিশেষমাহ—কনীয়সীতি। কনিষ্ঠে প্রাণায়ামে স্বেদঃ প্রস্বেদো ভবেদ্ভবতি। স্বেদানুমেয়ঃ কনিষ্ঠঃ। মধ্যমে প্রাণায়ামে কম্পো ভবতি। কম্পানুমেয়ো মধ্যমঃ। উত্তমে প্রাণায়ামে স্থানং ব্রহ্মরন্ধ্রমাপ্নোতি। স্থানপ্রাপ্ত্যনুমেয় উত্তমঃ। ততস্তস্মাদ্বায়ুং প্রাণং নিবন্ধয়েন্নিতরাং বন্ধয়েৎ। কনিষ্ঠাদীনাং লক্ষণমুক্তং লিঙ্গপুরাণে। প্রাণায়ামস্য মানন্তু মাত্রদ্বাদশকং স্মৃতং। নীচো দ্বাদশমাত্রস্তু সকৃদুদ্বাত ঈরিতঃ। মধ্যমস্তু দ্বিরুদ্বাতশ্চতুর্ব্বিংশতিমাত্রকঃ। মুখ্যস্তু যস্ত্রিরুদ্বাতঃ ষট্ত্রিংশন্মাত্র উচ্যতে। প্রস্বেদকম্পনোত্থানজনকশ্চ যথাক্রমং। আনন্দো জায়তে চাত্র নিদ্রা ধূমস্তথৈব চ। রোমাঞ্চো ধ্বনিসংবিত্তিরঙ্গমোটনকম্পনং। শ্রবণস্বেদজল্পাদ্যং সম্বিন্মূর্চ্ছাং জয়েদ্যদা। তদোত্তম ইতি প্রোক্তঃ প্রাণায়ামঃ সুশোভন ইতি। ধূমশ্চিত্তান্দোলনং গোরক্ষোঽপি। অধমে দ্বাদশ প্রোক্তা মধ্যমে দ্বিগুণাঃ স্মৃতাঃ। উত্তমে ত্রিগুণা মাত্রাঃ প্রাণায়ামে দ্বিজোত্তমৈঃ। উদ্বাতলক্ষণন্তু প্রাণেনোৎসার্য্যমাণেন অপানঃ পীড্যতে যদা। গত্বা চোর্দ্ধং নিবর্ত্তেত এতদুদ্বাতলক্ষণং। মাত্রামাহ যাজ্ঞবল্ক্যঃ অঙ্গুষ্ঠাঙ্গুলিমোক্ষং ত্রিস্ত্রির্জ্জানুপরিমার্জ্জনং। তালত্রয়মপি প্রাজ্ঞা মাত্রাসংজ্ঞাং প্রচক্ষতে। স্কন্দপুরাণে একশ্বাসময়ী মাত্রা প্রাণায়ামো নিগদ্যতে। এতদ্ব্যাখ্যাতং যোগচিন্তামণৌ। নিদ্রাবশঙ্গতস্য পুংসো যাবতা

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

কালেনৈকশ্বাসো গচ্ছত্যাগচ্ছতি চ তাবৎকালং প্রাণায়ামস্য মাত্রেত্যুচ্যত ইতি। অর্দ্ধশ্বাসাধিকদ্বাদশশ্বাসাবচ্ছিন্নঃ কালঃ প্রাণায়ামকালঃ। ষড়্ভিঃ শ্বাসৈরেকং পলং ভবতি। এবঞ্চ সার্দ্ধশ্বাসপলদ্বয়াত্মকঃ কালঃ প্রাণায়ামকালঃ সিদ্ধঃ। সার্দ্ধদ্বাদশমাত্রামিতঃ প্রাণায়ামো যঃ স এবোত্তমঃ প্রাণায়াম ইত্যুচ্যতে। ন চ পূর্ব্বোদাহৃতলিঙ্গপুরাণগোরক্ষবাক্যবিরোধঃ। তত্র দ্বাদশমাত্রকস্য প্রাণায়ামস্যাধমত্বোক্তেরিতি শঙ্কনীয়ং। জানুং প্রদক্ষিণীকুর্য্যান্ন দ্রুতং ন বিলম্বিতং। প্রদদ্যাচ্ছোটিকাং যাবত্তাবন্মাত্রেতি গীয়ত ইতি স্কন্দপুরাণাৎ। অঙ্গুষ্ঠাঙ্গুলিমোক্ষঞ্চ জান্বোশ্চ পরিমার্জ্জনং। প্রদদ্যাচ্ছোটিকাং যাবত্তাবন্মাত্রেতি গীয়তে ইতি চ স্কন্দপুরাণাৎ। অঙ্গুষ্ঠো মাত্রা সংখ্যায়তে তদেতি দত্তাত্রেয়বচনাচ্চ। লিঙ্গপুরাণগোরক্ষাদিবাক্যেষ্বেক ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্বেন বিবক্ষিতত্বাৎ। যাজ্ঞবল্ক্যাদিবাক্যেষু ছোটিকাত্রয়াবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্বেন বিবক্ষণাৎ ত্রিগুণস্যাধমস্যোত্তমত্বং তত্রাপ্যুক্তমিত্যবিরোধঃ। সর্ব্বেষু যোগসাধনেষু প্রাণায়ামো মুখ্যস্তৎসিদ্ধৌ প্রত্যাহারাদীনাং সিদ্ধেঃ। তদসিদ্ধৌ প্রত্যাহারাদ্যসিদ্ধেশ্চ। বস্তুতস্তু প্রাণায়াম এব প্রত্যাহারাদিশব্দৈর্নিগদ্যতে। তথা চোক্তং যোগচিন্তামণৌ। প্রাণায়াম এবাভ্যাসক্রমেণ বর্দ্ধমানঃ প্রত্যাহারধ্যানধারণাসমাধিশব্দৈরুচ্যত ইতি। তদুক্তং স্কন্দপুরাণে—প্রাণায়ামদ্বিষট্কেন প্রত্যাহার উদাহৃতঃ। প্রত্যাহারদ্বিষট্কেন ধারণা পরিকীর্ত্তিতা। ভবেদীশ্বরসঙ্গত্যৈ ধ্যানং দ্বাদশধারণং। ধ্যানদ্বাদশকেনৈব সমাধিরভিধীয়তে। যৎসমাধৌ পরং জ্যোতিরনন্তং স্বপ্রকাশকং। তস্মিন্ দৃষ্টে ক্রিয়াকাণ্ডযাতায়াতং নিবর্ত্তত ইতি। তথা ধারণা পঞ্চনাড়ীভির্ধ্যানং স্যাৎ ষষ্টিনাড়িকং। দিনদ্বাদশকেন স্যাৎ সমাধিঃ প্রাণসংযমাদিতি চ। গোরক্ষাদিভিরপ্যেবমেবোক্তং অত্রৈব ব্যবস্থা। কিঞ্চিদূনদ্বিচত্বারিংশদ্বিপলাত্মকঃ কনিষ্ঠপ্রাণায়ামকালঃ অয়মেবৈকচ্ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া দ্বাদশমাত্রকঃ কালঃ। কিঞ্চিদূনচতুরশীতিবিপলাত্মকো মধ্যমপ্রাণায়ামকালঃ। অয়মেকচ্ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া চতুর্ব্বিংশতিমাত্রকঃ। পঞ্চবিংশত্যুত্তরশতবিপলাত্মক উত্তমঃ প্রাণায়ামকালঃ। অয়মেকচ্ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া ষট্ত্রিংশন্মাত্রকঃ কালঃ। ছোটিকাত্রয়াবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া তু দ্বাদশমাত্রক এব। বদ্ধপূর্ব্বকং পঞ্চবিংশত্যুত্তরশতবিপলপর্য্যন্তং যদা প্রাণায়ামস্থৈর্য্যং ভবতি তদা প্রাণো ব্রহ্মরন্ধ্রেণ গচ্ছতি। ব্রহ্মরন্ধ্রং গতঃ প্রাণো যদা পঞ্চবিংশতিপলপর্য্যন্তং তিষ্ঠতি তদা প্রত্যাহারঃ। যদা পঞ্চঘটিকাপর্য্যন্তং তিষ্ঠতি তদা ধারণা। যদা ষষ্টিঘটিকাপর্য্যন্তং তিষ্ঠতি তদা ধ্যানং। যদা দ্বাদশদিনপর্য্যন্তং তিষ্ঠতি তদা সমাধির্ভবতীতি সর্ব্বং রমণীয়ং॥ ১২॥

প্রাণায়াম তিন প্রকার কথিত আছে, যথাঃ—কনিষ্ঠ, মধ্যম ও উত্তম। এই তিন প্রকার প্রাণায়ামের বিশেষ এই যে, প্রাণায়াম করিতে করিতে সাধকের গাত্রে ঘর্ম্মোদ্গম হয়, তাহাই কনিষ্ঠ প্রাণায়াম, ইহাতে একবার উদ্ঘাত হয় *। যে প্রাণায়ামকালে সাধকের গাত্রকম্প উপস্থিত হয়, তাহার নাম মধ্যম প্রাণায়াম, এই প্রাণায়ামে দুইবার উদ্ঘাত হয়। আর প্রাণায়াম করিতে করিতে যদি সাধকের প্রাণ ব্রহ্মরন্ধ্র প্রাপ্ত হয়, তাহা হইলে সেই প্রাণায়ামকে উত্তম প্রাণায়াম বলা যায়। ইহাতে তিনবার উদ্ঘাত হইয়া থাকে। যতকাল অভ্যাস করিলে প্রাণায়াম সাধিত না হয়, ততকাল পুনঃপুনঃ প্রাণায়াম করিতে থাকিবে। লিঙ্গপুরাণে এই ত্রিবিধ প্রাণায়ামের অন্যরূপ লক্ষণ উক্ত আছে। দ্বাদশমাত্রায় যে প্রাণায়াম করা যায়, তাহার নাম কনিষ্ঠ প্রাণায়াম, চতুর্ব্বিংশতি মাত্রায় যে প্রাণায়াম হয়, তাহাকে মধ্যম প্রাণায়াম বলা যায় এবং দ্বাত্রিংশন্মাত্রায় প্রাণায়াম করিলে তাহা উত্তম প্রাণায়াম বলিয়া কথিত হয়। ইহাদিগের মধ্যেও কনিষ্ঠ প্রাণায়ামে ঘর্ম্ম, মধ্যম প্রাণায়ামে কম্প এবং উত্তম প্রাণায়ামে প্রাণের ব্রহ্মরন্ধ্র প্রাপ্তি হইয়া থাকে। উত্তম প্রাণায়াম সাধিত হইলে সাধকের বিশেষ আনন্দ জন্মে, নিদ্রার লাঘব হয়, আর চিত্তের আন্দোলন, ধ্বনিশ্রবণ, অঙ্গসঙ্কোচ ও শরীরে কম্প হইতে থাকে। যখন ধ্বনিশ্রবণ, ঘর্ম্মোদ্গম ও উত্তম জ্ঞান জন্মে, কোন প্রকার মূর্চ্ছা থাকে না, তখনই উত্তম প্রাণায়াম সাধিত হইল জানা যায়। গোরক্ষসংহিতায় লিখিত আছে যে, কনিষ্ঠ প্রাণায়ামে দ্বাদশমাত্রা, মধ্যম প্রাণায়ামে তাহার দ্বিগুণ অর্থাৎ চতুর্ব্বিংশতি মাত্রা এবং উত্তম প্রাণায়ামে ত্রিগুণ মাত্রা জানিবে। মাত্রা লক্ষণ বিষয়ে যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে, অঙ্গুষ্ঠাঙ্গুলির মোচন, তিনবার জানুপরিমার্জ্জন এবং তালত্রয় ইহাদিগকেই জ্ঞানিগণ মাত্রা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যোগচিন্তামণিতে যে স্কন্দপুরাণের বচন লিখিত আছে, তাহাতে জানা যায় যে, নিদ্রিত পুরুষের শ্বাসপ্রশ্বাসে যেসময় লাগে, তাহাই প্রাণায়ামের কাল বলা যায়, আর ছয় শ্বাসে এক পল হয়, সুতরাং সার্দ্ধ দুই পলই প্রাণায়ামের কাল বলিয়া নিশ্চিত হইল। অতএব জানা যাইতেছে যে, সার্দ্ধ দ্বাদশ মাত্রায় যে প্রাণায়াম হয়, তাহাই উত্তম প্রাণায়াম। ইহাতে পূর্ব্বোক্ত লিঙ্গপুরাণের বচন ও গোরক্ষ বচনের বিরোধ মীমাংসিত হইল। পরন্তু পূর্ব্বে যে দ্বাদশমাত্রাবিশিষ্ট প্রাণায়ামই অধম প্রাণায়াম বলিয়া কথিত আছে, এই আশঙ্কা হইতে পারে। স্কন্দপুরাণের বচনে জানা যায় যে, অনতিদ্রুত ও অনতিবিলম্বভাবে জানুপ্রদক্ষিণ করিয়া ছোটিকামুদ্রা বন্ধনপূর্ব্বক অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী ধ্বনি করত প্রাণায়াম করিবে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, অঙ্গুষ্ঠাঙ্গুলির মোচন ও জানুপরিমার্জ্জন করিয়া ছোটিকা মুদ্রায় পূর্ব্বোক্ত মাত্রানুসারে প্রাণায়াম করিবে। বাস্তবিক লিঙ্গপুরাণে ও গোরক্ষাদির বচনেও এক এক ছোটিকার কালই প্রাণায়ামের মাত্রা নির্দ্ধারিত আছে। যাজ্ঞবল্ক্য বচনেও এই মত প্রকটিত হইয়াছে। পরন্তু যত প্রকার যোগসাধন আছে, তাহাদিগের মধ্যে প্রাণায়ামই প্রধান সাধন। যেহেতু একমাত্র প্রাণায়াম সাধিত হইলেই প্রত্যাহারাদি সিদ্ধ হইয়া থাকে। বস্তুত প্রত্যাহারাদি শব্দেও প্রাণায়ামই কথিত হয়। যোগচিন্তামণিগ্রন্থে লিখিত আছে যে, প্রাণায়ামই ক্রমশ বৃদ্ধি পাইলে প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি শব্দে কথিত হইয়া থাকে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, দ্বাদশ প্রাণায়ামে এক প্রত্যাহার, দ্বাদশ প্রত্যাহারে এক ধারণা ও দ্বাদশ ধারণাতে এক ধ্যান হয় এবং দ্বাদশ ধ্যানেই সমাধি হইয়া থাকে। এই সমাধি উপস্থিত হইলেই স্বপ্রকাশমান পরমজ্যোতি প্রকাশ পায়। এই পরমজ্যোতির দর্শন হইলেই সাধকের ক্রিয়াকাণ্ড ও সংসারে পুনরাবৃত্তি নিবৃত্তি হয়। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, পঞ্চঘটিকাকাল প্রাণায়াম করিলে ধারণা হয়। ষষ্টি ঘটিকা প্রাণায়ামে ধ্যান এবং দ্বাদশ দিবস প্রাণসংযম করিতে পারিলেই

* প্রাণবায়ু উৎক্রমমাণ হইয়া যে অপান বায়ুকে পাতিতকরে এবং ঊর্দ্ধে গমন করিয়া নিবৃত্ত হয়, তাহাই উদ্ঘাত বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। কনিষ্ঠ, মধ্য ও উত্তম প্রাণায়ামে যথাক্রমে একবার, দুইবার ও তিনবার এইরূপ হইয়া থাকে।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

সমাধি হইয়া থাকে। গোরক্ষ প্রভৃতি যোগিগণও এইরূপ বলিয়া থাকেন। এইক্ষণ নিশ্চিত হইল যে, কিঞ্চিদূন দ্বিচত্বারিংশৎ পলমাত্র কনিষ্ঠ প্রাণায়ামের কাল, কিঞ্চিদূন চতুরশীতি পল সময়ই মধ্যম প্রাণায়ামের কাল এবং পঞ্চবিংশাধিক শত পল সময়ই উত্তম প্রাণায়ামের কাল জানিবে। এইক্ষণ ইহাই জানা যাইতেছে যে, যখন পঞ্চবিংশাধিকশতসংখ্যক পল প্রাণসংযম হয়, তখনই প্রাণের ব্রহ্মরন্ধ্রে গমন হয়। আর পঞ্চবিংশতি পল প্রাণায়াম হইলেই প্রত্যাহার হয়। যখন পঞ্চঘটিকাকাল প্রাণ ব্রহ্মরন্ধ্রে অবস্থান করে, তখন ধারণা হয়, যখন ষষ্টিঘটিকা কাল প্রাণ ব্রহ্মরন্ধ্রে অবস্থিত হয়, তখন ধ্যান হয়, আর যখন প্রাণ দ্বাদশ দিবস ব্রহ্মরন্ধ্রে অবস্থান করে তখনই সাধকের সমাধি হয়॥ ১২॥

জলেন শ্রমজাতেন গাত্রমর্দ্দনমাচরেৎ।
দৃঢ়তা লঘুতা চৈব তেন গাত্রস্য জায়তে॥ ১৩॥

প্রাণায়ামানভ্যসতঃ স্বেদেজাতে বিশেষমাহ—জলেনেতি। শ্রমাৎ-প্রাণায়ামাভ্যাসশ্রমাজ্জাতং তেন জলেন প্রস্বেদেন গাত্রস্য শরীরস্য মর্দ্দনং তৈলাভ্যঙ্গবদাচরেৎ কুর্য্যাৎ। তেন মর্দ্দনেন গাত্রস্য দৃঢ়তা দার্ঢ্যং লঘুতা জাড্যাভাবো জায়তে প্রাদুর্ভবতি॥ ১৩॥

যখন প্রাণায়াম করিতে করিতে সাধকের শরীরে ঘর্ম্ম হইতে থাকে, তখন সেই ঘর্ম্মজলদ্বারা তৈলমর্দ্দনের ন্যায় গাত্রমর্দ্দন করিবে, এইরূপ করিলেই সাধকের শরীর লঘু ও দৃঢ় হয় এবং শরীরে কোনরূপ জড়তা থাকে না॥ ১৩॥

অভ্যাসকালে প্রথমে শস্তং ক্ষীরাজ্যভোজনম্।
ততোঽভ্যাসে দৃঢ়ীভূতে ন তাদৃঙ্ নিয়মগ্রহঃ॥ ১৪॥

অথ প্রথমোত্তরাভ্যাসয়োঃ ক্ষীরাদিনিয়মানাহ—অভ্যাসকাল ইতি। ক্ষীরং দুগ্ধমাজ্যং ঘৃতং তদ্যুক্তং ভোজনং ক্ষীরাজ্যভোজনং। শাকপার্থিবাদিবৎ সমাসঃ। কেবলে কুম্ভকে সিদ্ধেঽভ্যাসো দৃঢ়ো ভবতি স্পষ্টমন্যৎ॥ ১৪॥

প্রাণায়ামের প্রথম অভ্যাসকালে দুগ্ধ ও ঘৃতমিশ্রিত অন্ন ভোজন করিবে। পরে যখন প্রাণায়াম করিতে করিতে অভ্যাস দৃঢ়ীভূত হয়, অর্থাৎ সাধকের কুম্ভক সিদ্ধ হয়, তখন আর উক্তরূপ নিয়ম পালনের আবশ্যক নাই, অর্থাৎ দুগ্ধ ও ঘৃতমিশ্রিত অন্ন ভোজন না করিলেও কোন দোষ হইতে পারে না॥ ১৪॥

যথা সিংহো গজো ব্যাঘ্রো ভবেদ্বশ্যঃ শনৈঃ শনৈঃ
তথৈব সেবিতো বায়ুরন্যথা হন্তি সাধকম্॥ ১৫॥

সিংহাদিবচ্ছনৈরেব প্রাণং বশয়েন্ন সহসেত্যাহ—যথেতি। যথা যেন প্রকারেণ সিংহো মৃগেন্দ্রো গজো বনহস্তী ব্যাঘ্রঃ শার্দ্দূলঃ শনৈঃ শনৈরেব বশ্যঃ স্বাধীনো ভবেন্ন সহসা তথৈব তেনৈব প্রকারেণ সেবিতোঽভ্যস্তো বায়ুঃ প্রাণো বশ্যো ভবেৎ। অন্যথা সহসা গৃহ্যমাণঃ সাধকমভ্যাসিনং হন্তি সিংহাদিবৎ॥ ১৫॥

প্রাণায়াম সাধনকালে ক্রমে ক্রমে অভ্যাস করিতে হয়। যেমন সিংহ, হস্তী, ব্যাঘ্র প্রভৃতিকে বশীভূত করিতে হইলে ক্রমে ক্রমে তাহাদিগকে বশ করিতে হয়, সেইরূপ ক্রমে ক্রমেই প্রাণায়াম অভ্যাস করিবে, অন্যথা হঠাৎ সিংহাদিকে বশীভূত করিতে গেলে যেমন তাহারা বশীকারককে বিনাশকরে, সেইরূপ একদা অধিক প্রাণায়াম করিলেও সাধকের বিশেষ অনিষ্ট হইবার সম্ভব আছে॥ ১৫॥

প্রাণায়ামাদিযুক্তেন সর্ব্বরোগক্ষয়ো ভবেৎ।
অযুক্তাভ্যাসযোগেন সর্ব্বরোগসমুদ্ভবঃ॥ ১৬॥

যুক্তাযুক্তয়োঃ ফলমাহ—প্রাণায়ামেনেতি। আহারাদিযুক্তিপূর্ব্বকো জালন্ধরাদিবন্ধযুক্তিবিশিষ্টঃ প্রাণায়ামো যুক্ত ইত্যুচ্যতে। তেন সর্ব্বরোগক্ষয়ঃ সর্ব্বেষাং রোগাণাং ক্ষয়ো নাশো ভবেৎ। অযুক্ত উক্তযুক্তিরহিতো যোঽভ্যাসস্তদ্যুক্তেন প্রাণায়ামেন সর্ব্বরোগসমুদ্ভবঃ সর্ব্বেষাং রোগাণাং সম্যগুদ্ভব উৎপত্তির্ভবেৎ॥ ১৬॥

প্রাণায়ামের অভ্যাসকালে যথানিয়মে আহার ও জালন্ধর বন্ধ করিয়া প্রাণায়াম করিবে, এইরূপ করিলে সাধকের সকলপ্রকার রোগ বিনাশ পায়। আর যদি কেহ যথোক্ত নিয়ম পালন না করিয়া প্রাণায়াম অভ্যাস করিতে প্রবৃত্ত হয়, তাহা হইলে সাধকের অনেক প্রকার রোগ জন্মিয়া থাকে॥ ১৬॥

হিক্কা শ্বাসশ্চ কাশশ্চ শিরঃকর্ণাক্ষিবেদনাঃ।
ভবন্তি বিবিধা রোগাঃ পবনস্য প্রকোপতঃ॥ ১৭॥

অযুক্তেন প্রাণায়ামেন কে রোগা ভবন্তীত্যপেক্ষায়ামাহ। হিক্কেতি—হিক্কাশ্বাসকাসা রোগবিশেষাঃ শিরশ্চ কর্ণৌ চাক্ষিণী চ শিরঃকর্ণাক্ষি বেদনাঃ শিরঃকর্ণাক্ষিবেদনা বিবিধা নানাবিধা রোগা জ্বরাদয়ঃ। পবনস্য বায়োঃ প্রকোপতো ভবন্তি॥ ১৭॥

অনিয়মে প্রাণায়াম অভ্যাস করিলে সাধকের অনেকপ্রকার রোগ হয়। যে ব্যক্তি কথিত নিয়ম পালন না করিয়া প্রাণায়াম করে, তাহার বায়ু কুপিত হয়, সুতরাং সাধকের হিক্কা, শ্বাস, কাস, শিরঃপীড়া ও কর্ণশূল প্রভৃতি অনেকপ্রকার রোগ জন্মিয়া থাকে॥ ১৭॥

যুক্তং যুক্তং ত্যজেদ্বায়ুং যুক্তং যুক্তঞ্চ পূরয়েৎ॥
যুক্তং যুক্তঞ্চ বধ্নীয়াদেবং সিদ্ধিমবাপ্নুয়াৎ॥ ১৮॥

যতঃ পবনস্য প্রকোপতো বিবিধা রোগা ভবন্ত্যতো যুক্তং যুক্তমিতি—বায়ুং প্রাণং যুক্তং যুক্তং ত্যজেৎ। রেচনকালে শনৈঃ শনৈরেব রেচয়েন্ন বেগতঃ ইত্যর্থঃ। যুক্তং যুক্তং ন চাল্পং নাধিকং চ পূরয়েৎ। যুক্তং যুক্তং চ জালন্ধরবন্ধাদিযুক্তং বধ্নীয়াৎ কুম্ভয়েৎ। এবমভ্যসেচ্চেৎ সিদ্ধিং হঠসিদ্ধিমবাপ্নুয়াৎ॥ ১৮॥

যেহেতু অনিয়মে প্রাণায়াম করিলে বায়ু প্রকুপিত হইয়া নানাপ্রকার রোগ উৎপাদনকরে, অতএব বায়ুপূরণকালে অল্পে অল্পে পূরণ, কুম্ভককালে অল্পে অল্পে কুম্ভক এবং রেচনকালেও ক্রমে ক্রমে রেচন অভ্যাস করিবে। এই সকল নিয়ম পালন করিয়া প্রাণায়াম অভ্যাস করিলেই সাধক সিদ্ধিলাভ করিতে পারে॥ ১৮॥

যদা তু নাড়ীশুদ্ধিঃ স্যাত্তথা চিহ্নানি বাহ্যতঃ।
কায়স্য কৃশতা কান্তিস্তদা জায়েত নিশ্চিতম্॥ ১৯॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যুক্তঃ প্রাণায়ামমভ্যসতো জায়মানায়া নাড়ীশুদ্ধের্লক্ষণমাহ দ্বাভ্যাং। যদাত্বিতি—যদা তু যস্মিন্ কালে তু নাড়ীনাং শুদ্ধির্ম্মলরাহিত্যং স্যাত্তদা বাহ্যানি সার্ব্ববিভক্তিকস্তসিঃ চিহ্নানি লক্ষণানি তথাশব্দেনান্তরাণ্যপি চিহ্নানি ভবন্তীত্যর্থঃ। তান্যেবাহ কায়স্যেতি কায়স্য দেহস্য কৃশতা কার্শ্যং কান্তিঃ সুরুচির্নিশ্চিতং জায়তে ॥ ১৯ ॥

যথোক্তনিয়মে প্রাণায়াম অভ্যাসকরিলে সাধকের নাড়ীসকল বিশুদ্ধ হয়। শারীরিক নাড়ী সকল বিশুদ্ধ হইলে সাধকের অনেকপ্রকার লক্ষণ প্রকাশ পায়। যখন নাড়ী বিশুদ্ধ হইয়া মলশূন্য হয়, তখন শরীরের কৃশতা লক্ষিত হয় ও কান্তিপুষ্টি বৃদ্ধি পায়, এই সকল লক্ষণ লক্ষিত হইলেই নাড়ীশুদ্ধি হইয়াছে জানা যায় ॥ ১৯ ॥

যথেষ্টধারণং বায়োরনলস্য প্রদীপনম্।
নাদাভিব্যক্তিরারোগ্যং জায়তে নাড়িশোধনং ॥ ২০ ॥

বায়োঃ প্রাণস্য যথেষ্টং বহুবারং ধারণং কুম্ভকেষু। অনলস্য জঠরাগ্নেঃ প্রদীপনং প্রকৃষ্টা দীপ্তির্নাদস্য ধ্বনেরভিব্যক্তিঃ প্রাকট্যমারোগ্যমরোগতা নাড়ীশোধনান্নাড়ীনাং শোধনান্মলরাহিত্যাজ্জায়তে ॥ ২০ ॥

প্রাণায়ামদ্বারা নাড়ীশুদ্ধি হইলে অন্যান্য লক্ষণও দৃষ্ট হয়। প্রাণবায়ু ধারণ করিতে করিতে যখন কুম্ভক সিদ্ধ হয়, তখন জঠরাগ্নি প্রদীপ্ত হয়. কণ্ঠনাদ হইতে থাকে এবং শারীরিক রোগসকল বিনাশ পাইয়া থাকে। এই সকলই নাড়ীশুদ্ধির প্রধান লক্ষণ ॥ ২০ ॥

মেদশ্লেষ্মাধিকং পূর্ব্বং ষট্‌কর্ম্মাণি সমাচরেৎ।
অন্যস্তু নাচরেত্তানি দোষাণাং সমভাবতঃ ॥ ২১ ॥

মেদাদ্যাধিক্যে উপায়ান্তরমাহ। মেদশ্লেষ্মাধিক ইতি—মেদশ্চ শ্লেষ্মা চ মেদশ্লেষ্মাণৌ তাবধিকৌ যস্য স তাদৃশঃ পুরুষঃ। পূর্ব্বং প্রাণায়ামাভ্যাসাৎ প্রাঙ্‌নতু প্রাণায়ামাভ্যাসকালে ষট্‌কর্ম্মাণি বক্ষ্যমাণানি সমাচরেৎ সম্যগাচরেৎ। অন্যস্তু মেদশ্লেষ্মাধিক্যরহিতস্তু তানি ষট্‌কর্ম্মাণি নাচরেৎ। তত্র হেতুমাহ—দোষাণাং বাতপিত্তকফানাং সমস্য ভাবঃ সমভাবঃ সমত্বং তস্মাদ্দোষাণাং সমত্বাদিত্যর্থঃ ॥ ২১ ॥

যে সাধকের শরীরে মেদ ও শ্লেষ্মার আধিক্য থাকে, সেই ব্যক্তি প্রাণায়াম অভ্যাসের পূর্ব্বে উত্তমরূপে নিম্নলিখিত ষট্‌কর্ম্মের অনুষ্ঠান করিবে, যাহার শরীরে মেদ ও শ্লেষ্মার আধিক্য নাই, তাহার ষট্‌কর্ম্ম করিতে হয় না। যাহার শরীরে বাতপিত্তকফাদির সমতা আছে, তাহার ষট্‌কর্ম্মাচারণ নিষ্প্রয়োজন ॥ ২১ ॥

নাভিদঘ্নজলে পায়ৌ ন্যস্তনালোৎকটাসনঃ।
ধৌতির্ব্বস্তিস্তথা নেতিস্ত্রাটকং নৌলিকং তথা।
কপালভাতিশ্চৈতানি ষট্‌কর্ম্মাণি প্রচক্ষতে ॥ ২২ ॥

ষট্‌কর্ম্মাণ্যুপদিশতি ধৌতিরিতি স্পষ্টং ॥ ২২ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত ষট্‌কর্ম্মের উপদেশ করিতেছেন। ধৌতি, বস্তি, নেতি, ত্রাটক, নৌলিকী ও কপালভাতি, এই সকল কর্ম্মকেই যোগিগণ ষট্‌কর্ম্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ২২ ॥

কর্ম্মষট্‌কমিদং গোপ্যং ঘটশোধনকারকম্।
বিচিত্রগুণসন্ধায়ি পূজ্যতে যোগিপুঙ্গবৈঃ ॥ ২৩ ॥

ইদং রহস্যমিত্যাহ কর্ম্মষট্‌কমিতি। ঘটস্য শরীরস্য শোধনং মলাপনয়নং করোতীতি ঘটশোধনকারকমিদমুদ্দিষ্টং কর্ম্মণাং ষট্‌কং ধৌত্যাদিকং গোপ্যং গোপনীয়ং। যতঃ—বিচিত্রগুণসন্ধায়ীতি বিচিত্রং বিলক্ষণং গুণং ষট্‌কর্ম্মরূপং সন্ধাতুং কর্ত্তুং শীলমস্যেতি বিচিত্রগুণসন্ধায়ি যোগিপুঙ্গবৈর্যোগিশ্রেষ্ঠৈঃ পূজ্যতে সৎক্রিয়তে। গোপনাভাবে তু ষট্‌কর্ম্মকমন্যৈরপি বিহিতং স্যাদিতি যোগিনঃ পূজ্যত্বভাবঃ প্রসজ্যেতেতি ভাবঃ। এতে নেদমেব কর্ম্মষট্‌কস্য মুখ্যং ফলমিতি সুচিন্তং। মেদশ্লেষ্মাদিনাশস্য প্রাণায়ামৈরপি সম্ভবাৎ। তদুক্তং—ষট্‌কর্ম্মযোগমাপ্নোতি পবনাভ্যাসতৎপর ইতি পূর্ব্বোত্তরগ্রন্থস্যাপ্যেবমেব স্বারস্যাচ্চ ॥ ২৩ ॥

ধৌতিপ্রভৃতি ষট্‌কর্ম্ম শরীরের শোধন করে, অর্থাৎ শরীরের মল অপনয় করিয়া থাকে। এই সকল যোগ অতি গোপনে সাধন করিতে হয়। এই ষট্‌কর্ম্ম সাধকের নানাপ্রকার গুণ উৎপাদন করে, এই নিমিত্তই যোগিগণ ষট্‌কর্ম্মের বিশেষ আদর করিয়া থাকেন। এই ষট্‌কর্ম্মসাধনে অন্যান্য বিবিধ গুণ জন্মিয়া থাকে, অতএব উক্ত ষট্‌কর্ম্মসাধন বিশেষ প্রয়োজনীয়। কেবল মেদ ও শ্লেষ্মার বিনাশ ষট্‌কর্ম্মের ফল নহে, প্রাণায়াম দ্বারাও মেদ ও শ্লেষ্মার বিনাশ হইতে পারে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, যে সাধক প্রাণায়াম যোগ অভ্যাসে তৎপর, সেই ব্যক্তি ষট্‌কর্ম্ম আচরণ করিবে ॥ ২৩ ॥

অথ ধৌতিঃ।

চতুরঙ্গুলবিস্তারং হস্তপঞ্চদশায়তম্।
গুরূপদিষ্টমার্গেণ সিক্তং বস্ত্রং শনৈর্গ্রসেৎ ॥ ২৪ ॥

ধৌতিকর্ম্মাহ চতুরঙ্গুলমিতি চতুর্ণামঙ্গুলানাং সমাহারশ্চতুরঙ্গুলং চতুরঙ্গুলং বিস্তারো যস্য তাদৃশং হস্তানাং পঞ্চদশৈবায়তং দীর্ঘং সিক্তং জলার্দ্রং কিঞ্চিদুষ্ণং বস্ত্রং পটং তচ্চ সূক্ষ্মং নূতনোঞ্চীশাদেঃ খণ্ডং গ্রাহ্যং। গুরুণোপদিষ্টো যো মার্গো বস্ত্রগ্রসনপ্রকারস্তেন শনৈর্ম্মন্দংমন্দং কিঞ্চিৎ কিঞ্চিদ্‌গ্রসেৎ। দ্বিতীয়ে দিনে হস্তদ্বয়ং তৃতীয়ে দিনে হস্তত্রয়ং। এবং দিনবৃদ্ধ্যা হস্তমাত্রমধিকং গ্রসেৎ ॥ ২৪ ॥

পুনঃ প্রত্যাহরেচ্চৈতদুদিতং ধৌতিকর্ম্ম তৎ। কাসশ্বাসপ্লীহকুষ্ঠং কফরোগাংশ্চ বিংশতিঃ। ধৌতিকর্ম্ম প্রভাবেন প্রয়ান্ত্যেব ন সংশয়ঃ ॥ ২৫ ॥

তস্য প্রান্তং রাজদন্তমধ্যে হঠে সংলগ্নং কৃত্বা নৌলীকর্ম্মণোদরস্থবস্ত্রং সম্যক্ চালয়িত্বা। পুনঃ শনৈঃ প্রত্যাহরেচ্চ তদ্বস্ত্রমুদ্গিরেন্নিষ্কাসয়েচ্চ। তদ্ধৌতিকর্ম্মোদিতং কথিতং সিদ্ধৈঃ। ধৌতিকর্ম্মণঃ ফলমাহ—কাসশ্বাসেতি কাসশ্চ শ্বাসশ্চ প্লীহা চ কুষ্ঠং চ। সমাহারদ্বন্দ্বঃ—কাসাদয়ো রোগবিশেষাঃ বিংশতিসংখ্যকাঃ কফরোগাশ্চ। ধৌতিকর্ম্মণঃ প্রভাবেন গচ্ছন্ত্যেব ন সংশয়ঃ নিশ্চিতমেতদিত্যর্থঃ ॥ ২৫ ॥

পূর্ব্বে যে ষট্‌কর্ম্ম উক্ত হইয়াছে, তাহাদিগের মধ্যে ধৌতিকর্ম্মের লক্ষণ কহিতেছেন, চারি অঙ্গুলি বিস্তৃত পঞ্চদশ হস্ত দীর্ঘ নূতন সূক্ষ্ম বস্ত্রখণ্ড লইয়া তাহা জলসিক্ত ও কিঞ্চিৎ উষ্ণ করিবে, পরে গুরুর উপদেশানুসারে উক্ত বস্ত্রখণ্ড ক্রমে গিলিতে আরম্ভ করিবে, অর্থাৎ প্রথম দিবসে এক হস্ত, দ্বিতীয় দিবসে দুই হস্ত এবং তৃতীয় দিবসে তিন হস্তপরিমাণ

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

বস্ত্রখণ্ড গ্রাস করিবে। এইরূপে ক্রমশ এক এক দিনে এক এক হস্ত বৃদ্ধি করিয়া সমুদায় বস্ত্রখণ্ড গ্রাসকরিতে অভ্যাস করিবে। যে কালে সমুদায় বস্ত্রখণ্ড গ্রাস করিতে পারিবে, সেই সময় উক্ত বস্ত্রখণ্ডের বহিঃস্থ প্রান্তভাগ দন্তদ্বারা ধারণ করিয়া রাখিবে, পরে নৌলীকর্ম্মদ্বারা উদরমধ্যগত বস্ত্রখণ্ড সঞ্চালিত করিয়া অল্পে অল্পে সেই বস্ত্রখণ্ড উদ্গিরণ করিবে। এই কর্ম্মকেই প্রসিদ্ধ যোগিগণ ধৌতিকর্ম্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যদি কোন সাধক উক্তপ্রকার ধৌতিকর্ম্ম অভ্যাস করিতে পারে, তাহা হইলে সেই সাধকের শ্বাস, কাস, কুষ্ঠ এবং বিংশতিপ্রকার কফরোগ বিনাশ পাইয়া থাকে। এই ধৌতিকর্ম্মপ্রভাবে নানাপ্রকার রোগ বিনাশ পায় ॥ ২৪—২৫ ॥

নাভিদঘ্নজলে পায়ৌ ন্যস্তনালোৎকটাসনঃ।
আধারাকুঞ্চনং কুর্য্যাৎ ক্ষালনং বস্তিকর্ম্ম তৎ ॥ ২৬ ॥

অথ বস্তিকর্ম্মাহ নাভিদঘ্নেতি—নাভিপরিমাণং নাভিদঘ্নং। পরিমাণে দঘ্নচ্ প্রত্যয়ঃ। তস্মিন্নাভিদঘ্নে নাভিপরিমাণে জলে নদ্যাদিতোয়ে পায়ুর্গুদং তস্মিন্ন্যস্তো নালো বংশনালো যেন কনিষ্ঠিকাপ্রবেশযোগ্যরন্ধ্রযুক্তং ষড়ঙ্গুলদীর্ঘং বংশনালং গৃহীত্বা চতুরঙ্গুলং পায়ৌ প্রবেশয়েৎ। অঙ্গুলিদ্বয়মিতং বহিঃ স্থাপয়েৎ। উৎকটমাসনং যস্য স উৎকটাসনঃ। পার্ষ্ণিদ্বয়ে স্ফিচৌ বিন্যস্য পাদাঙ্গুলিভিঃ স্থিতিরুৎকটাসনং। আধারস্যাকুঞ্চনং যথা-জলমন্তঃ প্রবিশেত্তথা সঙ্কোচনং কুর্য্যাৎ। অন্তঃপ্রবিষ্টং জলং নৌলিককর্ম্মণা চালয়িত্বা ত্যজেৎ। ক্ষালনং বস্তিকর্ম্মোচ্যতে—ধৌতিবস্তিকর্ম্মদ্বয়ং ভোজনাৎ প্রাগেব কর্ত্তব্যং। তদনন্তরং ভোজনে বিলম্বোঽপি ন কার্য্যঃ। কেচিত্তু—পূর্ব্বং মূলাধারেণ বায়োরাকর্ষণমভ্যস্য জলে স্থিত্বা পায়ৌ নালপ্রবেশনমন্তরেণৈব বস্তিকর্ম্মাভ্যসন্তি। তথা করণে সর্ব্বং জলং বহির্নায়াতি। অতো নানারোগধাতুক্ষয়াদিসম্ভবাচ্চ তথা বস্তিকর্ম্ম নৈব বিধেয়ঃ। কিমন্যথা স্বাত্মারামঃ পায়ৌ ন্যস্তনাল ইতি ব্রূয়াৎ ॥ ২৬ ॥

কিরূপে বস্তিকর্ম্ম করিতে হয়, এইক্ষণ তাহাই বলিতেছেন। নদ্যাদির জলে নাভিপর্য্যন্ত মগ্ন করিয়া উৎকটাসনে উপবিষ্ট হইবে, পরে কনিষ্ঠাঙ্গুলি প্রবেশযোগ্য ষড়ঙ্গুল দীর্ঘ বংশনল গ্রহণ করিয়া গুহ্যদ্বারপথে সেই বংশনলের চারি অঙ্গুলিপ্রমাণ উদরমধ্যে প্রবেশিত করিবে. দুই অঙ্গুলিমাত্র বাহিরে রাখিবে, তৎপরে যাহাতে সেই বংশনলদ্বারা উদরমধ্যে জল প্রবেশ করিতে পারে, এইরূপে উদর সঙ্কোচ করিবে এবং উদরমধ্যে জল প্রবেশিত করিয়া নৌলীকর্ম্মদ্বারা সেই উদরমধ্যগত জল পরিচালিত করিবে, পরে সেই গুহ্যপ্রবিষ্ট বংশনলদ্বারা উদরস্থ জল পরিত্যাগ কবিতে হইবে। এইরূপে উদরমধ্যে জল প্রবেশিত করিয়া উদরমধ্যভাগ প্রক্ষালনপূর্ব্বক জল পরিত্যাগ করিবে। ইহাতেই বস্তিকর্ম্ম হয়, এইরূপ উদর প্রক্ষালনকে বস্তিকর্ম্ম বলে। ভোজনের পূর্ব্বে উক্ত ধৌতি ও বস্তিকর্ম্ম করিতে হয় এবং ধৌতিকর্ম্ম ও বস্তিকর্ম্ম করিয়া অব্যবহিত পরেই ভোজন করিবে, কদাচ উক্ত কর্ম্মের পরে ভোজনের বিলম্ব করিবে না। কোন কোন যোগী বলেন, পূর্ব্বে মূলাধারে বায়ু আকর্ষণ অভ্যাস করিয়া জলমধ্যে প্রবেশপূর্ব্বক বংশনল ব্যতিরেকে গুহ্যদ্বার দিয়া জলাকর্ষণ করিয়া বস্তিকর্ম্ম করিবে। এইরূপে বস্তিকর্ম্ম অভ্যাস করিলে যত জল উদরমধ্যে প্রবেশিত করা যায়, সেই সমুদায় জল নিঃশেষরূপে নির্গত হয় না। কিছু কিছু জল উদরমধ্যে থাকিয়া যায়, তাহাতে নানাপ্রকার রোগ জন্মে এবং ধাতুক্ষয় হইয়া থাকে, অতএব উক্তপ্রকার বস্তিকর্ম্ম করিবে না, গুহ্যদ্বার দিয়া বংশনল প্রবেশ করিয়াই বস্তিকর্ম্ম করা কর্ত্তব্য ॥ ২৬ ॥

গুল্মপ্লীহোদরং চাপি বাতপিত্তকফোদ্ভবাঃ।
বস্তিকর্ম্মপ্রভাবেন ক্ষীয়ন্তে সকলাময়াঃ ॥ ২৭ ॥

বস্তিকর্ম্মগুণানাহ দ্বাভ্যাং গুল্মপ্লীহোদরমিতি। গুল্মশ্চ প্লীহা চ রোগবিশেষাবুদরং জলোদরং চ তেষাং সমাহারদ্বন্দ্বঃ। বাতশ্চ পিত্তঞ্চ কফশ্চ তেভ্য উদ্ভবা একৈকস্মাদ্দ্বাভ্যাং সর্ব্বেভ্যো বা জাতাঃ সকলাঃ সর্ব্বে আময়া রোগা বস্তিকর্ম্মণঃ প্রভাবঃ সামর্থ্যং তেন ক্ষীয়ন্তে নশ্যন্তি ॥ ২৭ ॥

যে সাধক বস্তিকর্ম্ম অভ্যাস করে, তাহার গুল্ম, প্লীহা, উদরী এবং বাত, পিত্ত ও কফ জন্য রোগ সকল বিনাশ পায়, বাস্তবিক বস্তিকর্ম্ম অভ্যাস করিলে সর্ব্বব্যাধি নষ্ট হয় ॥ ২৭ ॥

ধাত্বিন্দ্রিয়ান্তঃকরণপ্রসাদং দদ্যাচ্চ কান্তিং দহনপ্রদীপ্তিম্।
অশেষদোষোপচয়ং নিহন্যাদভ্যস্যমানং জলবস্তিকর্ম্ম ॥ ২৮ ॥

ধাত্বিতি—অভ্যস্যমানমনুষ্ঠীয়মানং জলে বস্তিকর্ম্ম জলবস্তিকর্ম্ম কর্ত্তৃ দদ্যাদনুষ্ঠাতুরিতি শেষঃ। ধাতবো রসাসৃঙ্মাংসমেদোস্থিমজ্জাশুক্রাণি ধাতব ইত্যুক্তা ইন্দ্রিয়াণি বাক্‌পাণিপাদপায়ূপস্থানি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি শ্রোত্রত্বক্‌চক্ষুর্জ্জিহ্বাঘ্রাণানি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি চ অন্তঃকরণানি মনোবুদ্ধিচিত্তাহঙ্কাররূপাণি তেষাং পরিতাপবিক্ষেপশোকমোহগৌরবাবরণদৈন্যাদিরাজসতামসধর্ম্মবিনিবর্ত্তেন সুখপ্রকাশলাঘবাদিসাত্ত্বিকধর্ম্মাবির্ভাবঃ প্রসাদস্তং কান্তিং দ্যুতিং দহনস্য জঠরাগ্নেঃ প্রদীপ্তিঃ প্রকৃষ্টাং দীপ্তিং চ। তথা—অশেষাঃ সমস্তা যে দোষা বাতপিত্তকফাস্তেষামুপচয়ং। এতদপচয়স্যাপ্যুপলক্ষণং উপচয়াপচয়ৌ নিহন্যান্নিতরাং হন্যাৎ। দোষসাম্যরূপমারোগ্যং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৮ ॥

জলবস্তি অভ্যাস করিলে অন্যান্য বিশেষ ফল হয়। যে ব্যক্তি জলবস্তি অভ্যাস করে, তাহার রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র এই সপ্ত ধাতু; বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়; চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার এই সমুদায় অন্তঃকরণ; ইহাদিগের পরিতাপ, বিক্ষেপ, শোকপ্রভৃতি তামসধর্ম্মের নিবৃত্তি হইয়া সুখ ও লাঘবাদি সাত্ত্বিকভাবের আবির্ভাব, প্রসন্নতা ও কান্তি বৃদ্ধি পায়, জঠরাগ্নির উদ্দীপন হয় এবং বাত, পিত্ত ও কফের হ্রাসবৃদ্ধি নিবৃত্তি হইয়া সাম্যভাব উপস্থিত হইতে থাকে ॥ ২৮ ॥

অথ নেতি।

সূত্রং বিতস্তি সুস্নিগ্ধং নাসানালে প্রবেশয়েৎ।
মুখান্নির্গময়েচ্চৈষা নেতিঃ সিদ্ধৈর্নিগদ্যতে ॥ ২৯ ॥

অথ নেতিকর্ম্মাহ সূত্রমিতি—বিতস্তি বিতস্তিমিতং বিতস্তিরিত্যুপলক্ষণমধিকস্যাপি। যাবতা সূত্রেণ সম্যক্ নেতিকর্ম্ম ভবেত্তাবদ্ গ্রাহ্যং। সুস্নিগ্ধং সুষ্ঠুস্নিগ্ধং গ্রন্থ্যাদিরহিতং সূত্রং তচ্চ নবধা দশধা পঞ্চদশধা বা গুণিতং সুদৃঢ়ং গ্রাহ্যং। নাসা নাসিকা সৈব নালঃ সচ্ছিদ্রত্বাত্তস্মিন্ প্রবেশয়েৎ। মুখান্নির্গময়েন্নিষ্কাসয়েৎ তৎপ্রকারস্ত্বেবং। সূত্রপ্রান্তং নাসানালে প্রবেশ্যেতরনাসাপুটমঙ্গুল্যা নিরুধ্য পূরকং কুর্য্যাৎ। পুনশ্চ মুখেন রেচয়েৎ। পুনঃ পুনরেবং কুর্ব্বতো মুখে সূত্রপ্রান্তমায়াতি। তৎ-

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

সূত্রপ্রান্তং নাসাবহিঃস্থসূত্রপ্রান্তঞ্চ গৃহীত্বা শনৈশ্চালয়েদিতি। চকারাদেকস্মিন্নাসানালে প্রবেশ্যেতরস্মিন্নির্গময়েদিত্যুক্তং তৎপ্রকারস্ত্বেকস্মিন্নাসানালে সূত্রপ্রান্তং প্রবেশ্যেতরনাসাপুটমঙ্গুল্যা নিরুধ্য পূরকং কুর্য্যাৎ পশ্চাদিতরনাসানালেন রেচয়েৎ। পুনঃ পুনরেবং কুর্ব্বত ইতরনাসানালে সূত্রপ্রান্তমায়াতি তস্য পূর্ব্ববচ্চালনং কুর্য্যাদিতি। অয়ং প্রকারস্তু বহুবারং কুর্ব্বতঃ কদাচিদ্ভবতি। এবোক্তা সিদ্ধৈরণিমাদিগুণসম্পন্নৈঃ। তদুক্তং—অবাপ্তাষ্টগুণৈশ্বর্য্যাঃ সিদ্ধাঃ সদ্ভির্নিরূপিতা ইতি। নেতির্নিগদ্যতে নেতিরিতি কথ্যতে॥ ২৯॥

এইক্ষণ নেতিকর্ম্ম কথিত হইতেছে। দ্বাদশাঙ্গুল অর্থাৎ যতপরিমাণ সূত্রদ্বারা নেতিকর্ম্ম সিদ্ধ হইতে পারে, সেই পরিমাণের সুস্নিগ্ধ ও গ্রন্থিপ্রভৃতি দোষ রহিত নব, দশ অথবা পঞ্চদশগুণিত সুদৃঢ় সূত্র গ্রহণ করিয়া নাসারন্ধ্রে প্রবেশিত করিবে এবং অন্য নাসারন্ধ্র অঙ্গুলিদ্বারা অবরুদ্ধ করিয়া কুম্ভক করিবে, পরে সেই সূত্র মুখদ্বারা নিষ্ক্রামিত করিতে হইবে, অর্থাৎ কুম্ভিত বায়ু রেচন করিলেই নাসিকাপ্রবিষ্ট সূত্রের অগ্রভাগ মুখদ্বারা নির্গত হইবে। পরে ঐ সূত্রের প্রান্তদ্বয় ধারণ করিয়া পুনঃ পুনঃ পরিচালিত করিতে থাকিবে। এইরূপে এক নাসিকায় সূত্র প্রবেশিত করিয়া অন্য নাসিকাদ্বারা নিষ্কাসন করিবে। ইহার বিশেষ এই, এক নাসিকায় সূত্রের এক প্রান্ত প্রবেশিত করিয়া অপর নাসিকা অঙ্গুলিদ্বারা নিরুদ্ধ করত পূরক করিবে, তাহাতেই সেই সূত্রাগ্র নাসিকায় প্রবিষ্ট হইবে এবং অন্য নাসিকায় বায়ু রেচন করিলেই সেই নাসিকাদ্বারা সূত্রের প্রান্ত বহির্গত হইবে। এইরূপ করিয়া পূর্ব্ববৎ সূত্রপ্রান্তদ্বয় ধারণপূর্ব্বক সেই সূত্র পরিচালিত করিবে। ইহাকেই যোগসিদ্ধ যোগিগণ নেতিকর্ম্ম বলেন॥ ২৯॥

কপালশোধিনী চৈব দিব্যদৃষ্টিপ্রদায়িনী।
জত্রূর্দ্ধজাতরোগৌঘং নেতিরাশু নিহন্তি চ॥ ৩০॥

নেতিগুণানাহ কপালশোধিনীতি—কপালং শোধয়তি শুদ্ধং মলরহিতং করোতীতি কপালশোধিনী। চকারান্নাসানালাদীনামপি এবশব্দোঽবধারণে। দিব্যাং সূক্ষ্মপদার্থগ্রাহিণীং দৃষ্টিং প্রকর্ষেণ দদাতীতি দিব্যদৃষ্টিপ্রদায়িনী নেতিক্রিয়া জত্রুণোঃ স্কন্ধসন্ধ্যোরূর্দ্ধমুপরিভাগে জাতো জত্রূর্দ্ধজাতঃ স চাসৌ রোগাণামোঘশ্চ তমাশু ঝটিতি নিহন্তি। চকারঃ পাদপূরণে—স্কন্ধো ভুজশিরোংশোঽস্ত্রী সন্ধী তস্যৈব জত্রুণীত্যমরঃ॥ ৩০॥

নেতিকর্ম্ম সাধন করিলে সাধকের কিরূপ ফল হয়, তাহাই বলিতেছেন। নেতিকর্ম্ম সাধিত হইলে সাধকের কপাল ও নাসিকা মলরহিত হইয়া বিশুদ্ধ হয়, আর চক্ষুর দর্শনশক্তি বৃদ্ধি পায়, অর্থাৎ সাধক দিব্যদৃষ্টিসম্পন্ন হইতে পারে, সাধকের স্কন্ধসন্ধির উপরিভাগে কোন রোগ জন্মিতে পারে না এবং উক্ত স্থানে কোন রোগ থাকিলেও তাহা বিনাশ পায়॥ ৩০॥

নিরীক্ষেন্নিশ্চলদৃশা সূক্ষ্মলক্ষ্যং সমাহিতঃ।
অশ্রুসম্পাতপর্য্যন্তমাচার্য্যৈস্ত্রাটকং স্মৃতম্॥ ৩১॥

ত্রাটকমাহ নিরীক্ষেদিতি—সমাহিতঃ একাগ্রচিত্তঃ নিশ্চলা চাসৌ দৃক্‌চ দৃষ্টিস্তয়া সূক্ষ্মং চ তল্লক্ষ্যং চ সূক্ষ্মলক্ষ্যমশ্রূণাং সম্যক্ পাতঃ পতনং তৎপর্য্যন্তং। অনেন নিরীক্ষণস্যাবধিরুক্তঃ নিরীক্ষেৎ পশ্যেৎ—আচার্য্যৈর্ম্মৎস্যেন্দ্রাদিভিরিদং ত্রাটকং ত্রাটককর্ম্ম স্মৃতং কথিতং॥ ৩১॥

এইক্ষণ কিরূপে ত্রাটককর্ম্ম করিতে হয়, তাহার ক্রম ও প্রণালী বলিতেছেন। সাধক একাগ্রচিত্ত হইয়া নিষ্পন্দনয়নে কোন সূক্ষ্মবস্তুর উপরি দৃষ্টিপাত করিয়া থাকিবে। এইরূপ দৃষ্টি করিতে করিতে যতকাল সাধকের চক্ষু হইতে অশ্রুপাত না হয়, ততকাল উক্তরূপে এক দৃষ্টে চাহিয়া থাকিবে। মৎস্যেন্দ্র প্রভৃতি পুরাতন যোগিগণ এইরূপ দৃষ্টিকে ত্রাটকযোগ বলিয়াছেন॥ ৩১॥

মোচনং নেত্ররোগাণাং তন্দ্রাদীনাং কপাটকম্।
যত্নতস্ত্রাটকং গোপ্যং যথা হাটকপেটকম্॥ ৩২॥

ত্রাটকগুণানাহ মোচনমিতি—নেত্রস্য রোগা নেত্ররোগাস্তেষাং মোচনং নাশকং তন্দ্রা আদির্যেষামালস্যাদীনাং তেষাং কপাটকং কপাটবদন্তর্দ্ধায়কমভিভাবকমিত্যর্থঃ। তন্দ্রা তামসশ্চিত্তবৃত্তিবিশেষঃ। ত্রাটকং ত্রাটকাখ্যং কর্ম্ম যত্নতঃ প্রযত্নতঃ প্রযত্নাদ্গোপ্যং গোপনীয়ং। গোপনে দৃষ্টান্তমাহ যথেতি—হাটকস্য সুবর্ণস্য পেটকং পেটী ইতি লোকে প্রসিদ্ধং যথা যেন প্রকারেণ গোপ্যতে তদ্বৎ॥ ৩২॥

ত্রাটকযোগ সাধিত হইলে সাধকের কি কি ফলপ্রাপ্তি হয়, তাহাই কথিত হইতেছে। যে যোগী পূর্ব্বোক্তপ্রকার ত্রাটকযোগ অভ্যাস করেন, তাহার সকলপ্রকার নেত্ররোগ বিনষ্ট হয়। ইহাকে তন্দ্রাদির কপাটস্বরূপ জানা যায়, যদি কেহ এই ত্রাটকযোগ সাধন করিতে পারে, তাহা হইলে সেই সাধকের কদাচ তন্দ্রার আবির্ভাব হইতে পারে না। এই যোগ অতি গোপনীয়, যেমন মনুষ্য সুবর্ণপেটিকা গোপনে রাখিয়া থাকে, যোগিগণ এই যোগকে সেইরূপ গোপন করিয়া রাখিবে॥ ৩২॥

অথ নৌলিঃ।

অমন্দাবর্ত্তবেগেন তুন্দং সব্যাপসব্যতঃ।
নতাংশো ভ্রাময়েদেষা নৌলিঃ সিদ্ধৈঃ প্রচক্ষ্যতে॥৩৩॥

নৌলিকর্ম্মাহ অমন্দেতি—নতৌ নম্রীভূতাবংশৌ স্কন্ধৌ যস্য স নতাংশঃ পুমানমন্দোঽতিশয়িতো য আবর্ত্তস্তস্যেব জলভ্রমস্যেব বেগো জবস্তেন তুন্দমুদরং। পিচণ্ডকুক্ষী জঠরোদরং তুন্দং স্তনৌ কুচাবিত্যমরঃ। সব্যং চাপসব্যং চ সব্যাপসব্যে দক্ষিণবামভাগৌ তয়োঃ সব্যাপসব্যতঃ। সপ্তম্যর্থে তসিঃ—ভ্রাময়েদ্ভ্রমন্তং প্রেরয়েৎ সিদ্ধৈরেষা নৌলিঃ প্রচক্ষ্যতে কথ্যতে॥ ৩৩॥

এইক্ষণ নৌলীকর্ম্মের লক্ষণ কহিতেছেন। যোগসাধনতৎপর সাধক আপন উভয় স্কন্ধ অবনত করিয়া বাম দক্ষিণভাবে উদর পরিভ্রামিত করিবে, ইহাতেই নৌলীকর্ম্ম হইয়া থাকে যোগসিদ্ধ যোগিগণ এই যোগকে নৌলীকর্ম্ম নামে অভিহিত করেন॥ ৩৩॥

মন্দাগ্নিসন্দীপনপাচনাদিসন্ধাপিকানন্দকরী সদৈব। অশেষদোষাময়শোষণী চ হঠক্রিয়ামৌলিরিয়ঞ্চ নৌলিঃ॥ ৩৪॥

নৌলিগুণানাহ—মন্দাগ্নীতি। মন্দশ্চাসাবগ্নির্জ্জঠরাগ্নিস্তস্য দীপনং সম্যগ্‌দীপনং চ পাচনং চ ভুক্তান্নপরিপাকশ্চ মন্দাগ্নিসন্দীপনপাচনে তে আদিনী যস্য তন্মন্দাগ্নিসন্দীপনপাচনাদি তস্য সন্ধাপিকা বিধাত্রী। আদিশব্দেন মলশুদ্ধ্যাদিঃ সদৈব সর্ব্বদৈবানন্দকরী সুখকরী। অশেষাঃ সমস্তাশ্চ তে

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

দোষাশ্চ বাতাদয় আময়াশ্চ রোগাস্তেষাং শোষণী শোষণকর্ত্রী হটস্য ক্রিয়াণাং ধৌত্যাদীনাং মৌলির্ম্মৌলিরিবোত্তমা ধৌতিবস্ত্যোনৌলিসাপেক্ষত্বাৎ ইয়মুক্তা নৌলিঃ ॥ ৩৪ ॥

নৌলীকর্ম্ম সাধিত হইলে সাধকের কি কি ফললাভ হয়, এইক্ষণ তাহাই বর্ণিত হইতেছে। যদি কোন যোগী নৌলীকর্ম্ম অভ্যাসকরিয়া সিদ্ধ হইতে পারে, তাহা হইলে সেই যোগীর উদরে মন্দাগ্নি থাকিলেও সেই অগ্নির উদ্দীপন হয়, ভুক্তদ্রব্যের শীঘ্র পরিপাক জন্মে। এই যোগসাধন করিতে পারিলে সাধকের সর্ব্বদা আনন্দানুভব হইতে থাকে এবং মনঃশুদ্ধি হয়, আর উক্ত কর্ম্মপ্রভাবে বাত, পিত্ত ও কফ এই দোষত্রয়ের সমতা থাকে, সমস্ত রোগ বিনাশ পায়। এই যোগ সর্ব্ববিধ হঠযোগের শীর্ষস্থানীয়। এই যোগসাধন না করিলে ধৌতি ও বস্তিকর্ম্ম সাধিত হইতে পারে না, সুতরাং এই যোগই সকল যোগের প্রধান ॥ ৩৪ ॥

ভস্ত্রাবল্লোহকারস্য রেচপূরৌ সসম্ভ্রমৌ।
কপালভাতির্ব্বিখ্যাতা কফদোষবিশোষিণী ॥৩৫॥

কপালভাতিং তদ্গুণং চাহ—ভস্ত্রাবদিতি লোহকারস্য ভস্ত্রাগ্নের্ধমনসাধনীভূতং চর্ম্ম তদ্বৎ সম্ভ্রমেণ সহ বর্ত্তমানৌ সসম্ভ্রমাবমন্দৌ যৌ রেচপূরৌ রেচকপূরকৌ কপালভাতিরিতি বিখ্যাতা। কীদৃশী কফদোষবিশোষিণী কফস্য দোষা বিংশতিভেদভিন্নাঃ। তদুক্তং নিদানে কফরোগাশ্চ বিংশতিরিতি তেষাং বিশোষিণী বিনাশিনী ॥ ৩৫ ॥

অনন্তর কপালভাতি যোগের লক্ষণ ও তাহার ফল বর্ণন করিতেছেন। কপালভাতি যোগ অভ্যাসকরিতে হইলে সাধক লৌহকারের ভস্ত্রার ন্যায় রেচক ও পূরণ করিবে। যেমন লৌহকার আপন অগ্ন্যুদ্দীপক চর্ম্মনির্ম্মিত যন্ত্র একবার বায়ুপূর্ণ করিয়া পরক্ষণেই সেই বায়ু নিঃসারিত করে, এই যোগসাধনতৎপর সাধক সেইরূপ একবার পূরকদ্বারা উদরে বায়ুপূরণ করিয়া পরক্ষণেই রেচন করিয়া সেই বায়ু নিঃসারিত করিবে। ইহাকেই কপালভাতি বলা যায়। এই কপালভাতি সাধিত হইলে সাধকের শারীরিক কফদোষ বিনাশ পায় ॥ ৩৫ ॥

ষট্কর্ম্মনির্গতস্থৌল্যকফদোষমলাদিকঃ।
প্রাণায়ামং ততঃ কুর্য্যাদনায়াসেন সিদ্ধ্যতি ॥ ৩৬ ॥

ষট্কর্ম্মাণাং প্রাণায়ামস্যোপকারকত্বমাহ—ষট্কর্ম্মেতি। ষট্কর্ম্মভির্ধৌতিপ্রভৃতিভির্নির্গতাঃ স্থৌল্যং স্থূলস্য ভাবঃ স্থূলত্বং কফদোষা বিংতিসংখ্যাকা মলাদয়শ্চ যস্য স তথা। শেষাদ্বিভাষেতি কপ্রত্যয়ঃ আদিশব্দেন পিত্তাদয়ঃ। প্রাণায়ামং কুর্য্যাৎ ততস্তস্মাৎ ষট্কর্ম্মপূর্ব্বকাৎ প্রাণায়ামাদনায়াসেনাশ্রমেণ সিদ্ধ্যতি যোগ ইতি শেষঃ। ষট্কর্ম্মাকারণে তু প্রাণায়ামে শ্রমাধিক্যং স্যাদিতি ভাবঃ ॥ ৩৬ ॥

প্রাণায়ামসাধনের পক্ষে পূর্ব্বোক্ত ষট্কর্ম্ম বিশেষ উপকারী. ধৌতি প্রভৃতি ষট্কর্ম্ম করিলে শারীরিক স্থূলতা নিবারিত হয় এবং কফপিত্তাদির দোষের শান্তি হইয়া থাকে, অতএব প্রাণায়ামসাধনের পূর্ব্বে ধৌতি প্রভৃতি ষট্কর্ম্মদ্বারা শরীরের স্থূলতা ও কফপিত্তাদির দোষের শান্তি হইলেই প্রাণায়াম অভ্যাস করিতে থাকিবে। তাহা হইলেই অনায়াসে প্রাণায়াম সিদ্ধ হয়, নচেৎ প্রাণায়ামসাধনে সমধিক পরিশ্রম বোধ হয় ॥ ৩৬ ॥

প্রণায়ামৈরেব সর্ব্বে প্রশুষ্যন্তি মলা ইতি।
আচার্য্যাণাং তু কেষাং চিদন্যৎ কর্ম্ম ন সম্মতম্ ॥৩৭॥

মতভেদেন ষট্কর্ম্মণামনুপযোগমাহ—প্রাণায়ামৈরিতি প্রাণায়ামৈরেব এবশব্দঃ ষট্কর্ম্মব্যবচ্ছেদার্থঃ। সর্ব্বে মলাঃ প্রশুষ্যন্তি মলা ইত্যুপলক্ষণং স্থৌল্যকফপিত্তাদীনামিতি হেতোঃ কেষাঞ্চিদাচার্য্যাণাং যাজ্ঞবল্ক্যাদীনামন্যৎ কর্ম্ম ষট্কর্ম্ম ন সম্মতং নাভিমতং। আচার্য্যলক্ষণমুক্তং বায়ুপুরাণে— আচিনোতি চ শাস্ত্রার্থমাচরেৎ স্থাপয়েদপি। স্বয়মাচরতে যস্মাদাচার্য্যস্তেন চোচ্যতে ইতি ॥ ৩৭ ॥

কোন কোন যোগী বলেন, প্রাণায়ামসাধনে ষট্কর্ম্মের উপযোগিতা নাই। কেবল প্রাণায়াম করিলেই শরীরের স্থূলতা ও কফপিত্তাদি দোষ নিবারিত হয়, এই নিমিত্তই যাজ্ঞবল্ক্য প্রভৃতি আচার্য্যগণের ষট্কর্ম্ম অভিপ্রেত নহে। বায়ুপুরাণে লিখিত আছে যে, যিনি শাস্ত্রার্থানুসারে লৌকিক আচার স্থাপন করিয়া আপনিও সেইরূপ আচরণ করেন, তাহাকেই আচার্য্য বলা যায় ॥ ৩৭ ॥

উদরগতপদার্থমুদ্বমন্তি পবনমপানমুদীর্য্য কণ্ঠনালে। ক্রমপরিচয়বশ্যনাড়িচক্রা গজকরণীতি নিগদ্যতে হঠজ্ঞৈঃ ॥৩৮॥

গজকরণীমাহ—উদরগতমিতি। আপনং পবনমপানবায়ুং লণ্ঠনালে কণ্ঠো নাল ইব কণ্ঠনালস্তস্মিন্ উদীর্য্যোৎক্ষিপ্যোদরে গতঃ প্রাপ্তঃ স চাসৌ পদার্থশ্চ ভুক্তপীতান্নজলাদিস্তং পরয়োদ্বমন্ত্যুদ্গিরন্তি যয়া যোগিন ইত্যধ্যাহারঃ। ক্রমেণ যঃ পরিচয়োঽভ্যাসস্তেনাবশ্যং স্বাধীনং নাড়ীনাং চক্রং যস্যাং সা তথা সা ক্রিয়া হঠজ্ঞৈর্হঠযোগাদ্যভিজ্ঞৈর্গজকরণীতি নিগদ্যতে কথ্যতে। ক্রমপরিচয়েন বশ্যো নাড্যাঃ শঙ্খিন্যা মার্গঃ কণ্ঠপর্য্যন্তো যস্যাং সা তথা ॥৩৮॥

এইক্ষণ কাহাকে গজকরণী যোগ বলা যায় তাহাই কথিত হইতেছে। যে ক্রিয়া করিয়া যোগিগণ অপানবায়ুকে কণ্ঠনালে উৎক্ষিপ্ত করিয়া ভুক্ত অন্ন ও পীতজল বমন করিয়া ফেলিতে পারেন, হঠযোগাভিজ্ঞ জ্ঞানিগণ উক্ত ক্রিয়াকেই গজকরণী বলিয়া থাকেন। গজকরণীযোগ ক্রমত অভ্যাস করিলে সাধকের নাড়ীসকল বশীভূত হয় ॥ ৩৮ ॥

ব্রহ্মাদয়োঽপি ত্রিদশাঃ পবনাভ্যাসতৎপরাঃ।
অভূবন্নন্তকভয়াত্তস্মাৎ পবনমভ্যসেৎ ॥ ৩৯ ॥

প্রাণায়ামোঽবশ্যমভ্যসনীয় সর্ব্বোত্তমৈরভ্যস্তত্বান্মহাফলত্বাচ্চেতি সূচয়ন্নাহ চতুর্ভিঃ—ব্রহ্মাদয় ইতি ব্রহ্মা আদির্যেষাং তে ব্রহ্মাদয়স্তেঽপি কিমুতান্য ইত্যর্থঃ। ত্রিদশা দেবাঃ অন্তয়তীত্যন্তকঃ কালস্তস্মাদ্ভয়মন্তকভয়ং তস্মাৎ পবনস্য প্রাণবায়োরভ্যাসো রেচকপূরককুম্ভকভেদভিন্নপ্রাণায়ামানুষ্ঠানরূপস্তস্মিংস্তৎপরা অবহিতা অভূবন্নাসন্ তস্মাৎ পবনমভ্যসেৎ প্রাণমভ্যসেৎ ॥ ৩৯ ॥

পুরাকালে প্রধান প্রধান যোগীরা প্রাণায়াম অভ্যাসকরিতেন এবং প্রাণায়াম অভ্যাসকরিয়া সিদ্ধ হইতে পারিলে তাহার মহাফল প্রাপ্তি হইয়া থাকে, অতএব অবশ্য প্রাণায়াম অভ্যাস করিবে। ব্রহ্মাদি দেবগণ পূরক, কুম্ভক, রেচনরূপ প্রাণায়াম সাধনকরিয়া যমভয় নিবারিত করিয়াছেন, সুতরাং যোগিগণের পক্ষে প্রাণায়াম অবশ্য কর্ত্তব্য বলিয়া জানা যাইতেছে ॥ ৩৯ ॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

সামান্য পূজাযন্ত্রং



গণেশস্য ধারণ যন্ত্রং



নিম্নলিখিত তন্ত্র, পুরাণ, জ্যোতিষ ও সামুদ্রিক পুস্তকগুলি কলিকাতা ৫ নং শিমলাষ্ট্রীট্,
জ্যোতিষপ্রকাশ যন্ত্রালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।
(৫নং শিমলা ষ্ট্রীট, কলিকাতা।)

তারারহস্য	॥৵০
শাক্তানন্দতরঙ্গিণী	১৲
নীলতন্ত্র	॥০
তোড়লতন্ত্র	।০
গন্ধর্ব্বতন্ত্র	১।০
শ্যামারহস্য	১।০
রুদ্রযামল	৪৲
গুপ্তসাধন	৵১০
গায়ত্রীতন্ত্র	।০
ফেৎকারিণী	॥/০
নিরুত্তরতন্ত্র	।৵০
মহাচীনাচারক্রম	৶০
নির্ব্বাণতন্ত্র	।০
ক্রমদীপিকা	।০
মন্ত্রকোষ	।০
যোগিনীতন্ত্র	১।০
কুলার্ণবতন্ত্র	১৲
প্রকীর্ণ অংশ	১৲
কামাখ্যাতন্ত্র	।০
কঙ্কালমালিনী	।০
গৌতমীয়	১৲

মাতৃকাভেদ	।০
কামধেনুতন্ত্র	।০
মহানির্ব্বাণ	১৲
সনৎকুমার	।০
সারদাতিলক	১৸০
ত্রিপুরাসারসমুচ্চয়	১৲
উড্ডামরেশ্বর	।৵০
কৌলাবলী	১।৵০
মন্ত্রমহোদধি	২।০
রাধাতন্ত্র	১৲
বৃহন্নীলতন্ত্র	১৶০
তন্ত্রসার ও উপরের লিখিত বিবিধতন্ত্র সমস্ত একযোগে	৩২৲
কেবল তন্ত্রসার (যন্ত্র, প্রতিমূর্ত্তি ও অনুবাদ সহ	১৬
যন্ত্রসার অর্দ্ধমূল্য	।৵
শিবোক্তপঞ্চপক্ষী	১৲
বর্ণস্বরোদয় অর্থাৎ নরপতিজয়াচর্য্যাস্বরোদয়	
অঙ্ক ও রেখাসামুদ্রিক	।০
চন্দ্রোন্মীলন	।০

শাকুনদীপিকা, শুভশাকুন, স্বপ্নচরিত্র, কাকচরিত্র, স্পন্দনচরিত্র ইত্যাদি	৸০
সর্ব্বার্থচিন্তামণি অর্দ্ধমূল্য	১৲
তান্ত্রিকপ্রশ্ন, লাম্নিকপ্রশ্নগণনা, চণ্ডেশ্বর, দৈবজ্ঞবল্লভা, হোরাষট্পঞ্চাশিকা, প্রশ্নকৌমুদী, ষষ্ঠীদাস ও প্রশ্নদীপিকা	২৲
প্রকীর্ণ অংশ	।৵০
বষ্টকোষ্ঠী উদ্ধার চরপঞ্জিকা	১৲
লঘুজাতক অর্দ্ধমূল্য	॥৵০
গ্রহলাঘব অর্দ্ধমূল্য	১।০
ভূতডামর	১।০
যোগশাস্ত্র, (ঘেরণ্ডসংহিতা ও শিবসংহিতা ইত্যাদি)	২৲
কামরত্ন	২৲

উড্ডীশ ও ক্রিয়োড্ডীশ	২৲
পারিজাতপঞ্চপক্ষী	৸০
চমৎকারচিন্তামণি অর্দ্ধমূল্য	।৵০
ভুবনদীপক অর্দ্ধমূল্য	।৵০
জ্যোতির্ব্বিদাভরণ অর্দ্ধমূল্য	১।০
বক্ষডামর ও বৃহৎভূতডামর	॥৵০
সিদ্ধনাগার্জ্জুন	২৲
জ্ঞানসঙ্কলিনীতন্ত্র	।০
শাবর	৸০
দত্তাত্রেয় ও ষট্কর্ম্মদীপিকা	২৲
লঘুপারাশরী অর্দ্ধমূল্য	।০
জাতকাভরণ অর্দ্ধমূল্য	১৲
ত্রীজাতক অর্দ্ধমূল্য	৵০
প্রকীর্ণঅংশ	২৲
ইন্দ্রজাল	২৲

অগ্নিপুরাণ (যন্ত্রস্থ)

যাবনিকজিনাদিসাধন ইংরাজি মূল্য	।০
ভূতডামর	১॥০
পবনবন্ধ স্বরোদয়	২৲

[illegible] বন্ধ করিবে।

৫ নং শিমলাষ্ট্রীট্
কলিকাতা।

শ্রীরসিকমোহন চ[illegible]ষ্ঠসঙ্কোচনে কৃ[illegible]
সাং বুতুনী [illegible]নেন স্যাৎ প্রাণো ব্রহ্মনাড়ী

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

এই অরুণোদয় মাসিকপত্রিকায় যোগ, জ্যোতিষ, (গণিত ও ফলিত) তন্ত্র, মন্ত্র, নানাদেবতাসাধন, তন্ত্রোক্তষট্‌কর্ম্ম, ইন্দ্রজালকৌতুক, প্রেততত্ত্ব, বৈশ্যতন্ত্র অর্থাৎ মিসমেরিজাম, সামুদ্রিক, বৈদ্যক, সঙ্গীত, দায়ভাগ, মিশ্রশাস্ত্র অর্থাৎ কৌলীন্যবিষয়, স্মৃতি, ন্যায়দর্শন, বেদ, পুরাণ ইত্যাদি বিষয় প্রকাশ করিবার মানস করিয়া ঐ সকল গ্রন্থ মধ্যে কি কি বিষয় বর্ণিত আছে, তাহা পাঠকবর্গের প্রদর্শনার্থ ঐ সকল গ্রন্থ হইতে কতক কতক অংশ উদ্ধৃত করিয়া ক্রমে অরুণোদয়ের চারিখণ্ডে প্রকাশ করিয়াছি। এইক্ষণ যে যে গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া উক্ত বিষয় সকল প্রকাশ করিয়াছি এবং যে যে গ্রন্থের বিষয় লিখিতে বক্রী আছে, তাহা ঐরূপ প্রকাশ না করিয়া সেই সেই গ্রন্থ আদ্যোপান্ত কতক গ্রন্থ টীকা ও বঙ্গানুবাদ ও কতক কেবল মূলবঙ্গানুবাদ সহিত এই অরুণোদয়ের পঞ্চমখণ্ড হইতে প্রকাশ করিতে প্রবৃত্ত হইয়াছি।

অরুণোদয়ে যে যে পুস্তক প্রকাশ করিতেছি তাহার কতক নাম নিম্নে লিখিতেছি।

সূর্য্যসিদ্ধান্ত।
সিদ্ধান্তশিরোমণি (ভাস্করাচার্য্যকৃত)
বৃহজ্জাতক, বৃহৎসংহিতা } (বরাহমিহিরকৃত)
দিনচন্দ্রিকা অর্থাৎ পঞ্জিকার তিথি-বারাদিগণনা, (রাঘবানন্দকৃত)
বৃহৎ পঞ্চাঙ্গসাধন
নানামতে চন্দ্রসূর্য্য গ্রহণগণনা
ইংরাজিমতে গ্রহস্ফুট ও গ্রহণ এবং তিথি গণনা
হায়নরত্ন
মকরন্দ উপপত্তি ইত্যাদি
বিবিধ সিদ্ধান্ত
নানামতে গণিত ও ফলিতশাস্ত্র
ষট্‌কর্ম্মদীপিকা
সিদ্ধনাগার্জ্জুন কক্ষপুট

ইন্দ্রজাল
ভূতডামর
বৃহদ্ভূতডামর
যক্ষডামর রসায়ন
উড্ডীশ
ক্রিয়োড্ডীশ
শাবর
কামরত্ন
দত্তাত্রেয়
উন্মত্তভৈরবীতন্ত্র
মালিনীতন্ত্র
কালোত্তরতন্ত্র
সিদ্ধযোগীশ্বরতন্ত্র
যোগিনীজালসম্বৎসর
শম্ভুযামল
মৌলশাস্ত্র

কৌলেয়ডামর
স্বচ্ছন্দতন্ত্র
রাজতন্ত্র
মৃতেশ্বরতন্ত্র
বাতুলতন্ত্র
কিঙ্কিনীতন্ত্র
মেরুতন্ত্র
কালচণ্ডেশ্বরতন্ত্র
শাকিনীতন্ত্র
ডাকিনীতন্ত্র
শাল্যতন্ত্র
হরমেখলা
রসার্ণব
ইত্যাদি
যে যে পুরাণ ও তন্ত্র ছাপিয়াছি ও অপরে ছাপিয়াছে, তদ্ভিন্ন অন্যান্য তন্ত্র ও পুরাণ

স্বরোদয়, উড্ডামরেশ্বর
যোগশাস্ত্র
হঠযোগ
পাতঞ্জল
বিবিধদর্শন
বেদ
স্মৃতি (নব্য ও প্রাচীন)
পূজাপদ্ধতি
বৈষয়িক কার্য্যের লেখাপড়া, যথা—কওলাদি ও জমিদারি সেরেস্তার কার্য্যাদির ফারম্।
এটর্ণির বাড়ির ও বাঙ্গালা লেখা পড়া, এতদ্ভিন্ন নানা কার্য্যের প্রণালী ও ইতিহাস, গল্প, উপন্যাস ইত্যাদি ক্রমে এই অরুণোদয় মাসিকপত্রে লিখিত হইবে।

এই অরুণোদয় নামক মাসিকপত্রিকা কলিকাতা ৫ নং শিমলাষ্ট্রীট্, জ্যোতিষপ্রকাশ যন্ত্রালয় হইতে প্রতি মাসে রয়েল চারিপেজি ফর্ম্মার ৮ ফর্ম্মা করিয়া প্রকাশ হইতেছে। গ্রাহকমহোদয়গণের পক্ষে বাৎসরিক অগ্রিম মূল্য ৩৲ তিন টাকা, ডাকমাশুল ৸৹ বার আনা, ষাণ্মাসিক ২৲ দুই টাকা, ডাকমাশুল ।৵৹ ছয় আনা ত্রৈমাসিক ১।৹ এক টাকা চারি আনা, ডাকমাশুল ৶৹ তিন আনা, নগদমূল্য প্রতিখণ্ড ১৲ এক টাকা ও ডাকমাশুল ৴৹ এক আনা।

ডামর ছয়প্রকার—যোগডামর, শ্লোকসংখ্যা—২৩৫৩৩ শিবডামর, শ্লোকসংখ্যা—১০০৭ দুর্গাডামর, শ্লোকসংখ্যা—১১৫০৩ সারস্বতডামর, শ্লোকসংখ্যা ৯৯০৫ ব্রহ্মডামর, শ্লোকসংখ্যা—৭১০৫ গন্ধর্ব্বডামর, শ্লোকসংখ্যা—৬০৬০ এই সকল বারাহীতন্ত্রে উল্লেখ আছে, অনুসন্ধান করিতেছি, পুস্তক সংগ্রহ করিতে পারিলেই মুদ্রিত করিয়া প্রকাশ করিব।

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত কৃষ্ণানন্দকৃত বৃহত্তন্ত্রসার ও বিবিধ তন্ত্র ডাকমাশুল ভিন্ন ৩২৲ টাকা। গরুড়পুরাণ ৬৲ টাকা দশকর্ম্ম-পদ্ধতি ১॥৹ এক টাকা আট আনা ফলিতজ্যোতিষ তৃতীয় খণ্ড ২॥৹ দুই টাকা আট আনা। ইংরাজি, বাঙ্গলা ও সংস্কৃতভাষায় লিখিত সামুদ্রিক ৫৲ পাঁচ টাকা। ইংরাজি জ্যোতিষ দুই ভালম ১০৲ দশ টাকা।

জ্যোতিষকল্পদ্রুম ৫০ খণ্ডে সমাপ্ত হইবে, এইক্ষণ ৩৬ ছত্রিশখণ্ড পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে, গ্রাহকগণ পক্ষে প্রতিখণ্ডের মূল্য ॥৹ আনা, মাশুল ৴৹ এক আনা। অপরের পক্ষে ১৲ এক টাকা।

গণিত—লগ্নস্ফুট, গ্রহস্ফুট, গ্রহবলসাধন ৩ তিনখণ্ডের মূল্য ৩।৴৹ তিন টাকা নয় আনা। উপরের লিখিত পুস্তকগুলি ডাকে গেলে পৃথক্ মাশুল দিতে হইবে।

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়।

কফি, অতএব প্রজ্যোতিষকল্পদ্রুম, বিবিধ জ্যোতিষগ্রন্থ, তন্ত্রসার, বিবিধ তন্ত্র, ইন্দ্রজালাদিসংগ্রহ, গরুড়পুরাণ, অগ্নিপুরাণ,
স্থূলতা ও কফপিত্ত জি জ্যোতিষ দুই ভালম্, সংস্কৃত, বাঙ্গলা ও ইংরাজি সামুদ্রিক ইত্যাদি প্রকাশক।
রিতে থাকিবে। তাহা হই
াণায়ামসাধনে সমধিক পরিশ্রম বোধ হ

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যাবদ্বদ্ধো মরুদ্দেহে যাবচ্চিত্তং নিরাকুলম্।
যাবদ্দৃষ্টির্ভ্রুবোর্ম্মধ্যে তাবৎ কালভয়ং কুতঃ॥ ৪০॥

যাবদিতি—যাবদ্‌যাবৎকালপর্য্যন্তং মরুৎ প্রাণানিলো দেহে শরীরে বদ্ধঃ শ্বাসোচ্ছ্বাসক্রিয়াশূন্যঃ। যাবচ্চিত্তমন্তঃকরণং নিরাকুলমবিক্ষিপ্তং সমাহিতং। যাবদ্ভ্রুবোর্ম্মধ্যে দৃষ্টিরন্তঃকরণবৃত্তিঃ দৃশিরত্র জ্ঞানসামান্যার্থঃ। তাবত্তাবৎ-কালপর্য্যন্তং কলয়তীতি কালোঽন্তকস্তস্মাদ্ভয়ং কুতঃ ন কুতোঽপীত্যর্থঃ। তথা চ বক্ষ্যতি—বাধ্যতে ন চ কালেন বাধ্যতে ন চ কর্ম্মণা। সাধ্যতে ন স কেনাপি যোগী যুক্তঃ সমাধিনেতি। স্বাধীনো ভবতীত্যর্থঃ॥ ৪০॥

সাধকের শরীরমধ্যে যতকাল প্রাণবায়ু অবরুদ্ধ থাকে, অর্থাৎ যাবৎ-শ্বাস-প্রশ্বাস-রহিত হইয়া থাকিতে পারে, যাবৎকাল সাধক চিত্ত বিক্ষেপ শূন্য হইয়া সমাধিযুক্ত থাকে। আর যতকাল ভ্রূদ্বয়ের মধ্যে দৃষ্টি নিশ্চল রহে, অর্থাৎ অন্তঃকরণ সকল স্থির থাকে, ততকাল সেই যোগীর যমভয় থাকে না। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, যোগিগণের সমাধি হইলে সে কালের বাধ্য হয় না, কোন কর্ম্ম তাহাকে বশীভূত করিতে পারে না এবং সেই যোগী অন্যের বাধ্য হয় না। সমাধিযুক্ত যোগী সর্ব্বদা স্বাধীনভাবে বিদ্যমান থাকে॥ ৪০॥

বিধিবৎ প্রাণসংযামৈর্নাড়ীচক্রে বিশোধিতে।
সুষুম্নাবদনং ভিত্ত্বা মুখাদ্বিশতি মারুতঃ॥ ৪১॥

বিধিবদিতি—বিধিবৎপ্রাণসংযামৈরাসনজালন্ধরবন্ধাদিবিধিযুক্তপ্রাণা-য়ামৈর্নাড়ীচক্রে নাড়ীনাং চক্রং সমূহস্তস্মিন্ বিশোধিতে নির্ম্মলে সতি মারুতো বায়ুঃ সুষুম্না ইড়াপিঙ্গলয়োর্ম্মধ্যস্থা নাড়ী তস্যা বদনং মুখং ভিত্ত্বা সুখাদনায়াসাদ্বিশতি সুষুম্নান্তরিতি শেষঃ॥ ৪১॥

সাধক যথাবিধি প্রাণায়াম, আসন ও জালন্ধর বন্ধাদি সাধন করিবে। প্রাণায়ামদ্বারা শরীরবন্ধ ও শরীরস্থ নাড়ীসকল বিশোধিত হইলে প্রাণ-বায়ু ইড়া ও পিঙ্গলার মুখ ভেদ করিয়া অনায়াসে সুষুম্না নাড়ীর মধ্যে প্রবেশ করিতে পারে॥ ৪১॥

মারুতে মধ্যসঞ্চারে মনঃস্থৈর্য্যং প্রজায়তে।
যো মনঃসুস্থিরীভাবঃ সৈবাবস্থা মনোন্মনী॥ ৪২॥

মারুত ইতি—মধ্যে সুষুম্নামধ্যে সঞ্চারঃ সম্যক্‌চরণং গমনং মূর্দ্ধপর্য্যন্তং যস্য স মধ্যসঞ্চারস্তস্মিন্ সতি মনসঃ স্থৈর্য্যং ধ্যেয়াকারবৃত্তিপ্রবাহো জায়তে প্রাদুর্ভবতি। যো মনসঃ সুস্থিরীভাবঃ সুষ্ঠু স্থিরীভবনং সৈব মনোন্মন্য-বস্থা। মনোন্মনীশব্দ উন্মনীপর্য্যায়ঃ তথাগ্রে বক্ষ্যতি রাজযোগঃ সমাধি-শ্চেত্যাদিনা॥ ৪২॥

প্রাণবায়ু সুষুম্নানাড়ীর মধ্যে প্রবিষ্ট হইলে অর্থাৎ যখন ঐ বায়ু মূর্দ্ধা-পর্য্যন্ত গমন করে, তখন মনের স্থিরতা জন্মে, তাহা হইলে মনের ধ্যেয়াকার বৃত্তি হয়, মন অন্য কোন বিষয়ে আশক্ত না হইয়া কেবল ধ্যেয় বিষয়ে নিশ্চল থাকে। এইরূপে যে মনের স্থিরীভাব হয়, তাহাকেই মনোন্মনী অবস্থা বলে। এই মনোন্মনী অবস্থা পরে বিশেষরূপে বিবৃত হইবে॥ ৪২॥

তৎসিদ্ধয়ে বিধানজ্ঞাশ্চিত্রান্ কুর্ব্বন্তি কুম্ভকান্।
বিচিত্রকুম্ভকাভ্যাসাদ্বিচিত্রাং সিদ্ধিমাপ্নুয়াৎ॥ ৪৪॥

বিচিত্রেষু কুম্ভকেষু প্রবৃত্তিং জনয়িতুং তেষাং মুখ্যফলমবান্তরফল-ঞ্চাহ—তৎসিদ্ধয়ে ইতি। বিধানং কুম্ভকানুষ্ঠানপ্রকারস্তজ্জানন্তীতি বিধানজ্ঞা-স্তৎসিদ্ধয়ে উন্মন্যবস্থাসিদ্ধয়ে চিত্রান্ সূর্য্যভেদনাদিভেদেন নানাবিধান্ কুম্ভকান্ কুর্ব্বন্তি বিচিত্রাশ্চ তে কুম্ভকাশ্চ বিচিত্রকুম্ভকাস্তেষামভ্যাসাদনু-ষ্ঠানাদ্বিচিত্রামণিমাদিভেদেন নানাবিধাং বিলক্ষণাং বা জন্মৌষধিমন্ত্র-তপোজাতাং। তদুক্তং ভাগবতে—জন্মৌষধিতপোমন্ত্রৈর্যাবতীরিহ সিদ্ধয়ঃ। যোগেনাপ্নোতি তাঃ সর্ব্বা নান্যৈর্যোগগতিং ব্রজেদিতি। আপ্নুয়াৎ প্রত্যা-হারাদিপরম্পরয়েতি ভাবঃ॥ ৪৩॥

কুম্ভকসাধনে সাধকের প্রবৃত্তি উৎপাদনার্থ সেই কুম্ভক যে মোক্ষফল প্রদান করে, তাহাই দেখাইতেছেন। যে যে সাধক কুম্ভকের সম্যক্ অনুষ্ঠান জানেন, তাঁহারা উন্মনীভাবসিদ্ধির নিমিত্ত সূর্য্যভেদনাদি নানাপ্রকার কুম্ভকের অভ্যাস করিবেন। কুম্ভক অনেক প্রকার আছে, সেই সমুদায় কুম্ভক অভ্যাস করিলে সাধকের অণিমাদি সিদ্ধিলাভ হয়। শ্রীমদ্ভাগবতে লিখিত আছে যে, জন্ম, ওষধি, মন্ত্রজপ, তপস্যাপ্রভৃতিদ্বারা যত প্রকার সিদ্ধিলাভ হইতে পারে, একমাত্র যোগসাধন করিলে সেই সমুদায় সিদ্ধি হইয়া থাকে। বাস্তবিক যোগসাধনদ্বারা যেরূপ ফললাভ হইয়া থাকে, অন্য কোন কারণেই সেইরূপ ফললাভ হইতে পারে না॥ ৪৩॥

অথ কুম্ভকভেদাঃ।

সূর্য্যভেদনমুজ্জায়ী সীৎকারী সীতলী তথা।
ভস্ত্রিকা ভ্রামরী মূর্চ্ছা প্লাবিনীত্যষ্টকুম্ভকাঃ॥ ৪৪॥

অথাষ্টকুম্ভকান্নামভির্নির্দ্দিশতি—সূর্য্যভেদেনমিতি স্পষ্টং॥ ৪৪॥

যোগশাস্ত্রে অষ্টপ্রকার কুম্ভক উক্ত আছে, তাহাদিগের নাম এই—সূর্যভেদন, উজ্জায়ী, সীৎকারী, সীতলী, ভস্ত্রিকা, ভ্রামরী, মূর্চ্ছা ও প্লাবনী; মুনিগণ এই অষ্টপ্রকার কুম্ভক নির্দ্দেশ করিয়াছেন॥ ৪৪॥

পূরকান্তে তু কর্ত্তব্যো বন্ধো জালন্ধরাভিধঃ।
কুম্ভকান্তে রেচকাদৌ কর্ত্তব্যস্তূড্ডিয়ানকঃ॥ ৪৫॥

অথ হটসিদ্ধাবনন্যসিদ্ধাং পারমহংসীং সর্ব্বকুম্ভকসাধারণযুক্তিমাহ ত্রিভিঃ। পূরকান্ত ইতি। জালন্ধর ইত্যভিধা নাম যস্য স জালন্ধরাভিধো বন্ধো বধ্নাতি প্রাণবায়ুমিতি বন্ধঃ কণ্ঠাকুঞ্চনপূর্ব্বকং চিবুকস্য হৃদি স্থাপনং জাল-ন্ধরবন্ধঃ পূরকান্তে পূরকস্যান্তে পূরকানন্তরং ঝটিতি কর্ত্তব্যঃ। তুশব্দাৎ-কুম্ভকাদাবুড্ডিয়ানকস্তু কুম্ভকান্তে কুম্ভকস্যান্তে কিঞ্চিৎ কুম্ভকশেষে রেচক-স্যাদৌ রেচকাদৌ রেচকাৎ পূর্ব্বং কর্ত্তব্যঃ। প্রযত্নবিশেষেণ নাভিপ্রদে-শস্য পৃষ্ঠত আকর্ষণমুড্ডিয়ানবন্ধঃ॥ ৪৫॥

পরমহংস যোগিগণ হটযোগ সাধনে যেরূপ সর্ব্বকুম্ভকসাধারণ যুক্তি-প্রদর্শন করেন, এইক্ষণ তাহাই প্রদর্শিত হইতেছে। উক্ত যোগিগণ বলেন, পূরক করিয়া জালন্ধর বন্ধ করিবে। যাহাতে প্রাণবায়ুর বন্ধন হয়, তাহার নাম বন্ধ। কণ্ঠ আকুঞ্চিত করিয়া হৃদয়োপরি চিবুক স্থাপন করিলেই জালন্ধর বন্ধ হয়। আর কোনপ্রকার কৌশলদ্বারা পৃষ্ঠদেশে নাভির আকর্ষণ করিতে পারিলেই উড্ডীয়ান বন্ধ হইয়া থাকে। পূরকের পরে এবং রেচকের আদিতে এই উড্ডীয়ান বন্ধ করিবে॥ ৪৫॥

অধস্তাৎ কুঞ্চনেনাশু কণ্ঠসঙ্কোচনে কৃতে।
মধ্যে পশ্চিমতানেন স্যাৎ প্রাণো ব্রহ্মনাড়ীগঃ॥৪৬॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

অধস্তাদিতি—কণ্ঠস্য সঙ্কোচনং কণ্ঠসঙ্কোচনং তস্মিন্ কৃতে সতি জালন্ধরবন্ধে কৃতে সতীত্যর্থঃ। আশ্বব্যবহিতোত্তরমেবাধস্তাদধঃপ্রদেশাদাকুঞ্চনেনাধারাকুঞ্চনেন মূলবন্ধেনেত্যর্থঃ। মধ্যে নাভিপ্রদেশে পশ্চিমতঃ পৃষ্ঠতস্তানং তাননমাকর্ষণং তেনোড্ডিয়ানবন্ধেনেত্যর্থঃ। উক্তরীত্যা কৃতেন বন্ধত্রয়েণ প্রাণো বায়ুর্ব্রহ্মনাড়ীং সুষুম্নাং গচ্ছতীতি ব্রহ্মনাড়ীগঃ সুষুম্নানাড়ীগামী স্যাদিত্যর্থঃ। অত্রেদং রহস্যং—যদি শ্রীগুরুমুখাজ্জিহ্বাবন্ধঃ সম্যক্ পরিজ্ঞাতস্তর্হি জিহ্বাবন্ধপূর্ব্বকেন জালন্ধরবন্ধেনৈব প্রাণায়ামঃ সিধ্যতি। বায়ুপ্রকোপেনৈবমধাতুবপুঃকৃশত্বং বদনে প্রসন্নতেত্যাদীনি সর্ব্বাণি লক্ষণানি জায়ন্ত ইতি মূলবন্ধোড্ডিয়ানবন্ধৌ নোপযুক্তৌ। তয়োর্জ্জিহ্বাবন্ধপূর্ব্বকেণ জালন্ধরবন্ধেনান্যথা সিদ্ধত্বাৎ। জিহ্বাবন্ধো ন বিদিতশ্চেদধস্তাৎ কুঞ্চনেনেতি শ্লোকোক্তরীত্যা প্রাণায়ামাঃ কর্ত্তব্যাঃ। ত্রয়োঽপি বন্ধা গুরুমুখাজ্জ্ঞাতব্যাঃ মূলবন্ধস্তু সম্যগজ্ঞাতো নানারোগোৎপাদকঃ। তথা হি—যদি মূলবন্ধে কৃতে ধাতুক্ষয়ো বিষ্টম্ভোঽগ্নিমান্দ্যং নাদমান্দ্যং গুটিকাসমূহাকারমজস্রেব পুরীষং স্যাত্তদা মূলবন্ধঃ সম্যক্ ন জ্ঞাত ইতি বোধ্যং। যদি তু ধাতুপুষ্টিঃ সম্যক্ মলশুদ্ধিরগ্নিদীপ্তিঃ সম্যক্ নাদাভিব্যক্তিশ্চ স্যাত্তদা জ্ঞেয়ং মূলবন্ধঃ সম্যক্ জাতঃ ইতি ॥ ৪৬ ॥

কণ্ঠসঙ্কোচন অর্থাৎ জালন্ধরবন্ধ সাধন করিয়া তাহার পরক্ষণেই আধার সঙ্কোচন অর্থাৎ মূলবন্ধ সাধন করিলে পৃষ্ঠ হইতে নাভিদেশের আকর্ষণ অর্থাৎ উড্ডিয়ানবন্ধদ্বারা প্রাণবায়ু ব্রহ্মনাড়ী অর্থাৎ সুষুম্নার মধ্যে প্রবেশ করে। ইহার তাৎপর্য্য এই যে, যদি গুরুদেবের উপদেশানুসারে সম্যক্প্রকার জিহ্বাবন্ধন জানিতে পারে, তাহা হইলে জিহ্বাবন্ধনপূর্ব্বক জালন্ধরবন্ধদ্বারা প্রাণায়াম সিদ্ধ হয়। এইরূপ করিলে প্রাণবায়ুর প্রকোপ হয় না, শরীরের কৃশতা জন্মে এবং মুখের প্রসন্নতা প্রভৃতি সর্ব্বপ্রকার সুলক্ষণ প্রকাশ পায়। এইরূপ সাধনে মূলবন্ধ ও উড্ডিয়ানবন্ধের কোন প্রয়োজন হয় না। কারণ জিহ্বাবন্ধনপূর্ব্বক জালন্ধরবন্ধ করিলে মূলবন্ধ ও উড্ডিয়ানবন্ধ কোন কার্য্যকারী হয় না। যাহারা জিহ্বাবন্ধ অভ্যাস করে নাই, তাহাদিগের পক্ষে মূলবন্ধ ও উড্ডিয়ানবন্ধ করিয়া প্রাণায়াম অভ্যাস করা বিধেয়। উক্ত ত্রিবিধ বন্ধই গুরুসমীপে শিক্ষা করিবে। কারণ সম্যক্প্রকারে মূলবন্ধ না জানিয়া কার্য্য করিলে নানাপ্রকার রোগ জন্মিয়া থাকে। মূলবন্ধের ইহাই পরীক্ষা যে, যদি মূলবন্ধ সাধন করিলে ধাতুক্ষয়, বিষ্টম্ভ, অগ্নিমান্দ্য, শব্দমান্দ্য এবং ছাগলের ন্যায় গুটিকাকার মল নির্গত হয়, তাহা হইলে জানিতে হইবে যে, তাহার মূলবন্ধ পরিজ্ঞান হয় নাই। আর যদি ধাতুপুষ্টি, মলশুদ্ধি, অগ্নিদীপ্তি ও সম্যক্প্রকার শব্দাভিব্যক্তি দেখা যায়, তাহা হইলেই তাহার মূলবন্ধ পরিজ্ঞান হইয়াছে নিশ্চয় করিতে হইবে ॥ ৪৬ ॥

অপানমূর্দ্ধমুত্থাপ্য প্রাণং কণ্ঠাদধো নয়েৎ।
যোগী জরাবিমুক্তঃ সন্ ষোড়শাব্দবয়ো ভবেৎ ॥ ৪৭ ॥

অপানমিতি। অপানমপানবায়ুমূর্দ্ধমুত্থাপ্যাধারাকুঞ্চনেন প্রাণং প্রাণবায়ুং কণ্ঠাদধঃ অধোভাগে নয়েৎ প্রাপয়েদ্যঃ স যোগী যোগোঽস্যাস্তি অভ্যস্তত্বেনেতি যোগী যোগাভ্যাসী জরয়া বার্দ্ধক্যেন বিমুক্তো বিশেষেণ মুক্তঃ সন্। ষোড়শানামব্দানাং সমাহারঃ ষোড়শাব্দং ষোড়শাব্দং বয়ো যস্য স তাদৃশো ভবেৎ। যদ্যপি পূরকান্তে তু কর্ত্তব্য ইত্যাদিনা ত্রয়াণাং শ্লোকানামেক এবার্থঃ পর্য্যবস্যতি তথাপি পূরকান্তে তু কর্ত্তব্য ইত্যনেন বন্ধানাং কাল উক্তঃ। অধস্তাৎকুঞ্চনেনেত্যনেন বন্ধানাং স্বরূপমুক্তং। অপানমূর্দ্ধমুত্থাপ্যেত্যনেন বন্ধানাং ফলমুক্তমিতি বিশেষঃ। জালন্ধরবন্ধে মূলবন্ধে চ কৃতে নাভেরধোভাগ আকর্ষণাখ্যো বন্ধ উড্ডিয়ানবন্ধো ভবত্যেবেত্যস্মিন্ শ্লোকেনোক্তঃ। তথাচোক্তং জ্ঞানেশ্বরেণ গীতাষষ্ঠাধ্যায়ব্যাখ্যায়াং। মূলবন্ধে জালন্ধরবন্ধে চ কৃতে নাভেরধোভাগ আকর্ষণাখ্যো স্বয়মেব ভবতীতি ॥ ৪৭ ॥

যে যোগী অপানবায়ুকে ঊর্দ্ধে উৎক্ষিপ্ত করিয়া আধার সঙ্কোচনপূর্ব্বক প্রাণবায়ুকে কণ্ঠের অধোভাগে আনয়ন করিতে পারে, সেই সাধক জরাবিহীন হইয়া চিরকাল ষোড়শবর্ষীয় যুবকের ন্যায় জীবিত থাকে। যদিও "পূরকান্তে তু কর্ত্তব্যঃ" ইত্যাদি বচনদ্বারা উক্ত শ্লোকত্রয়ই একার্থে পর্য্যবসিত হউক, তথাপি উক্ত বচনে যে বন্ধত্রয়ের কাল উক্ত হইয়াছে, ইহাই জানা যায়। আর "অধস্তাৎ কুঞ্চনেন" ইত্যাদিবচনে ত্রিবিধবন্ধের স্বরূপ উক্ত হইয়াছে এবং "অপানমূর্দ্ধমুৎক্ষিপ্য" ইত্যাদিবচনেই ঐ সকল বন্ধের ফল নির্দ্ধারিত হইয়াছে। কিন্তু এই শ্লোকে ইহাও কথিত হয় নাই যে, জালন্ধরবন্ধ ও মূলবন্ধ সাধন করিলেই নাভির অধোভাগের আকর্ষণরূপ উড্ডিয়ানবন্ধ হয়। জ্ঞানেশ্বর গীতার ষষ্ঠাধ্যায় ব্যাখ্যানে বলিয়াছেন যে, মূলবন্ধ ও জালন্ধরবন্ধ করিলেই নাভির অধোভাগ স্বয়ং আকর্ষিত হইয়া বদ্ধ হয় ॥ ৪৭ ॥

আসনে সুখদে যোগী বদ্ধা চৈবাসনং ততঃ।
দক্ষনাড্যা সমাকৃষ্য বহিঃস্থং পবনং শনৈঃ ॥ ৪৮ ॥

যোগাভ্যাসক্রমং বক্ষ্যে যোগিনাং যোগসিদ্ধয়ে। উষঃকালে সমুত্থায় প্রাতঃকালেঽথবা বুধঃ। গুরুং সংস্মৃত্য শিরসি হৃদয়ে স্বেষ্টদেবতাং। শৌচং কৃত্বা দন্তশুদ্ধিং বিদধ্যাদ্ভস্মধারণং। শুচৌ দেশে মঠে রম্যে প্রতিষ্ঠাপ্যাসনং মৃদু। তত্রোপবিশ্য সংস্মৃত্য মনসা গুরুমীশ্বরং। দেশকলৌ চ সংকীর্ত্ত্য সঙ্কল্প্যবিধিপূর্ব্বকং। অদ্যেত্যাদি শ্রীপরমেশ্বরপ্রসাদপূর্ব্বকং সমাধিতৎফলসিদ্ধ্যর্থমাসনপূর্ব্বকান্ প্রাণায়ামাদীন্ করিষ্যে। অনন্তং প্রণমেদ্দেবং নাগেশং পীঠসিদ্ধয়ে। মণিভ্রাজৎফণাসহস্রবিধৃতবিশ্বম্ভরামণ্ডলায়ানন্তায় নাগরাজায় নমঃ। ততোঽভ্যসেদাসনানি শ্রমে জাতে শবাসনং। অন্তে সমভ্যসেত্তত্তু শ্রমাভাবে তু নাভ্যসেৎ। করণীং বিপরীতাখ্যাং কুম্ভকাৎ পূর্ব্বমভ্যসেৎ। জালন্ধরপ্রসাদার্থং কুম্ভকাৎ পূর্ব্বযোগতঃ। বিধায়াচমনং কৃত্বা কর্ম্মাঙ্গং প্রাণসংযমং। যোগীন্দ্রাদীন্নমস্কৃত্য কৌর্ম্মাচ্চ শিববাক্যতঃ। কূর্ম্মপুরাণে শিববাক্যং। নমস্কৃত্যাথ যোগীন্দ্রান্ সশিষ্যাংশ্চ বিনায়কং। গুরুং চৈবাথ মাং যোগী যুঞ্জীত সুসমাহিতঃ। বদ্ধাভ্যাসে সিদ্ধপীঠং কুম্ভকাবন্ধপূর্ব্বকং। প্রথমে দশ কর্ত্তব্যাঃ পঞ্চবৃদ্ধ্যা দিনে দিনে। কার্য্যা অশীতি পর্য্যন্তং কুম্ভকাঃ সুসমাহিতৈঃ। যোগীন্দ্রঃ প্রথমং কুর্য্যাদভ্যাসং চন্দ্রসূর্য্যয়োঃ। অনুলোমবিলোমাখ্যমেতৎ প্রাহুর্ম্মনীষিণঃ। সূর্য্যভেদনমভ্যস্য বন্ধপূর্ব্বকমেকধীঃ। উজ্জায়িনং ততঃ কুর্য্যাৎ সীৎকারীং সীতলীং ততঃ। ভস্ত্রিকাং চ সমভ্যস্য কুর্য্যাদন্যান্নবাপরান্। মুদ্রাঃ সমভ্যস্যেদ্বুদ্ধা গুরুবক্ত্রাদ্যথাক্রমং। ততঃ পদ্মাসনং বদ্ধা কুর্য্যান্নাদানুচিন্তনং। অভ্যাসং সকলং কুর্য্যাদীশ্বরার্পণমাদৃতঃ। অভ্যাসাদুত্থিতঃ স্নানং কুর্য্যাদুষ্ণেন বারিবা। স্নাত্বা সমাপয়েন্নিত্যং কর্ম্ম সংক্ষেপতঃ সুধীঃ। মধ্যাহ্নেঽপি

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

তথাভ্যস্য কিঞ্চিদ্বিশ্রাম্য ভোজনং। কুর্ব্বন্তি যোগিনঃ পথ্যমপথ্যং ন কদাচন। এলাং বাপি লবঙ্গং বা ভোজনান্তে চ ভক্ষয়েৎ॥ কেচিৎ কর্পূরমিচ্ছন্তি তাম্বূলং শোভনং তথা। চূর্ণেন রহিতং শস্তং পবনাভ্যাসযোগিনাং। ইতি চিন্তামণের্ব্বাক্যং স্বারস্যং ভজতে নহি। কেচিৎপদেন যস্মাত্তু তয়োঃ শীতোষ্ণহেতুনা। ভোজনানন্তরং কুর্য্যান্মোক্ষশাস্ত্রাবলোকনং। পুরাণশ্রবণং বাপি নামসঙ্কীর্ত্তনং বিভোঃ। সায়ং সন্ধ্যাবিধিং কৃত্বা যোগং পূর্ব্ববদভ্যসেৎ। যদা ত্রিঘটিকাশেষো দিবসোঽভ্যাসমাচরেৎ। অভ্যাসানন্তরং কার্য্যা সায়ং সন্ধ্যা সদা বুধৈঃ। অর্দ্ধরাত্রে হটাভ্যাসং বিদধ্যাৎ পূর্ব্ববদ্যমী। বিপরীতাং তু করণীং সায়ংকালার্দ্ধরাত্রয়োঃ। নাভ্যসেদ্ভোজনাদূর্দ্ধং যতঃ সা ন প্রশস্যতে। অর্থোদ্দেশানুক্রমণং কুম্ভকান্ বিবক্ষুস্তত্র প্রথমোদিতং সূর্য্যভেদেনং তদ্গুণাংশ্চাহ ত্রিভিঃ॥ আসন ইতি। সুখং দদাতীতি সুখদং তস্মিন্ সুখদে। শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ। নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চেলাজিনকুশোত্তরমিত্যুক্তলক্ষণে বিবিক্তদেশে সুখাসনস্থঃ শুচিঃ সমগ্রীবশিরঃশরীর ইতি শ্রুতেশ্চ। চেলাজিনকুশোত্তরে আসনে। আস্তেঽস্মিন্নত্যাসনং আস্যতেঽনেনেতি বা তস্মিন্ যোগী যোগাভ্যাসী। আসনং স্বস্তিকবীরসিদ্ধপদ্মাদ্যন্যতমং মুখ্যত্বাৎ সিদ্ধাসনমেব বা বদ্ধৈব বন্ধনেন সম্পাদ্যৈব কৃত্বৈবেত্যর্থঃ। তত আসনবন্ধানন্তরং দক্ষা দক্ষিণভাগস্থা যা নাড়ী পিঙ্গলা তয়া বহিঃস্থং দেহাদ্বহির্ব্বর্ত্তমানং পবনং বায়ুং শনৈর্ম্মন্দং মন্দমাকৃষ্য পিঙ্গলয়া মন্দং মন্দং পূরকং কৃত্বেত্যর্থঃ॥ ৪৮॥

যে নিয়মে যোগাভ্যাস করিলে সাধকের যোগসিদ্ধি হয়, তাহার ক্রম কথিত হইতেছে। প্রত্যূষে অথবা প্রাতঃস্নানকালে গাত্রোত্থান করিয়া সহস্রারে শ্রীগুরুকে এবং হৃদয়ে অভীষ্টদেবকে চিন্তা করিবে, পরে বহির্গমন পূর্ব্বক শৌচ ও দন্তধাবন করিয়া ভস্মধারণ করিবে এবং পবিত্রদেশে মনোহর মঠমধ্যে কোমল আসন স্থাপন করিয়া তাহার উপরি উপবেশনপূর্ব্বক মানসে গুরুদেবকে স্মরণ করিবে। পরে দেশ ও কাল উল্লেখ করিয়া বিধিপূর্ব্বক সঙ্কল্প করিতে হইবে; অর্থাৎ আমি অদ্য অমুকমাসে, অমুকপক্ষে ও অমুক তিথিতে শ্রী পরমেশ্বরের প্রসন্নতা লাভ, সমাধি ও তৎফল সিদ্ধির কামনায় আসনবন্ধপূর্ব্বক প্রাণায়ামাদি করিব, এইরূপ সঙ্কল্প করিয়া পীঠসিদ্ধির নিমিত্ত "মণিভ্রাজৎ ফণাসহস্রবিধৃতবিশ্বস্তরামণ্ডলায় অনন্তায় নাগরাজায় নমঃ" এই মন্ত্রে অনন্তদেবকে প্রণাম করিবে। অনন্তর আসন বন্ধন করিতে হইবে, যদি আসনবন্ধন করিতে পরিশ্রম বোধ হয়, তাহা হইলে প্রথমে শবাসন করিয়া পরে অভীষ্ট আসন করিবে। পরিশ্রম বোধ না হইলে অগ্রে শবাসন করিবে না, কিন্তু অন্তে অবশ্য শবাসন করিবে। কুম্ভকের পূর্ব্বে বিপরীতকরণীমুদ্রা করিতে হইবে। জালন্ধরবন্ধের সাধন কুম্ভকের পূর্ব্বেই কর্ত্তব্য। তৎপরে শিববাক্যানুসারে যোগীন্দ্রদিগকে নমস্কার করিয়া আচমনপূর্ব্বক কর্ম্মাঙ্গ প্রাণায়াম করিবে। কূর্ম্মপুরাণোক্ত শিববাক্যে জানা যায় যে, যোগসাধক ব্যক্তি সশিষ্য যোগীন্দ্র, বিনায়ক এবং শিবকে প্রণাম করিয়া চিত্তসংযমনপূর্ব্বক যোগসাধনে প্রবৃত্ত হইবে। যোগাভ্যাসকালে সিদ্ধাসন বন্ধনকরিয়া কুম্ভক করিতে আরম্ভ করিবে। প্রথম দিনে দশবার কুম্ভক করিয়া তৎপর পঞ্চবার বৃদ্ধি নিয়মে কুম্ভক করিতে থাকিবে। যোগীরা সাবধানপূর্ব্বক উক্ত নিয়মে একদিনে অশীতিবার-পর্য্যন্ত কুম্ভক করিবে। প্রথমে বামনাসিকায় বায়ুপূরণ করিয়া দক্ষিণনাসিকায় রেচন করিতে হইবে। পরে দক্ষিণ নাসিকায় পূরণ করিয়া বামনাসিকায় বিরেচন করিবে। প্রথমে একাগ্রচিত্তে সূর্য্যভেদন কুম্ভক করিয়া এই কুম্ভক সাধিত হইলে উজ্জায়ী, শীৎকারী, সীতলী ও ভস্ত্রিকা নামক কুম্ভক অভ্যাস করিয়া অন্যপ্রকার নববিধ যোগসাধনে প্রবৃত্ত হইবে। যোগীব্যক্তি শ্রীগুরুর উপদেশানুসারে যথাক্রমে মুদ্রা অভ্যাস করিয়া পদ্মাসন সাধনপূর্ব্বক নাদানুসন্ধান করিবে। এই সমুদায় কার্য্য শেষ করিয়া সকল কার্য্যই ঈশ্বরে সমর্পণ করিবে! তৎপরে আসন হইতে উত্থিত হইয়া উষ্ণজলে স্নান করিবে। পরে সংক্ষেপে সন্ধ্যাবন্দনাদি নিত্য কার্য্য সমাপন করিয়া মধ্যাহ্নকালেও পূর্ব্ববৎ যোগসাধন করিবে এবং কিঞ্চিৎকাল বিশ্রাম করিয়া ভোজনক্রিয়া সমাপন করিবে। পূর্ব্বকথিত পথ্যদ্রব্য ভোজন করিতে হইবে, কদাচ অপথ্য ভোজন করিবে না। ভোজনের পর এলাচী অথবা লবঙ্গভক্ষণদ্বারা মুখশুদ্ধি করিতে হইবে। প্রাণায়ামসাধনতৎপর যোগিদিগের পক্ষে কেহ কেহ কর্পূরযুক্ত চূর্ণবিহীন তাম্বূলভক্ষণের ব্যবস্থা দিয়া থাকেন, ইহা প্রশস্ত ব্যবস্থা নহে। বায়ুযোগাভ্যাসকারী সাধক ভোজনের পর মোক্ষসাধক শাস্ত্রের আলোচনা, পুরাণশ্রবণ ও ঈশ্বরের নামকীর্ত্তন করিবে। অনন্তর সায়ংকাল উপস্থিত হইলে বিধিপূর্ব্বক সায়ংকালীন সন্ধ্যা সমাপনান্তে পূর্ব্ববৎ যোগসাধনে প্রবৃত্ত হইবে। অথবা দিনের তিন ঘটিকামাত্র বেলা অবশিষ্ট থাকিতে যোগাভ্যাস আরম্ভ করিয়া যোগসাধনক্রিয়া শেষ হইলে সায়ংসন্ধ্যা করিবে। পরে অর্দ্ধরাত্রিসময়ে পূর্ব্ববৎ যোগসাধন করিতে আরম্ভ করিবে। সায়ংসময়ে ও রাত্রিতে যোগাভ্যাসে বিপরীতকরণীমুদ্রা করিবে না। কারণ ভোজনান্তে উক্ত মুদ্রা করিলে সাধকের শারীরিক অনিষ্ট হইতে পারে। সূর্য্যভেদন কুম্ভকের বিশেষ নিয়ম এই—পবিত্র নির্জ্জনপ্রদেশে অতি নীচ বা অতি উচ্চ নহে এইরূপ আসন স্থাপনকরিয়া অর্থাৎ প্রথমে বস্ত্র, তদুপরি মৃগাদির চর্ম্ম, তদুপরি কুশাস্তরণ করিয়া তাহাতে উপবেশনপূর্ব্বক শির, গ্রীবা ও শরীর সম এবং সরলভাবে রাখিয়া উপবেশন করিবে, পরে স্বস্তিকাসন, বীরাসন, সিদ্ধাসন, পদ্মাসন অথবা ভদ্রাসন বন্ধকরিয়া দক্ষিণনাসিকাস্থিত পিঙ্গলানাড়ীদ্বারা ক্রমে ক্রমে কিছু কিছু করিয়া বহিঃস্থবায়ু আকর্ষণ করিবে এবং সেই নাড়ীদ্বারাই পূরণ করিবে॥ ৪৮॥

আকেশাদানখাগ্রাচ্চ নিরোধাবধি কুম্ভয়েৎ।
ততঃ শনৈঃ সব্যনাড্যা রেচয়েৎপবনং শনৈঃ॥ ৪৯॥

আকেশাদিতি। কেশানামর্য্যাদীকৃত্যাকেশং তস্মান্নখাগ্রানামর্য্যাদীকৃত্বেত্যানখাগ্রং তস্মাচ্চ নিরোধস্য বায়োরবরোধস্যাবধির্ম্মর্যদা যস্মিন্ কর্ম্মণি তত্তথা কুম্ভয়েৎ। কেশপর্য্যন্তং চ বায়োর্নিরোধো যথা ভবেত্তথাপি প্রযত্নেন কুম্ভকং কুর্য্যাদিত্যর্থঃ। ননু হঠান্নিরুদ্ধঃ প্রাণোঽয়ং রোমকূপেষু নিঃসরেৎ। দেহং বিদারয়ত্যেষ কুষ্ঠাদিং জনয়ত্যপি। ততঃ প্রত্যাপিতব্যোঽসৌ ক্রমেণারণ্যহস্তিবৎ। বন্যো গজো গজারির্ব্বা ক্রমেণ মৃদুতামিয়াৎ। করোতি শাস্ত্রনির্দ্দেশান্ন চ তং পরিলঙ্ঘয়েৎ। তথা প্রাণো হৃদিস্থোঽয়ং যোগিনাং ক্রমযোগতঃ। গৃহীতঃ সেব্যমানস্তু বিশ্রম্ভমুপগচ্ছতীতি বাক্যবিরুদ্ধমিতি প্রযত্নেন কুম্ভকং কুর্য্যাদিতি কথমুক্তমিতি চেন্ন। হঠান্নিরুদ্ধঃ প্রাণোঽয়মিতি বাক্যস্য বলাদচিরেণ প্রাণজয়ং করিষ্যামীতি বুধ্যারম্ভঃ এবঞ্চ বহ্বাভ্যাসাসক্তপরত্বাৎ ক্রমেণাপ্যরণ্যহস্তিবদিতি দৃষ্টান্তস্বারস্যাচ্চ। অতএব সূর্য্যাচন্দ্রমসোরভ্যাসে ধারয়িত্বা নিবোধ ইতি চোক্তং সঙ্গচ্ছতে। তস্মাৎ কুম্ভকস্বতি-

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

প্রযত্নপূর্ব্বকং কর্ত্তব্যঃ। যথাযথাতিযত্নেন কুম্ভকং ক্রিয়তে তথা। তথা তস্মিন্ গুণাধিক্যং ভবেৎ। যথা যথা চ শিথিলং কুম্ভকং স্যাত্তথা তথা। গুণাল্পত্বং স্যাৎ। অত্র যোগিনামনুভবোঽপি মানং। পূরকস্তু শনৈঃ শনৈঃ কার্য্যঃ বেগাদ্বা কর্ত্তব্যঃ। বেগাদপি কৃতে পূরকে দোষাভাবাৎ। রেচকস্তু শনৈঃ শনৈরেব কর্ত্তব্যঃ। বেগাৎ কৃতে রেচকে বলহানিপ্রসঙ্গাৎ। ততঃ শনৈঃ শনৈরেব রেচয়েন্ন তু বেগতঃ। ইত্যাদ্যনেকধা গ্রন্থকারোক্তেশ্চ। ততো নিরোধাবধি কুম্ভকানন্তরং শনৈঃ শনৈর্ম্মন্দং মন্দং সব্যে বামভাগে স্থিতা নাড়ী সব্যনাড়ী তয়া সব্যনাড্যা ইড়য়া পবনং বায়ুং রেচয়েদ্বহির্নিঃসারয়েৎ। পুনঃ শনৈরিত্যুক্তিস্তু শনৈরেব রেচয়েদিত্যবধারণার্থং। তদুক্তং। বিস্ময়ে চ বিশাদে চ দৈন্যে চৈবাবধারণে। তথা প্রসাদনে হর্ষে বাক্যমেকং দ্বিরুচ্যত ইতি ॥ ৪৯ ॥

কেশমূল হইতে নখাগ্রপর্য্যন্ত বায়ুরোধ করিয়া কুম্ভক করিবে। এককালে অধিক বায়ুরোধ করিলে লোমকূপদ্বারা বায়ু বহির্গত হয়, অথবা শরীর ভেদ করিয়া সেই বায়ু নিঃসারিত হয়, তাহাতে কুষ্ঠরোগ জন্মিতে পারে, অতএব ক্রমে ক্রমে বায়ুনিরোধ অভ্যাস করা কর্ত্তব্য। যেমন পালিত হস্তীদ্বারা বন্যহস্তীকে ক্রমে ক্রমে বশীভূত করিতে হয়, সেইরূপ ক্রমে ক্রমে অভ্যাস করিয়া বায়ুরোধ সাধন করিবে। অতএব শাস্ত্রোক্ত নিয়মানুসারে অল্পে অল্পে বায়ু নিরোধ অভ্যাস করা কর্ত্তব্য। প্রাণায়াম সাধক কদাচ নিয়ম লঙ্ঘন করিবে না। ক্রমশ প্রাণবায়ুকে হৃদিস্থ করিতে পারিলেই বায়ু বশীভূত হয়। প্রাণায়ামসাধনে বলপ্রয়োগপূর্ব্বক অধিক পরিশ্রম করিয়া কার্য্যসিদ্ধির চেষ্টা করিলে কোনরূপেই কার্য্য সিদ্ধি হয় না। অতএব যত্নপূর্ব্বক কুম্ভক করিবে। কুম্ভকে যেরূপ যত্ন করিবে, সেইরূপ ফললাভ হইবে। সাধক আপন শক্তি অনুসারে কুম্ভক করিবে, সাধকের অধিক শক্তি থাকিলে অতি বেগে কুম্ভক করিলেও দোষ হয় না। সুতরাং যাহার যেমন শক্তি সেই সাধক সেইরূপেই প্রাণায়াম করিবে। যেমন অল্পে অল্পে কুম্ভক অভ্যাস করা উক্ত হইল, সেইরূপ রেচনকালেও অল্পে অল্পে রেচন করিবে। বলপ্রয়োগপূর্ব্বক রেচন করিলে বল হানি হইয়া থাকে, অতএব বলপ্রকাশ করিয়া রেচন করিবে না। অন্যান্য যোগশাস্ত্রেও এইরূপ প্রাণায়ামের পদ্ধতি উক্ত আছে ॥ ৪৯ ॥

কপালশোধনং বাতদোষঘ্নং কৃমিদোষহৃৎ।
পুনঃ পুনরিদং কার্য্যং সূর্য্যভেদনমুত্তমম্ ॥ ৫০ ॥

কপালশোধনমিতি। কপালস্য মস্তকস্য শোধনং শুদ্ধিকরং বাতজা দোষা বাতদোষাঃ অশীতিপ্রকারাস্তান্ হন্তীতি বাতদোষঘ্নং কৃমীণামুদরে জাতানাং দোষো বিকারস্তং হরতীতি কৃমিদোষহৃৎ। পুনঃ পুনর্ভূয়োভূয়ঃ কার্য্যং। সূর্য্যেণাপূর্য্য কুম্ভয়িত্বা চন্দ্রেণ রেচনমিতি রীত্যেদমুৎকৃষ্টং সূর্য্যভেদনং সূর্য্যভেদনাখ্যমুক্তং যোগিভিরিতি শেষঃ ॥ ৫০ ॥

পূর্ব্বে যেরূপ কুম্ভকের উপদেশ কথিত হইয়াছে, ঐরূপ উপদেশানুসারে কুম্ভক অভ্যাস করিয়া সিদ্ধ হইলে সেই সাধকের মস্তক বিশুদ্ধ হয়, অশীতি প্রকার বায়ুরোগ বিনাশ পায় এবং উদরস্থ ক্রিমিদোষ নষ্ট হইয়া যায়, অতএব যোগিগণ উক্ত প্রণালীতে বারম্বার কুম্ভক করিবে। এই কুম্ভকে সূর্য্যানাড়ী অর্থাৎ দক্ষিণনাসিকায় বায়ু পূরণ করিয়া চন্দ্রনাড়ী অর্থাৎ বামনাসিকায় সেই বায়ু রেচন করিতে হয়, এই কুম্ভককে সূর্য্যভেদন কুম্ভক বলে। যোগিগণ এই কুম্ভককে অতি প্রধান যোগ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ৫০ ॥

অথোজ্জায়ী।

মুখং সংযম্য নাড়ীভ্যামাকৃষ্য পবনং শনৈঃ।
যথা লগতি কণ্ঠাত্তু হৃদয়াবধি সস্বনম্ ॥ ৫১ ॥

উজ্জায়িনমাহ সার্দ্ধেন। মুখমিতি মুখমাস্যং সংযম্য সংযতং কৃত্বা মুদ্রয়িত্বেত্যর্থঃ। কণ্ঠাত্তু কণ্ঠাদারভ্য হৃদয়াবধি হৃদয়মবধির্যস্মিন্ কর্ম্মণি তত্তথা স্বনেন সহিতং যথাস্যাত্তথা। ইতি উভে ক্রিয়াবিশেষণে। লগতি শ্লিষ্যতি পবনঃ ইত্যর্থাৎ। তথা তেন প্রকারেণ নাড়ীভ্যামিড়াপিঙ্গলাভ্যাং পবনং বায়ুং শনৈর্ম্মন্দমাকৃষ্যাকৃষ্টং কৃত্বা পূরয়িত্বেত্যর্থঃ ॥ ৫১ ॥

এইক্ষণ উজ্জায়ী কুম্ভকের লক্ষণ নিরূপণ করিতেছেন। প্রাণায়ামসাধক যোগীব্যক্তি মুখ মুদ্রিত করিয়া যাহাতে প্রাণবায়ু কণ্ঠ হইতে হৃদয়পর্য্যন্ত সশব্দে সংলগ্ন হয়, সেইরূপে ইড়া ও পিঙ্গলা অর্থাৎ বাম ও দক্ষিণ উভয় নাসিকায় বায়ু আকর্ষণ করিবে ॥ ৫১ ॥

পূর্ব্ববৎ কুম্ভয়েৎ প্রাণং রেচয়েদিড়য়া ততঃ।
শ্লেষ্মদোষহরং কণ্ঠে দেহানলবিবর্দ্ধনম্ ॥ ৫২ ॥

প্রাণং পূর্ব্ববৎ পূর্ব্বেণ সূর্য্যভেদনেন তুল্যং পূর্ব্ববৎ। আকেশাদানখাগ্রাচ্চ নিরোধাবধি কুম্ভয়েদিত্যুক্তরীত্যা কুম্ভয়েদ্রোধয়েৎ। ততঃ কুম্ভকানন্তরমিড়য়া বামনাড্যা রেচয়েত্ত্যজেৎ। উজ্জায়িগুণানাহ সার্দ্ধশ্লোকেন। শ্লেষ্মদোষহরমিতি। কণ্ঠে কণ্ঠপ্রদেশে শ্লেষ্মণো দোষাঃ শ্লেষ্মদোষাঃ কাসাদয়স্তান্ হরতীতি শ্লেষ্মদোষহরস্তং দেহানলস্য দেহমধ্যগতানলস্য জাঠরস্য বিবর্দ্ধনং বিয়েষেণ বর্দ্ধনং দীপনমিত্যর্থঃ ॥ ৫২ ॥

পূর্ব্বোক্তপ্রকারে বায়ু আকর্ষণ করিয়া সূর্য্যভেদন কুম্ভকের নিয়মানুসারে কেশ মূল হইতে পাদাগ্রপর্য্যন্ত বায়ু আকর্ষণ করিয়া কুম্ভক করিবে। পরে বামনাসিকাদ্বারা বায়ুরেচন করিতে হইবে। এইরূপ প্রাণায়াম করিলেই উজ্জায়ী কুম্ভক হয়, এই কুম্ভক সাধন করিলে সাধকের কফদোষ নিবৃত্তি পায়, সুতরাং কাসরোগ জন্মিতে পারে না এবং উদরাগ্নির বৃদ্ধি হইয়া থাকে ॥ ৫২ ॥

নাড়ীজলোদরাধাতুগতদোষবিনাশনম্।
গচ্ছতা তিষ্ঠতা কার্য্যমুজ্জায়্যাখ্যং তু কুম্ভকম্ ॥ ৫৩ ॥

অতঃপর কিরূপে খেচরীমুদ্রা সাধন করিতে হয় তাহাই কহিতেছেন।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যোগসাধক ব্যক্তি আপন জিহ্বাকে বিপরীতগামিনী করিয়া কপালরন্ধ্রে প্রবেশিত করিবে এবং একদৃষ্টে ভ্রূযুগলের মধ্যভাগ অবলোকন করিতে থাকিবে। ইহাকেই খেচরীমুদ্রা বলে॥ ৩২॥

ছেদনচালনদোহৈঃ কলাং ক্রমেণ বর্দ্ধয়েত্তাবৎ।
সা যাবদ্ ভ্রূমধ্যং স্পৃশতি তদা খেচরীসিদ্ধিঃ॥ ৩৩॥

খেচরীসিদ্ধের্লক্ষণমাহ। ছেদনেতি। ছেদনং অনুপদমেব বক্ষ্যমাণং। চালনং হস্তয়োরঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যাং রসনাং গৃহীত্বা সব্যাপসব্যতঃ পরিবর্ত্তনং দোহঃ করয়োরঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যাং গোদোহনবত্তদ্দোহনং তৈঃ কলাং জিহ্বাং তাবদ্বর্দ্ধয়েদ্দীর্ঘাং কুর্য্যাত্তাবৎ। কিয়ৎ। যাবৎ সা কলা ভ্রূমধ্যং বহির্ভ্রূবোর্ম্মধ্যং স্পৃশতি যদা তদা খেচর্য্যাঃ সিদ্ধিঃ খেচরীসিদ্ধির্ভবতি॥ ৩৩॥

অনন্তর খেচরীমুদ্রা-সিদ্ধির লক্ষণ কহিতেছেন। সাধক এই মুদ্রা-সাধন করিতে করিতে জিহ্বা ছেদন করিবে। ইহার ক্রম পরশ্লোকে বিবৃত হইবে। পরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীদ্বারা জিহ্বা ধারণ করিয়া বাম দক্ষিণ-ভাগে জিহ্বা পরিচালনা করিবে এবং উভয়হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী অঙ্গুলীদ্বারা গোদোহনের ন্যায় জিহ্বা দোহন করিতে থাকিবে। এইরূপে জিহ্বা বৃদ্ধি করিলে যখন ঐ জিহ্বা ভ্রূমধ্যপর্য্যন্ত স্পর্শ করিতে পারিবে তখনই খেচরীমুদ্রা সিদ্ধি হইল জানিবে॥ ৩৩॥

স্নুহীপত্রনিভং শস্ত্রং সুতীক্ষ্ণং স্নিগ্ধনির্ম্মলম্।
সমাদায় ততস্তেন রোমমাত্রং সমুচ্ছিনেৎ॥ ৩৪॥

তৎসাধনমাহ। স্নুহীতি। স্নুহী গুড়া তস্যাঃ পত্রং দলং স্নুহী-পত্রেণ সদৃশং স্নুহীপত্রনিভং সুতীক্ষ্ণমতিতীক্ষ্ণং স্নিগ্ধং চ তন্নির্ম্মলং চ স্নিগ্ধ-নির্ম্মলং শস্ত্রং ছেদনসাধনং সমাদায় সম্যগাদায় গৃহীত্বা ততঃ শস্ত্রগ্রহণানন্তরং তেন শস্ত্রেণ রোমপ্রমাণং রোমমাত্রং সমুচ্ছিন্নেৎ সম্যগুচ্ছিনেচ্ছিন্দ্যাৎ। রসনামূলশিরামিতি কর্ম্মাধ্যাহারঃ। মিশ্রেয়াপ্যথ সীহণ্ডো বজ্রস্নুক্ স্ত্রীস্নুহী গুড়েত্যমরঃ॥ ৩৪॥

পূর্ব্বশ্লোকে যে জিহ্বাছেদনের কথা উক্ত হইয়াছে, এইক্ষণ কিরূপে সেই জিহ্বাচ্ছেদন ক্রিয়া নির্ব্বাহ করিবে, তাহারই ক্রম কথিত হইতেছে। সাধক স্নুহী (মনসাশিজ) পত্রসদৃশ সুনির্ম্মল অতি তীক্ষ্ণ অস্ত্রদ্বারা জিহ্বার মূলগত শিরা রোমমাত্র পরিমাণে ছেদন করিবে। ইহাকেই জিহ্বাচ্ছেদন ক্রিয়া বলা যায়॥ ৩৪॥

ততঃ সৈন্ধবপথ্যাভ্যাং চূর্ণিতাভ্যাং প্রঘর্ষয়েৎ।
পুনঃ সপ্তদিনে প্রাপ্তে রোমমাত্রং সমুচ্ছিনেৎ॥ ৩৫॥

ততশ্ছেদনানন্তরং চূর্ণিতাভ্যাং চূর্ণীকৃতাভ্যাং সৈন্ধবং সিন্দুদেশোদ্ভবং লবণং পথ্যং হরীতকী তাভ্যাং প্রঘর্ষয়েৎ প্রকর্ষেণ ঘর্ষয়েচ্ছিন্নং শিরা-প্রদেশং। সপ্তদিনপর্য্যন্তং ছেদনং সৈন্ধবপথ্যাভ্যাং ঘর্ষণং চ সায়ং প্রাত-র্ব্বিধেয়ং। যোগাভ্যাসিনো লবণনিষেধাৎ খদিরপথ্যাচূর্ণং গৃহ্ণন্তি। মূলে সৈন্ধবোক্তিস্তু হঠাভ্যাসাৎ পূর্ব্বং খেচরীসাধনাভিপ্রায়েণ। সপ্তানাং দিনানাং সমাহারঃ সপ্তদিনং তস্মিন্ প্রাপ্তে গতে সতি অষ্টমে দিন ইত্যর্থাৎ। যে প্রাপ্তার্থাস্তে গত্যর্থাঃ। পূর্ব্বং ছেদনাপেক্ষয়াধিকং রোমমাত্রং সমুচ্ছিনেৎ॥ ৩৫॥

পূর্ব্বকথিত নিয়মে জিহ্বাচ্ছেদন করিয়া সপ্তদিন পর্য্যন্ত প্রতিদিন-প্রাতঃসময়ে ও সূর্য্যাস্তকালে সৈন্ধবচূর্ণ ও হরীতকীচূর্ণদ্বারা ঐ ছিন্নস্থান মার্জ্জন করিবে। কিন্তু যোগিগণের পক্ষে যোগসাধনকালে সৈন্ধবব্যবহার সর্ব্বতোভাবে নিষিদ্ধ, অতএব যোগাভ্যাসকালে উক্ত প্রক্রিয়া করিতে হইলে সৈন্ধবের পরিবর্ত্তে খদিরচূর্ণ ব্যবহার করিবে অর্থাৎ খদিরচূর্ণ ও হরী-তকীচূর্ণ একত্রিত করিয়া তদ্দ্বারা জিহ্বার ছিন্নস্থান মার্জ্জন করিতে হইবে। কেবল যোগসাধনের পূর্ব্বেই সৈন্ধবচূর্ণ ও হরীতকীচূর্ণের ব্যবস্থা জানিবে। এইরূপে সপ্তদিন জিহ্বামার্জ্জন করিয়া পুনর্ব্বার আর কিছু অধিকপরিমাণে ছেদন করিতে হইবে অর্থাৎ প্রথমে এক রোমপরিমাণে ছেদন করা হইয়াছিল এইবার তাহার দ্বিগুণ অর্থাৎ দুই রোমপরিমাণে ছেদন করিবে॥ ৩৫॥

এবং ক্রমেণ ষণ্মাসং নিত্যং যুক্তঃ সমাচরেৎ।
ষণ্মাসাদ্রসনামূলশিলাবন্ধঃ প্রণশ্যতি॥ ৩৬॥

এবমিতি। এবং ক্রমেণ পূর্ব্বং রোমমাত্রচ্ছেদনং সপ্ততিদিনপর্য্যন্তং তাবদেব সায়ংপ্রাতশ্ছেদনং ঘর্ষণং চ। অষ্টমে দিনেঽধিকং ছেদনমিত্যুক্ত-ক্রমেণ ষণ্মাসং ষণ্মাসপর্য্যন্তং নিত্যযুক্তঃ সন্ সমাচরেৎ সম্যগাচরেৎ। ছেদন-ঘর্ষণে ইতি কর্ম্মাধ্যাহারঃ। ষণ্মাসাদনন্তরং রসনা জিহ্বা তস্যা মূলমধো-ভাগো রসনামূলং তত্র যা শিরা কপালকুহররসনাসংযোগে প্রতিবন্ধকী ভূতা নাড়ী তয়া বন্ধো বন্ধনং প্রণশ্যতি প্রকর্ষেণ নশ্যতি॥ ৩৬॥

পূর্ব্বকথিত নিয়মানুসারে ছয়মাস পর্য্যন্ত প্রতিসপ্তাহ পরে এক এক রোমপরিমাণে জিহ্বামূলস্থিত শিরাচ্ছেদন এবং হরীতকী ও খদিরচূর্ণদ্বারা জিহ্বামার্জ্জন করিবে। পরন্তু এই জিহ্বাচ্ছেদনকার্য্য অতিসাবধানে করিতে হইবে। ছয়মাসপর্য্যন্ত এই নিয়মে কার্য্য করিলে জিহ্বার মূলে যে কপালকুহরে রসনাসংযোগের প্রতিবন্ধকীভূত শিরাবন্ধন আছে, তাহা বিনষ্ট হইয়া যায়॥ ৩৬॥

কলাং পরাঙ্মুখীং কৃত্বা ত্রিপথে পরিযোজয়েৎ।
সা ভবেৎ খেচরীমুদ্রা ব্যোমচক্রং তদুচ্যতে॥ ৩৭॥

ছেদনাদিনা জিহ্বাবৃদ্ধৌ যৎ কর্ত্তব্যং তদাহ। কলামিতি। কলাং জিহ্বাং পরাঙ্মুখমাস্যং যস্যাঃ সা তথা তাং পরাঙ্মুখীং প্রত্যঙ্মুখীং কৃত্বা তিসৃণাং নাড়ীনাং পন্থাঃ ত্রিপথস্তস্মিন্ ত্রিপথে কপালকুহরে পরিযোজয়েৎ সংযোজয়েৎ। সা ত্রিপথে পরিযোজনরূপা খেচরীমুদ্রা তদ্ব্যোমচক্রমিত্যু-চ্যতে। ব্যোমচক্রশব্দেনোচ্যতে॥ ৩৭॥

পূর্ব্বোক্তপ্রকারে ছেদন, মার্জ্জন ও দোহনাদি করিলেই জিহ্বা বর্দ্ধিত হইয়া থাকে। জিহ্বা আপন কার্য্যানুরূপ বর্দ্ধিত হইলে সেই জিহ্বাকে বিপরীতাভিমুখী করিয়া নাড়ীত্রয়ের সঙ্গমস্থলস্বরূপ কপালকুহরে সংযো-জিত করিবে। ইহাতেই খেচরীমুদ্রা হইয়া থাকে। এই খেচরীমুদ্রাকে ব্যোমচক্র বলা যায়॥ ৩৭॥

রসনামূর্দ্ধগাং কৃত্বা ক্ষণার্দ্ধমপি তিষ্ঠতি।
বিষৈর্ব্বির্ম্মুচ্যতে যোগী ব্যাধিমৃত্যুজরাদিভিঃ॥ ৩৮॥

অথ খেচরীগুণাঃ। রসনামিতি। ঊর্দ্ধং তালূপরি বিবরং গচ্ছতীতি

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

তাং তাদৃশীং রসনাং জিহ্বাং কৃত্বা ক্ষণার্দ্ধং ক্ষণস্য মুহূর্ত্তস্য অর্দ্ধং ক্ষণার্দ্ধং ঘটিকামাত্রমপি খেচরী মুদ্রা তিষ্ঠতি চেত্তর্হি যোগী বিষৈঃ সর্পবৃশ্চিকাদি-বিষৈর্বিমুচ্যতে বিশেষেণ মুচ্যতে। ব্যাধির্দ্ধাতুবৈষম্যং মৃত্যুশ্চরমঃ প্রাণ-দেহবিয়োগো জরা বৃদ্ধাবস্থা তা আদয়ো যেষাং বল্যাদীনাং তৈশ্চ বিমুচ্যতে। উৎসবে চ প্রকোষ্ঠে চ মুহূর্ত্তে নিয়মে তথা। ক্ষণশব্দো ব্যবস্থায়াং সময়েঽপি নিগদ্যত ইতি নানার্থঃ ॥ ৩৮ ॥

যে যোগী রসনাকে বিপরীতভাবে ঊর্দ্ধগামিনী ও কপালকুহরে সংযোজিত করিয়া ক্ষণার্দ্ধ অর্থাৎ একদণ্ডকাল অবস্থিতি করিতে পারে, সেই যোগী সর্পবৃশ্চিকাদির বিষের আক্রমণ হইতে মুক্ত হইয়া থাকে, তাহার শরীরে কোন রোগ জন্মিতে পারে না এবং জরামৃত্যু বিনাশ পায় ॥ ৩৮ ॥

ন রোগো মরণং তন্দ্রা ন নিদ্রা ন ক্ষুধা তৃষা।
ন চ মূর্চ্ছা ভবেত্তস্য যো মুদ্রাং বেত্তি খেচরীম্ ॥ ৩৯ ॥

ন রোগ ইতি। যঃ খেচরীং মুদ্রাং বেত্তি তস্য রোগো ন, মরণং ন, তন্দ্রা তামসান্তঃকরণবৃত্তিবিশেষো ন, নিদ্রা ন, ক্ষুধা ন, তৃষা পিপাসা ন, মূর্চ্ছা চিত্তস্য তমসাভিভূতাবস্থাবিশেষশ্চ ন ভবেৎ ॥ ৩৯ ॥

যে যোগীব্যক্তি খেচরীমুদ্রা সাধন করিয়া সিদ্ধিলাভ করিতে পারে, তাহার শরীরে কোনপ্রকার রোগ জন্মিতে পারে না। আর উক্ত খেচরী-মুদ্রা সাধকের মরণও হয় না এবং তন্দ্রা, নিদ্রা, ক্ষুধা, তৃষ্ণা ও মূর্চ্ছা ইহা-দিগের কিছুই উক্ত যোগীকে অভিভূত করিতে পারে না ॥ ৩৯ ॥

পীড্যতে ন স রোগেণ লিপ্যতে ন চ কর্ম্মণা।
বাধ্যতে ন স কালেন যো মুদ্রাং বেত্তি খেচরীম্ ॥৪০॥

পীড্যত ইতি। যঃ খেচরীং মুদ্রাং বেত্তি স রোগেণ জ্বরাদিনা ন যোজ্যতে ॥ ৪০ ॥

খেচরীমুদ্রাসাধক যোগী কদাচ জ্বরাদিরোগে পীড়িত হয় না এবং কর্ম্মে লিপ্ত হয় না, অর্থাৎ উক্ত ব্যক্তির স্বকৃতকর্ম্মের ফলস্বরূপ স্বর্গ কিম্বা নরক-ভোগ হইতে পারে না। এমন কি সে কখনও কালের বশীভূত হয় না অর্থাৎ তাহার মরণ হইতে পারে না চিরকাল অজরামর হইয়া থাকে ॥ ৪০ ॥

চিত্তং চরতি খে যস্মাজ্জিহ্বা চরতি খে গতা।
তেনৈষা খেচরী নাম মুদ্রা সিদ্ধৈর্নিরূপিতা ॥ ৪১ ॥

চিত্তমিতি। যস্মাদ্ধেতোশ্চিত্তমন্তঃকরণং খে ভ্রুবোরন্তরবকাশে চরতি জিহ্বা খে তত্রৈব গতা সতী চরতি। তেন হেতুনা এষা কথিতা মুদ্রা খেচরী নাম খেচরীতি প্রসিদ্ধা। নামেতি প্রসিদ্ধাবব্যয়ং। সিদ্ধৈঃ কপি-লাদিভির্নিরূপিতা। খে ভ্রুবোরন্তর্ব্যোম্নি চরতি গচ্ছতি চিত্তং জিহ্বা চ যস্যাং সা খেচরীত্যবয়বশঃ সা ব্যুৎপাদিতা। উক্তেষু ত্রিষু শ্লোকেষু ব্যাখ্যা-দীনাং পুনরুক্তিস্তু তেষাং শ্লোকানাং সংগৃহীতত্বান্ন দোষায় ॥ ৪১ ॥

পূর্ব্বকথিত মুদ্রাসাধন করিলে সাধকের চিত্ত ভ্রূযুগলের মধ্যগত আকাশে বিচরণ করে এবং জিহ্বাও সেইস্থানে বিচরণ করিয়া থাকে, এই নিমিত্ত কপিলাদিসিদ্ধযোগিগণ উক্ত মুদ্রাকে খেচরীমুদ্রা নামে অভি-হিত করিয়াছেন। "খেচরী" এই শব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থদ্বারাই উক্ত নাম হইয়াছে অর্থাৎ যে মুদ্রাতে খে (আকাশে) বিচরণ করে তাহারই নাম খেচরীমুদ্রা ॥ ৪১ ॥

খেচর্য্যা মুদ্রিতং যেন বিবরং লম্বিকোর্দ্ধতঃ।
ন তস্য ক্ষরতে বিন্দুঃ কামিন্যাশ্লেষিতস্য চ ॥ ৪২ ॥

খেচর্য্যেতি। যেন যোগিনা খেচর্য্যা মুদ্রয়া লম্বিকায়া ঊর্দ্ধমিতি লম্বি-কোর্দ্ধতঃ। সার্ব্ববিভক্তিকস্তসিঃ। লম্বিকা তালূ তস্যা ঊর্দ্ধত উপরিভাগে স্থিতং বিবরং ছিদ্রং মুদ্রিতং পিহিতং। কামিন্যা যুবত্যাশ্লেষিতস্যাপি। চ শব্দোঽপ্যর্থে। তস্য বিন্দুর্ব্বীর্য্যং ন ক্ষরতে স্খলতি ॥ ৪২ ॥

যে যোগী খেচরীমুদ্রা সাধন করিয়া তালুর উপরিস্থিত ছিদ্র আচ্ছাদন করিতে পারে, তাহাকে যুবতীগণ আলিঙ্গন করিলেও তাহার একবিন্দু রেতঃপাত হইতে পারে না ॥ ৪২ ॥

চলিতোঽপি যদা বিন্দুঃ সম্প্রাপ্তো যোনিমণ্ডলম্।
ব্রজত্যূর্দ্ধং হৃতঃ শক্ত্যা নিবদ্ধো যোনিমুদ্রয়া ॥ ৪৩ ॥

চলিত ইতি। চলিতোঽপি স্খলিতোঽপি বিন্দুর্যদা যস্মিন্ কালে যোনিমণ্ডলং যোনিস্থানং সংপ্রাপ্তঃ সঙ্গতস্তদৈব যোনিমুদ্রয়া মেঢ্রকুঞ্চন-রূপয়া। এতেন বজ্রোলীমুদ্রা সূচিতা। নিবদ্ধো নিতরাং বদ্ধঃ শক্ত্যা-কর্ষণশক্ত্যাহৃতঃ প্রকৃষ্ট ঊর্দ্ধং ব্রজতি। সুষুম্নামার্গেণ বিন্দুস্থানং গচ্ছতি॥৪৩॥

যে যোগী খেচরীমুদ্রা সাধন করিয়া সিদ্ধিলাভ করিয়াছেন, যুবতীগণ তাহাকে আলিঙ্গন করিলে যদি তাহার বিন্দুপরিচালিত হয়, তাহা হইলে সেই বিন্দু মেঢ্রকুঞ্চনরূপ যোনিমুদ্রাদ্বারা আবদ্ধ ও স্বীয়শক্তিপ্রভাবে আকৃষ্ট হইয়া ঊর্দ্ধগমন করে অর্থাৎ সুষুম্নামার্গদ্বারা স্বস্থানপ্রাপ্ত হইয়া স্থির থাকে ॥ ৪৩ ॥

ঊর্দ্ধজিহ্বঃ স্থিরো ভূত্বা সোমপানং করোতি যঃ।
মাসার্দ্ধেন ন সন্দেহো মৃত্যুং জয়তি যোগবিৎ ॥ ৪৪ ॥

ঊর্দ্ধজিহ্ব ইতি। ঊর্দ্ধা লম্বিকোর্দ্ধবিবরোন্মুখী জিহ্বা যস্য স ঊর্দ্ধজিহ্বঃ স্থিরো নিশ্চলো ভূত্বা। সোমস্য লম্বিকোর্দ্ধবিবরগলিতচন্দ্রামৃতস্য পানং সোমপানং যঃ পুমান্ করোতি। যোগং বেত্তীতি যোগবিৎ স মাসস্যার্দ্ধং মাসার্দ্ধং তেন মাসার্দ্ধেন পক্ষেণ মৃত্যুং মরণং জয়তি অভিভবতি। ন সন্দেহঃ নিশ্চিতমেতদিত্যর্থঃ ॥ ৪৪ ॥

যে যোগসাধক ব্যক্তি আপন জিহ্বাকে তালুর উপরিস্থিত ছিদ্রাভিমুখী করিয়া স্থিরভাবে উপবেশনপূর্ব্বক সোমপান অর্থাৎ ঐ তালুর উপরিস্থিত ছিদ্রদ্বারা গলিত চন্দ্রামৃত পান করিতে পারে, সেই যোগী অর্দ্ধমাসপর্য্যন্ত এইরূপ করিলে নিঃসন্দেহ মৃত্যুবিজয়ী হইয়া থাকে ॥ ৪৪ ॥

নিত্যং সোমকলাপূর্ণং শরীরে যস্য যোগিনঃ।
তক্ষকেণাপি দষ্টস্য বিষং তস্য ন সর্পতি ॥ ৪৫ ॥

নিত্যমিতি। যস্য যোগিনঃ শরীরং নিত্যং প্রতিদিনং সোমকলাপূর্ণং চন্দ্রকলামৃতপূর্ণং তস্য তক্ষকেণ সর্পবিশেষেণাপি দষ্টস্য দংশিতস্য যোগিনঃ শরীরে বিষং গরলং তজ্জন্যং দুঃখং ন সর্পতি ন প্রসরতি ॥ ৪৫ ॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যে যোগীর শরীর প্রতিদিন গলিতচন্দ্রামৃতদ্বারা উক্তরূপে পরিপূর্ণ থাকে, সেই যোগীর শরীরে তক্ষকসর্প দংশন করিলেও সেই বিষ শরীরে বিচরণ করিতে পারে না সুতরাং উক্ত যোগীকে সর্পে দংশন করিলেও তাহার কোন ক্লেশ হয় না ॥ ৪৫ ॥

ইন্ধনানি যথা বহ্নিস্তৈলবর্ত্তিঞ্চ দীপকঃ।
তথা সোমকলাপূর্ণং দেহী দেহং ন মুঞ্চতি ॥ ৪৬ ॥

যথা বহ্নিঃ ইন্ধনানি কাষ্ঠাদীনি ন মুঞ্চতি দীপকো দীপঃ তৈলবর্ত্তিং চ তৈলযুক্তাং বর্ত্তিং ন মুঞ্চতি। তথা সোমকলাপূর্ণং চন্দ্রকলামৃতাপূর্ণং দেহং শরীরং দেহী জীবো ন মুঞ্চতি ন ত্যজতি ॥ ৪৬ ॥

যেমন অগ্নি শুষ্ককাষ্ঠ পরিত্যাগ করে না, যেমন প্রদীপ তৈলসিক্ত-বর্ত্তি ত্যাগ করে না, সেইরূপ জীব চন্দ্রামৃতপূর্ণশরীর ত্যাগ করে না। সুতরাং যে সাধক গলিতচন্দ্রামৃত পান করিতে পারে তাহার মৃত্যু হয় না ॥ ৪৬ ॥

গোমাংসং ভক্ষয়েন্নিত্যং পিবেদমরবারুণীম্।
কুলীনং তমহং মন্যে ইতরে কুলঘাতকাঃ ॥ ৪৭ ॥

গোমাংসমিতি। গোমাংসং পারিভাষিকং বক্ষ্যমাণং যো ভক্ষয়েন্নিত্যং প্রতিদিনমমরবারুণীমপি বক্ষ্যমাণাং পিবেত্তং যোগিনং। অহমিতি গ্রন্থকারোক্তিঃ। কুলে জাতঃ কুলীনঃ তং সৎকুলোৎপন্নং মন্যে। তদুক্তং ব্রহ্মবৈবর্ত্তে। "কৃতার্থৌ পিতরৌ তেন ধন্যো দেশঃ কুলঞ্চ তৎ। জায়তে যোগবান্ যত্র দত্তমক্ষয্যতাং ব্রজেৎ। দৃষ্টঃ সম্ভাষিতঃ স্পৃষ্টঃ পুংপ্রকৃত্যোর্ব্বিবেকবান্। ভবকোটিশতাপাতং পুনাতি বৃজিনং নৃণাং।" ব্রহ্মাণ্ডপুরাণে। "গৃহস্থানাং সহস্রেণ বানপ্রস্থশতেন চ। ব্রহ্মচারিসহস্রেণ যোগাভ্যাসী বিশিষ্যতে"। রাজযোগে বামদেবং প্রতি শিববাক্যং "রাজযোগস্য মাহাত্ম্যং কো বিজানাতি তত্ত্বতঃ। তত্ত্বজ্ঞানী বসতে যত্র স দেশঃ পুণ্যভাজনঃ। দর্শনাদর্চ্চনাদস্য ত্রিসপ্তকুলসংযুতাঃ। অজ্ঞা মুক্তিপদং যান্তি কিংপুনস্তৎপরায়ণাঃ। অন্তর্যোগং বহির্যোগং যো জানাতি বিশেষতঃ। ত্বয়া ময়াপ্যসৌ বন্ধঃ শেষৈর্ব্বেদ্যস্তু কিং পুনরিতি"। কূর্ম্মপুরাণে। "এককালং দ্বিকালং বা ত্রিকালং নিত্যমেব বা। যে যুঞ্জতে মহাযোগং বিজ্ঞেয়াস্তে মহেশ্বরা" ইতি। ইতরে বক্ষ্যমাণগোমাংসভক্ষণামরবারুণীপানরহিতা অযোগিনস্তে কুলঘাতকাঃ কুলনাশকাঃ সৎকুলে জাতস্য জন্মনো বৈয়র্থাৎ ॥ ৪৭ ॥

যে যোগী প্রতিদিন গোমাংসভক্ষণ * ও অমরবারুণী † পান করেন, তাঁহাকেই কুলীন অর্থাৎ কুলশ্রেষ্ঠ বলিয়া জানিবে এইরূপব্যক্তি আপন কুল পবিত্র করিয়া থাকেন। আর যাহারা উক্তরূপ করে না, তাহারা কুলঘাতক অর্থাৎ নিজকুল পতিত করে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে লিখিত প্রমাণে জানা যায় যে যে কুলে যোগবান্ ব্যক্তি জন্মগ্রহণ করে তাহার পিতা ও মাতা কৃতার্থ হয়েন, দেশই ধন্য এবং তাহার কুল অক্ষয় হইয়া থাকে। প্রকৃতিপুরুষতত্ত্ববিৎযোগী যাহাকে দর্শন করেন, যাহার সহিত আলাপ কিম্বা যাহাকে স্পর্শ করেন, সেই সেই ব্যক্তি পূর্ব্ব পূর্ব্ব শতকোটি জন্মার্জ্জিত পাপ হইতে পরিত্রাণ পায়। ব্রহ্মাণ্ডপুরাণে লিখিত আছে যে, একযোগী সহস্র গৃহস্থ, শতবানপ্রস্থ এবং সহস্র ব্রহ্মচারী হইতেও শ্রেষ্ঠ। বামদেবের প্রতি শিব বলিয়াছেন যে, রাজযোগের প্রকৃত মাহাত্ম্য কেহ জানিতে পারে না, যে দেশে রাজযোগমহাত্ম্যবিৎ যোগী বাস করেন, সেই দেশই পবিত্র, যে অজ্ঞমানব যোগমহাত্ম্যজ্ঞ ব্যক্তিকে দর্শন করে কিম্বা অর্চ্চনা করে, সেই মনুষ্যও আপন একবিংশতিপুরুষের সহিত মুক্তি পাইয়া থাকে। যাহারা যোগমহাত্ম্যজ্ঞ ব্যক্তিতে অনুরক্ত থাকে, তাহাদিগের সৌভাগ্য বর্ণন করিয়া শেষ করা যায় না। যে ব্যক্তি অন্তর্যোগ ও বহির্যোগ বিশেষরূপে জানে, তাহার সর্ব্বপ্রকার সংসারবন্ধন ছিন্ন হইয়া যায়। কূর্ম্মপুরাণের লিখিত বচনে জানা যায় যে, যে ব্যক্তি প্রতিদিন একসন্ধ্যা, দুই সন্ধ্যা কিম্বা তিন সন্ধ্যা মহাযোগসাধনে যুক্ত হয়েন তাঁহাকে মহেশ্বর বলিয়া জ্ঞান করিবে। আর যাহারা পূর্ব্বকথিত গোমাংস ভক্ষণ ও অমরবারুণীপানে পরাঙ্মুখ, তাহারা কুলঘাতক অর্থাৎ আপন কুল অধঃপতিত করে ॥ ৪৭ ॥

গোশব্দেনোদিতা জিহ্বা তৎপ্রবেশো হি তালুনি।
গোমাংসভক্ষণং তত্তু মহাপাতকনাশনম্ ॥ ৪৮ ॥

গোমাংসশব্দার্থমাহ।—গোশব্দেনেতি। গোশব্দেন গো ইত্যাকারকেন শব্দেন গোপদেনেত্যর্থঃ। জিহ্বা রসনোদিতা কথিতা। তালুনীতি সামীপিকাধারে সপ্তমী। তালুসমীপোর্দ্ধবিবরে তস্যা জিহ্বায়াঃ প্রবেশো গোমাংসভক্ষণং গোমাংসভক্ষণশব্দবাচ্যং তত্তু তাদৃশং গোমাংসভক্ষণং তু মহাপাতকানাং স্বর্ণস্তেয়াদীনাং নাশনং ॥ ৪৮ ॥

পূর্ব্বশ্লোকে যে "গোমাংস ভক্ষণ" এই কথা উক্ত হইয়াছে, এইক্ষণ তাহার ভাবার্থ প্রকাশিত হইতেছে। গোশব্দে জিহ্বা বুঝায় ঐ জিহ্বার তালুবিবরে প্রবেশই মাংস ভক্ষণ, অতএব খেচরীমুদ্রাদ্বারা জিহ্বাকে তালুবিবরে প্রবেশিত করাই, গোমাংস ভক্ষণ শব্দের অর্থ। এই গোমাংস ভক্ষণ করিলে সাধক সুবর্ণস্তেয়াদিজনিত মহাপাতক বিনাশিত করিতে পারে ॥ ৪৮ ॥

জিহ্বাপ্রবেশসম্ভূতবহ্নিনোৎপাদিতঃ খলু।
চন্দ্রাৎ স্রবতি যঃ সারঃ স স্যাদমরবারুণী ॥ ৪৯ ॥

অমরবারুণীশব্দার্থমাহ।—জিহ্বেতি। জিহ্বায়াঃ প্রবেশো লম্বিকোর্দ্ধবিবরে প্রবেশনং তস্মাৎ সম্ভূতো যো বহ্নিরুষ্মা তেনোৎপাদিতো নিষ্পাদিতঃ। অত্র বহ্নিশব্দেনৌষ্ণ্যমুপলক্ষ্যতে। যঃ সারঃ চন্দ্রাদ্ ভ্রুবোরন্তর্ব্বামভাগস্থাৎ সোমাৎ স্রবতি গলতি সা অমরবারুণী স্যাদমরবারুণীপদবাচ্যা ভবেৎ ॥ ৪৯ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত অমরবারুণীপান কাহাকে বলা যায় তাহাই কথিত হইতেছে। জিহ্বাকে তালুবিবরের উপরিভাগস্থছিদ্রে প্রবেশিত করিলেই একপ্রকার অগ্নির তাপ উৎপাদিত হয়, তাহাতে চন্দ্র হইতে অমৃত গলিত হইয়া সেই তালুচ্ছিদ্রে পতিত হইয়া থাকে, এই অমৃতকেই যোগিগণ অমরবারুণী বলেন এবং এই চন্দ্রামৃত পানই অমরবারুণী পান বলিয়া জানা যায় ॥ ৪৯ ॥

* গোমাংস শব্দের ভাবার্থ পরশ্লোকে বিবৃত হইবে।

† অমরবারুণী পানের অর্থ ৪৯ শ্লোকে জানিতে পারিবে।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

চুম্বন্তী যদি লম্বিকাগ্রমনিশং জিহ্বারসস্যন্দিনী। সক্ষারা কটুকাম্লদুগ্ধসদৃশী মধ্বাজ্যতুল্যা তথা। ব্যাধীনাং হরণং জরান্তকরণং শস্ত্রাগমোদীরণং তস্য স্যাদমরত্বমষ্টগুণিতং সিদ্ধাঙ্গনাকর্ষণম্ ॥ ৫০ ॥

চুম্বন্তীতি। যদি চেল্লম্বিকাগ্রং লম্বিকোর্দ্ধবিবরং চুম্বন্তী স্পৃশন্তী। অনিশং নিরন্তরং। অতএব রসস্য সোমকলামৃতস্য স্যন্দঃ স্যন্দনং প্রস্রবণমস্যাস্তীতি রসস্যন্দিনী যস্য জিহ্বা। ক্ষারেণ লবণরসেন সহিতা সক্ষারা কটুকং মরিচাদি অম্লং চিঞ্চাফলাদি দুগ্ধং পয়স্তৈঃ সদৃশী সমানং মধু ক্ষৌদ্রমাজ্যং ঘৃতং তাভ্যাং তুল্যা সমা। তথাশব্দঃ সমুচ্চয়ে। এতৈর্ব্বিশেষণৈ রসস্যানেকরসত্বান্মধুরত্বাৎ স্নিগ্ধত্বাচ্চ জিহ্বায়া অপি রসস্যন্দনে তথাত্বমুক্তং। তর্হি তস্য ব্যাধীনাং রোগাণাং হরণমপগমো জরায়া বৃদ্ধাবস্থায়া অন্তকরণং নাশনং শস্ত্রাণামায়ুধানামাগমঃ স্বামিমুখাগমনং তস্যোদীরণং নিবারণং। অষ্টৌ গুণা অণিমাদয়স্তে অস্য সংজাতা ইত্যষ্টগুণিতমমরত্বমমরভাবঃ সিদ্ধানামঙ্গনাঃ সিদ্ধাঙ্গনাঃ সিদ্ধাশ্চ তা অঙ্গনাশ্চেতি বা তাসামাকর্ষণমাকর্ষণশক্তিঃ স্যাৎ ॥ ৫০ ॥

যদি যোগসাধক কোন যোগীর জিহ্বা কপালকুহর স্পর্শ করিতে পারে, তাহা হইলে সেই জিহ্বা নিরন্তর নানাপ্রকার রসস্রাব করিতে থাকে, অর্থাৎ চন্দ্র হইতে লবণ, কটু, অম্ল, দুগ্ধতুল্য, মধুতুল্য ও ঘৃততুল্য নানাপ্রকার রস নিঃসৃত হইতে থাকে। এইরূপে নানাবিধ রসস্রাব হয় বলিয়াই জিহ্বাও উক্ত রসসমন্বিতা হয়। যদি কোন সাধক এই সমুদায় রস পান করিতে পারে, তাহা হইলে সেই যোগীর সর্ব্ববিধ রোগ বিনাশ পাইয়া থাকে। আর কদাচ সেই যোগীর শরীরে জড়তা জন্মিতে পারে না। সেই সাধকের সম্মুখে কোনরূপ অস্ত্র আগমন করিতে শক্ত হয় না এবং তাহার অণিমাদি অষ্টসিদ্ধি সমন্বিত দেবত্বপ্রাপ্তি হয় এবং সিদ্ধাঙ্গনাদিগের আকর্ষণেও তাহার শক্তি জন্মিয়া থাকে ॥ ৫০ ॥

মূর্দ্ধ্নঃ ষোড়শপত্রপদ্মগলিতং প্রাণাদবাপ্তং হঠাদূর্দ্ধাস্যো রসনাং নিয়ম্য বিবরে শক্তিং পরাং চিন্তয়ন্। উৎকল্লোলকলাজলং চ বিমলং ধারাময়ং যঃ পিবেন্নির্ব্ব্যাধিঃ স মৃণালকোমলবপুর্যোগী চিরং জীবতি ॥ ৫১ ॥

মূর্দ্ধ্ন ইতি। রসনাং জিহ্বাং বিবরে কপালকুহরে নিয়ম্য সংযোজ্য। ঊর্দ্ধমুত্তানমাস্যং যস্য সঃ। ঊর্দ্ধাস্য ইত্যনেন বিপরীতকরণী সূচিতা। পরাং শক্তিং কুণ্ডলিনীং চিন্তয়ন্ ধ্যায়ন্ সন্ প্রাণান্ সাধনভূতান্। ষোড়শ পত্রাণি দলানি যস্য তৎ ষোড়শপত্রং তচ্চ তৎপদ্মং কণ্ঠস্থানে বর্ত্তমানং তস্মিন্ গলিতং হঠাদ্ধঠযোগাদবাপ্তং প্রাপ্তং বিমলং নির্ম্মলং ধারাময়ং ধারারূপমুৎকল্লোলমুত্তরঙ্গং চ তৎকলাজলং সোমকলারসং যঃ পুমান্ পিবেৎ ধয়েৎ স যোগী নির্গতা ব্যাধয়ো জরাদয়ো যস্মাৎ স নির্ব্ব্যাধিঃ সন্ যদ্বা নির্গতা বিবিধা আধির্ম্মানসীব্যথা যস্মাৎ স তাদৃশঃ সন্ মৃণালং বিসমিব কোমলং মৃদু বপুঃ শরীরং যস্য স মৃণালকোমলবপুশ্চ সন্ চিরং দীর্ঘকালং জীবতি প্রাণান্ ধারয়তি। প্রাণাৎ সাধনভূতাদবাপ্তমিতি বা যোজনা। প্রাণৈরিতি ক্বচিৎ পাঠঃ ॥ ৫১ ॥

যোগসাধক ব্যক্তি আপন জিহ্বাকে কপালকুহরে প্রবেশিত করিয়া ঊর্দ্ধমুখ হইয়া থাকিবে।* পরে পরাৎপরা পরমাশক্তি কুলকুণ্ডলিনী দেবীকে চিন্তা করিতে করিতে মূর্দ্ধা হইতে কণ্ঠস্থিত ষোড়শদলপদ্মোপরি যে বিমল চন্দ্রামৃত বিগলিত হয় তাহা পান করিবে। যদি কোন যোগী উক্তরূপ চন্দ্রকলা বিনিঃসৃত অমৃত পান করিতে পারে তাহা হইলে সেই যোগীর শরীরে কোনরূপ রোগ জন্মিতে পারে না, তাহার শরীর মৃণালের ন্যায় কোমল হয় এবং উক্ত যোগী দীর্ঘকাল জীবনধারণ করিতে পারে ॥ ৫১ ॥

যৎপ্রালেয়ং প্রহিতসুষিরং মেরুমূর্দ্ধ্নারন্তরস্থং। তস্মিংস্তত্ত্বং প্রবদতি সুধীস্তন্মুখং নিম্নগানাম্। চন্দ্রাৎ সারঃ স্রবতি বপুষস্তেন মৃত্যুর্নরাণাং। তদ্বধ্নীয়াৎ সুকরণমথো নান্যথা কায়সিদ্ধিঃ ॥ ৫২ ॥

যৎ প্রালেয়মিতি। মেরুবৎ সর্ব্বোন্নতা সুষুম্না মেরুস্তস্য মূর্দ্ধোপরিভাগস্তস্যান্তরে মধ্যে তিষ্ঠতীতি মেরুমূর্দ্ধান্তরস্থং যৎপ্রালেয়ং সোমকলাজলং প্রহিতং নিহিতং যস্মিংস্তত্তথা তচ্চ তৎসুষিরং বিবরং তস্মিন্ বিবরে সুধীঃ শোভনা রজস্তমোভ্যামনভিভূতসত্ত্বা ধীর্ব্বুদ্ধির্যস্য সঃ। তত্ত্বমাত্মতত্ত্বং প্রবদতি প্রকর্ষেণ বদতি। তস্যাঃ শিখায়া মধ্যে পরমাত্মা ব্যবস্থিত ইতি শ্রুতেঃ। আত্মনো বিভূত্বে খেচরীমুদ্রায়াং তত্রাভিব্যক্তিস্তস্মিংস্তত্ত্বমিত্যুক্তং। নিম্নগানাং গঙ্গাযমুনাসরস্বতীনর্ম্মদাদিশব্দবাচ্যানামিড়াপিঙ্গলাসুষুম্নাগান্ধারীপ্রভৃতীনাং তত্তস্মিন্ বিবরে তৎসমীপে মুখমগ্রমস্তি চন্দ্রাৎসোমাদ্বপুষঃ শরীরস্য সারঃ স্রবতি ক্ষরতি তেন চন্দ্রসারক্ষরণেন নরাণাং মনুষ্যাণাং মৃত্যুর্ম্মরণং ভবতি। অতোহেতোস্তৎপূর্ব্বোদিতং সুকরণং শোভনং করণং খেচরীমুদ্রাখ্যং বধ্নীয়াৎ। সুকরণে বদ্ধে চন্দ্রসারস্রবণাভাবান্মৃত্যুর্নস্যাদিতি ভাবঃ। অন্যথা সুকরণবন্ধনাভাবে কায়স্য দেহস্য সিদ্ধিঃ রূপলাবণ্যবলবজ্রসংহননরূপা ন স্যাৎ ॥ ৫২ ॥

সুমেরুর ন্যায় সর্ব্বোন্নতা সুষুম্নানাড়ীর উপরিভাগে চন্দ্রামৃত আছে, তাহা পূর্ব্বকথিত কপালবিবরে ন্যস্ত রহিয়াছে। যোগজ্ঞ সুধীগণ ঐ কপালকুহরকে আত্মতত্ত্ব বলিয়া থাকেন। আর ঐ কপালছিদ্রকেই গঙ্গা, যমুনা, সরস্বতী ও নর্ম্মদা বলা যায় এবং উহাই ইড়া, পিঙ্গলা, সুষুম্না প্রভৃতি নাড়ী সকলের মুখস্বরূপ। এই ছিদ্রদ্বারাই চন্দ্র হইতে বিগলিত সারভূত রস শরীরে প্রবিষ্ট হয়। যদি উক্তরূপ চন্দ্রামৃত ক্ষরিত হইয়া যায় তাহা হইলেই মানবের মরণ হইয়া থাকে। অতএব যাঁহারা দীর্ঘজীবন ইচ্ছা করেন, তাহারা খেচরীমুদ্রা সাধন করিয়া উক্ত অমৃতক্ষরণ নিবৃত্তি করিবেন, তাহা করিতে পারিলে আর মনুষ্যের মৃত্যু হইতে পারে না, পরন্তু শরীরের রূপলাবণ্য বৃদ্ধি পাইয়া থাকে ॥ ৫২ ॥

সুষিরং জ্ঞানজনকং পঞ্চস্রোতঃসমন্বিতম্।
তিষ্ঠতে খেচরী মুদ্রা তস্মিন্ শূন্যে নিরঞ্জনে ॥ ৫৩ ॥

সুষিরমিতি। পঞ্চ যানি স্রোতাংসীড়াদীনাং প্রবাহাস্তৈঃ সমন্বিতং সম্যগনুগতং। সপ্তস্রোতঃ সমন্বিতমিতি ক্বচিৎ পাঠঃ। জ্ঞানজনকমলৌ-

* ইহাতেই বিপরীতকরণীমুদ্রা সাধিত হইয়া থাকে।

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

কিকবোধিতাত্মসাক্ষাৎকারজনকঃ যৎ সুষিরং বিবরং তস্মিন্ সুষিরেঽঞ্জনমবিদ্যা তৎকার্য্যং শোকমোহাদি চ নির্গতং যস্মাত্তন্নিরঞ্জনং তস্মিন্নিরঞ্জনে শূন্যে সুষিরাবকাশে খেচরী মুদ্রা তিষ্ঠতে স্থিরীভবতি। প্রকাশনস্থেয়াখ্যায়োশ্চেত্যাত্মনেপদং ॥ ৫৩ ॥

তালুর উপরিভাগে যে বিবর আছে তাহাতেই ইড়া পিঙ্গলা প্রভৃতি পঞ্চনাড়ীর প্রবাহ সঙ্গত রহিয়াছে এবং ঐ বিবরই তত্ত্বজ্ঞানলাভের কারণ, অর্থাৎ ঐ বিবরের স্বরূপ জানিয়া কার্য্য করিলেই মনুষ্যের অলৌকিক বুদ্ধি জন্মে, তাহা হইলেই আত্মসাক্ষাৎকার হইতে পারে। আর উক্ত বিবরের তত্ত্ব সম্যক্ অবগত হইলে অজ্ঞান ও অজ্ঞানের কার্য্য শোকমোহাদি বিনাশ পায়। এই বিবরাবকাশেই খেচরীমুদ্রা বিদ্যমান রহিয়াছে ॥ ৫৩ ॥

একং সৃষ্টিময়ং জীবমেকা মুদ্রা চ খেচরী।
একো দেবো নিরালম্ব একাবস্থা মনোন্মনী ॥ ৫৪ ॥

একমিতি। সৃষ্টিময়ং সৃষ্টিরূপং প্রণবাখ্যং বীজমেকং মুখ্যং। তদুক্তং মাণ্ডূক্যোপনিষদি। ওঁমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিতি। খেচরীমুদ্রা একা মুখ্যা। নিরালম্ব আলম্বনশূন্য একো মুখ্যো দেবঃ। আলম্বনপরিত্যাগেনাত্মনঃ স্বরূপাবস্থানাৎ। উন্মন্যবস্থৈকমুখ্যা। একো মুখ্যস্তকেবলা ইত্যমরঃ। বীজাদিষু প্রণবাদিবন্মুদ্রাসু খেচরী মুখ্যেত্যর্থঃ ॥ ৫৪ ॥

একমাত্র প্রণবরূপী বীজই সর্ব্বপ্রধান মাণ্ডূক্যোপনিষদে লিখিত আছে যে, কেবল প্রণব অর্থাৎ ওঁ এই অক্ষরই সর্ব্বময়, একমাত্র খেচরীমুদ্রাই জ্ঞানলাভের মুখ্য কারণ এবং এক নিরালম্ব আত্মাই শ্রেষ্ঠ। যেহেতু আত্মা নিরালম্ব অর্থাৎ বিষয়সম্পর্ক শূন্য হইলেই তাহার স্বরূপাবস্থা প্রাপ্ত হয় আর কেবল উন্মনী অবস্থাই সর্ব্বাবস্থার প্রধান ॥ ৫৪ ॥

অথোড্ডীয়ানবন্ধঃ।

বদ্ধো যেন সুষুম্নায়াং প্রাণস্তূড্ডীয়তে যতঃ।
তস্মাদুড্ডীয়নাখ্যোঽয়ং যোগিভিঃ সমুদাহৃতঃ ॥ ৫৫ ॥

উড্ডীয়ানবন্ধং বিবক্ষুস্তাবদুড্ডীয়ানশব্দার্থমাহ,—বদ্ধ ইতি। যতো যস্মাদ্ধেতোর্যেন বন্ধেন বদ্ধো নিরুদ্ধঃ প্রাণঃ সুষুম্নায়াং মধ্যনাড্যামুড্ডীয়তে সুষুম্নায়াং বিহায়সা গচ্ছতি তস্মাৎ কারণাদয়ং বন্ধো যোগিভির্ম্মৎস্যেন্দ্রাদিভিরুড্ডীয়নমাখ্যাভিধা যস্য স উড্ডীয়নাখ্যঃ সমুদাহৃতঃ সম্যগ্ব্যুৎপত্ত্যোদাহৃতঃ কথিতং। সুষুম্নায়ামুড্ডীয়তেঽনেন বন্ধঃ প্রাণ ইত্যুড্ডীয়নং। উৎপূর্ব্বাড্ডীঙ্ বিহায়সা গতাবিত্যস্মাৎ করণে ল্যুট্ ॥ ৫৫ ॥

গ্রন্থকার উড্ডীয়ানবন্ধ নিরূপেচ্ছু হইয়া প্রথমতঃ উড্ডীয়ান শব্দার্থ কহিতেছেন। যেহেতু উক্ত বন্ধ সাধন করিলে প্রাণ উড্ডীন হয়, অর্থাৎ প্রাণ সুষুম্নারূপ আকাশমার্গে গমন করে, এই নিমিত্ত মৎস্যেন্দ্রাদি যোগীগণ এই বন্ধকে উড্ডীয়ানবন্ধ বলিয়াছেন ॥ ৫৫ ॥

উড্ডীনং কুরুতে যস্মাদবিশ্রান্তং মহাখগঃ।
উড্ডীয়ানং তদেব স্যাত্তত্র বন্ধোঽভিধীয়তে ॥ ৫৬ ॥

উড্ডীয়ানমিতি। মহাংশ্চাসৌ খগশ্চ মহাখগঃ প্রাণঃ। সর্ব্বদা দেহাবকাশে গতিমত্ত্বাৎ। যস্মাদ্বন্ধাদবিশ্রান্তং যথা স্যাত্তথোড্ডীনং বিহঙ্গমগতিং কুরুতে। সুষুম্নায়ামিত্যধ্যাহার্য্যং। তদেব বন্ধবিশেষমুড্ডীয়ানমুড্ডীয়াননামকং স্যাৎ। তত্র তস্মিন্ বিষয়ে বন্ধোঽভিধীয়তে বন্ধস্বরূপং কথ্যতে ময়েতি শেষঃ ॥ ৫৬ ॥

পক্ষান্তরে উড্ডীয়ানশব্দার্থ বলিতেছেন। প্রাণরূপী মহাপক্ষী সর্ব্বদা দেহমধ্যে বিচরণ করিয়া থাকে কিন্তু এই বন্ধদ্বারা সেই প্রাণ সুষুম্নামার্গে গমন করে এই নিমিত্ত উক্ত বন্ধকে পূর্ব্বতন আচার্য্যগণ উড্ডীয়ান বন্ধ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ৫৬ ॥

উদরে পশ্চিমং তানং নাভেরূর্দ্ধং চ কারয়েৎ।
উড্ডীয়ানো হ্যসৌ বন্ধো মৃত্যুমাতঙ্গকেশরী ॥ ৫৭ ॥

উড্ডীয়ানবন্ধমাহ—উদর ইতি। উদরে তুন্দে নাভেরূর্দ্ধং চকারাদধঃ উপরিভাগেঽধোভাগে চ পশ্চিমং তানং পশ্চিমমাকর্ষণং নাভেরূর্দ্ধাধোভাগৌ যথা পৃষ্ঠসংলগ্নৌ স্যাতাং তথা তানং তাননামাকর্ষণং কারয়েৎ কুর্য্যাৎ। ণিজর্থোঽবিবক্ষিতঃ। অসৌ নাভেরূর্দ্ধাধোভাগয়োস্তাননরূপ উড্ডীয়ান উড্ডীয়নাখ্যো বন্ধঃ। কীদৃশঃ মৃত্যুরেব মাতঙ্গো গজস্তস্য কেশরী সিংহঃ সিংহ ইব নিবর্ত্তকঃ ॥ ৫৭ ॥

যোগসাধক ব্যক্তি উদরমধ্যে নাভীর ঊর্দ্ধে ও আধাভাগে পশ্চিমতান নামক আকর্ষণ করিবে, অর্থাৎ যাহাতে নাড়ীর ঊর্দ্ধ ও অধোভাগ পৃষ্ঠসংলগ্ন হয়, এইরূপ করিবে। ইহাকেই উড্ডীয়ানবন্ধ বলা যায়, এই বন্ধ মৃত্যুরূপ হস্তীর পক্ষে সিংহস্বরূপ। যে সাধক এইরূপে উড্ডীয়ানবন্ধ সাধন করিতে পারেন কদাচ তাহার মৃত্যুঘটনা হইতে পারে না ॥ ৫৭ ॥

উড্ডীয়ানস্তু সহজং গুরুণা কথিতং সদা।
অভ্যসেৎ সততং যস্তু বৃদ্ধোঽপি তরুণায়তে ॥ ৫৮ ॥

উড্ডীয়ানস্ত্বিতি। গুরুর্হিতোপদেষ্টা তেন গুরুণা উড্ডীয়ানং তু সদা সর্ব্বদা সহজং স্বাভাবিকং কথিতং প্রাণস্য বহির্গমনং। সর্ব্বদা সর্ব্বস্যৈব জায়মানত্বাৎ। যস্তু যঃ পুরুষস্তু সততং নিরন্তরমভ্যসেৎ। উড্ডীয়ানমিত্যত্রাপি সম্বধ্যতে। স তু বৃদ্ধোঽপি স্থবিরোঽপি তরুণায়তে তরুণইবাচরতি তরুণায়তে ॥ ৫৮ ॥

পূর্ব্বতন গুরুগণ উপদেশ করিয়াছেন যে উড্ডীয়ান্ অর্থাৎ প্রাণের বহির্গমন প্রাণিমাত্রেরই স্বাভাবিক ধর্ম্ম। কিন্তু উড্ডীয়ানবন্ধ সাধন করিয়া সিদ্ধিলাভ করিতে পারিলে ঐ বহির্গমন নিবৃত্তি পায়। অতএব যে সাধক উক্ত বন্ধ অভ্যাস করিতে পারেন তিনি বৃদ্ধ হইলেও যুবার ন্যায় ব্যবহার করিতে পারেন, অর্থাৎ উক্ত সাধকের বয়োবৃদ্ধি হইলেও তাহার তারুণ্য দূর হইতে পারে না ॥ ৫৮ ॥

নাভেরূর্দ্ধমধশ্চাপি তানং কুর্য্যাৎ প্রযত্নতঃ।
ষণ্মাসমভ্যসেন্মৃত্যুং জয়ত্যেব ন সংশয়ঃ ॥ ৫৯ ॥

নাভেরিতি। নাভেরূর্দ্ধমুপরিভাগেঽধশ্চাপ্যধোভাগেঽপি প্রযত্নতঃ প্রকৃষ্টো যত্নঃ প্রযত্নস্তস্মাৎ প্রযত্নতঃ। যত্নবিশেষাত্তানং পশ্চিমতানং কুর্য্যাৎ। পূর্ব্বার্দ্ধেনোড্ডীয়ানস্বরূপমুক্তং। অথ তৎপ্রশংসা। ষণ্মাসং

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

ষণ্মাসপর্য্যন্তং। উড্ডীয়ানমিত্যধ্যাহারঃ। অভ্যসেৎ পুনঃপুনরনুতিষ্ঠেৎ স মৃত্যুং জয়ত্যেব সংশয়ো ন। অত্র সন্দেহো নাস্তীত্যর্থঃ ॥ ৫৯ ॥

যোগসাধক ব্যক্তি যত্নপুরঃসর নাভির ঊর্দ্ধ ও অধোভাগে পশ্চিমতানাকর্ষণ অর্থাৎ নাভির ঊর্দ্ধাধোভাগকে পৃষ্ঠসংলগ্ন করিবে। ছয় মাস পর্য্যন্ত উক্তরূপে পুনঃ পুনঃ পশ্চিমতানাকর্ষণ করিলে সাধক মৃত্যুকে জয় করিতে পারে ॥ ৫৯ ॥

সর্ব্বেষামেব বন্ধানামুত্তমো হ্যুড্ডীয়ানকঃ।
উড্ডীয়ানে দৃঢ়ে বন্ধে মুক্তিঃ স্বাভাবিকী ভবেৎ ॥৬০॥

সর্ব্বেষামিতি। সর্ব্বেষাং বন্ধানাং মধ্যে উড্ডীয়ানকঃ উড্ডীয়ানবন্ধ এব। স্বার্থে কপ্রত্যয়ঃ। উত্তমঃ উৎকৃষ্টঃ হি যস্মাদুড্ডীয়ানে বন্ধে দৃঢ়ে সতি স্বাভাবিকী স্বভাবসিদ্ধৈব মুক্তির্ভবেৎ। উড্ডীয়ানবন্ধে কৃতে বিহঙ্গমগত্যা সুষুম্নায়াং প্রাণস্য মূর্দ্ধ্নি গমনাৎ। সমাধৌ মোক্ষমাপ্নোতীতি বাক্যাৎ সহজৈব মুক্তিঃ স্যাদিতি ভাবঃ ॥ ৬০ ॥

যোগশাস্ত্রে যতপ্রকার বন্ধ উক্ত আছে, তাহাদের মধ্যে এই উড্ডীয়ানবন্ধই সর্ব্বপ্রধান, যেহেতু উক্ত উড্ডীয়ানবন্ধ সাধন করিলে স্বভাবতই সাধকের মুক্তিলাভ হয়। বাস্তবিক এই বন্ধের সাধনে সাধকের প্রাণ সুষুম্নামার্গদ্বারা মূর্দ্ধাপ্রদেশে গমন করে, তাহা হইলেই সমাধি উপস্থিত হয় এবং সমাধি উপস্থিত হইলেই মুক্তি লাভ হইতে পারে। এই নিমিত্তই উড্ডীয়ানবন্ধ মুক্তির কারণ বলিয়া উক্ত হইয়াছে ॥ ৬০ ॥

মূলবন্ধঃ।

পার্ষ্ণিভাগেন সংপীড্য * মাকুঞ্চয়েদ্ *।
অপানমূর্দ্ধমাকৃষ্য মূলবন্ধোঽভিধীয়তে ॥ ৬১ ॥

মূলবন্ধমাহ।—পার্ষ্ণিভাগেনেতি। পার্ষ্ণের্ভাগো গুল্ফয়োরধঃপ্রদেশস্তেন * * স্থানং * মেঢ্রয়োর্ম্মধ্যভাগং সংপীড্য সম্যক্ পীড়য়িত্বা * পায়ুমাকুঞ্চয়েৎ সঙ্কোচয়েৎ। অপানমধোগতিং বায়ুমূর্দ্ধমুপর্য্যাকৃষ্যাকৃষ্টং কৃত্বা মূলবন্ধোঽভিধীয়তে কথ্যতে। পার্ষ্ণিভাগেন * স্থানসংপীড়নপূর্ব্বকং * স্যাঞ্চনং মূলবন্ধ ইত্যুচ্যতে ইত্যর্থঃ ॥ ৬১ ॥

কিরূপে মূলবন্ধ সাধন করিতে হয়, এইক্ষণ তাহাই কথিত হইতেছে। যোগসাধকব্যক্তি পার্ষ্ণি (গোড়ালী) দ্বারা * স্থান পরিপীড়িত করিয়া গুহ্যদেশ সঙ্কুচিত করিবে এবং অধোগত অপানবায়ুকে ঊর্দ্ধে আকর্ষণ করিবে। ইহাকে যোগিগণ মূলবন্ধ বলিয়া কীর্ত্তন করেন ॥ ৬১ ॥

অধোগতিমপানং বা ঊর্দ্ধগং কুরুতে বলাৎ।
আকুঞ্চনেন তং প্রাহুর্ম্মূলবন্ধং হি যোগিনঃ ॥ ৬২ ॥

অধোগতিমিতি। যঃ অধোগতিং অধোঽর্ব্বাগ্গতির্যস্য স তথা তমপানমপানবায়ুমাকুঞ্চনেন মূলাধারস্য বলাদ্ধঠাদূর্দ্ধং গচ্ছতীত্যূর্দ্ধগস্তমূর্দ্ধগং সুষুম্নায়ামূর্দ্ধগমনশীলং কুরুতে। বৈ ইতি নিশ্চয়েঽব্যয়ং। যোগিনো যোগাভ্যাসিনস্তং মূলবন্ধং মূলস্য মূলস্থানস্য বন্ধনং মূলবন্ধস্তং মূলবন্ধমিত্যর্থং প্রাহুঃ। অনেন মূলবন্ধশব্দার্থ উক্তঃ। পূর্ব্বশ্লোকেন তু তস্য বন্ধনপ্রকার উক্ত ইত্যপৌনরুক্ত্যং ॥ ৬২ ॥

পূর্ব্বশ্লোকে মূলবন্ধের স্বরূপমাত্র কথিত হইয়াছে, এইক্ষণ মূলবন্ধ শব্দের যোগার্থ কহিতেছেন, এই বন্ধ অধোগমনশীল অপানবায়ুকে মূলাধার সঙ্কোচনদ্বারা সুষুম্নানাড়ীর উপরি স্থাপিত করে এই নিমিত্ত যোগশাস্ত্রাভিজ্ঞ আচার্য্যগণ এই বন্ধের মূলবন্ধ নাম দিয়াছেন। মূলবন্ধ অর্থাৎ মূলাধার বন্ধন করে বলিয়াই এই বন্ধের "মূলবন্ধ" নাম হইয়াছে ॥ ৬২ ॥

* পার্ষ্ণ্যা তু সংপীড্য বায়ুমাকুঞ্চয়েদ্বলাৎ।
বারম্বারং যথা চোর্দ্ধং সমায়াতি সমীরণঃ ॥ ৬৩ ॥

অথ যোগবীজোক্তরীত্যা মূলবন্ধমাহ—* মিতি। পার্ষ্ণ্যোর্গুল্ফয়োরধোভাগেন * বায়ুং সংপীড্য সম্যক্ পীড়য়িত্বা সংযোজ্যেত্যর্থঃ। তু শব্দঃ পূর্ব্বস্মাদস্য বিশেষত্বদ্যোতকঃ। যথা যেন প্রকারেণ সমীরণো বায়ুরূর্দ্ধং সুষুম্নায়া উপরিভাগে যাতি গচ্ছতি তথা তেন প্রকারেণ বলাদ্ধঠাদ্বারম্বারং পুনঃ পুনর্ব্বায়ুমপানমাকুঞ্চয়েদ্ * স্যাকুঞ্চনেনাকর্ষয়েৎ। অয়ং মূলবন্ধ ইতি বাক্যাধ্যাহারঃ ॥ ৬৩ ॥

যোগবীজগ্রন্থে যেরূপ রীতিতে মূলবন্ধ কথিত হইয়াছে, এইক্ষণ সেইরূপ রীতি অনুসারে মূলবন্ধ কথিত হইতেছে। গুল্ফদ্বয়ের অধোভাগ গুহ্যদেশে সংযোজিত করিবে। পরে যাহাতে সুষুম্নার উপরিভাগে বায়ু গমন করিতে পারে এইরূপে পুনঃপুনঃ হঠযোগানুসারে বায়ু আকুঞ্চন করিবে অর্থাৎ গুহ্যদেশ আকুঞ্চন করিয়া বায়ু আকর্ষণ করিতে থাকিবে, এইরূপ করিলেই প্রকারান্তরে মূলবন্ধ করা হয় ॥ ৬৩ ॥

প্রাণাপানৌ নাদবিন্দূ মূলবন্ধেন চৈকতাম্।
গত্বা যোগস্য সংসিদ্ধিং গচ্ছতো নাত্র সংশয়ঃ ॥ ৬৪ ॥

অথ মূলবন্ধগুণানাহ—প্রাণাপানাবিতি। প্রাণশ্চাপানশ্চ প্রাণাপানাবূর্দ্ধাধোগতী বায়ূ। নাদোঽনাহতধ্বনিঃ বিন্দুরনুস্বারস্তৌ মূলবন্ধেনৈকতাং গত্বৈকীভূয় যোগস্য সংসিদ্ধিঃ সম্যক্ সিদ্ধিস্তাং যোগসংসিদ্ধিং যচ্ছতো দদতঃ। অভ্যাসিন ইতি শেষঃ। অত্রাস্মিন্নর্থে সংশয়ো ন সন্দেহো নাস্তীত্যর্থঃ। অয়ং ভাবঃ। মূলবন্ধে কৃতেঽপানঃ প্রাণেন সহৈকীভূয় সুষুম্নায়াং প্রবিশতি। ততো নাদাভিব্যক্তির্ভবতি ততো নাদেন সহ প্রাণাপানৌ হৃদয়োপরি গত্বা নাদস্য বিন্দুনা সহৈক্যং বিন্দুনাধায় মূর্দ্ধ্নি গচ্ছতঃ। ততো যোগসিদ্ধিঃ ॥ ৬৪ ॥

যদি কোন সাধক মূলবন্ধ সাধন করিতে পারে তাহা হইলে সেই সাধকের প্রাণ ও আপন অর্থাৎ ঊর্দ্ধগত ও অধোগত বায়ু এবং অনাহত ধ্বনি ও বিন্দু (অনুস্বার) এই সমুদায় একত্রিত হইয়া সাধককে সিদ্ধি প্রদান করিয়া থাকে, ইহাতে কোন সন্দেহ নাই। মূলবন্ধ সাধিত হইলে প্রাণবায়ু অপানবায়ুর সহিত মিলিত হইয়া সুষুম্নানাড়ীর মধ্যে প্রবেশ করে, তাহাতেই নাদাভিব্যক্তি হইয়া থাকে। এই নাদের সহিত প্রাণ ও অপানবায়ু হৃদয়োপরি গমন করিয়া নাদ ও বিন্দুর সম্মীলন সম্পাদনপূর্ব্বক মূর্দ্ধাপ্রদেশে গমন করিয়া থাকে, ইহা হইলেই সাধকের যোগসিদ্ধি হইয়াছে জানা যায় ॥ ৬৪ ॥

আপনপ্রাণয়োরৈক্যং ক্ষয়ো মূত্রপুরীষয়োঃ।
যুবা ভবতি বৃদ্ধোঽপি সততং মূলবন্ধনাৎ ॥ ৬৫ ॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

অপানপ্রাণয়োরিতি। সততং মূলবন্ধনান্মূলবন্ধমুদ্রাকরণাদপানপ্রাণয়োরৈক্যং ভবতি। মূত্রপুরীষয়োঃ সঞ্চিতয়োঃ ক্ষয়ঃ পতনং ভবতি। বৃদ্ধোঽপি স্থবিরোঽপি যুবা তরুণো ভবতি ॥ ৬৫ ॥

মূলবন্ধ সাধিত হইলে প্রাণবায়ু ও অপানবায়ুর ঐক্য হয়, পূর্ব্বসঞ্চিত উদরস্থ মলমূত্র নিঃসারিত হইয়া যায় এবং বৃদ্ধব্যক্তিও উক্ত সাধনবলে যুবকের ন্যায় বলবীর্য্যশালী হইতে পারে ॥ ৬৫ ॥

অপানে ঊর্দ্ধগে জাতে প্রয়াতে বহ্নিমণ্ডলম্।
তদাঽনলশিখা দীর্ঘা জায়তে বায়ুনাঽহতা ॥ ৬৬ ॥

অপান ইতি। মূলবন্ধনাদপানে অধোগমনশীলে বায়ৌ ঊর্দ্ধগে ঊর্দ্ধং গচ্ছতীত্যূর্দ্ধগস্তস্মিংস্তাদৃশে সতি বহ্নিমণ্ডলে বহ্নের্ম্মণ্ডলং ত্রিকোণং নাভেরধোভাগেঽস্তি। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন। "দেহমধ্যে শিখিস্থানং তপ্তজাম্বূনদপ্রভং। ত্রিকোণং তু মনুষ্যাণাং চতুরস্রং চতুষ্পদাং। মণ্ডলং তু পতঙ্গানাং সত্যমেতদ্ব্রবীমি তে। তন্মধ্যে তু শিখা তন্বী সদা তিষ্ঠতি পাবকে" ইতি। তস্মিন্ কালে বায়ুনা অপানেনাহতা সঙ্গতা সত্যনলশিখা জঠরাগ্নিশিখা দীর্ঘা আয়তা জায়তে। বর্দ্ধত ইতি ক্বচিৎ পাঠঃ ॥ ৬৬ ॥

মূলবন্ধ সাধন করিলে অধোগত অপান বায়ু ঊর্দ্ধগামী হইয়া নাভিমণ্ডলের অধোভাগস্থিত ত্রিকোণাকার বহ্নিমণ্ডল প্রাপ্ত হয়। যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে প্রাণীমাত্রেরই দেহমধ্যে প্রতপ্তসুবর্ণের ন্যায় সমুজ্জ্বল বহ্নিমণ্ডল আছে। ঐ বহ্নিমণ্ডল মনুষ্যশরীরে ত্রিকোণ, চতুষ্পদপশুদিগের চতুষ্কোণ এবং পক্ষিদিগের বর্ত্তুলাকার। উক্ত বহ্নিমণ্ডলে অতিসূক্ষ্মাকার অগ্নিশিখা বিদ্যমান আছে। মূলবন্ধ-সাধনদ্বারা ঐ অগ্নিশিখা অপানবায়ুর সহিত মিলিত হইয়া বিস্তৃত হয়। তাহা হইলেই জঠরাগ্নির বৃদ্ধি হইয়া থাকে ॥ ৬৬ ॥

ততো যাতো বহ্ন্যপানৌ প্রাণমুষ্ণস্বরূপকম্।
তেনাত্যন্তপ্রদীপ্তস্তু জ্বলনো দেহজস্তথা ॥ ৬৭ ॥

তত ইতি। ততস্তদনন্তরং বহ্নিশ্চাপানশ্চ বহ্ন্যপানৌ। উষ্ণং স্বরূপং যস্য স তথা, তমনলং শিখাদৈর্ঘ্যাদুষ্ণস্বরূপং প্রাণমূর্দ্ধগতিমনিলং যাতো গচ্ছতঃ। ততোঽনলশিখাদৈর্ঘ্যাদুষ্ণস্বরূপকাদিতি বা যোজনা। তেন প্রাণসঙ্গমনেন দেহে জাতো দেহজো জ্বলনোঽগ্নিরত্যন্তমধিকং দীপ্তো ভবতি। তথেতি পাদপূরণে। অপানস্যোর্দ্ধগমনে দীপ্ত এব জ্বলনঃ প্রাণসঙ্গত্যাঽত্যন্তং প্রদীপ্তো ভবতীত্যর্থঃ ॥ ৬৭ ॥

পূর্ব্বোক্তপ্রকারে অগ্নির বৃদ্ধি হইলে সেই অগ্নি ও অপানবায়ু উভয়ই মিলিত হইয়া উষ্ণস্বরূপ প্রাণবায়ুকে প্রাপ্ত হয়। এইরূপে জঠরস্থ বহ্নি ও অপানবায়ুর সহিত প্রাণবায়ুর সঙ্গম হয়, তাহা হইলেই দেহস্থ অগ্নি অতিশয় প্রদীপ্ত হইয়া উঠে। প্রথমত অপানবায়ুর ঊর্দ্ধগমনেই অগ্নির দীপ্তি বৃদ্ধি পায় পরন্তু তাহাতে আবার প্রাণসঙ্গতি হইলেই সমধিক প্রদীপ্ত হইয়া থাকে ॥ ৬৭ ॥

তেন কুণ্ডলিনী সুপ্তা সন্তপ্তা সংপ্রবুধ্যতে।
দণ্ডাহতা ভুজঙ্গীব নিশ্বস্য ঋজুতাং ব্রজেৎ ॥ ৬৮ ॥

তেনেতি। তেন জ্বলনস্যাত্যন্তং প্রদীপনেন সন্তপ্তা সম্যক্তপ্তা সতী সুপ্তা নিদ্রিতা কুণ্ডলিনী শক্তিঃ সম্প্রবুধ্যতে সম্যক্ প্রবুদ্ধা ভবতি। দণ্ডেনাহতা দণ্ডাহতা চাসৌ ভুজঙ্গীব সর্পিণীব নিশ্বস্য নিশ্বাসং কৃত্বা ঋজুতাং সরলতাং ব্রজেদ্গচ্ছেৎ ॥ ৬৮ ॥

যখন দেহস্থিত অগ্নি অধিক প্রদীপ্ত হইয়া উঠে তখনই সেই অগ্নির প্রতাপে নিদ্রিতা কুণ্ডলিনীশক্তি পরিতাপিতা হইয়া প্রবোধিতা হয়েন এবং দণ্ডতাড়িতা ভুজঙ্গীর ন্যায় নিশ্বাস পরিত্যাগ করিতে করিতে সরলতা প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬৮ ॥

বিলং প্রবিষ্টেব ততো ব্রহ্মনাড্যন্তরং ব্রজেৎ।
তস্মান্নিত্যং মূলবন্ধঃ কর্ত্তব্যো যোগিভিঃ সদা ॥ ৬৯ ॥

বিলং প্রবিষ্টেতি। ততো ঋজুতাপ্রাপ্ত্যনন্তরং বিলং বিবরং প্রবিষ্টা ভুজঙ্গীব ব্রহ্মনাড়ী সুষুম্না তস্যা অন্তরং গচ্ছেত্তস্মাদ্ধেতোর্যোগিভির্যোগাভ্যাসিভির্ম্মূলবন্ধো নিত্যং প্রতিদিনং সদা সর্ব্বস্মিন্ কালে কর্ত্তব্যঃ কর্ত্তুং যোগ্যঃ ॥ ৬৯ ॥

কুণ্ডলিনীশক্তি সরলতা প্রাপ্ত হইলে যেমন ভুজঙ্গী আপন বিবরমধ্যে প্রবেশ করে সেইরূপ কুণ্ডলিনী ব্রহ্মনাড়ী সুষুম্নার মধ্যে প্রবেশ করিয়া থাকেন। এই হেতু যোগিগণ নিয়মিতরূপে অবশ্য সর্ব্বদা মূলবন্ধ সাধন করিবে ॥ ৬৯ ॥

অথ জালন্ধরবন্ধঃ।

কণ্ঠমাকুঞ্চ্য হৃদয়ে স্থাপয়েচ্চিবুকং দৃঢ়ম্।
বন্ধো জালন্ধরাখ্যোঽয়ং জরামৃত্যুবিনাশকঃ ॥ ৭০ ॥

জালন্ধরবন্ধমাহ। কণ্ঠমিতি। কণ্ঠে গলে বিলমাকুঞ্চ্য হৃদয়ে বক্ষঃসমীপে চতুরঙ্গুলান্তরিতপ্রদেশে চিবুকং হনুং দৃঢ়ং স্থিরং স্থাপয়েৎ স্থিতং কুর্য্যাৎ। অয়ং কণ্ঠাকুঞ্চনপূর্ব্বকং চতুরঙ্গুলান্তরিতহৃদয়সমীপেঽধোনমনযত্নপূর্ব্বকং চিবুকস্থাপনরূপো জালন্ধর ইত্যাখ্যা, যত ইতি জালন্ধরাখ্যো জালন্ধরনামা বন্ধঃ। কীদৃশঃ জরা বৃদ্ধাবস্থা মৃত্যুর্ম্মরণং তয়োর্ব্বিনাশকো বিশেষেণ নাশয়তীতি বিনাশকো বিনাশকর্ত্তা ॥ ৭০ ॥

অনন্তর কিরূপে জালন্ধরবন্ধ করিতে হয় তাহাই কথিত হইতেছে। সাধকব্যক্তি কণ্ঠ সঙ্কোচন করিয়া বক্ষঃস্থলে অর্থাৎ কণ্ঠহইতে চারি অঙ্গুলি অন্তরে চিবুক স্থাপন করিবে। এইপ্রকারে দৃঢ়রূপে চিবুক স্থাপন করিলেই জালন্ধরবন্ধ হইয়া থাকে যে সাধক উক্ত জালন্ধরবন্ধ সাধন করিতে পারে তাহার জরা ও মৃত্যু বিনাশ পায় ॥ ৭০ ॥

বধ্নাতি হি শিরাজালমধোগামি নভোজলম্।
ততো জালন্ধরো বন্ধঃ কণ্ঠদুঃখৌঘনাশনঃ ॥ ৭১ ॥

জালন্ধরপদস্যার্থমাহ। বধ্নাতীতি। হি যস্মাচ্ছিরাণাং নাড়ীনাং জালং সমুদায়ং বধ্নাতি। অধো গন্তুং শীলমস্যেত্যধোগামী নভসঃ কপালকুহরস্থ জলমমৃতং চ বধ্নাতি প্রতিবধ্নাতি। ততস্তস্মাজ্জালন্ধরো জালন্ধরনামকোঽন্বর্থো বন্ধঃ জালং দশাজালং জালানাং সমূহো জালং ধরতীতি জালন্ধরঃ। কীদৃশঃ কণ্ঠে গলপ্রদেশে যো দুঃখৌঘো বিকারজাতো দুঃখসমূহস্তস্য নাশনো নাশকর্ত্তা ॥ ৭১ ॥

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

যেহেতু এই বন্ধ শিরাসকল বন্ধন করে এবং কপালকুহর হইতে যে অমৃতস্রাব হয় তাহা অবরুদ্ধ করে, এই নিমিত্তই যোগিগণ উক্ত বন্ধকে জালন্ধরবন্ধ বলিয়া থাকেন। এই জালন্ধরবন্ধ কণ্ঠস্থিত সমস্ত বিকার বিনাশ করে। অতএব যে যোগী উক্ত জালন্ধরবন্ধ সাধন করে। সেই যোগীর কণ্ঠে কোনরূপ রোগ জন্মিতে পারে না ॥ ৭১ ॥

জালন্ধরে কৃতে বন্ধে কণ্ঠসঙ্কোচলক্ষণে।
ন পীযূষং পতত্যগ্নৌ ন চ বায়ুঃ প্রকুপ্যতি ॥ ৭২ ॥

জালন্ধরগুণানাহ। জালন্ধর ইতি। কণ্ঠস্য গলবিলস্য সঙ্কোচনং সঙ্কোচ আকুঞ্চনং তদেব লক্ষণং স্বরূপং যস্য স কণ্ঠসঙ্কোচলক্ষণঃ তস্মিন্ তাদৃশে জালন্ধরে জালন্ধরসংজ্ঞকে বন্ধে কৃতে সতি পীযূষমমৃতমগ্নৌ জাঠরেঽনলে ন পততি ন সরতি। বায়ুশ্চ প্রাণশ্চ ন কুপ্যতি নাড্যন্তরে বায়োর্গমনং প্রকোপস্তং ন করোতীত্যর্থঃ ॥ ৭২ ॥

কণ্ঠসঙ্কোচনপূর্ব্বক জালন্ধরবন্ধ সাধন করিলে সাধকের কপাল-বিবর হইতে যে চন্দ্রামৃত বিগলিত হয় তাহা জঠরাগ্নিতে পতিত হইতে পারে না এবং সেই সাধকের বায়ু প্রকুপিত হয় না। অন্য নাড়ীতে প্রাণবায়ুর গমনকেই বায়ু-প্রকোপ বলা যায় এই জালন্ধরসাধন করিতে পারিলে প্রাণবায়ু কদাচ অন্য নাড়ীতে গমন করিতে পারে না, সুতরাং বায়ু-প্রকোপ হয় না ॥ ৭২ ॥

কণ্ঠসঙ্কোচনেনৈব দ্বে নাড্যৌ স্তম্ভয়েদ্ দৃঢ়ম্।
মধ্যচক্রমিদং জ্ঞেয়ং ষোড়শাধারবন্ধনম্ ॥ ৭৩ ॥

কণ্ঠসঙ্কোচনেনেতি। দৃঢ়ং গাঢ়ং কণ্ঠসঙ্কোচনেনৈব কণ্ঠসঙ্কোচন-মাত্রেণ দ্বে নাড্যৌ ইড়াপিঙ্গলে স্তম্ভয়েদয়ং জালন্ধর ইতি কর্ত্তৃপদাধ্যা-হারঃ। ইদং কণ্ঠস্থানে স্থিতং বিশুদ্ধাখ্যং চক্রং মধ্যচক্রং মধ্যমং চক্রং জ্ঞেয়ং। কীদৃশং ষোড়শাধারবন্ধনং ষোড়শসংখ্যকা যে আধারা অঙ্গুষ্ঠা-ধারাদিব্রহ্মরন্ধ্রান্তাস্তেষাং বন্ধনং বন্ধনকারকং। অঙ্গুষ্ঠগুল্ফজানূরু-সীবনীলিঙ্গনাভয়ঃ। হৃদ্গ্রীবা কণ্ঠদেশশ্চ লম্বিকা নাসিকা তথা। ভ্রূমধ্যঞ্চ ললাটঞ্চ মূর্দ্ধা চ ব্রহ্মরন্ধ্রকং। এতে হি ষোড়শাধারাঃ কথিতা যোগি-পুঙ্গবৈঃ। তেষ্বাধারেষু ধারণায়াঃ ফলবিশেষস্তু গোরক্ষসিদ্ধান্তা-দবগন্তব্যঃ ॥ ৭৩ ॥

যদি দৃঢ়রূপে কণ্ঠ সঙ্কোচন করিতে পারে, তাহা হইলে তৎক্ষণাৎ ইড়া ও পিঙ্গলা এই নাড়ীদ্বয় স্তম্ভিত হয়। কণ্ঠস্থানে যে বিশুদ্ধনামে চক্র আছে, তাহাকে মধ্যচক্র বলা যায়। এই বিশুদ্ধচক্র অঙ্গুষ্ঠাদি ব্রহ্ম-রন্ধ্রপর্য্যন্ত ষোড়শ আধার বন্ধন করে। অঙ্গুষ্ঠ, গুল্ফ, জানু, উরু, সীবনী লিঙ্গ, নাভি, হৃদয়, গ্রীবা, কণ্ঠদেশ, লম্বিকা, নাসিকা, ভ্রূমধ্য, ললাট, মূর্দ্ধা ও ব্রহ্মরন্ধ্র, যোগিগণ এই সকলকে আধার বলিয়া থাকেন। এই সমুদায় আধার ধারণ করিতে পারিলে বিশেষ ফল হয়, ইহার সবিশেষ গোরক্ষসিদ্ধান্তে বিবৃত আছে॥ ৭৩ ॥

মূলস্থানং সমাকুঞ্চ্য উড্ডীয়ানং তু কারয়েৎ।
ইড়াং চ পিঙ্গলাং বদ্ধা বাহয়েৎ পশ্চিমে পথি ॥ ৭৪ ॥

উক্তস্য বন্ধত্রয়স্যোপযোগমাহ। মূলস্থানমিতি। মূলস্থানমাধারভূত-মাধারস্থানং সমাকুঞ্চ্য সম্যগাকুঞ্চ্য উড্ডীয়ানং নাভেঃ পশ্চিমতানরূপং বন্ধং কারয়েৎ কুর্য্যাৎ। ণিজর্থোঽবিবক্ষিতঃ। ইড়াং পিঙ্গলাং গঙ্গাং যমুনাং চ বদ্ধা। জালন্ধরবন্ধেনেত্যর্থঃ। কণ্ঠসঙ্কোচনেনৈব দ্বে নাড্যৌ স্তম্ভয়েদিত্যুক্তেঃ। পশ্চিমে পথি সুষুম্নামার্গে বাহয়েদ্রময়েৎ প্রাণমিতি শেষঃ ॥ ৭৪ ॥

পূর্ব্বে যে জালন্ধরবন্ধ, উড্ডীয়ানবন্ধ ও মূলবন্ধ কথিত হইয়াছে, এইক্ষণ উক্ত ত্রিবিধ বন্ধের উপযোগিতা দেখাইতেছেন। মূল অর্থাৎ আধারস্থান সম্যক্ আকুঞ্চিত করিয়া নাভির অধোভাগে পশ্চিমতান নামক উড্ডীয়ানবন্ধ করিবে, তৎপরে ইড়া ও পিঙ্গলার বন্ধ করিয়া অর্থাৎ জালন্ধরবন্ধ সাধনদ্বারা সুষুম্নানাড়ীতে প্রাণবায়ুকে প্রবেশিত করিবে ॥ ৭৪ ॥

অনেনৈব বিধানেন প্রয়াতি পবনো লয়ম্।
ততো ন জায়তে মৃত্যুর্জ্জরারোগাদিকং তথা ॥ ৭৫ ॥

অনেনেতি। অনেনৈবোক্তেনৈব বিধানেনৈব পবনঃ প্রাণো লয়ং স্থৈর্য্যং প্রয়াতি। গত্যভাবপূর্ব্বকং রন্ধ্রে স্থিতিঃ প্রাণস্য লয়ঃ। ততঃ প্রাণস্য লয়ান্মৃত্যুর্জ্জরারোগাদিকং। তথা চার্থে। ন জায়তে নোদ্ভবতি। আদিপদেন বলীপলিততন্দ্রালস্যাদিকং গ্রাহ্যং ॥ ৭৫ ॥

পূর্ব্বকথিত নিয়মে ত্রিবিধবন্ধ সাধন করিলেই প্রাণবায়ুর লয় হয়, অর্থাৎ প্রাণের গতির নিবৃত্তি হইয়া সেই প্রাণ সুষুম্নাতে স্থির হইয়া থাকে। যদি প্রাণ স্থির হইতে পারে তাহা হইলে সেই সাধকের শরীরে জরা কিম্বা কোনরূপ রোগ উৎপন্ন হইতে পারে না সুতরাং সেই সাধকের মৃত্যু হয় না ॥ ৭৫ ॥

বন্ধত্রয়মিদং শ্রেষ্ঠং মহাসিদ্ধৈশ্চ সেবিতম্।
সর্ব্বেষাং হঠতন্ত্রাণাং সাধনং যোগিনো বিদুঃ ॥ ৭৬ ॥

বন্ধত্রয়মিতি। ইদং পূর্ব্বোক্তং বন্ধত্রয়ং শ্রেষ্ঠং ষোড়শাধারবন্ধেঽতি-প্রশস্তং মহাসিদ্ধৈর্ম্মৎস্যেন্দ্রাদিভিশ্চকারাদ্বশিষ্ঠাদিমুনিভিঃ সেবিতং সর্ব্বেষাং হঠতন্ত্রাণাং হঠোপায়ানাং সাধনং সিদ্ধিজনকং যোগিনো গোর-ক্ষাদ্যা বিদুর্জ্জানন্তি ॥ ৭৬ ॥

পূর্ব্বকথিত তিনপ্রকার বন্ধই সর্ব্বপ্রধান, পূর্ব্বে যে, ষোড়শাধারবন্ধন উক্ত হইয়াছে, তাহাতেই এই বন্ধত্রয়ের প্রাধান্য জানা যায়। মৎস্যেন্দ্রাদি মহামহা যোগিগণ ও বশিষ্ঠাদি মহর্ষিগণ সকলেই এই ত্রিবিধ বন্ধের সাধনা করিয়াছেন। হঠযোগাভ্যাসে যতপ্রকার উপায় উক্ত আছে, তাহাদিগের মধ্যে এই তিনপ্রকার বন্ধই গোরক্ষাদি সিদ্ধযোগিগণ যোগসিদ্ধির প্রধান কারণ বলিয়া জানেন ॥ ৭৬ ॥

যৎ কিঞ্চিৎ স্রবতে চন্দ্রাদমৃতং দিব্যরূপিণঃ।
তৎসর্ব্বং গ্রসতে সূর্য্যস্তেন পিণ্ডো জরাযুতঃ ॥ ৭৭ ॥

বিপরীতকরণীং বিবক্ষুস্তদুপোদ্ঘাতত্বেন পিণ্ডস্য জরাকরণং তাবদাহ। যৎ কিঞ্চিদিতি। দিব্যমুৎকৃষ্টং সুধাময়ং রূপং যস্য স তথা তস্মাদ্দিব্য-রূপিণশ্চন্দ্রাৎ সোমাত্তালুমূলস্থাদ্ যৎ কিঞ্চিদ্ যৎ কিমপ্যমৃতং পীযূষং স্রবতে পততি। তৎসর্ব্বং সর্ব্বং তৎপীযূষং সূর্য্যো নাভিস্থোঽনলাত্মকঃ গ্রসতে

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

গ্রাসীকরোতি। তদুক্তং গোরক্ষনাথেন। "নাভিদেশে স্থিতো নিত্যং ভাস্করো দহনাত্মকঃ। অমৃতাত্মা স্থিতো নিত্যং তালুমূলে চ চন্দ্রমাঃ। বর্ষত্যধোমুখশ্চন্দ্রো গ্রসত্যূর্দ্ধমুখো রবিঃ। করণং তচ্চ কর্ত্তব্যং যেন পীযূষমাপ্যত" ইতি। তেন সূর্য্যকর্ত্তৃকামৃতগ্রাসনেন পিণ্ডো দেহো জরাযুতঃ জরসা যুক্তো ভবতি ॥ ৭৭ ॥

অতঃপর বিপরীতকরণীমুদ্রা কথিত হইবে। দেহের জড়তাই যোগসিদ্ধির প্রতিবন্ধক। এইক্ষণ কি কারণে দেহের জরতা জন্মে এবং কিরূপেই বা তাহা নষ্ট হয় সেই সকল বলিতেছেন। তালুমূলস্থিত দিব্যরূপী চন্দ্র হইতে যে অমৃত পতিত হয় নাভিমূলস্থিত সূর্য্য সেই অমৃত গ্রাস করেন, যোগিপ্রবর গোরক্ষনাথ বলিয়াছেন যে, প্রাণিবর্গের নাভিমূলে অগ্নিময়সূর্য্য সর্ব্বদা অবস্থিতি করেন এবং অমৃতময়চন্দ্রও সর্ব্বদা তালুমূলে অবস্থিতি করিয়া থাকেন। ঐ অমৃতময় চন্দ্র অধোমুখ হইয়া নিয়ত অমৃতবর্ষণ করিতে থাকেন ঐ সূর্য্য উর্দ্ধমুখ হইয়া সেই অমৃতপান করিয়া থাকেন, এই অমৃতপান নিবারণার্থই বিপরীতকরণীমুদ্রা সাধন করিতে হয়। এই মুদ্রা সাধিত হইলেই উক্ত অমৃতরক্ষা পায়। সূর্য্য উক্ত অমৃতপান করেন বলিয়াই দেহের জরতা জন্মে এবং এই অমৃতপান নিবারণ করিতে পারিলেই সেই জরতার বিনাশ হয় ॥ ৭৭ ॥

তত্রাস্তি করণং দিব্যং সূর্য্যস্য মুখবঞ্চনম্।
গুরূপদেশতো জ্ঞেয়ং ন তু শাস্ত্রার্থকোটিভিঃ ॥ ৭৮ ॥

তত্রেতি। তত্র তদ্বিষয়ে সূর্য্যস্য নাভিস্থাহনলস্য মুখং বঞ্চ্যতে অনেনেতি তাদৃশং দিব্যমুত্তমং বক্ষ্যমাণমুদ্রাখ্যমস্তি তদ্গুরূপদেশতঃ গুরূপদেশাজ্ জ্ঞেয়ং জ্ঞাতুং শক্যং। শাস্ত্রার্থানাং কোটিভিঃ ন তু নৈব জ্ঞাতুং শক্যং ॥ ৭৮ ॥

পূর্ব্বশ্লোকে বিপরীতকরণীমুদ্রার নামমাত্রের উল্লেখ হইয়াছে, এইক্ষণ কিরূপে সেই মুদ্রা জানিতে হয় তাহাই কথিত হইতেছে। উক্ত মুদ্রা নাভিস্থিত অনলরূপী সূর্য্যের মুখবন্ধ করিয়া রাখে। এই বিপরীতকরণীমুদ্রা গুরুর নিকট শিক্ষা করিতে হয়, যোগজ্ঞ গুরুর উপদেশ ব্যতিরেকে শতকোটি শাস্ত্র পর্য্যালোচনা করিলেও কেহ এই বিপরীতকরণীমুদ্রা জানিতে পারে না ॥ ৭৮ ॥

উর্দ্ধং নাভেরধস্তালোরূর্দ্ধং ভানুরধঃ শশী।
করণী বিপরীতাখ্যা গুরুবাক্যেন লভ্যতে ॥ ৭৯ ॥

বিপরীতকরণীমাহ উর্দ্ধং নাভেরিতি। উর্দ্ধমুপরিভাগে নাভির্যস্য স উর্দ্ধনাভিস্তস্যোর্দ্ধনাভেরধঃ অধোভাগে তালু তালুস্থানং যস্য সোঽধস্তালুস্তস্যাধস্তালোর্যোগিন উর্দ্ধমুপরিভাগে ভানুর্দ্দহনাত্মকঃ সূর্য্যো ভবতি। অধঃ অধোভাগে শশ্যহমৃতাত্মা চন্দ্রো ভবতি। প্রথমান্তপাঠে তু যদা উর্দ্ধনাভিরধস্তালুর্যোগী ভবতি তদোর্দ্ধং ভানুরধঃ শশী ভবতি। যদা তদা পদয়োরধ্যাহারেণান্বয়ঃ। ইয়ং বিপরীতাখ্যা বিপরীতনামিকা করণী। উর্দ্ধাধঃ স্থিতয়োশ্চন্দ্রসূর্য্যয়োরধউর্দ্ধকরণেনান্বর্থা গুরুবাক্যেন গুরোর্ব্বাক্যেনৈব লভ্যতে প্রাপ্যতে নান্যথা ॥ ৭৯ ॥

অতঃপর বিপরীতকরণীমুদ্রার সাধন-প্রণালী কথিত হইতেছে। নাভির উর্দ্ধভাগে অনলাত্মা সূর্য্য এবং তালুর অধোদেশে অমৃতময়চন্দ্র অবস্থিত আছেন, যোগসাধকব্যক্তি যোগসাধনদ্বারা ইহার বৈপরীত্য করিবে, অর্থাৎ যাহাতে নাভির উর্দ্ধগতসূর্য্য তালুর অধোদেশে এবং তালুর অধোগত চন্দ্রনাভির উর্দ্ধে স্থাপন করিতে পারে তাহা করিবে, চন্দ্রসূর্য্যের এইরূপ স্থানবিনিময়কে বিপরীতকরণীমুদ্রা বলে। এইমুদ্রা গুরুর নিকটে লাভ করিতে হয় ॥ ৭৯ ॥

নিত্যমভ্যাসযুক্তস্য জঠরাগ্নিবিবর্দ্ধিনী।
আহারো বহুলস্তস্য সম্পাদ্যঃ সাধকস্য চ ॥ ৮০ ॥

নিত্যমিতি। নিত্যং প্রতিদিনমভ্যাসোঽভ্যসনং তস্মিন্ যুক্তস্যাবহিতস্য জঠরাগ্নিরুদরাগ্নিস্তস্য বিবর্দ্ধিনী বিশেষেণ বর্দ্ধিনীতি বিপরীতকরণীবিশেষণং। তস্য সাধকস্য বিপরীতকরণ্যভ্যাসিন আহারো ভোজনং বহুলো যথেচ্ছঃ সম্পাদ্যঃ সম্পাদনীয়ঃ। চ পাদপূরণে ॥ ৮০ ॥

যে সাধক প্রতিদিন উক্ত বিপরীতকরণীমুদ্রা সাধন করিতে পারে, তাহার জঠরাগ্নি বৃদ্ধি পায়। আর এই বিপরীতকরণীমুদ্রার সাধনবলে সাধক যথেচ্ছভোজন করিতে পারে। এই সাধক যেরূপ ভোজন করুক না কেন কোনরূপ ভোজনেই সেই সাধকের অনিষ্ট হইতে পারে না এবং সে অধিক ভোজন করিতে পারে ॥ ৮০ ॥

অল্পাহারো যদি ভবেদগ্নির্দ্দহতি তৎক্ষণাৎ।
অধঃশিরাশ্চোর্দ্ধপাদঃ ক্ষণং স্যাৎ প্রথমে দিনে ॥ ৮১ ॥

অল্পাহার ইতি। যদ্যল্পাহারঃ অল্পো ভোক্তুমিষ্টান্নস্যাহারো ভোজনং যস্য তাদৃশো ভবেৎ স্যাত্তদাঽগ্নির্জ্জঠরানলো দেহং ক্ষণমাত্রাদ্দহেৎ। শীঘ্রং দহেদিত্যর্থঃ। উর্দ্ধাধঃস্থিতয়োশ্চন্দ্রসূর্য্যয়োরধ উর্দ্ধকরণক্রিয়ামাহ। অধঃশিরা ইতি। অধঃ অধোভাগে ভূমৌ শিরো যস্য সোঽধঃশিরাঃ করাভ্যাং কটিপৃষ্ঠভাগশিরঃপৃষ্ঠভাগাভ্যাং চ ভূমিমবষ্টভ্যাধঃশিরা ভবেৎ। উর্দ্ধমুপর্য্যন্তরিক্ষে পাদৌ যস্য স উর্দ্ধপাদঃ প্রথমদিনে আরম্ভদিনে ক্ষণং ক্ষণমাত্রং স্যাৎ ॥ ৮১ ॥

যোগ-সাধকব্যক্তি বিপরীতকরণীমুদ্রা অভ্যাস করিয়া যদি অল্পভোজন করে, তাহা হইলে জঠরাগ্নি তাহার শরীর দগ্ধ করে এইনিমিত্ত বিপরীতকরণীমুদ্রাসাধকব্যক্তি অধিক আহার করিবে। এইক্ষণ কিরূপে উর্দ্ধগত চন্দ্রকে অধোগামী এবং অধোগামী সূর্য্যকে উর্দ্ধগত করিতে হয় তাহাই বলিতেছেন। প্রথমদিবসে সাধক উর্দ্ধপাদ ও অধোমস্তক হইয়া কিছুকাল থাকিবে অর্থাৎ ভূমিতে শিরঃ স্থাপন করিয়া উভয়হস্তদ্বারা কটিদেশ অবলম্বনপূর্ব্বক বাহুমূল হইতে কনুইপর্য্যন্ত দুই বাহু ও স্কন্ধদ্বয় দ্বারা ভূমি আশ্রয় করিয়া অধঃশিরা হইয়া থাকিতে হইবে ॥ ৮১ ॥

ক্ষণাচ্চ কিঞ্চিদধিকমভ্যসেচ্চ দিনে দিনে। বলিতং পলিতঞ্চৈব ষণ্মাসোর্দ্ধং ন দৃশ্যতে। যামমাত্রং তু যো নিত্যমভ্যসেৎ স তু কালজিৎ ॥ ৮২ ॥

দিনেদিনে প্রতিদিনং ক্ষণাৎ কিঞ্চিদধিকং দ্বিক্ষণং ত্রিক্ষণং একদিনং বৃদ্ধ্যাঽভ্যসেদভ্যাসং কুর্য্যাৎ। বিপরীতকরণীগুণানাহ—বলিতমিতি।

 CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

বলিতং চর্ম্মসঙ্কোচঃ, পলিতং কেশেষু শৌক্ল্যং চ। ষণ্ণাং মাসানাং সমাহারঃ ষণ্মাসং তস্মাদূর্দ্ধমুপরি নৈব দৃশ্যতে নৈবাবলোক্যতে। সাধকস্য দেহ ইতি বাক্যাধ্যাহারঃ। যস্ত সাধকো যামমাত্রং প্রহরমাত্রং নিত্যমভ্যসেৎ স তু কালজিৎ কালং মৃত্যুং জয়তীতি কালজিন্মৃত্যুজেতা ভবেৎ। এতেন যোগস্য প্রারব্ধকর্ম্মপ্রতিবন্ধকত্বমপি সূচিতং। তদুক্তং বিষ্ণুধর্ম্মে। স্বদেহারম্ভকস্যাপি কর্ম্মণঃ সংক্ষয়াবহঃ। যো যোগঃ পৃথিবীপাল! শৃণু তস্যাপি লক্ষণমিতি। বিদ্যারণ্যৈরপি জীবন্মুক্তাবুক্তং। যথা প্রারব্ধকর্ম্মতত্ত্বজ্ঞানাৎ প্রবলং তথা তস্মাদপি কর্ম্মণো যোগাভ্যাসঃ প্রবলঃ। অতএব যোগিনামুদ্দালকবীতহব্যাদীনাং স্বেচ্ছয়া দেহত্যাগ উপপদ্যত ইতি। ভাগবতেঽপ্যুক্তং। দেহং জহ্যাৎ সমাধিনেতি ॥ ৮২ ॥

পূর্ব্বকথিত বিপরীতকরণীমুদ্রা ক্রমশ বৃদ্ধি করিতে হইবে অর্থাৎ প্রথমদিবসে একক্ষণ, দ্বিতীয়দিবসে দুইক্ষণ এবং তৃতীয়দিবসে তিনক্ষণ এইরূপে ক্রমশ বৃদ্ধি করিয়া প্রতিদিন এই মুদ্রা সাধন করিবে। যদি কোন যোগসাধক উক্তরূপে ছয়মাসপর্য্যন্ত এই বিপরীতকরণীমুদ্রা নিয়ত সাধনকরিতে পারে, তাহা হইলে সেই সাধকের শরীরের চর্ম্মশৈথিল্য ও কেশের পক্কতা হয় না। আর যে সাধক প্রত্যহ একপ্রহরকাল এই মুদ্রা সাধন করিতে পারে সেই ব্যক্তি মৃত্যু জয় করিয়া থাকে, অর্থাৎ কদাচ সেই সাধকের মৃত্যু হয় না। ইহাতে প্রতীয়মান হইতেছে যে, যোগসাধন বলে পূর্ব্বজন্মকৃত কর্ম্মেরও ফলভোগ নিবৃত্তি পায়। বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে যে, হে রাজন্! যে যোগের সাধন করিলে দেহধারণের কারণস্বরূপ কর্ম্মের পরিক্ষয় হয় সেই যোগের লক্ষণ বলিতেছি শ্রবণ কর। জীবন্মুক্তিপ্রসঙ্গে বিদ্যারণ্যমুনীশ্বর বলিয়াছেন, পূর্ব্বার্জ্জিত কর্ম্ম যেমন তত্ত্বজ্ঞান হইতে প্রবল, সেই পূর্ব্বার্জ্জিত কর্ম্ম হইতে যোগসাধন সমধিক বলশালী, অতএব উদ্দালক ও বীতহব্য প্রভৃতি যোগীরা যে, আপন ইচ্ছায় দেহ ত্যাগ করিয়াছিল ইহা প্রতিপন্ন হইল। ভাগবতেও সমাধিদ্বারা দেহত্যাগের উল্লেখ আছে সুতরাং যোগসাধনই সকলপ্রকার সাধন হইতে প্রধান ॥ ৮২ ॥

অথ বজ্রোলী।

স্বেচ্ছয়া বর্ত্তমানোঽপি যোগোক্তৈর্নিয়মৈর্বিনা।
বজ্রোলীং যো বিজানাতি স যোগী সিদ্ধিভাজনম্ ॥৮৩॥

বজ্রোল্যাং প্রবৃত্তিং জনয়িতুমাদৌ তৎফলমাহ—স্বেচ্ছয়েতি। যোঽভ্যাসী বজ্রোলীং বজ্রোলীমুদ্রাং বিজানাতি বিশেষেণ স্বানুভবেন জানাতি স যোগী যোগে যোগশাস্ত্রে উক্তা যোগোক্তাস্তৈর্যোগোক্তৈর্নিয়মৈর্ব্রহ্মচর্য্যাদিভির্বিনা ঋতে স্বেচ্ছয়া নিজেচ্ছয়া বর্ত্তমানোঽপি ব্যবহরন্নপি সিদ্ধিভাজনং সিদ্ধীনামণিমাদীনাং ভাজনং পাত্রং ভবতি ॥ ৮৩ ॥

ইতঃপর বজ্রোলীমুদ্রা কথিত হইবে, এইক্ষণ এই মুদ্রা-সাধনে লোকের প্রবৃত্তি উৎপাদনার্থ প্রথমে এই বজ্রোলীমুদ্রার গুণ কথিত হইতেছে। যে যোগসাধকব্যক্তি সম্যক্‌প্রকারে বজ্রোলীমুদ্রা সাধন করিতে পারেন, তিনি যোগশাস্ত্রোক্ত ব্রহ্মচর্য্যাদি নিয়ম পালন না করিলেও স্বেচ্ছাচারী হইয়া থাকেন এবং তাহার অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যলাভ হয় ॥ ৮৩ ॥

তত্র বস্তুদ্বয়ং বক্ষ্যে দুর্ল্লভং যস্য কস্যচিৎ।
ক্ষীরং চৈকং দ্বিতীয়ং তু নারী চ বশবর্ত্তিনী ॥ ৮৪ ॥

তৎসাধনোপযোগি বস্তুদ্বয়মাহ—তত্রেতি। তত্র বজ্রোল্যভ্যাসে বস্তুনোর্দ্বয়ং বস্তুদ্বয়ং বক্ষ্যে কথয়িষ্যে। কীদৃশং বস্তুদ্বয়ং যস্য কস্যচিৎ যস্য কস্যাপি ধনহীনস্য দুর্ল্লভং দুঃখেন লব্ধুং শক্যং দুঃখেনাপি লব্ধুমশক্যমিতি বা। দুঃ স্যাৎ কষ্টনিষেধয়োরিতি কোশাৎ। কিন্তুবস্তুদ্বয়মিত্যপেক্ষামাহ। ক্ষীরমিতি। একং বস্তু ক্ষীরং পানার্থং মেহনানন্তরমিন্দ্রিয়নৈর্ব্বল্যাত্তদ্বলার্থং ক্ষীরপানং যুক্তং। কেচিত্তু অভ্যাসকালে আকর্ষণার্থমিত্যাহুঃ। তস্যান্তর্গতস্য ঘনীভাবে নির্গমনাসম্ভবাত্তদযুক্তং। দ্বিতীয়ং তু বস্তুবশবর্ত্তিনী স্বাধীনা নারী বনিতা ॥ ৮৪ ॥

বজ্রোলীমুদ্রা সাধনকালে দুইটী বস্তুর বিশেষ প্রয়োজন। কিন্তু উক্ত দুই বস্তুই সাধারণের পক্ষে দুর্ল্লভ। নির্ধনব্যক্তিরা অতিকষ্টেও উক্ত দুই বস্তুলাভ করিতে পারে না, এই দুই বস্তুর মধ্যে প্রথমবস্তু দুগ্ধ এবং দ্বিতীয়বস্তু বশবর্ত্তিনী স্ত্রী। এই মুদ্রা সাধন করিতে সাধকের শরীর দুর্ব্বল হইয়া পড়ে তখন দুগ্ধ পান না করিলে শরীর সবল হয় না। এবং বশবর্ত্তিনী স্ত্রী ব্যতিরেকেও এই মুদ্রা সাধিত হইতে পারে না ॥ ৮৪ ॥

মেহনেন শনৈঃ সম্যগূর্দ্ধাকুঞ্চনমভ্যসেৎ।
পুরুষোঽপ্যথবা নারী বজ্রোলীসিদ্ধিমাপ্নুয়াৎ ॥ ৮৫ ॥

বজ্রোলীমুদ্রাপ্রকারমাহ—মেহনেতি। মেনেহনেন স্ত্রীসঙ্গানন্তরং বিন্দোঃ ক্ষরণেন সাধনভূতেন পুরুষঃ পুমানথবা নার্য্যপি যোষিদপি শনৈর্ম্মন্দং সম্যক্ যত্নপূর্ব্বকমূর্দ্ধাকুঞ্চনমূর্দ্ধমুপর্য্যাকুঞ্চনং মেঢ্রাকুঞ্চনেন বিন্দোরুপর্য্যাকর্ষণমভ্যসেদ্বজ্রোলীমুদ্রাসিদ্ধিমাপ্নুয়াৎ সিদ্ধিং গচ্ছেৎ ॥ ৮৫ ॥

এইক্ষণ বজ্রোলীমুদ্রার সাধনপ্রণালী কথিত হইতেছে। স্ত্রীসংসর্গের পর যখন বিন্দুপাত হইবে, তখন স্ত্রী ও পুরুষ উভয়েই যত্নপূর্ব্বক ক্রমশ উর্দ্ধে আকুঞ্চন করিবে অর্থাৎ মেঢ্রসঙ্কোচনদ্বারা যাহাতে উর্দ্ধে বিন্দু আকর্ষণ করিতে পারে এইরূপ অভ্যাস করিবে। এইরূপ করিলেই বজ্রোলীমুদ্রা সিদ্ধি হয় এবং উক্ত আকর্ষণ ক্রিয়াকেই বজ্রোলীমুদ্রা বলে ॥ ৮৫ ॥

যত্নতঃ শস্তনালেন ফুৎকারং বজ্রকন্দরে।
শনৈঃ শনৈঃ প্রকুর্ব্বীত বায়ুসঞ্চারকারণাৎ ॥ ৮৬ ॥

অথ বজ্রোল্যাঃ পূর্ব্বাঙ্গপ্রক্রিয়ামাহ—যত্নত ইতি। শস্তঃ প্রশস্তো যো নালস্তেন শস্তনালেন সীসকাদিনির্ম্মিতেন নালেন শনৈঃ শনৈর্ম্মন্দং মন্দং যথাগ্নের্দ্ধমনার্থং ফুৎকারঃ ক্রিয়তে তাদৃশং ফুৎকারং বজ্রকন্দরে মেঢ্রবিবরে বায়োঃ সঞ্চারঃ সম্যগ্বজ্রকন্দরে চরণং গমনং তৎকারণাত্তদ্ধেতোঃ প্রকুর্ব্বীত প্রকর্ষেণ পুনঃ পুনঃ কুর্ব্বীত। অথ বজ্রোলীসাধন-প্রক্রিয়া সীসকনির্ম্মিতাং স্নিগ্ধাং মেঢ্রপ্রবেশযোগ্যাং চতুর্দ্দশাঙ্গুলমাত্রাং শলাকাং কারয়িত্বা তস্যা মেঢ্রে প্রবেশনমভ্যসেৎ। প্রথমদিনে একাঙ্গুলমাত্রাং প্রবেশয়েৎ। দ্বিতীয়দিনে দ্ব্যঙ্গুলমাত্রাং, তৃতীয়দিনে ত্র্যঙ্গুলমাত্রাং। এবং ক্রমেণ বৃদ্ধৌ দ্বাদশাঙ্গুলমাত্রপ্রবেশে মেঢ্রমার্গঃ শুদ্ধো ভবতি। পুনস্তাদৃশীং চতুর্দ্দশাঙ্গুলমাত্রাং দ্ব্যঙ্গুলমাত্রবক্রমূর্দ্ধমুখাং কারয়িত্বা তাং

CC-0. Jangamwadi Math Collection, Varanasi.

Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

